WARPO
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

www.warpo.gov.bd



তৃতীয় অধ্যায়: পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

ভূমিকা

আবহমান কাল থেকে বাংলাদেশের প্রকৃতি, ইতিহাস, অর্থনীতি, শিক্ষা ও সংস্কৃতি নদ-নদীর উপর ভিত্তি করে গড়ে উঠেছে। বর্ষা মৌসুমে পর্যায়ক্রমিক বন্যা, জলোচ্ছাস, সাইক্লোন, নদী ভাঙ্গন ও শুকনো মৌসুমে পানির দুষ্প্রাপ্যতা, নদনদী ভরাট, খরা, লবণাক্ততা, ভূগর্ভস্থ পানির স্তর নেমে যাওয়া ও ভূপরিস্থ পানির মানের ক্রমাবনতির কারণে বাংলাদেশের পানি ব্যবস্থাপনা আজ কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন। ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে পানির বহুমাত্রিক চাহিদাও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। আর্সেনিক দূষণ এই সমস্যাকে আরও জটিল করে তুলেছে। বাংলাদেশের ভূখন্ডের বাইরে থেকে আগত নদনদীর প্রবাহের উপর আমাদের নিয়ন্ত্রণ না থাকায় পানি ব্যবহারকারীদের মধ্যে দ্বন্দ্ব, অপরিকল্পিত উন্নয়ন কার্যক্রম গ্রহণে পানি ব্যবস্থাপনায় সমন্বয়হীনতা ইত্যাদি বিষয়গুলো সামগ্রিক অবস্থার আরও অবনতি ঘটাচ্ছে। এ প্রেক্ষিতেই সরকার পানি সম্পদের উন্নয়ন ও এর সুষম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর প্রদত্ত ক্ষমতাবলে ১৯৯২ সালে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) সৃষ্টি করে। দেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়নে একমাত্র সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৮৩ হতে ১৯৯১ সালে জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে গঠিত মাস্টার প্ল্যান অরগানাইজেশন বা এমপিও এর উত্তরসূরী। ১৯৮৯ হতে ১৯৯৬ সালে ফ্লাড এ্যাকশন প্ল্যান (ফ্যাপ) কার্যক্রম সমন্বয়ের জন্য স্থাপিত ফ্ল্যাড প্ল্যান কোঅর্ডিনেশন অরগানাইজেশন বা এফপিসিও কে ১৯৯৬ সালে ওয়ারপো'র সাথে একিভূত করা হয়। ২০০৫ সালে উপকূলীয় অঞ্চল নীতি এবং ২০০৬ সালে উপকূলীয় কৌশলের দ্বারা ওয়ারপোকে উপকূলীয় এলাকার সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর মাধ্যমে ওয়ারপোকে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসাবে দায়িত্ব প্রদান করা হয়।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ভিশন ও মিশন

ভিশন বা রূপকল্প

বাংলাদেশের পানি সম্পদের সমন্বিত ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

মিশন বা অভিলক্ষ্য

পানি সম্পদ খাতে মহাপরিকল্পনা প্রণয়ন ও পর্যায়ক্রমিক হালনাগাদকরণ, জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার রক্ষণাবেক্ষণ, ক্লিয়ারিং হাউজ হিসাবে ভূমিকা পালন এবং বাংলাদেশ পানি আইন ২০১৩ বাস্তবায়নে সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালনের মাধ্যমে দেশের টেকসই ও সমন্বিত পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

ওয়ারপো'র কার্যপরিধি ও দায়িত্বসমূহ

(পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২; জাতীয় পানি নীতি ১৯৯৯; উপকূলীয় অঞ্চল নীতি ২০০৫ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুযায়ী)

১. পানি সম্পদের উন্নয়নকল্পে পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়ন করা;
২. পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ করা;
৩. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শ প্রদান করা;
৪. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত যে কোন প্রতিষ্ঠানের সমীক্ষা পরিচালনায় সহযোগিতা প্রদান এবং প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন বিষয়ে বিশেষ সমীক্ষা পরিচালনা করা;
৫. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা হতে উদ্ভূত বিষয়ের মূল্যায়ন ও পর্যালোচনা করা এবং উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা;
৬. পানি সম্পদের ব্যবহার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নত করা;
৭. পানি সম্পদের ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা এবং প্রচারের ব্যবস্থা করা;
৮. পানি সম্পদ বিষয়ক জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা;
৯. জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ইসিএনডব্লিউআরসি) কে প্রশাসনিক ও সাচিবিক সহায়তা প্রদান;

১০. পানি সম্পদ, সংশ্লিষ্ট ভূমি ও পরিবেশগত ব্যবস্থাপনা নীতি, পরিকল্পনা ও নিয়ন্ত্রণমূলক বিষয়ে ইসিএনডব্লিউআরসিকে পরামর্শ প্রদান;
১১. জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) এর অনুমোদনের জন্য জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রস্তুত এবং নির্দিষ্ট সময়ান্তে তা হালনাগাদকরণ;
১২. জাতীয় পানি সম্পদ তথ্য ভান্ডার (এনডব্লিউআরডি) ব্যবস্থাপনা ও হালনাগাদকরণ;
১৩. বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লিয়ারিং হাউজ হিসাবে দায়িত্ব পালন এবং বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপিএর সাথে সঙ্গতিপূর্ণ কিনা এ বিষয়ে ইসিএনডব্লিউআরসি এর নিকট প্রতিবেদন পেশ করা;
১৪. জাতীয় পানি নীতি এবং বাংলাদেশ পানি ও বন্যা ব্যবস্থাপনা কৌশলে বর্ণিত উদ্দেশ্য ও কর্মসূচি পূরণের জন্য ইসিএনডব্লিউআরসি'র চাহিদা অনুসারে কোন বিশেষ সমীক্ষা পরিচালনা;
১৫. বাস্তবায়নের পর্যায়ে সমন্বয় সাধনের জন্য একটি কর্মসূচি সমন্বয় ইউনিট (Program Coordination Unit-PCU) প্রতিষ্ঠা করা। সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনার নির্ধারিত সূচকের আলোকে প্রকল্পের অগ্রগতি দেখাশোনা করা;
১৬. আইসিজেডএম প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কর্মসূচি সমন্বয় ইউনিট (পিসিইউ) এর মাধ্যমে বিভিন্ন সার্ভিস মন্ত্রণালয়, যেমন অর্থ, পরিকল্পনা ও জনপ্রশাসন মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ রক্ষা করা;
১৭. সংশ্লিষ্ট সকল সংস্থায় ফোকাল পয়েন্ট স্থাপন করা, যারা দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি হিসেবে নিজ নিজ সংস্থা'র পক্ষে আইসিজেডএম কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকবেন এবং পিসিইউ এর সাথে কার্যকরী যোগাযোগ রক্ষা করবেন;
১৮. স্থানীয় পর্যায়ে (জেলা, উপজেলা ও ইউনিয়ন) পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রচলিত স্থানীয় সরকার কাঠামোকে কাজে লাগানো। স্থানীয় পর্যায়ে অংশগ্রহণমূলক সমন্বিত পরিকল্পনা প্রক্রিয়াকে উৎসাহিত করা এবং জাতীয় পর্যায়ে পিসিইউ ও খাতভিত্তিক সংস্থাগুলোর সাথে সংযোগ সৃষ্টি করা;
১৯. বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নে সংশ্লিষ্ট স্থান বা প্রকল্প এলাকা পরিদর্শন করা;
২২. পানি আইন সম্পর্কিত বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
২৩. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;
২৪. জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন;
২৫. পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ;
২৬. ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য অনাপত্তি প্রদান।

জনবল

অনুমোদিত কাঠামো অনুযায়ী ৮৬ জন কর্মকর্তা ও ৫৭ জন কর্মচারিসহ ওয়ারপো'র মোট জনবল হলো ১৪৩, যা নিম্নে উপস্থাপন করা হলোঃ

কর্মকর্তা ও কর্মচারি	অনুমোদিত কাঠামো অনুযায়ী সংখ্যা	বর্তমানে কর্মরত কর্মকর্তা-কর্মচারির সংখ্যা	শূণ্য পদ
গ্রেড ১-৯	৬৩	৩৩	৩০
গ্রেড ১০-১২	২৩	২৩	-
গ্রেড ১১-২০	৫৭	৫৩	০৪
সর্বমোট:	**১৪৩**	**১০৯**	**৩৪**

শূণ্য পদগুলির মধ্যে ১৪ টি ১ম- ৯ম গ্রেড, ০৭ টি ষষ্ঠ গ্রেড ও ০৪ টি ১৩, ১৪, ১৬ ও ২০ গ্রেড ভুক্ত কর্মচারী, যার নিয়োগ প্রক্রিয়া চলমান। এছাড়া, পদোন্নতির জন্য ০২টি ৬ষ্ঠ গ্রেডের পদ সংরক্ষিত আছে।

ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ

জেলা পর্যায়ে ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রণীত হয়েছে। জেলা পর্যায়ে চাহিদাকৃত ১০টি ক্যাটাগরিতে ৬৯৩ জন জনবলের প্রেক্ষিতে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৬৩ জেলায় ৭টি ক্যাটাগরিতে ৪৪১ জন জনবলের পদ সৃজনের বিষয়ে সম্মতিজ্ঞাপন করেছে। এছাড়া আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসারে অবশিষ্ট ৩টি ক্যাটাগরিতে ২৫২ জন জনবলের আউটসোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেছে। পরবর্তীতে, অর্থ মন্ত্রণালয়

০৭ টি বিভাগীয় শহরে ০৭ টি জেলা কার্যালয়ের জন্য ৫৬ টি পদ সৃজনের ব্যাপারে সম্মতি জ্ঞাপন করে। ইতোমধ্যে ১০-১২ তম গ্রেডের ২১ জন কর্মকর্তা এবং ১১-২০ তম গ্রেডের ১৪ জন কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয় বিগত ২৪-০৮-২০২০ তারিখের মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জেলা কার্যালয়ে ওয়ারপো'র জেলা অফিস স্থাপনে ২/৩টি কক্ষ প্রদানের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদান করেন। সে আলোকে ওয়ারপো'র ৭টি বিভাগীয় শহরে জেলা কার্যালয় স্থাপন করা হয়েছে।

বাজেট বরাদ্দ ও ব্যয়

সরকারের উন্নয়ন ও রাজস্ব বাজেটের সহায়তায় ওয়ারপো'র কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

২০২১-২০২২ সালের উন্নয়ন ও রাজস্ব বাজেট **(লক্ষ টাকায়)**

সরকারের উন্নয়ন ও রাজস্ব বাজেটের সহায়তায় ওয়ারপো'র কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

ক্রমিক নং	প্রকল্পের নাম	২০২১-২২ অর্থবছরের বরাদ্দ	উৎস
১.	সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ কার্যকরকরণ (Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, ২০১৮)	৬৯৫.০০	জিওবি
২.	বেতন ভাতাদি	৯০২.৩১	জিওবি
৩.	অন্যান্য	৭১৬.২৬	জিওবি
৪.	উপমোট (২+৩)	১৬১৮.৫৭	জিওবি
	সর্বমোট	২৩১৩.৫৭	

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ২০২১-২০২২ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সারসংক্ষেপ

'জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার' (এনডব্লিউআরডি): উপাত্ত সরবরাহ (Data Dissemination)

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ অনুসারে পানি সম্পদ সম্পর্কিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও প্রচার, জাতীয় পানি নীতি ১৯৯৯ অনুসারে 'জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)' তৈরী, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করার দায়িত্ব ওয়ারপোর উপর ন্যস্ত। এ লক্ষ্যে ২০০১ সালে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রণয়নে সহায়তা প্রদানের জন্য ওয়ারপোতে 'জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)' প্রতিষ্ঠা করা হয়েছে। পর্যায়ক্রমে এর অধীনে ২০০৫ সালে 'সমন্বিত উপকূলীয় অঞ্চল সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি)' সংযুক্ত হয়েছে। পানি সম্পদ ও পানি সম্পদ সংশ্লিষ্ট (ভূপরিস্থ পানি, ভূগর্ভস্থ পানি, পরিবেশ, জলবায়ু, মৃত্তিকা ও কৃষি, বন, মৎস্য এবং আর্থ-সামাজিক সংক্রান্ত) বিষয়ে অদ্যাবধি এনডব্লিউআরডিতে ৫৫৭ টি এবং আইসিআরডিতে ৫৬৩ টি উপাত্ত সংযোজন করা হয়েছে। সারাদেশের প্রায় ৫০ টি সংস্থার এবং ওয়াপোর নিজস্ব তথ্য-উপাত্ত এই উপাত্তভান্ডারে সংরক্ষিত আছে। এই উপাত্তভান্ডার এনডব্লিউএমপি হালনাগাদকরণ এবং পানি সম্পদ সম্পর্কিত ডিজিটাল উপাত্ত ও তথ্যের একটি কেন্দ্রীয় গুরত্বপূর্ণ উৎস। বিভিন্ন দেশী বিদেশী সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান ও প্রকল্প কর্তৃক পানি সম্পদ পরিকল্পনা, ব্যবস্থাপনা, গবেষণা, প্রকল্প বাস্তবায়ন, অধ্যয়ন ইত্যাদি কাজে এনডব্লিউআরডি ও আইসিআরডি এর উপাত্ত ব্যবহৃত হচ্ছে। ২০০১ সালে 'জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)' এবং ২০০৫ সালে 'সমন্বিত উপকূলীয় অঞ্চল সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি)' প্রতিষ্ঠিত হওয়ার পর এ যাবত ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকার তথ্য-উপাত্ত সরবরাহ করা হয়েছে।

২০২১-২২ অর্থবছরে ওয়ারপো কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়, আইসিডিডিআর'বি সহ মোট ০৭ টি প্রতিষ্ঠানকে এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে মোট ০৮ (আট) বার উপাত্ত সরবরাহ করা হয়েছে। এতে মোট ৪১১৮.০০ (চার হাজার একশত আটার) টাকা আয় হয়েছে।

উপাত্ত সংগ্রহ

এনডব্লিউআরডি ও আইসিআরডি এর বিদ্যমান উপাত্তসমূহ হালনাগাদকরণ এবং নতুন নতুন উপাত্ত অন্তর্ভুক্ত করার জন্য ২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, আবহাওয়া অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরেন্দ্র বহুমূখী

উন্নয়ন কর্তৃপক্ষ এবং মংলা বন্দর কর্তৃপক্ষ হতে ডিজিটাল/ হার্ডকপি উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

জাতীয় ই-গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ক্রয় কার্যক্রম

২০২১-২০২২ অর্থবছরে কম্পিউটার ও তথ্য শাখায় ইজিপি এর আওতায় ০১ (এক) টি ক্রয় কার্য সম্পন্ন হয়েছে।

ক্লিয়ারিং হাউজ হিসেবে ওয়ারপো'র দায়িত্ব পালন

জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) ২০০১ অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্প ও কর্মসূচির শুধুমাত্র কারিগরী বিষয় পর্যালোচনা করে পরিকল্পনা কমিশন ও আইএমইডিকে সহায়তা করে। এছাড়া জাতীয় পানি নীতি ১৯৯৯ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ (১৬ নং ধারা) অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লিয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন করবে এবং প্রকল্পের ছাড়পত্র প্রদান করবে। তাছাড়া ওয়ারপো জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) এর নির্বাহী কমিটির সচিবালয় হিসেবে পানি সেক্টরের সকল কার্যক্রমের মধ্যে সমন্বয় আনয়নে সচেষ্ট থাকে। ক্লিয়ারিং হাউজ কার্যক্রমের মাধ্যমে ওয়ারপো পানি সম্পদ সেক্টরে চিহ্নিত প্রকল্পসমূহ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে প্রকল্পের সুবিধাভোগীদের অংশগ্রহণ, পারিপার্শ্বিক ও সামাজিক প্রভাব, প্রকল্পের পুনরাবৃত্তি পরিহার, বিভিন্ন টুলস, টেকনিক ও মডেলিং এর ব্যবহার নিশ্চিত করে থাকে। সর্বোপরি বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপি এর সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাই করে এনডব্লিউআরসিএর নির্বাহী কমিটির নিকট প্রতিবেদন পেশ করে। ২০০৭ সালে এ কার্যক্রম শুরুর পর হতে এ যাবৎ (জুন ২০২২ পর্যন্ত) এই কর্মসূচীর আওতায় ওয়ারপো, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এর মোট ৩৬৬ টি প্রকল্প প্রস্তাবের ছাড়পত্র প্রদান করেছে। বিগত অর্থবছর (২০২১-২০২২, জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত) সময়ে ওয়ারপো, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২১ (একুশ) টি প্রকল্প প্রস্তাব পর্যালোচনান্তে ছাড়পত্র প্রদান করেছে। বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহের কারিগরী দিক পর্যালোচনা এবং পুনরাবৃত্তি পরিহারের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন অতীব প্রয়োজন। ওয়ারপো তার ক্ষুদ্র জনবল নিয়ে স্বল্প পরিসরে এ কার্যক্রম শুরু করেছে। ওয়ারপোতে বিদ্যমান "ক্লিয়ারিং হাউজ" প্রক্রিয়া একটি পরীক্ষামূলক ব্যবস্থা যা আরও শক্তিশালী করা প্রয়োজন। তাছাড়া বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুমোদনের ফলে সাম্প্রতিক যে কোন প্রকল্প গ্রহণের পূর্বে ছাড়পত্র প্রদানের বাধ্যবাধকতা নিশ্চিত হয়েছে। উক্ত আইন অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসেবে ওয়ারপো ক্লিয়ারিং হাউজ কার্যক্রম আরও বলিষ্ঠ ও শক্তিশালীভাবে সম্প্রসারণের লক্ষ্যে লোকবল বৃদ্ধিসহ জনবলের দক্ষতা বৃদ্ধি করা জরুরী। ২০২১-২২ অর্থবছরে ওয়ারপো কর্তৃক ছাড়কৃত প্রকল্পসমূহের মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পের তালিকা নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	ছাড়কৃত প্রকল্পসমূহের নাম
১.	'কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার মিডি এলাকার পোল্ডার নং ৭০ এ সুপারডাইক নির্মাণ ও পানি সম্পদ ব্যবস্থাপনার টেকসই উন্নয়ন' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
২.	'খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন জনগুরুত্বপূর্ণ অবকাঠামো নদী ভাঙ্গন হতে সংরক্ষণ' শীর্ষক উন্নয়ন প্রকল্প
৩.	'বরগুনা জেলার আওতাধীন বিশখালী ও পায়রা নদীর ভাঙ্গন হতে বেতাগী শহর, ফুলঝুরি লঞ্চঘাট ও জাঙ্গালিয়া বাজার প্রতিরক্ষা এবং পোল্ডার ৪১/৬এ, ৪১/৬বি ও ৪১/৭ এ অভ্যন্তরে টেকসই পানি ব্যবস্থাপনা' শীর্ষক প্রকল্প
৪.	'সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ ও তাহিরপুর উপজেলাধীন শনির হাওরের লালুর গোয়ালা এবং সাহেব নগর স্থানের ডুবন্ত বাঁধের ২.০০০ কি.মি. দৈর্ঘ্য পাইলট জিওসেল প্রটেকশন' শীর্ষক উন্নয়ন প্রকল্প
৫.	'নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলার উপকূল জুড়ে প্রমত্তা মেঘনা নদীর বাম তীরের অব্যাহত ভাঙ্গন রোধকল্পে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
৬.	'ঠাকুরগাঁও জেলার টাংগন, শোক, সেনুয়া, পাখরাজ, তীরনই, কুলিক ও লাচ্চি নদী শাসন' শীর্ষক উন্নয়ন প্রকল্প
৭.	'ভবদহ ও তৎসংলগ্ন বিল এলাকার জলাবদ্ধতা দূরকরণ (পাইলট)' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
৮.	'কুয়াকাটা সমুদ্র সৈকত রক্ষা ও উন্নয়ন' শীর্ষক প্রকল্প।
৯.	'শরীয়তপুর জেলার কাজিরহাট হতে ডুবুলদিয়া পর্যন্ত নদী শাসন এবং মাতারবাড়ি ও বুড়িরহাট-ভেদরগঞ্জ খাল পুনর্বাসন' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১০.	'মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার সদর উপজেলা রক্ষা শীর্ষক' উন্নয়ন প্রকল্প।
১১.	'নোয়াখালী জেলার সূবর্ণচড় উপজেলার উপকূল জুড়ে প্রমত্তা মেঘনা নদীর বাম তীরের অব্যাহত ভাঙ্গণ রোধকল্পে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১২.	'মাদারীপুর শহর এবং তৎসংলগ্ন এলাকা প্রতিরক্ষা ও পুনর্বাসন' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১৩.	'বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন বরিশাল বিমানবন্দর, সরকারি আবুল কালাম ডিগ্রী কলেজ, সাধুকাঠিসহ বিভিন্ন এলাকা সুগন্ধা নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে নদী ড্রেজিং' শীর্ষক উন্নয়ন প্রকল্প।

ক্রমিক নং	ছাড়কৃত প্রকল্পসমূহের নাম
১৪.	'ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন বড়াইয়া ডিগ্রী কলেজ ও তৎসংলগ্ন এলাকাসমূহ বিষখালী নদীর ভাঙ্গন হতে রক্ষা' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১৫.	'পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার বড় মাছুরা রকেটঘাট এলাকায় বলেশ্বর নদীর ভাঙ্গন হতে উপকূলীয় পোল্ডার নং ৩৯/২ ডি রক্ষা' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১৬.	'ভবদহ ও তৎসংলগ্ন বিল এলাকার জলাবদ্ধতা দূরীকরণ (পাইলট উইং)' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১৭.	'পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার বাদুরা মৌলা-ভগিরথপুর এলাকার বিভিন্ন পোল্ডারে জলাবদ্ধতা নিরসন' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১৮.	'দক্ষিণ চট্রগ্রামের বাঁমখারী ও আনোয়ারা উপজেলায় টেকসই পানি ব্যবস্থাপনা' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
১৯.	'বগুড়া জেলার সদর উপজেলাধীন জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদীর ডান তীরে প্রতিরক্ষামূলক কাজ' শীর্ষক উন্নয়ন প্রকল্প।
২০.	বড়াল নদী অববাহিকায় পানি সম্পদ পুনরুদ্ধার শীর্ষক উন্নয়ন প্রকল্প।

২০২১-২২ অর্থবছরে ওয়ারপো'র বিভিন্ন প্রকল্পের বিবরণ

(ক) চলমান উন্নয়ন প্রকল্প

প্রকল্পের নাম

রাজশাহী, নওগাঁ এবং চাঁপাইনবাবগঞ্জে (০৩ টি জেলা) সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ কার্যকরকরণ "Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, 2018" শীর্ষক একটি কারিগরী সহায়তা প্রকল্প।

প্রকল্পের সময়কাল

জানুয়ারী, ২০২০ থেকে জুন, ২০২৩ পর্যন্ত।

প্রকল্পের ব্যয়

প্রকল্পের মোট ব্যয় ১৫৩৪.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন

বাংলাদেশ সরকার ও Swiss Agency for Development Cooperation (SDC)।

প্রকল্পের কম্পোনেন্টসমূহ

কম্পোনেন্ট (উপাদান) ১

অংশগ্রহণমূলক গ্রামীন মূল্যায়ন (PRA) এর মাধ্যমে প্রকল্প এলাকার বিদ্যমান পানি ব্যবহারের ধরণ, চাহিদা, উৎস ইত্যাদি চিহ্নিত করে মানচিত্রে প্রদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন।

ক. ১২৬ টি FGD এবং ২৫টি PRA Validation সভা করা হয়েছে।

কম্পোনেন্ট (উপাদান) ২

হাইড্রোলজিক্যাল মডেলিং এর মাধ্যমে প্রকল্প এলাকার ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা ও চাহিদা নিরূপন।

ক. ৩টি ৫০০ মিটার পর্যন্ত, ১০ টি ৩০০ মিটার পর্যন্ত এবং ৪০ টি ২০০ মিটার পর্যন্ত মোট ৫৩ টি মনিটরিং ওয়েল খনন করা হয়েছে এবং ডাটা সংগ্রহ করা হচ্ছে।

কম্পোনেন্ট (উপাদান) ৩

বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

ক. মিডটার্ম প্রতিবেদন দাখিল করা হয়েছে।

প্রকল্পের উদ্দেশ্য

১. Participatory Rural Appraisal (PRA) Hydrological investigation & Modelling এর মাধ্যমে ৩ টি জেলাতে মৌজা ভিত্তিক ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির উৎস চিহ্নিতকরণ;
২. খাতওয়ারী পানির চাহিদা নিরূপণ;
৩. ভূগর্ভস্থ পানির নিরাপদ আহরণ সীমা নির্ধারণ;
৪. জলাধার সংরক্ষণ এবং
৫. পানির অবস্থা, প্রাপ্যতা ও পর্যাপ্ততার ম্যাপ তৈরি করা।

প্রকল্পের আউটপুট

১. Participatory Rural Appraisal (PRA) Hydrological investigation রিপোর্ট;
২. Modelling এর মাধ্যমে ৩ টি জেলাতে মৌজা ভিত্তিক ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির উৎস চিহ্নিতকরণ রিপোর্ট;
৩. খাতওয়ারী পানির চাহিদা নিরূপণ রিপোর্ট;
৪. ভূগর্ভস্থ পানির নিরাপদ আহরণ সীমা নির্ধারণ রিপোর্ট;
৫. জলাধার সংরক্ষণ রিপোর্ট এবং
৬. পানির অবস্থা, প্রাপ্যতা ও পর্যাপ্ততার ম্যাপ তৈরি করণ রিপোর্ট।

প্রকল্পের অগ্রগতি

জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি-

ক. ভৌত অগ্রগতি- ৬০%
খ. আর্থিক অগ্রগতি- ৩০%





চিত্র: ওয়ারপো ও Swiss Agency for Development Cooperation (SDC) কর্তৃপক্ষের মধ্যকার সভা।

(খ) গবেষণা কার্যক্রম

(১) প্রকল্পরে নাম

'বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে পলি (Sediment) বিন্যাস ও ব্যবস্থাপনা' শীর্ষক যৌথ গবেষণা প্রকল্প।

প্রকল্পের সারসংক্ষেপ

কারিগরী দিক বিবেচনায় বাংলাদেশের দক্ষিণ পশ্চিম অঞ্চলে পলি ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং চ্যালেঞ্জিং। জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের উদ্দেশ্যে নদী খনন অত্যন্ত ব্যয়বহুল কাজ এবং এ অঞ্চলের জন্য দীর্ঘমেয়াদী সমাধান হতে পারে না। উক্ত এলাকায় কারিগরী দিক বিবেচনায় বাস্তবায়ন যোগ্য সমাধান প্রয়োজন যা সামাজিক ও পরিবেশগত অবস্থার উন্নতির সাথে সাথে উক্ত এলাকা থেকে দীর্ঘমেয়াদী জলাবদ্ধতা দূর করবে। অধিকন্তু সঠিক ও কার্যকরী পলি ব্যবস্থাপনার কৌশল সনাক্ত করাও একটি বড় যা কারিগরী দিক বিবেচনায় পরিবেশগত এবং আর্থিকভাবে কার্যকর হবে। সুতরাং, এই অঞ্চলে পলি ব্যবস্থাপনার বিষয়ে বিস্তর গবেষণা অত্যন্ত জরুরী। এ প্রেক্ষিতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার উদ্যোগে পানি ও বন্যা ব্যবস্থাপনা ইন্সটিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর সাথে "Research on Sediment Distribution and Management in South-West Region of Bangladesh" শীর্ষক যৌথ গবেষণা প্রকল্প চলমান রয়েছে।

প্রকল্পের সময়কাল

জুন ২০১৯ থেকে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্য

১. উজান হতে আসা পলির পরিমান নির্ণয় এবং দক্ষিণ-পশ্চিম অঞ্চলে পলির বিস্তার প্রক্রিয়া (Dispersion) সম্পর্কে সম্যক ধারনা অর্জন;
২. বর্তমানে প্রচলিত পলি ব্যবস্থাপনা পদ্ধতি বিশ্লেষণ;
৩. পলি ব্যবস্থাপনা কৌশলের বিভিন্ন দৃশ্যকল্প তৈরি করে পলির সুষম বিস্তার/বিন্যাসের কৌশল নির্ধারণ;
৪. জলাবদ্ধতা নিরসনকল্পে পলি ব্যবস্হাপনা নিদেশিকা তৈরি করা।

সম্পাদিত কার্যক্রম

১. প্রকল্পের Inception Report তৈরি করা হয়েছে।
২. প্রকল্পের আওতায় বাংলাদেশ ডেল্টা মডেল (BDM) তৈরি করা হয়েছে।
৩. প্রকল্পের Interim Report তৈরি করা হয়েছে।
৪. প্রকল্পের আওতায় বর্তমান পলি ব্যবস্থাপনা বিশ্লেষণ করা হয়েছে।
৫. বাংলাদেশ ডেল্টা মডেল (BDM) এর user manual তৈরি করা হয়েছে।
৬. পলি ব্যবস্থাপনার বিভিন্ন দৃশ্যকল্প তৈরি করা হয়েছে।
৭. পলি ব্যবস্থাপনা ম্যানুয়েল তৈরি করা হয়েছে।
৮. প্রকল্পের আওতায় ৮টি অগ্রগতি প্রতিবেদন তৈরি করা হয়েছে।
৯. প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

(২) প্রকল্পরে নাম

'Assessment of Drinking Water Security in the Selected Areas of South-West Coastal Region of Bangladesh' শীর্ষক যৌথ গবেষণা প্রকল্প।

প্রকল্পের সারসংক্ষেপ

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান (IDM), কুয়েট কর্তৃক "Research on Drinking Water Security Assessment in Some Selected Areas of South-West Coastal Region of Bangladesh" শীর্ষক যৌথ গবেষণা প্রকল্পটি চলমান রয়েছে। গবেষণা প্রকল্পের মোট বরাদ্দ ১.০৫ কোটি টাকা। পানির নিরাপত্তা বিশ্বব্যাপী ক্রমবর্ধমান স্বীকৃত একটি চ্যালেঞ্জ। মানুষের জীবিকার জন্য গ্রহণযোগ্য মানের পানির নিয়মিত প্রাপ্যতা এবং অবিচ্ছিন্ন সহজলভ্যতা, গ্রহণযোগ্যতা প্রয়োজন।

প্রকল্পের সময়কাল

ফেব্রুয়ারী, ২০২০ থেকে জুন, ২০২২ পর্যন্ত

গবেষণার উদ্দেশ্য

গবেষণা প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হলো দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চলের পানির নিরাপত্তা বা water security এর বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ করা এবং এটি একটি ডিজিটাল মানচিত্রে উপস্থাপন করা। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলি হলো:

১. স্থানীয় পর্যায়ে পানির সহজলভ্যতা চিহ্নিতকরণ এবং নেতিবাচক প্রভাব গুলির কারণ নির্ধারণ।
২. উপকূলীয় বাসিন্দাদের পানির গ্রহণযোগ্য মানের প্রাপ্যতার বিশ্লেষণ।
৩. পানির গুণগত মান নির্ণয় এবং এর স্থানিক (Spatial) ও মৌসুমি (Seasonal) প্রাপ্যতা নিরুপণ।

সম্পাদিত কার্যক্রম

১. প্রকল্পের Inception Report তৈরি করা হয়েছে।
২. প্রকল্পের Interim Report তৈরি করা হয়েছে।
৩. প্রকল্পের আওতায় ২টি অগ্রগতি প্রতিবেদন তৈরি করা হয়েছে।
৪. প্রকল্পের আওতায় ১টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে।
৫. প্রকল্পের খসড়া চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করার কাজ চলমান রয়েছে।

(গ) আসন্ন প্রকল্প (Upcoming Project)

(১) প্রকল্পের নাম

জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন (Technical Assistance Project for "Preparation of national Water Resources Plan (NWRP)" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প।

প্রকল্পের সময়কাল

জুলাই, ২০২২ থেকে জুন, ২০২৪ পর্যন্ত।

প্রকল্পের ব্যয়

প্রকল্পের মোট ব্যয় ৭৩৭.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন

বাংলাদেশ সরকার।

প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ১৫ অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন ও দেশের পানি সম্পদের যৌক্তিক ও টেকসই ব্যবহার নিশ্চিত করণ।

প্রকল্পের আউটপুট

ক. ফ্রেমওয়ার্ক পরিকল্পনা

১. এনডব্লিউআরপি (ড্রাফট) পরিকল্পনা, সরকার কর্তৃক নির্ধারিত নীতি ও কৌশল কাঠামোকে একত্রিত করে একটি সর্বসম্মত দলিল, যার মধ্যে পানি খাতের পরিকল্পনা তৈরি করা হবে। এতে জাতীয়, আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক প্রকল্পগুলির একটি বিনিয়োগ পোর্টফোলিও অন্তর্ভুক্ত থাকবে এবং সেক্টর এজেন্সিগুলো দ্বারা প্রস্তুত করণ এবং ওয়ারপো কর্তৃক স্ক্রীন করণ
২. বেসিনভিত্তিক পরিকল্পনা
৩. পানি ব্যবহার পরিকল্পনা অগ্রাধিকার
৪. প্রাতিষ্ঠানিক সমন্বয় পরিকল্পনা
৫. উন্নয়ন ফলাফল ফ্রেমওয়ার্কের প্রস্তুতি (ডিআরএফ)
৬. প্রস্তুতি নিরীক্ষণ সরঞ্জাম
৭. বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন

খ. দৃশ্যকল্প বিশ্লেষণ প্রতিবেদন

১. পানি সম্পদের বিশ্লেষণ (পরিবেশগত, বাস্তুতন্ত্র, আর্থ-সামাজিক, রাজনৈতিক, প্রাতিষ্ঠানিক)
২. পানি সম্পদের স্বল্প, মাঝারি, দীর্ঘমেয়াদী পরিকল্পনা, কাঠামোগত এবং অ-কাঠামোগত ব্যবস্থা চিহ্নিত করা এবং তাদের প্রত্যাশিত প্রভাব জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়িত করা
৩. পানি সম্পদের বর্তমান এবং ভবিষ্যত ব্যবহার
৪. পানি সম্পদের সংযোজক ব্যবহার
৫. লবণাক্ততা অনুপ্রবেশ
৬. ইলিশ অভিবাসন রুট
৭. জীববৈচিত্র্য

গ. পানি সম্পদ (ভূগর্ভস্থ এবং ভূপরিস্থ) মূল্যায়ন রিপোর্ট

১. ভূপৃষ্ঠের পানি এবং ভূগর্ভস্থ পানির পরিমাণ প্রতিবেদন
২. ভূপরিস্থ পানি এবং ভূগর্ভস্থ পানির গুণমানের প্রতিবেদন
৩. ভূগর্ভস্থ জলাভূমি ম্যাপিং রিপোর্ট
৪. পানি রপ্তানি

উপরোক্ত আইটপুটসমূহ মূলত চার (০৪) টি পদ্ধতিতে অর্জন করা হবে:

১. জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন
২. বিনিয়োগ পরিকল্পনা প্রস্তুতকরণ (খসড়া)
৩. ডেভেলপমেন্ট রেজাল্ট ফ্রেমওয়ার্ক তৈরি করণ
৪. সাপোর্টিং ডকুমেন্টস

২. প্রকল্পের নাম

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের ৫৪টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরুপণ (Assessment of water resources availability and lowest safe yield of aquifer in 54 districts of Bangladesh for effective implementation of Bangladesh Water Act, ২০১৩) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প।

প্রকল্পের সময়কাল

জুলাই, ২০২২ থেকে জুন, ২০২৬ পর্যন্ত।

প্রকল্পের ব্যয়

প্রকল্পের মোট ব্যয় ৫৯৩৮৮.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন

জিওবি

প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের ৫৪ টি জেলায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগের লক্ষ্যে ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূগর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরুপন করা।

প্রকল্পের আউটপুট

১. জনগনের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে প্রকল্প এলাকায় বিদ্যমান পানি সম্পদের ব্যবহার, চাহিদা, উৎস চিহ্নিত করে পানি সম্পদ ব্যবস্থাপনার সঠিক অবস্থা সংক্রান্ত অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (PRA) প্রতিবেদন।
২. বিভিন্ন খাত অনুযায়ী (যেমন- সেচ, মৎস্য, শিল্প, গৃহস্থালী প্রভৃতি) প্রকল্প এলাকায় ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা, ব্যবহার ও চাহিদা সংক্রান্ত উপাত্তভান্ডার ও প্রস্তুতকৃত ম্যাপ।
৩. ভূপরিস্থ এবং ভূগর্ভস্থ পানির প্রাপ্যতা নিরুপন এবং প্রকল্প এলাকার অ্যাকুয়াফারের ব্যপ্তি ও প্রকৃতি পর্যবেক্ষণ করে মৌজা ভিত্তিক পানি সম্পদের সার্বিক অবস্থা সম্পর্কিত ব্যাপক তথ্য ও প্রস্তুতকৃত ম্যাপ।
৪. গ্রহণযোগ্য ভূগর্ভস্থ পানির উত্তোলন ও অ্যাকুয়াফারের নিরাপদ পানি উত্তোলন স্তর সনাক্তকরণ এবং রিচার্জ পটেনশিয়াল নির্ধারণ করে প্রস্তুতকৃত চার্ট ও ম্যাপ।
৫. পানি সম্পদের বর্তমান ও ভবিষ্যত প্রাপ্যতা, ব্যবহার, চাহিদা ও পুনভ্রণের সার্বিক অবস্থা বিবেচনা করে পানি সংকটাপন্ন এলাকা নির্ধারণ।

(ঘ) প্রস্তাবিত প্রকল্প (Proposed Project)

১. প্রকল্পের নাম

"ক্লাইমেট স্মার্ট ইনটিগ্রেটেড কোস্টাল রিসোর্সেস ডাটাবেস (সিএসআইসিআরডি) (Climate Smart Integrated Coastal Resources Database (CSICRD))" শীর্ষক প্রকল্প।

প্রকল্পের মেয়াদ

বাংলাদেশ ডেল্টাপ্ল্যান ২১০০ অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল ১২ বছর।

প্রকল্পের ব্যয়

প্রকল্পের মোট ব্যয় ১২২০.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন
বাংলাদেশ সরকার।

প্রকল্পের উদ্দেশ্য
বাংলাদেশে জলবায়ু পরিবর্তন সহিষ্ণু সমন্বিত উপকূলীয় সম্পদের একটি উপাত্তভান্ডার/ডাটাবেস প্রস্তুতকরণ। উক্ত ডাটাবেস, বিভিন্ন উন্নয়ন/সমীক্ষা/কারিগরী সহায়তা প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তন অভিযোজিত একটি পরিকল্পনা প্রণয়ন। এছাড়া, উক্ত ডাটাবেস উপকূলীয় সম্পদের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে উন্নতমানের গুণমান অর্জনে সহায়তাকরণ।

প্রকল্পের আইটপুট
বাংলাদেশে জলবায়ু সহিষ্ণু সমন্বিত উপকূলীয় সম্পদের একটি উপাত্তভান্ডার।

২. প্রকল্পের নাম
বাংলাদেশের শিল্পখাতে পানি ব্যবহার পরিবীক্ষণ অনলাইন পদ্ধতি চালু করার মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন (Implementation of Bangladesh Water Act, 2013 and Bangladesh Water Rules, 2018 by conducting water Using monitoring online system at Industrial sector in Bangladesh) শীর্ষক প্রকল্প।

প্রকল্পের মেয়াদ
প্রকল্পের মেয়াদকাল ডিসেম্বর, ২০২২ থেকে জুন, ২০২৪ বছর।

প্রকল্পের ব্যয়
প্রকল্পের মোট ব্যয় ৫০০০.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন
বাংলাদেশ সরকার।

প্রকল্পের উদ্দেশ্য
বাংলাদেশের শিল্পখাতে পানি সম্পদের কার্যকর ব্যবহার এবং পানি সম্পদ ব্যবহরের দক্ষ পরিবীক্ষণ পদ্ধতি চালু করা।

প্রকল্পের আইটপুট
বাংলাদেশের শিল্পখাতে পানি সম্পদ ব্যবহরের দক্ষ পরিবীক্ষণ পদ্ধতির সূচনা। এছাড়া, উল্লেখ্যযোগ্য কাজের মধ্যে

১. জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৭ তম সভা মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৫ জানুয়ায়ী ২০২২ খ্রি: তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।
২. জেলা ভিত্তিক বিদ্যমান ও বরাদ্দ প্রাপ্ত গভীর নলকূপের তালিকা সংগ্রহ এবং প্রস্তুতপূর্বক বিগত ১২ জানুয়ারী, ২০২১ খ্রি: তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
৩. বাংলাদেশের প্রধান নদীসমূহের পাবনভূমি চিহ্নিতকরণ, পুনরুদ্ধার ও সংরক্ষণ শীর্ষক সমীক্ষা প্রকল্পের পিএফএস প্রস্তুতকরণ।
৪. "Promote National Water Resources Database (NWRD) to collaborate and online system for Management of Integrated water Resources data of Bangladesh" শীর্ষক উন্নয়ন প্রকল্প প্রণয়ন।
৫. "Investigation and Analysis of the Physical, Chemical and biological parameters for the restoration of the Ecosystem of the Sangu River" শীর্ষক গবেষণা প্রকল্প প্রণয়ন।
৬. গভীর নলকূপ স্থাপনে কমান্ড এরিয়া নির্ধারণ বিষয়ক আন্তঃসংস্থা সমন্বয় সভা বিগত ৩১ মে ২০২২ খ্রি: তারিখে মহাপরিচালক, ওয়ারপো মহোদয়ের সভাপতিত্বে ওয়ারপো'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।
৭. একাদশ জাতীয় সংসদের পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৯ তম সভা বিগত ০৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে অনুষ্ঠিত হয়।

বিগত বছরের ওয়ারপো'র বিবিধ কার্যক্রমসমূহ

সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এর লক্ষ্যমাত্রা অর্জনে ওয়ারপোর কার্যক্রম

এসডিজি ৬.৪ এ পানি সম্পদ খাতের পানির প্রাপ্যতা (Water Availability) বিষয়ে একটি সমীক্ষা প্রকল্পের কাজ চলামান রয়েছে। এছাড়া, ওয়ারপোতে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সংশিষ্ট বিষয়াদি অন্তর্ভূক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং "Assessment of Environmental Flow in the major rivers in Bangladesh" শীর্ষক সমীক্ষা প্রকল্পের কাজও হাতে নেয়া হয়েছে।

ওয়ারপোর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২২ সালের জুন মাসের ২৭ তারিখ স্বাক্ষরিত হয়েছে। বিগত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষরিত কৌশলগত উদ্দেশ্য সমূহ (১. প্রস্তাবিত প্রকল্পের ছাড়পত্র প্রদান। ২. জাতীয় পানি সম্পদ তথ্য উপাত্ত হালনাগাদ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম) ওয়ারপো শতকরা একশত ভাগ অর্জন করতে সক্ষম হয়েছে।

বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়ন

প্রাকৃতিক দুর্যোগের প্রভাবকে হ্রাস করে জলবায়ু পরিবর্তন বিবেচনায় রেখে কৃষি, পানিসম্পদ, ভূমি, শিল্প, বনায়ন, মৎস্য সম্পদ প্রভৃতিকে গুরত্ব প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণের মাধ্যমে সুষ্ঠু পানি সম্পদ ব্যবস্থাপনা, খাদ্য নিরাপত্তা এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকরণের লক্ষ্যে ধাপে ধাপে বাস্তবায়নযোগ্য একটি সমন্বিত দীর্ঘমেয়াদী (৫০ থেকে ১০০ বছর) মহাপরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণের উদ্দেশ্যে নেদারল্যান্ডস সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা ২১০০ প্রণয়ন প্রকল্প গ্রহণ করা হয়। পানিকেন্দ্রিক উক্ত মহাপরিকল্পনায় দীর্ঘমেয়াদী অর্থাৎ ৫০ ও ১০০ বছরের বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ও বিশ্ব অর্থনীতির দৃশ্যকল্পের ভিত্তিতে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদের কৌশল প্রণয়নের যে নতুন পরিকল্পনা প্রক্রিয়ায় স্থাপিত হয়েছে, ওয়ারপো প্রস্তাবিত জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রনয়নে তা অনুসরণ করা হচ্ছে। জিইডি এবং ওয়ারপো ভবিষ্যৎ দৃশ্যকল্প পরিকল্পনায় উভয়েই একে অপরের সাথে সহযোগিতা করবে। জাতীয় পানি সম্পদ পরিকল্পনায় বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এ বর্নিত কৌশলগুলোকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর Investment Plan এ বর্ণিত ওয়ারপো সংশিষ্ট প্রকল্পগুলো বাছাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প প্রণয়ের প্রস্তাব বর্তমানে চলমান রয়েছে। বিশেষ করে "Development of Climate Smart Integrated Coastal Resources Database (CSICRD)" প্রকল্পের ডিপিপি ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

বিগত বছরে মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষন, কর্মশালা ও সেমিনার কার্যক্রম

স্থানীয় প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণের বাৎসরিক বিবরণী (জুলাই ২০২১- জুন ২০২২)

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
	প্রশিক্ষণ			
১.	"Understanding Sea Level Rise Dynamics Along the Coast of Bangladesh" শীর্ষক প্রশিক্ষণ।	০২-০৭ জুন, ২০২২	আইডব্লিউএম আইডব্লিউএম ভবন, উত্তরা, ঢাকা	০২
২.	মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) এর আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগসমূহের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের বাজেট প্রনয়ন সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য প্রশিক্ষণ।	-	পাসম	০৩
৩.	"Adaptive Delta Management" শীর্ষক ২য় প্রশিক্ষণ	-	-	০৩
৪.	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক পরিচালিত সান্ধ্যকালীন Public Procurement management (11th Batch) শীর্ষক প্রশিক্ষণ কোর্স।	-	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেকি	০৪
৫.	সরকারী চাকুরী প্রার্থীদের (৯ম ও ১০ গ্রেড/নন ক্যাডার) জন্য "অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স সিস্টেম" বিষয়ক ওরিয়েন্টশন।	-	-	০২
৬.	"Advanced Adaptive Delta Management Cum Meta model Training" শীর্ষক প্রশিক্ষণ কোর্স।	-	-	০২

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
৭.	"Integration of Climate Change Adaptation into Project Development Process to Support Implementation of National Adaptation Plan in Bangladesh" শীর্ষক পাঁচ (০৫) দিন ব্যাপি প্রশিক্ষণ (৪র্থ ব্যাচ)।	১৪-১৬ এবং ১৯ মার্চ, ২০২২	-	০২
	অভ্যন্তরীণ প্রশিক্ষণ			
৮.	Training on Pre-processing GIS Data for Hydrological Models.	১৩-১৬ জুন, ২০২২	ওয়ারপো	০৮
৯.	Training on Groundwater Data Collection and Interpretation.	১৯-২২ জুন, ২০২২	ওয়ারপো	১০
১০.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা'র কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ	২৬ জুন, ২০২২	ওয়ারপো	৮০
১১.	ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্রের ওয়েব এ্যাপ্লিকেশন এর উপর ওয়ারপো'র কর্মকর্তাদের দিনব্যাপী প্রশিক্ষণ	২২ জুন, ২০২২	ওয়ারপো	৪৬
১২.	পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের ওয়েব এ্যাপ্লিকেশন এর উপর ওয়ারপো'র কর্মকর্তাদের দিনব্যাপী প্রশিক্ষণ	২১, জুন ২০২২	ওয়ারপো	৪৬
১৩.	সেবা সহজিকরণ সম্পর্কীত বিষয়ে ওয়ারপো'র কর্মকর্তাদের প্রশিক্ষণ	২৮ এপ্রিল, ২০২২	ওয়ারপো	৪৬
১৪.	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ওয়ারপো'র করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা সংক্রান্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ।	১৩ এপ্রিল, ২০২২	ওয়ারপো	৪৬
১৫.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ।	২৭ ফেব্রুয়ারী, ২০২২	ওয়ারপো	৩৫
১৬.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার জন্য কর্মচারীদের প্রশিক্ষণ।	০৬ ডিসেম্বর, ২০২১	ওয়ারপো	৩৫
১৭.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার জন্য কর্মকর্তাদের প্রশিক্ষণ।	০৯ ডিসেম্বর, ২০২১	ওয়ারপো	৪৩
১৮.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ।	১১ নভেম্বর, ২০২১	ওয়ারপো	৩৫
১৯.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ।	২৬ অক্টোবর, ২০২১	ওয়ারপো	৩৫
২০.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত বিষয়ে ১০ম গ্রেড এবং তদুর্দ্ধ কর্মকর্তাদের প্রশিক্ষণ।	৩০ সেপ্টেম্বর, ২০২১	ওয়ারপো	৩৫
২১.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত বিষয়ে ১০ম গ্রেড এবং তদুর্দ্ধ কর্মকর্তাদের প্রশিক্ষণ।	১৮ আগষ্ট, ২০২১	ওয়ারপো	৩৫

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
২২.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ।	২২ জুন, ২০২১	ওয়ারপো	৩৫
২৩.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২৮ ফেব্রুয়ারী, ২০২২	ওয়ারপো	৪৪
২৪.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	৩১ জানুয়ারী, ২০২২	ওয়ারপো	৪৪
২৫.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	০৯ ডিসেম্বর, ২০২১	ওয়ারপো	৪৩
২৬.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১৪ নভেম্বর, ২০২১	ওয়ারপো	৪৩
২৭.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২৭ অক্টোবর, ২০২১	ওয়ারপো	৪৩
২৮.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২৯ সেপ্টেম্বর, ২০২১	ওয়ারপো	৪০
২৯.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১৬ সেপ্টেম্বর, ২০২১	ওয়ারপো	৪০
৩০.	Training on Data Collection, Processing and Validation under Assessment of Drinking Water Security in Selected Areas of South-West Coastal Region of Bangladesh project	২৩ ফেব্রুয়ারী, ২০২২	ওয়ারপো	৩০
৩১.	Training on Development of Tool to Identify Drinking Water Security Zone under Assessment of Drinking Water Security in Selected Areas of South-West Coastal Region of Bangladesh project	০৯ জুন, ২০২২	ওয়ারপো	৩০
৩২.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তাবৃন্দের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ (অভ্যন্তরীণ প্রশিক্ষণ)	৩০ জুন, ২০২২	ওয়ারপো	৩৫
৩৩.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ	২৯ জুন, ২০২২	ওয়ারপো	৪০
৩৪.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তাগণের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষ	১০ ফেব্রুয়ারী, ২০২২	ওয়ারপো	৩৫
৩৫.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ	০৯ ফেব্রুয়ারী, ২০২২	ওয়ারপো	৪০

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
৩৬.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তাগণের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ	৩০ ডিসেম্বর, ২০২১	ওয়ারপো	৩৫
৩৭.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ	১৬ ডিসেম্বর, ২০২১	ওয়ারপো	৪০
৩৮.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তাগণের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ	২৮ সেপ্টেম্বর, ২০২১	ওয়ারপো	৩৫
৩৯.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ	২৬ সেপ্টেম্বর, ২০২১	ওয়ারপো	৪০
	কর্মশালা			
৪০.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৮ সেপ্টেম্বর, ২০২১	রাজশাহী	৪২
৪১.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৯ সেপ্টেম্বর, ২০২১	নওগাঁ	৪৭
৪২.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১২ অক্টোবর, ২০২১	দিনাজপুর	৪২
৪৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১৪ অক্টোবর, ২০২১	রংপুর	৪৩
৪৪.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২২ নভেম্বর, ২০২১	সিলেট	৪২
৪৫.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৩ নভেম্বর ২০২১	মৌলভীবাজার	৪৬
৪৬.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১১ ডিসেম্বর, ২০২১	রাঙামাটি	৪২
৪৭.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১৩ ডিসেম্বর, ২০২১	বান্দরবন	৪৮
৪৮.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২২ ডিসেম্বর, ২০২১	নারায়ণগঞ্জ	৪৯
৪৯.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৩ ডিসেম্বর, ২০২১	নরসিংদী	৩৮

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
৫০.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৩ জানুয়ারী, ২০২২	কুমিল্লা	৪২
৫১.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৬ জানুয়ারী, ২০২২	ফরিদপুর	৪৩
৫২.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১২ জানুয়ারী, ২০২২	জামালপুর	৪৪
৫৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১৩ জানুয়ারী ২০২২	যশোর	৪২
৫৪.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১২ জানুয়ারী, ২০২২	কুষ্টিয়া	৪৬
৫৫.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৬ মার্চ, ২০২২	গোপালগঞ্জ	৩৯
৫৬.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৮ মার্চ, ২০২২	হবিগঞ্জ	৪২
৫৭.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	৩১ মার্চ, ২০২১	ময়মনসিংহ	৪৫
৫৮.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	৩০ নভেম্বর, ২০২১	মানিকগঞ্জ	৪৭
৫৯.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৮ ডিসেম্বর, ২০২১	কিশোরগঞ্জ	৩৯
৬০.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১২ ফেব্রুয়ারী, ২০২২	বাবুগঞ্জ	৪৩
৬১.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৭ মার্চ, ২০২২	ব্রাহ্মণবাড়িয়া	৩৯
৬২.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১২ মে, ২০২২	চাঁদপুর	৪৮
৬৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৭ মে, ২০২২	কলাপাড়া	৪৬

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
৬৪.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১৮ মে, ২০২২	সুনামগঞ্জ	৪৫
৬৫.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৪ মে, ২০২২	ফেনী	৪২
৬৬.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০১ জুন, ২০২২	পাবনা	৪২
৬৭.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	০৬ জুন, ২০২২	বগুড়া	৫৭
৬৮.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১২ জুন, ২০২২	রাঙামাটি	৪০
৬৯.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	১৩ জুন, ২০২২	বাগেরহাট	৩৬
৭০.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২১ জুন, ২০২২	ঢাকা	৫৩
৭১.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৩ জুন, ২০২২	বরগুনা	৫১
৭২.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৭ জুন, ২০২২	চট্টগ্রাম	৪১
৭৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৮ জুন, ২০২২	সাভার	৫০
৭৪.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা।	২৯ জুন, ২০২২	নোয়াখালী	৪৭

বৈদেশিক প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার ইত্যাদি

২০২১-২২ অর্থবছরে ওয়ারপোর কোন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ, কর্মশালা বা সেমিনারে অংশগ্রহণ করেনি।

ক্রমিক নং	অংশগ্রহণকারীর নাম	ট্রেনিং/কর্মশালা/কনফারেন্স/সেমিনার/মিটিং এর নাম	মেয়াদ	দেশের নাম এবং সংগঠন সংস্থা
০১	-	-	-	-
মোট কোর্স: ০ টি, অংশগ্রহনকারী: ০ জন।				

২০২১- ২০২২ অর্থবছরে উচ্চশিক্ষা কার্যক্রম

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বৈজ্ঞানিক কর্মকর্তা মিজ মায়মুনা কাজী জাপান সরকারের আর্থিক সহায়তায় আগষ্ট ১৫, ২০১৯ হতে এপ্রিল ১৫, ২০২৩ পর্যন্ত জাপানের University of Tokyo তে চলমান PhD প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

ওয়ারপো'র ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্য কেন্দ্র

পানি সম্পদ এবং সংশ্লিষ্ট খাতের এ যাবৎ কালে প্রকাশিত সবচেয়ে বেশি এবং গুরুত্বপূর্ণ তথ্য ভান্ডার নিয়ে গঠিত 'ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্য কেন্দ্র' সম্প্রতি নিজস্ব স্থায়ী ভবনে স্থানান্তরিত হয়ে দ্রুততম সময়ে বিভিন্ন ব্যাক্তি এবং প্রতিষ্ঠানকে ডিজিটাল বই, রিপোর্ট, জার্নাল ইত্যাদির মাধ্যমে তথ্য ও প্রযুক্তির কার্যকর সেবা প্রদান করছে ওয়ারপো'র 'ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্য কেন্দ্র'।

১. হার্ড কপি
২. ডিজিটাল কপি
৩. তথ্য ব্যবহারকারীর জন্য কার্যকর সহযোগী পরিবেশ
৪. সহায়ক রিডিং স্পেস
৫. জার্নাল
৬. ফটোকপি
৭. হেল্প ডেস্ক/ইনফরমেশান সেবা ইত্যাদি এর মাধ্যমে নিত্য নতুন বই, রিপোর্ট, জার্নালের তথ্য সম্ভারে সমৃদ্ধ হচ্ছে।

পানি সম্পদ এবং সংশ্লিষ্ট বিষয়ের দীর্ঘদিনের পুরনো, দুর্লভ, দুষ্প্রাপ্য, মূল্যবান বিভিন্ন স্টাডি/পরিকল্পনা/মহাপরিকল্পনার প্রতিবেদন, জার্নাল এবং বই এর সমৃদ্ধ সমন্বয়ে গঠিত এবং প্রতিনিয়ত হালনাগাদকৃত ওয়ারপো লাইব্রেরী ও তথ্য কেন্দ্র প্রতিনিয়ত ডিজিটাল সমৃদ্ধির পথে অগ্রসরমান। ইতোমধ্যে সবচেয়ে দুর্লভ এবং মূল্যবান ডকুমেন্ট সমূহ ডিজিটাল ফর্মেটে রুপান্তরের মাধ্যমে লাইব্রেরী ও তথ্য কেন্দ্রের ডিজিটাল শাখা ক্রমাগত সমৃদ্ধ হচ্ছে।

২০২১-২০২২ অর্থবছরে পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মোট ৩২টি নতুন বই ওয়ারপোতে সংযোজিত হয়েছে এবং পরিবেশ ও পানি খাতের সাথে সম্পর্কিত বিভিন্ন ব্যক্তি ও সংস্থা'র প্রতিনিধি ওয়ারপো'র লাইব্রেরী ও তথ্য কেন্দ্র ব্যবহার করেছেন এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করেছেন। এছাড়া সংস্থার কর্মকর্তা, কর্মচারীগণ প্রাত্যাহিক দাপ্তরিক কাজ ও বিশেষ পরিকল্পনা কাজে প্রতিনিয়ত লাইব্রেরী ব্যবহার করে থাকেন।

বিগত ২০২১-২০২২ অর্থবছরে ওয়ারপো লাইব্রেরীতে নতুন সংযোজিত উল্লেখযোগ্য রিপোর্ট, বই, নিউজলেটার ও জার্নালসমূহ

১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, এপ্রিল ২০১৬.
২. পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, জানুয়ারি ২০১৯.
৩. ই-গভর্ন্যান্স বিধানাবলি, এন এম জিয়াউল আলম, ড. মোঃ আব্দুল মান্নান, ড. মোছাঃ শিরিন সবনম, ২০২১.
৪. Statistical Yearbook Bangladesh 2020, BBS, May 2021.
৫. Peace and Harmony: Seventy-one selected poems dedicated to Sheikh Hasina, Edi: Ahmed Reza, Trans: Anis Mohammad.
৬. বার্ষিক প্রতিবেদন, (জুলাই ২০১৯-জুন ২০২০), ওয়ারপো.
৭. টেলিফোন নির্দেশিকা ২০২১, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড.
৮. বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ২০২০.
৯. পানি উন্নয়ন বোর্ডের সেচ প্রকল্পের অবদান: প্রেক্ষিত বাংলাদেশের কৃষি ও পরিবেশ, বাপাউবো.
১০. Southwest Area Integrated Water Resources Planning and Management Project, Quarterly progress report no. 3 (July-September) 2021, BWDB, October 2021.
১১. Southwest Area Integrated Water Resources Planning and Management Project, Monthly progress report September 2021, BWDB, October 2021.
১২. The CEGIS Newsletter, year 20, issue 68, April-June 2021.
১৩. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex A- Context Documents, vol. 1- Strategic framework for river stabilization, vol. 2-

Preliminary regional master plan for the North-Central zone of Bangladesh, vol. 3- Strategic environmental and social assessment (SESA) of river stabilization, vol. 4- Inland navigation past, present and future expectations, BWDB, March 2016.

১৪. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex B- Morphology General, vol. 1- Holistic river morphology analysis for the Brahmaputra system, vol. 2- Long term view of channel morphology, vol. 3- Analysis of historical cross-sections of Brahmaputra-Jamuna and Padma rivers, vol. 4- Char Characteristics and dynamics past and present conditions on basis of satellite images, vol. 5- Upper Meghna present conditions and issues, September 2019, BWDB.

১৫. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex C- Morphology-Bifurcations & Offtakes, vol. 1- River bifurcations: Theory and modelling experiences, vol. 2- Anabranching channels of the Jamuna and Padma rivers, vol. 3- Schematic numerical modelling of bifurcations, vol. 4- Reach 3 and Bifurcation: numerical modelling, vol. 5- Offtake and flow dynamics of the major rivers, vol. 6-Offtakes part 2: Lessons learnt & generic guidelines, March 2016, BWDB.

১৬. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex D- River Engineering, vol. 1- River Stabilization Plan, Technical basis vol. 2- River Stabilization of other main rivers, BWDB.

১৭. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex D- River Engineering, vol. 3- Experience and lessons learnt with river stabilization activities in the main rivers of Bangladesh, Vol. 4- Future reference planform for Jamuna and Padma rivers, vol. 5- Feasible techniques for riverbank protection and river stabilization, vol. 6- Underwater apron for Chandpur confluence, BWDB.

১৮. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex E- Food Risk Management, vol. 1- Main river flood risk and management, vol. 2- Flooding numerical modelling, BWDB.

১৯. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex F- River stabilization impacts, vol. 1- Long-term effects of river narrowing on water levels, vol. 2- Effects of sinuosity on channels and bars, vol. 3- River stabilization and sediment management, vol. 4- Modelling of impact of char land sedimentation, vol. 5- Impact of earthquake induced sediment supply variability, vol. 6- Future conditions affecting flows climate change and flow regulation, BWDB.

২০. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex G- Water Resources Management, vol. 1- Distributaries: Water resources preparation and baseline, vol. 2- Potential impacts of flow augmentation and study needs, BWDB.

২১. River Stabilization and Development, Jamuna-Padma and Dependent Areas, Supplementary Annex H- Safeguards, land use & economic assessment , vol. 1- Social aspects of river stabilization, vol. 2- Environmental and social aspects of river stabilization, vol. 3- Fisheries impacts and their management: status review, vol. 4- Planning the use of stabilized and reclaimed land, procedure and issues, vol. 5- Char land amelioration and agricultural development, vol. 6- Economic assessment of river stabilization, BWDB.

২২. Southwest Area Integrated Water Resources Planning and Management Project, Monthly progress report, October 2021, BWDB, November 2021.

২৩. Gold Program 2013-2021, Final report: Lessons learnt, Blue Netherlands/BWDB/DAE, 2021.

২৪. Program Based Research Grant (PBRC), Sub-project Completion Report on Groundwater Resources Management for Sustainable Crop Production in Northwest Hydrological Region of Bangladesh, BARC, December 2021.

২৫. Research on Sediment Distribution and Management in South-West Region of Bangladesh, Final Report, WARPO/BUET, April 2022.

২৬. Annual Report 2020-2021, SPARRSO.
২৭. ওয়ারপো বার্ষিক প্রতিবেদন, জুলাই ২০২০-জুন ২০২১.
২৮. Research on River Bank Erosion Dynamics using Numerical Modeling and Deep Learning Techniques, Final Report, WARPO/BUET, June 2021.
২৯. Development of Irrigation in Bangladesh, Md. Abul Hashem, BUET, March 2005.
৩০. Ground Water Hydrology, Research Paper by Anwar Zahid, BWDB.
৩১. Bangladesh Economic Review 2021, Ministry of Finance, August 2021.
৩২. পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, ২০২০-২১
৩৩. Bangladesh Document (1 – 4)|

বঙ্গবন্ধু কর্ণার

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)-এর গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে। বিগত ১৫/০৩/২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রনালয়ের সচিব জনাব কবির বিন আনোয়ার বঙ্গবন্ধু কর্ণার এর উদ্বোধন করেন। বঙ্গবন্ধু কর্তার ওয়ারপো'র লাইব্রেরীতে এক নতুন মাত্রা সংযোজন করেছে। মুজিব বর্ষ ডিসেম্বর ২০২১ সাল বৃদ্ধি করা হয়েছে। বঙ্গবন্ধু কর্তার ওয়ারপো'র লাইব্রেরীতে স্থায়ীভাবে স্থাপন করা হয়েছে এবং ২০২১-২২ অর্থবছরে বঙ্গবন্ধু কর্তারে বঙ্গবন্ধু এবং তাঁর জীবনী সম্পৃক্ত ২১৩ টি নতুন বই সংরক্ষণ করা হয়েছে।



চিত্র: বঙ্গবন্ধু কর্ণার, ওয়ারপো লাইব্রেরী

বঙ্গবন্ধু কর্ণারে রক্ষিত বইয়ের তালিকা (২০২১-২০২২)

বইয়ের নাম ও লেখকের নাম

ক্রমিক নং	বইয়ের নাম	লেখকের নাম
১.	শেখ মুজিব আমার পিতা	শেখ হাসিনা
২.	The Unfinished Memories	Sheikh Mujibur Rahman
৩.	আমার দেখা নয়াচীন	শেখ মুজিবুর রহমান
৪.	বঙ্গবন্ধু শেখ মুজিব	শেখ মুহম্মদ ইব্রাহিম
৫.	জাতির পিতা বঙ্গবন্ধুর নির্বাচিত ভাষন (১-৪)	ড. এ এইচ খান
৬.	স্বাধীনতার মহানায়ক	এম আর এ তাহা
৭.	বঙ্গবন্ধু থেকে শেখ হাসিনা	মোতাহার হোসেন
৮.	প্রসঙ্গ বঙ্গবন্ধু প্রসংগ বাংলাদেশ	মমতাজ উদদীন আহমদ
৯.	বঙ্গবন্ধুর দ্বিতীয় বিপ্লব	সুজাত মনসুর
১০.	বঙ্গবন্ধু থেকে বিশ্ববন্ধু শেখ মুজিব	শামিম আরা স্মৃতি
১১.	বাঙ্গালী ও বঙ্গবন্ধু	মোনায়েম সরকার
১২.	মাদার অফ হিউম্যানিটি শেখ হাসিনা	ড. এস এম আনোয়ারা
১৩.	মানবতার জননী শেখ হাসিনা	জাহিদুল কবির চৌধুরী
১৪.	বাংলার অমৃত সন্তান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	সিতাংশু কুমার সুর চৌধুরী
১৫.	ফাদার অব দ্যা ন্যাশন	ড. এ এইচ খান
১৬.	বঙ্গবন্ধু বাংলাদেশ	খাবীরুজ্জামান
১৭.	বঙ্গবন্ধু ও ঢাকা বিশ্ববিদ্যালয়	শেখ আবদুস সালাম
১৮.	জনকের জীবনগাথা	কাজী সাইফুল
১৯.	বাংলাদেশের রাষ্ট্রপ্রতি	মোঃ মনিবুর রহমান
২০.	বাংলাদেশের প্রধানমন্ত্রী	মোঃ মনিবুর রহমান
২১.	বাঙ্গালির অবিসংবাদিত মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	মো: আনোয়ার খান
২২.	বিশ্বনেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	মো: আজিজ খান
২৩.	হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালী জাতীর পিতা শেখ মুজিবুর রহমান	মো: জিল্লুর রহমান
২৪.	জয় বঙ্গবন্ধু জয়তু শেখ হাসিনা	আনিস আহামেদ
২৫.	হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালী	শহীদুল হক খান
২৬.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	অধ্যাপক ড. এস এম আনোয়ারা
২৭.	বাঙ্গালীর হৃদয়ে বঙ্গবন্ধু	শামসুজ্জামান শামস
২৮.	নিঃসঙ্গ কারাগারে শেখ হাসিনার ৩৩১ দিন	বেবী মওদদ্র
২৯.	বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মাচের্র ভাষন	হাবিবুর রহমান খান
৩০.	মুজিব ট্রাজেডি	মোঃ মঞ্জুরুল হক
৩১.	বঙ্গবন্ধুর মুক্তির সংগ্রাম ও স্বদেশ প্রত্যাবর্তন	মো: আজিজ খান
৩২.	বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন	জুলফিকার নিউটন
৩৩.	বঙ্গবন্ধু থেকে জাতির পিতা	ড. আনু মাহমদ সম্পাদিত
৩৪.	বঙ্গবন্ধু এবং শেখ পরিবারের ইতিহাস	খালেক বিন জয়েন উদ্দিন
৩৫.	সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	আসলাম সানী
৩৬.	ঐতিহাসিক মুজিব নগর সরকার ও বঙ্গবন্ধুর স্বাধীনতা সংগ্রাম	মো: আনোয়ার খান
৩৭.	জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	খালেক বিন জয়েন উদ্দিন
৩৮.	বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষন রাষ্ট্রতত্ব ও বাঙ্গালীর স্বশাসন	ড: আব্দুল ওয়াহাব
৩৯.	দেশ রত্ন শেখ হাসিনা	বেবী মওদদ
৪০.	বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা	বেবী মওদদ
৪১.	বিশ্বনন্দিত শেখ হাসিনা	জুলফিকার নিউটন
৪২.	বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব	অধ্যাপক ড. এস এম আনোয়ারা

ক্রমিক নং	বইয়ের নাম	লেখকের নাম
৪৩.	বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ঢাকা বিশ্ববিদ্যালয় (১ ও ২)	ড: রতন লাল চক্রবর্তী
৪৪.	জাতীর জনক বঙ্গবন্ধু	মোস্তাক হোসেন
৪৫.	চিরঞ্জীব শেখ মুজিব	খায়রুল আলম মনির
৪৬.	বঙ্গবন্ধু মননে সৃজনে	ড. বাকী বিল্লাহ বিকুল
৪৭.	বঙ্গবন্ধু ও বাঙ্গালীর স্বপ্ন	নূহ উল আলম লেলিন
৪৮.	স্বাধীনতার অগ্রদূত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	মহসীন চৌধুরী
৪৯.	বাঙ্গালীর মুক্তিসংগ্রাম ও বঙ্গবন্ধু	মহসীন চৌধুরী
৫০.	রক্তাক্ত ১৫ আগস্ট	ড. আনু মাহমদ্র সম্পাদিত
৫১.	বঙ্গবন্ধুর অর্থনৈতিক দর্শন	ড: আনু মাহমদ
৫২.	সার্বভৌমত্ব শেখ মুজিব	ফজলুল হক সরকার
৫৩.	বঙ্গবন্ধু শেখ মুজিব ও তাঁর পরিবার	বেবী মওদদ
৫৪.	অন্য আলোয় জাতির জনক	র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী
৫৫.	ইতিহাসের পটভূমিকায় বঙ্গবন্ধু শেখ মুজিব	মফিদা আকবর
৫৬.	একজন মুক্তিযোদ্ধার খোঁজে	আনোয়ারুল আলম
৫৭.	বাংলাদেশ রক্তাক্ত অধ্যায় ১৯৭৫-৮১	সাখাওয়াত হোসেন
৫৮.	মুক্তিযুদ্ধ কিছু কথা কিছু স্মৃতি	সামাদ সিকদার
৫৯.	একাত্তরের বদ্ধভূমি	মো: জয়নাল আবেদিন
৬০.	একাত্তরের কালবেলায়	শহীদ আখন্দ
৬১.	মুক্তিযুদ্ধের প্রত্যাশা ও প্রাপ্তি	জয়নাল আবেদীন
৬২.	উনসত্তরের গণঅভ্যুত্থান	খাবীরুজ্জামান
৬৩.	মার্চ থেকে ডিসেম্বর	গোলাম কবির
৬৪.	বত্রিশ অথবা বাঙ্গালীর ঠিকানা	সুজাত মনসুর
৬৫.	বঙ্গবন্ধুর দ্বিতীয় বিপ্লব	ড: আনু মাহমদ
৬৬.	মুক্তিযুদ্ধের ১০ নাটক	কুমার প্রীতীশ
৬৭.	লাহোর টু গোপালগঞ্জ	আহমেদ রিয়াজ
৬৮.	জনক তুমি বাংলাদেশ	ইসহাক কাজল
৬৯.	মুক্তিযুদ্ধ ৭১ যাপিত জীবন	বাছেত খান
৭০.	বঙ্গবন্ধুর ভাষন	ড: আনু মাহমদ
৭১.	বঙ্গবন্ধুর কিশোর জীবন	অনিন্দ শুভ্র
৭২.	মুজিব মানেই মুক্তি	সুজাত মনসুর
৭৩.	সংগ্রাম থেকে স্বাধীনতা	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৭৪.	ভাষা আন্দোলন মুক্তিযুদ্ধ ও শেখ মুজিব	শহীদুল হক খান
৭৫.	জনগণমনমঙ্গল অধিনায়ক জয় হোক	লুৎফর চৌধুরী
৭৬.	বঙ্গবন্ধুর বাংলাদেশ	আসমা জামান
৭৭.	স্বাধীনতার চার দশক	শামসুজ্জামান শামস
৭৮.	৬ দফা বঙ্গবন্ধু ও স্বাধীনতা	গোলাম কাদের
৭৯.	একুশের কিশোর গল্প	শামসুজ্জামান শামস
৮০.	জাতির জনকের নেতৃত্বে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা	মিঞা মুজিবুর রহমান
৮১.	বঙ্গবন্ধুর বিখ্যাত ভাষণ	সম্পাদনা কামরুজ্জামান লিটন
৮২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বহুমাত্রিক মূল্যায়ন	ড: মমতাজ উদ্দীন পাটোয়ারী
৮৩.	জাতির জনক	মিঞা মুজিবুর রহমান
৮৪.	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	জুলফিকার নিউটন
৮৫.	রাষ্ট্র ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	এম আর মাহবুব
৮৬.	বঙ্গবন্ধু হত্যার ফাসির রায় জেগে ওঠো বাংলাদেশ	শহিদুল হক খান
৮৭.	গেরিলা নারী	হাবিবুর রহমান খান

ক্রমিক নং	বইয়ের নাম	লেখকের নাম
৮৮.	মুক্তিযুদ্ধ আমাদের সাহিত্য ও গ্রন্থপঞ্জি	সাহিদা বেগম
৮৯.	ভাষার জন্য ভালোবাসা	শহিদুল হক খান
৯০.	বঙ্গবন্ধু রাজনীতিক রাষ্ট্রনায়ক	ড. আনু মাহমদ সম্পাদিত
৯১.	মুক্তিযুদ্ধের কিশোর গল্প	শামসুজ্জামান শামস
৯২.	বায়ান্ন থেকে একাত্তর	শামসুজ্জামান শামস
৯৩.	বঙ্গবন্ধু হত্যার রায়: জাতির কলঙ্ক মোচন	ড. আনু মাহমদ সম্পাদিত
৯৪.	মুক্তিযুদ্ধের সমাজতত্ত্ব	শাহেদ মন্তাজ
৯৫.	বঙ্গবন্ধু শেখ মুজিব ও বাংলাদেশের অভ্যুদয়	হুমায়ুন কবির
৯৬.	শেখ মুজিবের সাইকেল	মোসাদ্দেক আহমেদ
৯৭.	একুশে ফেব্রুয়ারী বাঙ্গালীর অহংকার	মাহমুদুল হক জাহাঙ্গীর
৯৮.	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	আনোয়ার হোসেন
৯৯.	শতগল্পে বঙ্গবন্ধু	সিতাংশু কুমার মুর চৌধুরী
১০০.	বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ	মহসীন চৌধুরী
১০১.	হাজার কবিতায় বঙ্গবন্ধু	মিলন সব্যসাচী
১০২.	শ্রেষ্ট বাঙ্গালী	কালাম ফয়েজী
১০৩.	বাংলাদেশের অভ্যুদয়ের প্রেক্ষাপট	শেখ হাফিজুর রহমান
১০৪.	বাংলাদেশের অভ্যুদয় ও বঙ্গবন্ধু	মোজাম্মেল হক
১০৫.	বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষন	ড. আনু মাহমদ
১০৬.	মুজিব গাথা	আরিফ নজরুল
১০৭.	বাংলাদেশের মুক্তিযুদ্ধের শ্রেষ্ট গল্প	মোহাম্মদ জিল্লুর রহমান
১০৮.	একাত্তরের কিশোর মুক্তিযোদ্ধা	বাছেত খান
১০৯.	সুরে ও স্বরে বঙ্গবন্ধু	ফজলুল হক সরকার
১১০.	জনক আমার স্বাধীনতা	ফজলুল হক সরকার
১১১.	জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বরণীয় বাণী	মো. আনোয়ার খান
১১২.	বঙ্গবন্ধুকে নিবেদিত ছড়া কবিতা	খালেক বিন জয়েন উদ্দিন
১১৩.	শেখ মুজিবুর রহমানের ভাষা সংগ্রাম	তরিকুল ইসলাম মাসুম
১১৪.	হায় বঙ্গবন্ধু এ-কি করলাম	অধ্যক্ষ গোলসান আরা বেগম
১১৫.	এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম	গাজীউল হক
১১৬.	মুক্তিযুদ্ধের কিশোর উপন্যাস	আবু সাইদ কামাল
১১৭.	বঙ্গবন্ধু হত্যা মামলার ঐতিহাসিক রায় বাঙ্গালীর কলঙ্ক মোচন	নূহ-উল-আলম লেনিন
১১৮.	মুক্তিযুদ্ধের কিশোর গল্প	আবু সাইদ কামাল
১১৯.	মুক্তিযুদ্ধের গল্প	মহীবুল আজিজ
১২০.	বঙ্গবন্ধু হত্যাকান্ড মার্কিন দলিল থেকে	ড. আনু মাহমদ সম্পাদিত
১২১.	কেমন করে স্বাধীন হলাম	আলম তালুকদার
১২২.	মুক্তিযুদ্ধের কিশোর গল্প	সারওয়ার উল আলম
১২৩.	কালোঘোড়া	ইমদাদুল হক মিলন
১২৪.	মুক্তিযুদ্ধের কবিতা	জাফরুল আহসান
১২৫.	মুক্তিযুদ্ধের কিশোর গল্প	মফিদা আকবর
১২৬.	সোনার ছেলের সোনার দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ	সিদ্দিক হোসেন চৌধুরী
১২৭.	মুক্তিযুদ্ধের ইতিহাস, সত্য, অসত্য, অর্ধসত্য	বিণয় মিত্র
১২৮.	জেগে ওঠার দিনগুলি	কাজী সাইফুল ইসলাম
১২৯.	মুক্তিযুদ্ধে নৃতাত্ত্বিক জনগোষ্ঠী	আইয়ুব হোসেন
১৩০.	স্বাধীনতার দিনগুলো	প্রকৌশলী এস এম খাবীরুজ্জামান
১৩১.	একাত্তরের স্বাধীনতা সংগ্রাম	শেখ মুহম্মদ ইব্রাহীম
১৩২.	বাংলাদেশের মুক্তিযুদ্ধে মুজিবনগর	রফিকুর রশীদ

ক্রমিক নং	বইয়ের নাম	লেখকের নাম
১৩৩.	রাজনীতি মুক্তিযুদ্ধ স্বাধীন বাংলা বেতার	কামাল লোহানী
১৩৪.	মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা	মেজর এম এ কাইয়ুম চৌধুরী
১৩৫.	রাষ্ট্রভাষা আন্দোলন থেকে স্বাধীনতা	এম আর মাহবুব
১৩৬.	যেভাবে স্বাধীন বাংলাদেশ পেলাম	এ. কে. এম. মোজাম্মেল হক
১৩৭.	মুক্তিযুদ্ধের গল্প	ফারুক আহমেদ মেহেদী
১৩৮.	Poet of Politics	জি. মাওলা
১৩৯.	মুক্তিযুদ্ধের সেরা গল্প	হুমায়ুন কবির ঢালী
১৪০.	নির্বাচিত মুক্তিযুদ্ধের গল্প	মোহাম্মদ সিরাজুল ইসলাম
১৪১.	একাত্তরের মুক্তিযুদ্ধের গল্প	মফিদা আকবর
১৪২.	বঙ্গবন্ধু অসহযোগ মুক্তিযুদ্ধ	ড. আনু মাহমদ সম্পাদিত
১৪৩.	এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম	গোলাম কাদের
১৪৪.	৭১ রণাঙ্গনে বাংলার শ্রেষ্ঠ সন্তানেরা	মোঃ হাকিম বালি
১৪৫.	রক্ত যখন দিয়েছি	মমতাজ উদদীন আহমদ
১৪৬.	মুক্তিযুদ্ধের নির্বাচিত গল্প	শফিক আফতাব
১৪৭.	বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে নারীর প্রত্যক্ষ্য অংশগ্রহণ	আসমা পারভীন
১৪৮.	মুক্তিযুদ্ধের কিশোর উপন্যাস	ফারুক নেওয়াজ
১৪৯.	গল্পগুলো মুক্তিযুদ্ধের	সৈয়দ মাজহারুল
১৫০.	সূর্য ওঠার গল্প	আনোয়ারা সৈয়দ হক
১৫১.	বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে আগরতলা ত্রিপুরা-দলিলপত্র	সম্পাদনা সুকুমার বিশ্বাস
১৫২.	একাত্তরের যুদ্ধশিশু	রানা জামান
১৫৩.	যুদ্ধে যুদ্ধে স্বাধীনতা কম্যান্ডো	মোঃ খলিরুর রহমান
১৫৪.	ছোটদের মুক্তিযুদ্ধের দিনগুলি	মফিদা আকবর
১৫৫.	মুক্তিযুদ্ধের ৪০ বছর	মুস্তফা নুর-উল ইসলাম
১৫৬.	গণপরিষদ ও সংসদে বঙ্গবন্ধু	ড. আনু মাহমদ সম্পাদিত
১৫৭.	বীরঙ্গনার আত্মকথন	ড: শেখ আবদুস সালাম
১৫৮.	মুক্তিযোদ্ধা মানিক	বেবী মওদদ
১৫৯.	মুক্তিযুদ্ধের উপন্যাস সমগ্র	আজিজুর রহমান আজিজ
১৬০.	বাংলাদেশ গড়লেন যারা	সিরাজ উদ্দীন আহমেদ
১৬১.	১৯৬৮ সালে আগরতলা ষড়যন্ত্র মামলা	মুনসুর আলী
১৬২.	ইতিহাস কথা বলে	সৈয়দ নূর আহমদ
১৬৩.	সোনার কবজ	আরিফ নজরুল
১৬৪.	সাগরতলে মুক্তিযুদ্ধ	খলিলুর রহমান
১৬৫.	সংবাদপত্রে বঙ্গবন্ধুর জীবন ও বাংলার ইতিহাস (স্বাধিকার খন্ড-১)	হাসানুর রশীদ
১৬৬.	সংবাদপত্রে বঙ্গবন্ধুর জীবন ও বাংলার ইতিহাস (স্বাধিকার খন্ড-২)	হাসানুর রশীদ
১৬৭.	প্রাথমিক শিক্ষায় বঙ্গবন্ধুর স্বপ্নদর্শন	মো. মুজাহিদুল ইসলাম
১৬৮.	বঙ্গবন্ধু ও বাংলাদেশের চা শিল্প	রাজু দেশোয়ারা
১৬৯.	বঙ্গবন্ধু বাংলাদেশের প্রতিচ্ছবি	আতিউর রহমান
১৭০.	বঙ্গবন্ধুর রাজনৈতিক চিন্তাধারা	হাসানুর রশীদ
১৭১.	সংবাদপত্রে বঙ্গবন্ধুর সরকার গঠন	হাসানুর রশীদ
১৭২.	বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন	হাসানুর রশীদ
১৭৩.	সংবাদপত্রে বঙ্গবন্ধুর গ্রেফতার ও মামলা	হাসানুর রশীদ
১৭৪.	সংবাদপত্রে ৬ দফা	হাসানুর রশীদ
১৭৫.	৭ মার্চের ভাষন: রেসকোর্স থেকে ইউনেস্কো	হাসানুর রশীদ
১৭৬.	গণতন্ত্র থেকে বাকশাল:বঙ্গবন্ধুর ৫টি ভাষন	হাসানুর রশীদ
১৭৭.	সংবাদপত্রে আগরতলা ষড়যন্ত্র মামলা	হাসানুর রশীদ

ক্রমিক নং	বইয়ের নাম	লেখকের নাম
১৭৮.	ষাটের দশকে দৈনিক আজাদের পাতায় বঙ্গবন্ধু	হাসানুর রশীদ
১৭৯.	ঐতিহাসিক ১০ জানুয়ারি	হাসানুর রশীদ
১৮০.	বাংলাদেশের উন্নয়ন: বঙ্গবন্ধু ও জননেত্রী	হাসানুর রশীদ
১৮১.	আটচল্লিশের ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু	হাসানুর রশীদ
১৮২.	বঙ্গবন্ধুর পারিবারিক জীবনের ক্যামেরাবন্দি কিছু মুহূর্ত	হাসানুর রশীদ
১৮৩.	বঙ্গবন্ধু: প্রাসঙ্গিকতা মাত্রের আন্দোলন	হাসানুর রশীদ
১৮৪.	বঙ্গবন্ধু তথ্যকোষ	হাসানুর রশীদ সম্পাদিত ও সংকলিত
১৮৫.	বঙ্গবন্ধু ও বিশ্বনেতৃবৃন্দ	হাসানুর রশীদ
১৮৬.	বঙ্গবন্ধুর রাজনীতি ও রাষ্ট্রপরিচালনার ঐতিহাসিক দলিল	হাসানুর রশীদ সম্পাদিত
১৮৭.	বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনের ক্যামেরাবন্দি কিছু মুহূর্ত	হাসানুর রশীদ
১৮৮.	বঙ্গবন্ধুর কয়েকটি সাক্ষাৎকার ও কথোপকথন	হাসানুর রশীদ সম্পাদিত
১৮৯.	১৫ আগস্টে হারানো মুখগুলো	হাসানুর রশীদ
১৯০.	বাকশাল বঙ্গবন্ধুর সমাজতান্ত্রিক দর্শন	হাসানুর রশীদ
১৯১.	স্বজনদের চোখে আগস্টের কান্না	হাসানুর রশীদ
১৯২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী চিরন্তণী	মোহাম্মদ জিল্লুর রহমান
১৯৩.	পুথিতে বঙ্গবন্ধু	আকা বাবুল
১৯৪.	অস্ট্রাল থেকে বাঙালি ও বঙ্গবন্ধু	আকা বাবুল
১৯৫.	ফিরে দেখা বঙ্গবন্ধু	মাতুব্বর তোফায়েল হোসেন
১৯৬.	চিরন্তন মহিমান্বিত বঙ্গবন্ধু	মো. নূরুল আলম
১৯৭.	বঙ্গবন্ধুর উন্নয়ন ও পঁচাত্তরের নেপথ্য অপশক্তি	হাসানুর রশীদ
১৯৮.	প্রাথমিক শিক্ষায় শিশুদের জননী শেখ হাসিনা	মো. মুজাহিদুল ইসলাম
১৯৯.	জননেত্রী শেখ হাসিনার জীবন ও রাজনীতি	হাসানুর রশীদ
২০০.	৯ম জাতীয় সংসদ বক্তৃতা সমগ্র (২০০৯-২০১১), ১ম খন্ড	শেখ হাসিনা
২০১.	৯ম জাতীয় সংসদ বক্তৃতা সমগ্র (২০১১-২০১৩), ২য় খন্ড	শেখ হাসিনা
২০২.	স্বপ্ন জয়ের ইচ্ছা, রাষ্ট্রপতির ভাষন সংকলন (২০১৩-২০১৮) প্রথম খন্ড	মো. আবদুল হামিদ
২০৩.	স্বপ্ন জয়ের ইচ্ছা, রাষ্ট্রপতির ভাষন সংকলন (২০১৩-২০১৮) দ্বিতীয় খন্ড	মো. আবদুল হামিদ
২০৪.	শেখ হাসিনা ও ঘুরে দাঁড়ানোর বাংলাদেশ, ২০১৯	শামীম আহমদ
২০৫.	নির্ঘুম ৬৩৭৭ ঘন্টা, ৭১ এর গেরিলা কাহিনী, ফেব্রুয়ারি ২০১৮	লেঃ কর্ণেল এমএম ইকবাল আলম (অবঃ)
২০৬.	২১ মহিয়সী ভাষাসংগ্রামী, ফেব্রুয়ারি ২০১১	বাদল চৌধুরী
২০৭.	মুজিববর্ষে মুজিব-আদর্শে, নভেম্বর ২০২১	সেলিম মিয়া
২০৮.	শেফ জগাই, ফেব্রুয়ারি ২০২২	দিলরোজ আফসানা
২০৯.	প্রত্যুষের গল্প, ফেব্রুয়ারি ২০২১	আন্ওয়ার এম হুসাইন
২১০.	হুমায়ুন আহমেদ চেতনার আকাশ, ফেব্রুয়ারি ২০২০	আবু আককাস আহমেদ
২১১.	হাসেম আলীর স্বপ্নভঙ্গ, ফেব্রুয়ারি ২০২২	মাসদ্র চাকলা
২১২.	কিতাবুস সালেহীন, বিষয় ভিত্তিক হাদীস সংকলন, সেপ্টেম্বর ২০০৪	আলহাজ্জ শেখ গোলাম মুহিউদ্দীন
২১৩.	সময়ের চালচিত্র, ফেব্রুয়ারি ২০১৭	ইফতেখার আহমেদ টিপু

উত্তম চর্চা

ওয়ারপোতে অনুশীলনকৃত উত্তম চর্চা সমূহের শিরোনাম

১. বয়োজেষ্ঠ/ প্রতিবন্ধীবান্ধব সিঁড়ি
২. বায়োমেট্রিক Fingerprint পদ্ধতির মাধ্যমে যথাসময়ে উপস্থিতি ও প্রস্থান পর্যবেক্ষণ
৩. Close Circuit Camera পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে সার্বিক নিরাপত্তা ব্যবস্থাপনা জোরদারকরণ
৪. সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানির (Renewable energyy) ব্যবহার উৎসাহিতকরণ
৫. পরিবেশবান্ধব অফিস কক্ষ

৬. ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরি ও তথ্যকেন্দ্র
৭. মহিলা কর্মকর্তা/ কর্মচারীদের জন্য স্বাস্থ্যসম্মত পৃথক ওয়াশরুম
৮. হালনাগাদ ওয়েবসাইট এবং পানি সম্পদ খাতে তথ্য ও উপাত্ত সমৃদ্ধ জাতীয় পানি সম্পদ ডাটাবেইস (এনডব্লিউআরডি)
৯. আধুনিক ও সমৃদ্ধ আইসিটি প্রশিক্ষণ ল্যাব

১. বয়ঃজ্যৈষ্ঠ/ প্রতিবন্ধী বান্ধব শিরোনাম শিরোনাম

বয়োজ্যৈষ্ঠ বা সিনিয়র সিটিজেন ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি রাষ্ট্রের প্রদত্ত সাংবিধানিক ও আইনগত প্রতিশ্রুতি পূরণ সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের নৈতিক দায়িত্ব। এ লক্ষ্যকে সামনে রেখে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) বয়ঃজ্যৈষ্ঠ/প্রতিবন্ধী ব্যক্তিদের অবাধ প্রবেশের অধিকার ও অংশগ্রহণ নিশ্চিত করতে সহজে ওয়ারপো ভবনে প্রবেশের জন্য ওয়ারপো'র দাপ্তরিক ভবনের প্রধান প্রবেশ দ্বারে সাধারণ সিঁড়ির পাশাপাশি বয়স্ক/প্রতিবন্ধী সহায়ক বিশেষ র‍্যাম্পের ব্যবস্থা রয়েছে। এতে করে ওয়ারপো ভবনে প্রতিবন্ধী ও বয়ঃজ্যৈষ্ঠদের অন্যের সহযোগীতা ছাড়া সহজ প্রবেশের সুযোগ নিশ্চিত করা হয়েছে।

প্রমাণক (স্থিরচিত্র)



২. বায়োমেট্রিক Fingerprint পদ্ধতির মাধ্যমে যথাসময়ে উপস্থিতি ও প্রস্থান পর্যবেক্ষণ শিরোনাম

প্রাতিষ্ঠানিক শৃঙ্খলার অন্যতম অনুসঙ্গ যথাসময়ে অফিসে আসা এবং নির্দিষ্ট সময়ে অফিস ত্যাগ। ওয়ারপোর কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা আনায়নপূর্বক সুস্থ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো ভবনের নিচ তলায় প্রধান প্রবেশদ্বারে Fingerprint Machine স্থাপন এর মাধ্যমে যথাসময়ে উপস্থিতি নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ প্রতিদিন অফিসে প্রবেশ ও দাপ্তরিক কাজ শেষে ভবন ত্যাগ করার পূর্বে Fingerprint machine এ এ্যান্ট্রি করেন। এতে করে কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যথাসময়ে উপস্থিতি ও প্রস্থান পর্যবেক্ষণ করা সহজতর হয়েছে এবং সুন্দর ও সুশৃঙ্খল কর্মপরিবেশ সৃষ্টি হয়েছে।

প্রমাণক (স্থিরচিত্র)



৩. Close Circuit Camera পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা ব্যবস্থাপনা জোরদারকরণ শিরোনাম

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পানি সম্পদের সার্বিক উন্নয়ন নিশ্চিতকল্পে পরিবেশগত ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়ণের জন্য দেশের একমাত্র Apex Planning Organization হিসাবে দায়িত্বপ্রাপ্ত একটি অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে রয়েছে দেশের পানি সেক্টরের সবচেয়ে সমৃদ্ধ জাতীয় পানি সম্পদ ডাটাবেস (এনডব্লিউআরডি)। এছাড়াও রয়েছে পরিকল্পনার কাজে ব্যবহৃত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও ইন্সট্রুমেন্ট এবং অফিসে ব্যবহৃত মূল্যবান উপকরণাদি। অফিসভবন এবং এর আনুসঙ্গিক নিরাপত্তা জোরদারকরণের অংশ হিসাবে সার্বক্ষণিক নজরদারির জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা বা সিসি ক্যামেরার প্রতি গুরুত্ব দিয়ে ওয়ারপো ভবনের প্রবেশ পথে এবং প্রত্যেক লেবেলের গুরুত্বপূর্ণ স্থানে পর্যাপ্ত সংখ্যক Close Circuit Camera স্থাপন করা আছে। এতে করে ভবনের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি ডিজিটাল মনিটরিং পদ্ধতি প্রবর্তন হয়েছে যাতে করে যদি কোন অবৈধ কার্যক্রম, চুরি ডাকাতি হলে অপরাধী শনাক্তকরনের কাজ সহজতর হবে, সর্বোপরি সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে।

প্রমাণক (স্থিরচিত্র)



৪. সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানির (Renewable Energy) ব্যবহার উৎসাহিতকরণ শিরোনাম

বিশ্বব্যাপী পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব নিরসণের লক্ষ্যে নবায়নযোগ্য জ্বালানীর সর্বোচ্চ ব্যবহার উৎসাহিত করা হচ্ছে। এ লক্ষ্যে বাংলাদেশ সরকারের অন্যতম উদ্দেশ্য নবায়নযোগ্য সবুজ জ্বালানী যেমন "সোলার প্যানেল" স্থাপনের মাধ্যমে দেশব্যাপী বিদ্যুৎ চাহিদার যোগান দেওয়া। ওয়ারপোর দাপ্তরিক কার্যক্রম (ই-নথি ব্যবস্থাপনা, গবেষণা, বিভিন্ন প্রতিবেদন প্রণয়ন, ই-মেইল, ইত্যাদি) বিদ্যুতের ওপর দারুনভাবে নির্ভরশীল। এছাড়াও, অফিস কক্ষে বিদ্যুৎ সংযোগ দ্বারা ফ্যান, লাইট, কম্পিউটার ইত্যাদি চলে। ওয়ারপো'র দাপ্তরিক কাজের জন্য যে বিদ্যুৎ প্রয়োজন তার একটি অংশের চাহিদা পূরণের নিমিত্তে ওয়ারপো ভবনে উপযুক্ত স্থানে উচ্চ শক্তি সম্পন্ন সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। Solar Panel এর মাধ্যমে ওয়ারপো থেকে সৌরবিদ্যুৎ দ্বারা যে পরিমান বিদ্যুৎ উৎপাদন হয় তা ওয়ারপো ভবনে ব্যবহারের পাশাপাশি সরাসরি National Grid এ সরবরাহ করা হচ্ছে। বিদ্যুৎ এর বিকল্প হিসাবে গ্রীণ এনার্জি তথা সৌরবিদ্যুতের ব্যবহার বৃদ্ধি জাতীয় পর্যায়ে বিদ্যুৎ সাশ্রয় এর পাশাপাশি পরিবেশ রক্ষায় কার্যকর ভুমিকা পালন করতে পারে।

প্রমাণক (স্থিরচিত্র)



৫. পরিবেশবান্ধব (Environmental Friendly) অফিস কক্ষ শিরোনাম

ওয়ারপো ভবন স্থাপত্যগতভাবে একটি পরিবেশ বান্ধব ভবন। ভবনের বিভিন্ন কক্ষের দরজা জানালাসমূহ যথেষ্ট সুপরিসর এবং কাঁচ দ্বারা নির্মিত। অফিস কক্ষসমূহে বড় বড় জানালা থাকায় সহজে আলো ও বাতাস প্রবেশ করতে পারে। ফলে অহেতুক লাইট ও এসির ব্যবহার ন্যূনতম পর্যায়ে সীমাবদ্ধ রাখা যায়। পরিবেশের উপাদান সমুহ যেমন আলো, বাতাস, Aesthetics ইত্যাদিও সর্বোচ্চ ব্যবহারের ফলে বিদ্যুতের অপচয় যথেষ্ট হ্রাস করার পাশাপাশি আর্থিক সাশ্রয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সর্বোপরি ওয়ারপোতে একটি দূষণমুক্ত প্রকৃতিবান্ধব কর্মপরিবেশ সৃষ্টি হয়েছে।

প্রমাণক (স্থিরচিত্র)



৬. ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্যকেন্দ্র শিরোনাম

ওয়ারপো'র একটি সমৃদ্ধ ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরি ও তথ্যকেন্দ্র আছে। এতে পানি সম্পদ সম্পর্কিত পর্যাপ্ত তথ্য উপাত্ত সম্বলিত বই, রিপোর্ট, জার্নাল সহ পানি খাতের মূল্যবান ডকুমেন্ট হার্ডকপি/ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষিত রয়েছে। লাইব্রেরীর তথ্যাদি ইন্টারনেটের মাধ্যমে যে কোন স্থানে থেকে ব্যবহার যোগ্য। বিভিন্ন ব্যক্তি, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এই লাইব্রেরী থেকে সেবা গ্রহণ করে থাকে। পানি সম্পদ এবং সংশ্লিষ্ট বিষয়ের সমন্বয়ে গঠিত এই লাইব্রেরি দীর্ঘদিনের পুরনো, দুর্লভ, দুষ্প্রাপ্য মুল্যবান বিভিন্ন স্ট্যাডি/পরিকল্পনা/মহাপরিকল্পনার প্রতিবেদন, জার্নাল ও বইয়ে সমৃদ্ধ এবং প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।

প্রমাণক (স্থিরচিত্র)



৭. মহিলা কর্মকর্তা/কর্মচারীদের জন্য স্বাস্থ্যসম্মত আলাদা ওয়াশরুম শিরোনাম

ওয়ারপোতে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের জন্য স্বাস্থ্যসম্মত আলাদা ওয়াশরুমের ব্যবস্থা আছে। যার ফলে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের প্রাইভেসি ও হাইজিন ব্যবস্থাপনা সহজ হয় এবং কর্মস্থলে স্বাচ্ছন্দ্য বোধ করেন। যার ফলে মহিলা কর্মকর্তা ও কর্মচারীগণ সুন্দরভাবে দাপ্তরিক কর্মসম্পাদন করতে পারে।

৮. হালনাগাদ ওয়েবসাইট এবং পানি সম্পদ খাতে তথ্য ও উপাত্ত সমৃদ্ধ জাতীয় পানি সম্পদ ডাটাবেইস (এনডব্লিউআরডি) শিরোনাম

হালনাগাদ ওয়েবসাইট ও জাতীয় পানি সম্পদ উপাত্ত-ভান্ডার সংরক্ষণ ও হালনাগাদ করা ওয়ারপোর গুরুত্বপূর্ণ দায়িত্ব। ''জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা'' প্রকল্পের আওতায় ওয়ান স্টপ উপাত্ত সরবরাহের কেন্দ্র হিসাবে ওয়ারপোতে ''জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)'' এবং "সমন্বিত উপকুলীয় অঞ্চল ব্যবস্থাপনা পরিকল্পনা' প্রকল্পের আওতায় 'সমন্বিত উপকুলীয় সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি)' স্থাপিত হয়েছে। মাল্টিডিসিপ্লিনারি এই উপাত্ত-ভান্ডার ভূপরিস্থ পানি, ভূগর্ভস্থ পানি, মৃত্তিকা ও কৃষি, মৎস্য, বন, আর্থসামাজিক, আবহাওয়া ও পরিবেশ, প্রাকৃতিক সম্পদ ইত্যাদি হিসাবে শ্রেণীকরণ করা হয়েছে। এ যাবৎ এনডব্লিউআরডিতে এবং আইসিআরডিতে পৃথকভাবে ৫৫০ এর অধিক জিআইএস, টাইমসিরিজ ও টেব্যুলার উপাত্ত (data layer) ডিজিটাল ফর্মে সংরক্ষন করা হয়েছে। গবেষণা, উচ্চশিক্ষা ও পানি সম্পদ ব্যবস্থাপনায় নিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান এই উপাত্ত-ভান্ডার হতে সেবা গ্রহণ করে উপকৃত হচ্ছেন।

প্রমাণক (স্থিরচিত্র)



৯. আধুনিক ও সমৃদ্ধ আইসিটি প্রশিক্ষণ ল্যাব শিরোনাম

বর্তমানে আইসিটি দৈনন্দিন জীবনে অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে এবং আশা করা হয় যে, এই প্রবণতা অব্যাহত থাকবে। আইসিটি সাক্ষরতা মানুষের কর্ম, সামাজিক ও ব্যক্তিগত জীবনে একটি অপরিহায্য কার্যকরী প্রয়োজন হিসাবে স্থান করে নিয়েছে। আইসিটি প্রশিক্ষণ আইসিটি সংশ্লিষ্ট কাজের জন্য কর্মীদের দক্ষতা, ক্ষমতা এবং জ্ঞান বাড়ানোর একটি অন্যতম প্রক্রিয়া। আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের মধ্যে নিত্যনতুন চিন্তাধারা তৈরি করে এবং কর্মদক্ষতা বাড়ানোর মাধ্যমে কর্মচারীদের গুণগত মানের কর্ম সম্পাদনে সহায়তা করে। ওয়ারপো তথা পানি সেক্টরে কর্মরত কর্মকর্তাদের মধ্যে আইসিটি জ্ঞান বাড়ানোর লক্ষ্যে ওয়ারপো আইসিটি প্রশিক্ষণ ল্যাব এর মাধ্যমে পানি সম্পদ সেক্টরে জিআইএস, রিমোর্টসেন্সিং, ই-নথি ব্যবস্থাপনা, ইপ্রকিউরমেন্টসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ওয়ারপোসহ পানি সম্পদের স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে।

প্রমাণক (স্থিরচিত্র)



উপসংহার

দেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো তার সৃষ্টি লগ্ন থেকেই পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। জাতীয় পানি নীতি ১৯৯৯, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা ২০০১, বাংলাদেশ পানি আইন, ২০১৩; বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮; জেলা, উপজেলা, ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০; শিল্পখাতে পানি ব্যবহার নীতি ২০২০ ইত্যাদি প্রণয়নের মাধ্যমে দেশে পানি খাতে সমন্বয়, শৃংখলা ও সুশাসন প্রতিষ্ঠিত হয়েছে। আগামী দিনে পানির বিকেন্দ্রীকরণসহ পানির প্রাপ্যতা, চাহিদা নিরূপণের মাধ্যমে পানির নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষে ওয়ারপো'র সদূরপ্রসারী ভূমিকা রয়েছে।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কার্যাবলীর কতিপয় স্থিরচিত্র

পরিশিষ্ট ১



জাতীয় পানি নীতি

পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

শেখ হাসিনা

চিত্র: জাতীয় পানি নীতি ১৯৯৯


রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০২ মে, ২০১৩/১৯ বৈশাখ, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০২ মে, ২০১৩/১৯ বৈশাখ, ১৪২০ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:-

২০১৩ সনের ১৪ নং আইন

পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, অধিকার, বিতরণ, ঝগড়া, সুরক্ষা ও সংরক্ষণের লক্ষ্যে বিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, অধিকার, বিতরণ, ঝগড়া, সুরক্ষা ও সংরক্ষণ সম্পর্কিত বিষয়ে বিধান করা সমীচীন এবং প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়
সাধারণ

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।-(১) এই আইন বাংলাদেশ পানি আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।


রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৫০-আইন/২০১৮।—বাংলাদেশ পানি আইন, ২০১৩ (২০১৩ সনের ১৪ নং আইন) এর ধারা ৪৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "অনাপত্তি" অর্থ বিধি ৩৩ এর অধীন ইস্যুকৃত কোনো অনাপত্তি;

(২) "অনাপত্তি প্রদানকারী কর্তৃপক্ষ" অর্থ বিধি ৩০ এ উল্লিখিত কোনো কর্তৃপক্ষ;

(৩) "অপসারণ আদেশ" অর্থ ধারা ১৩ এর অধীন ইস্যুকৃত কোনো আদেশ;

(৪) "আইন" অর্থ বাংলাদেশ পানি আইন, ২০১৩ (২০১৩ সনের ১৪ নং আইন);

(৫) "আবেদনকারী" অর্থ এই বিধিমালার অধীন আবেদনপত্র দাখিলকারী কোনো উপযুক্ত কর্তৃপক্ষ, ব্যক্তি বা সংস্থা;

(১৩৫৩৫)
মূল্য : টাকা ৬০.০০

চিত্র: (ক) বাংলাদেশ পানি আইন, ২০১৩; (খ) বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮

পরিশিষ্ট ২



চিত্র: জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) ২০০১।



(ক)



(খ)



(গ)

চিত্র: (ক) জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০ (খ) উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০ এবং (গ) ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০

পরিশিষ্ট ৩



চিত্র: শিল্পখাতে পানি ব্যবহার নীতি



চিত্র: Glossary of Water and Water-Related Terms

পরিশিষ্ট ৪



চিত্র: নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা করার লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন।

পরিশিষ্ট ৫



চিত্র: "Research on River bank erosion dynamics using Numerical Modeling and deep learning Technique" গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন (খসড়া)

পরিশিষ্ট ৬



চিত্র: পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র অনলাইন প্রক্রিয়াকরণ" প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন।

পরিশিষ্ট ৭



চিত্র: বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে কর্মশালা (সিলেট, ২২ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ)।



চিত্র: বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে কর্মশালা (মৌলভীবাজার, ২৩ নভেম্বর ২০২১ খ্রিঃ)।

পরিশিষ্ট ৮



চিত্র: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬ তম সভা (০৪ অক্টোবর ২০১৭ খ্রিঃ)।



চিত্র: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৭ তম সভা (০৫ জানুয়ারী ২০২২ খ্রিঃ)।

পরিশিষ্ট ৯



চিত্র: একাদশ জাতীয় সংসদের পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৯ তম সভা (০৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ)।

River Research Institute

নদী গবেষণা ইনস্টিটিউট

www.rri.gov.bd



চতুর্থ অধ্যায়: নদী গবেষণা ইনস্টিটিউট

পরিচিতি

নদীমাতৃক আমাদের এই বাংলাদেশ। এটি একটি জটিল পলিভরণকৃত বদ্বীপ। অসংখ্য বিনুনি শাখা-প্রশাখা সহ গঙ্গা, ব্রহ্মপুত্র-যমুনা ও মেঘনা -এ ৩টি প্রধান ও সুবৃহৎ আন্তর্জাতিক নদীবাহিত পলিতে গঠিত এ দেশ। উত্তরের বন্যা, দক্ষিণের জলোচ্ছাস ও ঘূর্ণিঝড় এ অঞ্চলের জনজীবনকে করে বিপর্যস্ত। নদীভাঙ্গন একটি প্রাকৃতিক দুর্যোগ। এমতাবস্থায়, ব্যাপক বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণার প্রয়োজনীয়তা অনুভব করে তৎকালীন সরকার ১৯৪৮ সালে ঢাকার তেজকুনী পাড়া মৌজায় (বর্তমান গ্রীণ রোড) প্রায় ১২ একর জমির উপর হাইড্রলিক রিসার্চ ল্যাবরেটরী নামে একটি গবেষণাগার সেচ পরিদপ্তরের অধীনে স্থাপন করে। ক্রমবর্ধমান পানি সম্পদ উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের নানা রকম সিভিল ইঞ্জিনিয়ারিং ও হাইড্রলিক সমস্যার ব্যাপক গবেষণার আধুনিক সুবিধাদি হাইড্রলিক রিসার্চ ল্যাবরেটরীতে সম্পাদন করা সম্ভব না হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উক্ত ল্যাবরেটরীকে নদী গবেষণা ইনস্টিটিউট (নগই)-এ রূপান্তর করে এবং ১৯৭৮ সালে বাপাউবোর অধীনে ন্যস্ত করে। নদী গবেষণা ইনস্টিটউট এর স্বতন্ত্র অফিস স্থাপনের জন্য ফরিদপুর শহর থেকে ৫ কিলোমিটার দূরে ঢাকা-বরিশাল সড়কের পাশে হারুকান্দি নামক এলাকায় ৮৬ একর জমি অধিগ্রহণ করে ১৯৭৯ সালে ফরিদপুরে নদী গবেষণা ইনষ্টিটিউটের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। পরবর্তীকালে ১৯৮৯ সালের জুলাই মাসে ঢাকার গ্রীণ রোডে অবস্থিত নদী গবেষণা ইনস্টিটিউট ফরিদপুরে স্থানান্তর করা হয় এবং ১৯৯০ সাল পর্যন্ত বাপাউবোর অধীনে কাজ করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নদী গবেষণা ইনস্টিটউট এর বহুমুখী গবেষণা কার্যক্রম উত্তরোত্তর বৃদ্ধির লক্ষ্যে ১৯৯০ সালে ৫৩ নং আইন বলে নদী গবেষণা ইনস্টিটিউটকে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে প্রতিষ্ঠা করে এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণ হতে আলাদা করে ১৯৯১ সালে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করে।

নগই'র উদ্দেশ্য ও কার্যাবলী (১৯৯০ সনের ৫৩ নং আইন অনুযায়ী)

১. নদী প্রশিক্ষণ, নদীভাঙ্গন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিস্কাশনের প্রয়োজনে নকশা প্রণয়নের জন্য মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা;

২. পানি সম্পদ উন্নয়নের জন্য পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবণাক্ততার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা;

৩. নদী প্রশিক্ষণ, নদীভাঙ্গন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিস্কাশনের জন্য নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণ পরীক্ষা এবং নির্মাণ কাজের মানের তদন্ত এবং মূল্যায়ন করা;

৪. উপর্যুক্ত বিষয়সমূহের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা এবং তদসংশ্লিষ্ট কারিগরি বিষয়ে সাময়িকী ও প্রতিবেদন প্রকাশ করা;

৫. উপর্যুক্ত কোন বিষয় সম্পর্কে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করা;

৬. নগইর কার্যসমূহের মত একই প্রকার কার্যে নিয়োজিত অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার সাথে সহযোগিতা করা এবং যৌথ কার্যক্রম পরিচালনা করা এবং

৭. উপর্যুক্ত কার্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

নগই'র সাংগঠনিক কাঠামো

নদী গবেষণা ইনস্টিটউট একটি সংবিধিবদ্ধ বহুমুখী গবেষণামূলক সংস্থা যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে। ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসন ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পরিচালনা বোর্ডের চেয়ারম্যান, মহাপরিচালক নগই পরিচালনা বোর্ডের সদস্য-সচিব এবং ইনস্টিটিউটের মুখ্য নির্বাহী কর্মকর্তা।

নগই পরিচালনা বোর্ড

বর্তমান পরিচালনা বোর্ড নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে গঠিত:

(১)	মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	চেয়ারম্যান
(২)	চেয়ারম্যান, জেলা পরিষদ, ফরিদপুর	সদস্য
(৩)	মাননীয় সংসদ সদস্য (সরকার কর্তৃক মনোনীত)	সদস্য
(৪)	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(৫)	সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
(৬)	উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	সদস্য
(৭)	মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
(৮)	পানি সম্পদ প্রকৌশলী/ বিজ্ঞানী	সদস্য
(৯)	পানি সম্পদ প্রকৌশলী/ বিজ্ঞানী	সদস্য
(১০)	মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট	সদস্য-সচিব

নগই'র কর্মকান্ড ও জনবল

নদী গবেষণা ইনস্টিটিউট-এর সকল কর্মকান্ড যে ৩টি পরিদপ্তরের মাধ্যমে সম্পাদিত হয় সেগুলো হলো:

১. হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর
২. জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর
৩. প্রশাসন ও অর্থ পরিদপ্তর

ইনস্টিটিউট এর গবেষণাসহ বিভিন্ন কারিগরি কাজ যেমন ভৌত ও গাণিতিক মডেল স্ট্যাডি ও ল্যাবরেটরী টেস্ট যথাক্রমে হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর ও জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তরের মাধ্যমে পরিচালিত হয়। প্রশাসন ও অর্থ দপ্তরের মাধ্যমে নগই'র সার্বিক প্রশাসন পরিচালনাসহ অর্থনৈতিক বিষয়াবলী নিয়ন্ত্রিত হয়। প্রায় প্রতি বছরই ইনস্টিটিউটের বিজ্ঞানীদের উচ্চ শিক্ষার্থে বিদেশে প্রেরণ করা হয়। এ অর্থ বছরে ১ (এক) জন বিজ্ঞানী পি.এইচ.ডি ডিগ্রী অর্জনের জন্য কানাডায় গমন করেন এবং দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ১ (এক) জন পি.এইচ.ডি. কোর্সে, ২ (দুই) জন মাষ্টার্স কোর্সে এবং ১ (এক) জন পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে অধ্যয়ন করছেন। এছাড়া নগই'র ৪৩৫ জন কর্মকর্তা ও কর্মচারীগণ বিভিন্ন মেয়াদে এ অর্থ বছরে দেশে সেমিনার/ কর্মশালা/কনফারেন্স/ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। ইনস্টিটিউটের অনুমোদিত মোট জনবল ২৫৭ জন এবং বর্তমানে কর্মরত জনবল ১৭৬ জন।

নগই'র পরিদপ্তর ভিত্তিক কার্যাবলীর সংক্ষিপ্ত বর্ণনা

১) হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর

হাইড্রলিক রিসার্চ পরিদপ্তরের অধীনে ৩টি বিভাগ রয়েছে যেগুলো হলো:

(১) রিভার এন্ড কোষ্টাল হাইড্রলিক বিভাগ: এ বিভাগের মাধ্যমে নদী শাসন, নদী ভাঙ্গন রোধ, বন্যা নিয়ন্ত্রণ, নদী পুনরুদ্ধার, নদীর পলল ব্যবস্থাপনা, নদী খনন ও নদীর মোহনা ও উপকূলীয় সমস্যা সম্পর্কিত গবেষণা কাজে ভৌত মডেল এর মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা হয়। বর্তমানে প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের অধীনে বিদ্যমান ভৌত মডেল পরিচালন সুবিধাদি উন্নয়ন ও সম্প্রসারণ এর ব্যবস্থা গৃহীত হয়েছে। কোষ্টাল এলাকার ভৌত মডেল পরিচালনার জন্য 2D ও 3D ওয়েভমেকার স্থাপন করা হয়েছে। ভৌত মডেলের কাজের স্বার্থে নগইর Open Air Model এলাকায় একটি Model Shed (35m × 65m) নির্মাণ করা হয়েছে।

(২) হাইড্রলিক স্ট্রাকচার এন্ড ইরিগেশন বিভাগ: এ বিভাগের মাধ্যমে বিভিন্ন হাইড্রলিক অবকাঠামো যেমন ব্রীজ, ব্যারেজ, বাঁধ, গ্রোয়েন, রিভেটমেন্ট ইত্যাদির প্রকৃত স্থান ও দৈর্ঘ্য নির্ধারণসহ নকশা প্রণয়ন কাজে প্রয়োজনীয় প্যারামিটার যাচাইয়ের জন্য ভৌত মডেল এর মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা হয়।

(৩) ম্যাথমেটিক্যাল মডেলিং বিভাগ: এ বিভাগের উপর পানি সম্পদ উন্নয়নের জন্য নদীর পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবণাক্ততার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে সমীক্ষা পরিচালনা করার দায়িত্ব প্রদান করা আছে। নগই ইতিমধ্যে এই প্রযুক্তি ব্যবহার করে দেশের বিভিন্ন ছোট বড় এবং টাইডাল ও ননটাইডাল নদীতে সেতু ও ব্যারেজ নির্মাণ এবং হাওর অঞ্চলে সড়ক নির্মাণ প্রকল্পের Hydro-morphological Study সম্পাদন করেছে। কাজের পরিসর বৃদ্ধি ও সর্বাধুনিক প্রযুক্তি প্রয়োগের জন্য MIKE Series Software ক্রয় ও Install করা হয়েছে।

ভৌত মডেল স্ট্যাডি

(১) "Physical Modelling Study for Dredging and Bank Protection Works along Tetulia River at Bakerganj and Bauphol Upazillas under Barishal and Patuakhali Districts" শীর্ষক কাজের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে মডেল স্ট্যাডির ৫০% কাজ সম্পন্ন হয়েছে এবং Interim Report প্রধান প্রকৌশলী, দক্ষিনাঞ্চল, বাপাউবো, বরিশাল বরাবর প্রেরণ করা হয়েছে।



Figure 1: Alignment of the dredged channel



Figure 2: A view of the river model in running condition

(২) "Physical Model Study to Support Feasibility Study for Augmentation, Conservation and Wise Use of Surface Water Resources through Dredging of the Upstream of Teesta Barrage and Bank Protection Work of the Teesta River in Kurigram District" শীর্ষক ভৌত মডেল বিষয়ে বাপাউবো এর সাথে নগই এর চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং Inception Report প্রস্তুতির কাজ চলমান আছে। দ্রুত গতিতে Model Bed Preparation এর কাজ চলমান আছে।



Figure 3: A view of the Teesta river model preparation

(৩) "Consulting services for Physical Modeling Study for Feasibility Study for the Management of Karatoa River System and Rehabilitation of FCD Projects on Both Bank of Nagar River in Bogura District" শীর্ষক ভৌত মডেলের Technical & Financial Proposal পানি উন্নয়ন বোর্ড বরাবর দাখিল করা হয়েছে।

গানিতিক মডেল স্ট্যাডি

(১) "RHD, Bridge Construction & Maintenance Circle, Sarak Bhaban, Dhaka" কর্তৃক প্রস্তাবিত "Hydro Morphological Study for the Proposed Lakkhipasha bridge at 23rd km of Barishal (Dinarer Pul)-Lakkhipasha-Dumki Highway (Z-8044) on the Porar Dhon River under Roads and Highways Department (RHD)" শীর্ষক একটি গাণিতিক মডেল স্ট্যাডির Technical ও Financial Proposal সড়ক ও জনপথ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২) "RHD, Bridge Construction & Maintenance Circle, Sarak Bhaban, Dhaka" কর্তৃক প্রস্তাবিত "Hydro Morphological Study for the Proposed Banaripara bridge at 2nd km of Banaripara-Najirpur Highway (7710) on the Sandha river under Roads and Highways Department (RHD)" শীর্ষক একটি গাণিতিক মডেল স্ট্যাডির Technical ও Financial Proposal সড়ক ও জনপথ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৩) "RHD, Bridge Construction & Maintenance Circle, Sarak Bhaban, Dhaka" কর্তৃক প্রস্তাবিত "Hydro Morphological Study for the Proposed Atul Nagar Ghat Bridge at 28th km of Pirojpur-Nazirpur-Matibhanga-Patgati-Gonapara Highway (Z-7704) on the Kaliganga River under RHD" শীর্ষক একটি গাণিতিক মডেল স্ট্যাডির Technical ও Financial Proposal সড়ক ও জনপথ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৪) "RHD, Bridge Construction & Maintenance Circle, Sarak Bhaban, Dhaka" কর্তৃক প্রস্তাবিত "Hydro Morphological Study for the Proposed Bishkhali Bridge at 6th km of Binapani-Kachua-Betagi-Mirjaganj-Patuakhali Highway (Z-8052) on the Bishkhali river under RHD" শীর্ষক একটি গাণিতিক মডেল স্ট্যাডির Technical ও Financial Proposal সড়ক ও জনপথ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৫) সুনামগঞ্জ সড়ক বিভাগাধীন "Topographical & Hydrological study using mathematical model for Madanpur-Dirai-Sullah (Dirai-Sullah Portion) Road under Sunamganj Road Division গাণিতিক মডেল স্ট্যাডির Final Report ক্লায়েন্ট বরাবরে দাখিল করা হয়েছে।



Figure 4: Flood depths in the study area and at and around the road for 50-year discharge in Option-3 condition (left); Velocity field in the study area under Option-3 condition for 50-year discharge (right)

২) জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর

জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তরের অধীনে ৩টি বিভাগ রয়েছে। সেগুলো হচ্ছে: (১) সয়েল মেকানিক্স এন্ড গ্রাউন্ড ওয়াটার বিভাগ: এই বিভাগের মাধ্যমে মাটির প্রকৌশলগত গুণাগুণ নির্ণয়কল্পে পরীক্ষার কাজ সম্পাদন করা হয়। (২) ম্যাটেরিয়াল টেস্টিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল বিভাগ: এই বিভাগের মাধ্যমে বালি, সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর গুণাগুণ নির্ণয়কল্পে পরীক্ষার কাজ সম্পাদন করা হয়। (৩) সেডিমেন্ট, কেমিক্যাল এন্ড ওয়াটার পলিউশন বিভাগ: এই বিভাগের মাধ্যমে নদীর পলির পরিমাণ এবং গুণাগুণ নির্ণয়সহ পানির রাসায়নিক বিশ্লেষণের কাজ সম্পাদন করা হয়। জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ অন্যান্য সংস্থার জাতীয় উন্নয়ন প্রকল্পের অবকাঠামো নির্মাণকল্পে পরিকল্পনা ও ডিজাইনের নিমিত্তে সংগৃহীত মৃত্তিকা, কংক্রীট ও নির্মাণ উপকরণ সামগ্রী, পলি এবং পানির নমুনা পরীক্ষা করে থাকে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্পের মান নিয়ন্ত্রণ সংক্রান্ত পরীক্ষা কাজের জন্য এ দপ্তর হতে প্রয়োজন অনুযায়ী অভিজ্ঞ টেকনিশিয়ান প্রেষণে স্থাপন করা হয়।

২০২১-২২ অর্থবছরে জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর কর্তৃক সম্পাদিত কাজের বিবরণ:

১) সয়েল মেকানিক্স এন্ড গ্রাউন্ড ওয়াটার বিভাগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সংস্থা হতে সংগৃহীত ৩৭ টি মৃত্তিকা নমুনার ৫১ টি প্রকৌশলগত গুণাগুণ পরীক্ষা করা হয় এবং যথারীতি সংশ্লিষ্ট দপ্তরে পরীক্ষিত নমুনার ফলাফলসহ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

২) ম্যাটেরিয়াল টেস্টিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল বিভাগে বাপাউবোসহ অন্যান্য সংস্থা হতে সংগৃহীত বালি, সিমেন্ট, কংক্রিট ও স্টীলের ৩৫৯ টি নমুনার ৪৬৯ টি পরীক্ষা ল্যাবরেটরীতে সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তরে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

৩) সেডিমেন্ট, কেমিক্যাল এন্ড ওয়াটার পলিউশন বিভাগে বাপাউবোসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রেরিত ৪৯৬ টি পলল ও পানির নমুনার ৫৮১ টি পরীক্ষা ল্যাবরেটরীতে সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তরে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

৪) ঢাকা ল্যাবরেটরিতে বাপাউবো কর্তৃক সংগৃহীত ২১৮ টি পানি নমুনা ও ২ টি বালি নমুনার ২২২ টি পরীক্ষা সম্পাদন করে সর্বমোট ৮ টি প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে।

৫) আড়িয়াল খাঁ নদী সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের ৬৩৫ টি নমুনার উপর ২০৪০ টি পরীক্ষা সম্পাদন করা হয়েছে। তাছাড়া ব্যাম্বো ব্যান্ডেলিং গবেষণা প্রকল্পের ২২৪ টি নমুনার ২৮৮ টি পরীক্ষা সম্পাদন করা হয়েছে।

৬) সোমেশ্বরী ও শীতলক্ষ্যা নদী সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের ৪০ টি নমুনার মোট ১০০০ টি পরীক্ষা সম্পাদন করা হয়েছে যার মধ্যে ফরিদপুর ল্যাবরেটরিতে ১২০ টি, ঢাকা ল্যাবরেটরিতে ৫৬০ টি এবং নমুনায়নের স্থলে ৩২০ টি পরীক্ষা সম্পাদিত হয়েছে।

২০২১-২২ অর্থবছরে নগই'র জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর কর্তৃক সম্পাদিত গবেষণা কাজ:

১। "Characterization of Soils around the Arial Khan River of Bangladesh" শীর্ষক দুই বছর চার মাস মেয়াদী গবেষণা প্রকল্প জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। নিম্নে গবেষণা কার্যক্রমটি সংক্ষেপে বর্ণনা করা হলো:

উদ্দেশ্য:

গবেষণাটির প্রধান উদ্দেশ্য মাটির প্রকৌশলগত বৈশিষ্ট্য বের করা এবং উক্ত মাটির জন্য কেন তীর ভাঙ্গে তা নির্ণয় করা।
সমীক্ষাটির সঠিক উদ্দেশ্য হলো:

১। পানি বিজ্ঞানের সাথে মাটির প্রকৌশলগত ধর্ম
২। মাটির ধর্ম অনুযায়ী বৈশিষ্ট্যকরণ
৩। তীরের ঢালের স্থায়িত্ব বিশ্লেষণ
৪। সেটেলমেন্ট (বসে যাওয়া) বিশ্লেষণ
৫। সামাজিক প্রভাবের ধারণা
৬। তীর ভাঙা প্রতিকারের সুপারিশমালা

গবেষণা তথ্য:

সময়কাল: দুই বছর চার মাস (মার্চ/২০২০ থেকে জুন/২০২২)
মোট খরচ: ২৪০৮১৬১.০০ টাকা
অর্থায়ন: গবেষণা খাত, নদী গবেষণা ইনস্টিটিউট (GoB)

গবেষণার বর্তমান অবস্থা

গবেষণাটি ২৩ মার্চ/২০২০ অনুমোদিত হয়েছে। সাইট ভিজিট করে ষ্টাডি এরিয়া নির্বাচন করা হয়। পরবর্তীতে বোরিং পয়েন্ট নির্বাচন করে বোরিং লেআউট করে মাটির নমুনা সংগ্রহ করা হয়, যা ছবিতে (৫) থেকে (৯) পর্যন্ত দেখান হলো। মাটির নমুনা সংগ্রহ পরবর্তী গ্রাউন্ড ওয়াটার লেভেল মাপের ছবি (১০) তে দেখান হলো। পরীক্ষাগারে মাটির নমুনা পরীক্ষা পরবর্তীতে বিশ্লেষণ করা হয়েছে।



Figure 5: Study Area



Figure 6: Site Visit & Questionnaire Survey



Figure 7: Boring Point Selection



Figure 8: Boring Layout



Figure 9: Runnig Soil Boring Works



Figure 10: Measurement of Ground Water level



Figure 11: Soil character of left bank of Arial Khan river



Figure 12: Soil character of right bank of Arial Khan river



Figure 13: Slope stability analysis by Slip circle of left bank and right bank

এই গবেষণার মাধ্যমে হাইড্রলজির সাথে মাটির প্রকৌশলগত গুণাগুণসহ অন্যান্য গুণাগুণ পরীক্ষা করে স্লোপ স্ট্যাবিলিটি ও স্যাটেলম্যান্ট বিশ্লেষণের মাধ্যমে নদী তীর ভাঙন রোধের বিষয়ে সুপারিশ প্রণয়ন করা হয়েছে।

উপসংহার:

- মাটির বৈশিষ্ট্য প্রকাশ করে যে গভীরতার বৃদ্ধির সাথে মাটির স্তরগুলি পলি বালি থেকে খুব কম প্লাস্টিসিটিসহ ভাল গ্রেডেড বালিতে পরিবর্তিত হয়েছে এবং প্লাস্টিসিটি নেই।
- মাটির স্তরগুলি ঘনত্ব খুব লুজ থেকে মাঝারি। তারপরে কিছু ব্যতিক্রমসহ গভীরতা বৃদ্ধির সাথে ক্রমানুসারে ঘনত্ব পরিবর্তিত হয়েছে এবং এই জাতীয় স্তরগুলিতে খুব লুজ থেকে মাঝারি ঘনত্বে মাটি পাওয়া যায়।
- তীরের ঢালের স্থায়িত্ব বিশ্লেষণ থেকে নিরাপদ এবং অনিরাপদ সেফটি ফ্যাক্টর পাওয়া যায়।
- সেফটি ফ্যাক্টর প্রকাশ করে যে, তীরের ঢালগুলি (স্লোপ) কোথাও স্থিতিশীল এবং কোথাও অস্থিতিশীল।
- মাটির বৈশিষ্ট্য প্রকাশ করে যে, স্টাডি এলাকায় কোন বর্ধিত ভার (সারচার্জ) নেই। সেক্ষেত্রে তাৎক্ষণিক সেটেলমেন্ট ঘটতে পারে তবে, যেখানে ঢালগুলি অস্থিতিশীল সেখানে গুরুতর সেটেলমেন্ট হতে পারে।

সুপারিশ:

ব্যবহারযোগ্য এবং নিরাপদ ঢালগুলি উন্নত করার জন্য বেশ কয়েকটি পদ্ধতি রয়েছে যা স্লাইডিং দ্বারা তীর ভাঙ্গার জন্য সংবেদনশীল।

- নির্দিষ্ট অঞ্চলে সিমেন্টের গ্রাউটিং এবং ইনজেকশন তীরের ঢালের স্থায়িত্ব বাড়াতে সাহায্য করে।
- সারচার্জিং দ্বারা কনসলিডেশনের মাধ্যমে ঢালের স্থায়িত্ব বাড়াতে পারে।
- সমতলঢাল স্লাইড করার প্রবণতা ও মাটির ওজন হ্রাস করতে পারে।
- নন-কোহেসিভ মাটির শিয়ার শক্তি বৃদ্ধি করে ঘনত্ব বাড়ানো যেতে পারে।

২। "Eco-hydrological status and impact assessment of Someshwari River in Netrokona and Shitalakhya River in Dhaka, Bangladesh" শীর্ষক গবেষণা প্রকল্প এপ্রিল ২০২০ এ শুরু হয়ে জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। নিম্নে গবেষণা কার্যক্রমটি সংক্ষেপে বর্ণনা করা হলো:

উদ্দেশ্য:

গবেষণাটির প্রধান উদ্দেশ্য নদীর ইকো-হাইড্রোলজিক্যাল প্রক্রিয়া নির্ণয় এবং নদীর জৈবিক পরিবেশের উপর এর প্রভাব নিরূপণ।

সমীক্ষাটির সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো:

- নদীর ইকোসিস্টেমের উপর হাইড্রোলজিক্যাল চলকসমূহের প্রভাব নিরূপণ।
- নদীতে উপস্থিত ফাইটোপ্ল্যাঙ্কটন ও তলদেশের শৈবালের জীবসমষ্টি, প্রাচুর্য ও বিন্যাস নির্ণয়।
- নদীর হাইড্রলিক ও হাইড্রোলজিক, পানির ভৌত-রাসায়নিক, পানি, পলল ও তীরের মাটির ভারী ধাতু ও খনিজ পদার্থ, ফাইটোপ্ল্যাঙ্কটনসহ জৈবিক প্যারামিটারসমূহের মৌসুমি পরিবর্তন নিরূপণ।
- নদীর শৈবালের ক্রিয়া এবং ইকোসিস্টেমের গুণগতমান নির্ণয়।
- বায়োমাস এবং বিভিন্ন প্রকার ফাইটোপ্ল্যাঙ্কটনের বায়োমাস, প্রাচুর্য এবং উপলব্ধ ফাইটোপ্ল্যাঙ্কটন এবং অধ্যয়ন এলাকার বেন্থিক ডায়াটমগুলির বিতরণ।
- ভৌত রাসায়নিক পরামিতিগুলির ঋতুগত পরিবর্তন।
- জল, পলি এবং তীরবর্তী মাটিতে ভারী ধাতু এবং খনিজগুলির ঋতুগত পরিবর্তন।
- ফাইটোপ্ল্যাঙ্কটনসহ জৈবিক পরামিতিগুলির ঋতুগত পরিবর্তন।
- বাংলাদেশের জন্য নতুন ধরনের ফাইটোপ্ল্যাঙ্কটন নির্ধারণ।
- দূষণের কারণ এবং উৎস নির্ধারণ।
- দূষণের বিরুদ্ধে প্রশমনের উপায়।

গবেষণার মেয়াদ: এপ্রিল ২০২০-জুন ২০২২

মোট ব্যয়: ৪৬.০৩ লক্ষ টাকা

অর্থায়ন: গবেষণা খাত, নদী গবেষণা ইনস্টিটিউট (GoB)

গবেষণা কাজের এক্সটার্নাল এক্সপার্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের সাথে কয়েক দফা আলোচনা এবং মতবিনিময়ের পর কয়েকটি ফিল্ড ভিজিট করে ডাটা সংগ্রহ করা হয়েছে। ডাটা এনালাইসিস, নমুনা সংগ্রহ ও পরীক্ষণ পদ্ধতি, প্রভৃতি বিষয়ে ঢাকার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এর প্রেক্ষিতে প্রতিটি নদীতে ৫টি করে মোট ১০ টি পয়েন্টে বর্ষা, শরৎ, শীত ও গ্রীষ্ম মৌসুমের নমুনা সংগ্রহ ও পরীক্ষণের কাজ সম্পন্ন করা হয়। সংগৃহীত উপাত্তসমূহের কিছু প্যারামিটারের in-situ পরীক্ষা, কিছু প্যারামিটারের জন্য নগই এর ল্যাবরেটরীতে পরীক্ষা এবং কয়েকটি প্যারামিটার out-sourcing মাধ্যমে পরীক্ষা করা হয়। সকল ফলাফল বিশ্লেষণ করা হয়েছে। এই গবেষণার মাধ্যমে Heavy Metal এর ফলে দূষণের মাত্রা ও উৎস নির্ধারণসহ Chlorophyll a, SRP, SRS, Phytoplankton এবং aquatic macro phytus এর উপস্থিতি পরীক্ষা করা হয়েছে। বাংলাদেশের জন্য নতুন প্রজাতির Phytoplankton এর উপস্থিতির বিষয়টিও পরীক্ষা করা হয়েছে। তাছাড়া ম্যাঙ্গানিজ, আয়রন, NO_3-N, NH_3-N, PO_4^{3-}, SO_4^{2-}, সিলিকা, আয়োডিন, ব্রোমিন, ক্লোরিন, TDS, DO, pH, BOD, COD প্রভৃতি পরীক্ষা কার্য সম্পাদন করা হয়েছে। শীতলক্ষ্যা নদী তীরবর্তী এলাকা বিশেষকরে কাঞ্চন ব্রীজ এলাকা হতে ভাটিতে ধলেশ্বরীর মোহনা পর্যন্ত নদীর তীরবর্তী এলাকায় শিল্প-কারখানার প্রাচুর্য থাকায় নদীর পানিতে DO অত্যন্ত কম যেখানে জলজ প্রাণীর বেঁচে থাকা অসম্ভব হয়ে উঠে। তাছাড়া TDS, BOD, COD মানের আধিক্যের মাধ্যমে শীতলক্ষা নদীর পানির অত্যধিক দূষণের মাত্রা দৃশ্যমান হয়েছে। অন্যদিকে বিষাক্ত সায়ানো ব্যকটেরিয়াল ব্লুম এর মাধ্যমে শীতলক্ষ্যা নদীর পানির বিষাক্ততা সুস্পষ্ট হয়ে উঠেছে। নিয়ম অনুযায়ী এই ধরণের ভয়াবহভাবে দূষিত পানির মধ্যে উপকারী Spirulina পাওয়া গিয়েছে যেখানে প্রচুর ভিটামিন ও মিনারেল রয়েছে। ভিটামিন ই, সি এবং বি ৬ ছাড়াও Spirulina শ্বেত রক্ত কণিকার উৎপাদনে সহায়তা করে এবং মানবদেহের ভিতরের ক্ষতিকর ভাইরাস ও ব্যাকটেরিয়ার বিরুদ্ধে লড়াই করে। তবে এই Spirulina কে ex-situ culture মাধ্যমে পরিশোধিত করতে হয়।



Figure 14: Study area a) Someshwari River, b) Shitalakhya River



Figure 15: Sample Collection and In-Situ physio-chemical test of water a) Someshwari River, b) Shitalakhya River



Figure 16: Phytoplankton species found in Someshwari River 1) Raphidiopsis sp. 2) Anabaena sp. 3) Merismopedia sp. 4) Anabaena sp. 5) Anabaenopsis sp. 6) Spirulina sp. 7) Merismopedia sp. 8) Anabaena sp.

৩) প্রশাসন ও অর্থ পরিদপ্তর

এই পরিদপ্তরের অধীনে ছয়টি শাখা রয়েছে। যথা: লাইব্রেরি, জনসংযোগ ও ফটোগ্রাফি, সম্পত্তি, ভান্ডার, সংস্থাপন এবং নিরীক্ষা ও হিসাব। এই দপ্তরের মাধ্যমে ইনস্টিটিউট এর প্রশাসন, হিসাব ও নিরীক্ষা, গণসংযোগ, সম্পত্তি, জনশক্তি ও মানব সম্পদ উন্নয়নের কাজ করা হয়।

২০২১-২২ অর্থ বছরে আয়-ব্যয়ের হিসাবের বিবরণ (লক্ষ টাকায়)

ক্রমিক নং	খাত		আয়	ব্যয়		
১	সরকারি অনুদান			সংস্থাপন:		
				০ কর্মকর্তাদের বেতন	২৮২.৯৩	
				০ কর্মচারীদের বেতন	৪০২.৫২	
				০ ভাতাদি	৪৩৯.৮৫	
				০ পণ্য ও সেবা বাবদ	৩২৯.৯১	
				০ অবসর সুবিধা সহায়তা	১৫০.০৬	
				০ গবেষণা অনুদান	৩৪.৫৭	
				০ মূলধন অনুদান	২০.৭৪	
				০ অব্যয়িত অর্থ	৩৫.৩২	১৬৯৫.৯০
২	মডেল স্ট্যাডি বাবদ		৫৯.৭৪	মডেল স্ট্যাডি বাবদ		৫৭.০৯
৩	নমুনা পরীক্ষার ফি		২৩.৪১	নমুনা পরীক্ষা		১৪.০৮
৪	অন্যান্য			উদ্বৃত্ত (+)	১৭৬৭.০৭	৬৪.৬৯
	ক) ব্যাংক সুদ	৩৫.৪০				
	খ) যানবাহন ব্যবহার	০.৩৬				
	গ) রেস্ট হাউজ	১.১৯				
	ঘ) নিলাম	৫.৭৭				
	ঙ) চাকুরী আবেদন ফি	৮.৭৫				
	চ) বিবিধ	১.২৪	৫২.৭১			
		মোট	১৮৩১.৭৬		মোট	১৮৩১.৭৬

নগই'র সুবিধাদি

১) **উন্মুক্ত মডেল এলাকা:** নয়টি কম্পার্টমেন্টের সমন্বয়ে উন্মুক্ত মডেল এলাকা গঠিত। নয়টির মধ্যে তিনটির সাইজ ১২৫ মিটার × ৪০ মিটার এবং বাকী ছয়টির সাইজ ৬০ মিটার × ৪০ মিটার। প্রতিটি কম্পার্টমেন্ট ক্যানেল নেটওয়ার্কের সহিত সংযুক্ত এবং পাম্পিং স্টেশনের মাধ্যমে ক্যানেল নেটওয়ার্কে পানি সরবরাহ করা হয়। পাম্পিং স্টেশনে স্থাপিত পাম্পের ও ক্যানেলের সর্বোচ্চ ধারণ ক্ষমতা ৬০০ লিটার/সেকেন্ড।

২) **ইনডোর মডেল এলাকা:** দীর্ঘমেয়াদি গবেষণার জন্য দুটি মডেল শেড রয়েছে, যার প্রতিটির সাইজ ১০০ মিটার × ৩০ মিটার। শেড দুটির একটিতে ওয়েব বেসিন, টিলটিং ফ্লুমসহ ফ্লুম বেড রয়েছে।

৩) **ল্যাবরেটরি:** জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং, কংক্রীট, সেডিমেন্ট টেকনোলজি, হাইড্রো এন্ড জিও-কেমিস্ট্রি ক্ষেত্রে গবেষণাসহ পরীক্ষা-নিরীক্ষা কাজের জন্য তিনটি ল্যাবরেটরি রয়েছে, যার ফ্লোর এরিয়া ২০০০ বর্গ মিটার এবং বিভিন্ন সাইজের ও মাপের প্রায় ৯১ টি যন্ত্রপাতি রয়েছে। এ ছাড়া গাণিতিক মডেল সম্পাদনের জন্য একটি Sophisticated ল্যাবরেটরি রয়েছে।

৪) **রেস্ট হাউস:** নগইতে উন্নত সুযোগ সুবিধা সম্বলিত দু'টি VIP কক্ষ ও ৮টি AC কক্ষ বিশিষ্ট একটি আধুনিক রেষ্ট হাউস রয়েছে।

৫) **অডিটোরিয়াম/কনফারেন্স:** নগইতে ৩০০ জন লোক ধারণ ক্ষমতা সম্পন্ন একটি শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম আছে। এ ছাড়া ৬০ জন ও ৩০ জন লোক ধারণ ক্ষমতা সম্পন্ন দুটি কনফারেন্স রুম আছে।

৬) **জেনারেটর:** নগই REB এর পাওয়ার সাপ্লাই এর সাথে সংযুক্ত। এর অতিরিক্ত নগইতে দুটি পাওয়ার জেনারেটর আছে। নগইতে REB এর পাওয়ার সাপ্লাই না থাকলে এগুলো নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করে।

নগই'র প্রকাশনা

প্রতি বছর একটি করে টেকনিক্যাল জার্নাল প্রকাশিত হয়। এটি একটি আন্তর্জাতিক স্বীকৃতিপ্রাপ্ত বিজ্ঞান গবেষণা জার্নাল, যার রেজিস্ট্রেশন নম্বর ISSN1606-9277। ২০২০-২১ অর্থ বৎসরে এই জার্নালের ভলিউম ১৫, নং-০১ (২০২০) প্রকাশিত হয়: এতে নগই ও বিভিন্ন প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের গবেষকদের প্রণীত ১৪(চৌদ্দ) টি গবেষণাপত্র স্থান পায়। এ ছাড়াও নগইর বাৎসরিক কার্যক্রমের উপর প্রতি বছর Annual Report প্রকাশিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যৌথ নদী কমিশন, বাংলাদেশ

www.jrcb.gov.bd



পঞ্চম অধ্যায়: যৌথ নদী কমিশন, বাংলাদেশ

ভূমিকা

আবহমানকাল ধরে নদীমাতৃক বাংলাদেশের কোটি কোটি মানুষের জীবন ও জীবিকা আবর্তিত হচ্ছে পানিকে ঘিরে। বাংলাদেশের মধ্য দিয়ে প্রায় ৪০৫টি নদী প্রবাহিত হচ্ছে। এ নদীগুলোর মধ্যে ৫৭টি হচ্ছে আন্তঃসীমান্ত নদী। ৫৭টি আন্তঃসীমান্ত নদীর মধ্যে ৫৪টি নদী ভারত হতে বাংলাদেশে প্রবেশ করেছে এবং ৩টি এসেছে মায়ানমার থেকে। ৫৪টির মধ্যে ৫১টি নদী বস্তুতঃপক্ষে তিনটি বৃহৎ নদী পদ্মা/গঙ্গা, ব্রহ্মপুত্র এবং মেঘনার অববাহিকাভুক্ত। এ তিনটি নদী অববাহিকার মোট আয়তন ১.৭২ মিলিয়ন বর্গকিলোমিটার, যার মাত্র ৭ শতাংশ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত। বর্ষা মৌসুমে পানির অতি আধিক্য এবং শুকনো মৌসুমে পানির স্বল্পতা আমাদের দেশের পানি সম্পদ ক্ষেত্রে এক রূঢ় বাস্তবতা। পানি সম্পদ সংক্রান্ত সকল পরিকল্পনার সফল বাস্তবায়ন বহুলাংশে নির্ভর করে ভারত ও বাংলাদেশের মধ্যে অভিন্ন ৫৪টি আন্তঃসীমান্ত নদীর পানির যথাযথ বণ্টন ও ব্যবস্থাপনার উপর।

গঠন ও জনবল

১৯৭২ সালের মার্চ মাসে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ও প্রজাতন্ত্রী ভারত সরকারের প্রধানমন্ত্রীদ্বয়ের মধ্যে যৌথ ঘোষণার মাধ্যমে দু'দেশের বিশেষজ্ঞ সমন্বয়ে অভিন্ন নদীর ব্যাপক জরিপ কার্যক্রম পরিচালন এবং বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের জন্য স্থায়ী ভিত্তিতে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন গঠিত হয়। এছাড়া, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণের বিস্তারিত প্রকল্প প্রণয়ন ও প্রধান প্রধান নদীর বন্যা নিয়ন্ত্রণ ও সেচ প্রকল্পের উপর সমীক্ষা পরিচালন, উভয় দেশের জনগণের পারস্পরিক সুবিধা অর্জনের লক্ষ্যে এতদাঞ্চলের পানি সম্পদের ন্যায়সঙ্গত ব্যবহার এবং বাংলাদেশের সাথে ভারত সংলগ্ন এলাকায় পাওয়ার গ্রীড সংযোজনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য দু'দেশের বিশেষজ্ঞদের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত ঘোষণার পরিপ্রেক্ষিতে ১৯৭২ সালের নভেম্বর মাসে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের স্ট্যাটিউট (Statute) স্বাক্ষরিত হয়। মাননীয় পানি সম্পদ মন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন, বাংলাদেশ পক্ষের চেয়ারম্যান।

স্ট্যাটিউটে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন বিশেষভাবে নিম্নলিখিত কার্যক্রম সম্পাদন করবে বলে উল্লেখ রয়েছেঃ

ক. অংশগ্রহণকারী দু'দেশের মধ্যে যোগাযোগ অব্যাহত রেখে সর্বাধিক যৌথ ফলপ্রসূ প্রচেষ্টার মাধ্যমে অভিন্ন নদীসমূহ থেকে সর্বোচ্চ সুফল প্রাপ্তি নিশ্চিতকরণ;

খ. বন্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজ উদ্ভাবন ও যৌথ প্রকল্প বাস্তবায়নের সুপারিশকরণ;

গ. আগাম বন্যা সতর্কীকরণ, বন্যা পূর্বাভাস ও ঘূর্ণিঝড় সতর্কীকরণ সংক্রান্ত বিস্তারিত প্রস্তাব প্রণয়ন;

ঘ. দু'দেশের বন্যা নিয়ন্ত্রণ ও সেচ প্রকল্পের সমীক্ষা পরিচালন যাতে করে উভয় দেশের জনসাধারণের পারস্পারিক সুফল আনয়নে আঞ্চলিক পানি সম্পদ সমতার ভিত্তিতে ব্যবহার করা যায়;

ঙ. উভয় দেশের বন্যা নিয়ন্ত্রণ সমস্যার উপর সমন্বিত গবেষণা পরিচালনার জন্য প্রকল্প প্রণয়ন।

ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের বাংলাদেশ পক্ষের কার্যাবলীসহ আন্তঃসীমান্ত নদীর পানি বণ্টন ও ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম সম্পাদনের জন্য সরকার যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর ৪৮ জনবল বিশিষ্ট একটি সেট আপ অনুমোদন করেছে। সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর প্রধান নির্বাহী কর্মকর্তা।

আন্তঃসীমান্ত নদীসমূহের পানি সম্পদের উন্নয়ন, ব্যবস্থাপনা ও বণ্টন বিষয়ে ভারত ছাড়াও একই অববাহিকাভুক্ত অন্যান্য দেশ যথাঃ চীন ও নেপালের সঙ্গে যৌথ নদী কমিশনের আনুষ্ঠানিক সমঝোতা রয়েছে এবং উপরোক্ত দেশসমূহের পানি সম্পদের উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক কাঠামো বিদ্যমান আছে।

যৌথ নদী কমিশন গঠনের পর থেকে অদ্যাবধি বাংলাদেশ ও ভারতের মধ্যে আন্তঃসীমান্ত নদীর পানি বণ্টন, বন্যা পূর্বাভাস সংক্রান্ত তথ্য সংগ্রহ, আন্তঃসীমান্ত নদীর সীমান্ত এলাকায় তীর সংরক্ষণমূলক কাজ ইত্যাদি বিষয়ে আলোচনার জন্য কমিশনের মোট ৩৭টি সভা পর্যায়ক্রমে ঢাকা ও দিল্লীতে অনুষ্ঠিত হয়েছে। কমিশনের সর্বশেষ (৩৭তম) সভা মার্চ, ২০১০ মাসে নতুন দিল্লীতে অনুষ্ঠিত হয়েছে।

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর অনুমোদিত সাংগঠনিক কাঠামো



যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর জনবলের বিবরণ (জুন, ২০২২ অনুযায়ী)

গ্রেড	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্য পদ
সরকার কর্তৃক নিজ বেতনক্রমে নিয়োগযোগ্য	১	১	০
৪র্থ	১	০	১
৫ম	৩	৩	০
৬ষ্ঠ	৬	৩	৩
৯ম	৩	২	১
১০ম	২	১	১
১১তম	৩	০	৩
১৩তম	৩	০	৩
১৫তম	৫	০	৫
১৬তম	১০	৪	৬
২০তম	৭	১	৬
আউটসোর্সিং/চুক্তি ভিত্তিক	৪	৪	০
মোট	৪৮	১৯	২৯

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর অনুমোদিত যানবাহন ও অফিস সরঞ্জামাদির বিবরণ (টিওএন্ডই)

ক্রমিক নং	অনুমোদিত যানবাহন ও অফিস সরঞ্জামাদি	সংখ্যা
১।	কার	১টি
২।	মাইক্রোবাস	২টি
৩।	মটর সাইকেল	১টি
৪।	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	৮টি
৫।	পাবলিক এড্রেস সিস্টেম	১টি
৬।	কম্পিউটার	২৩টি
৭।	ল্যাপটপ	২টি
৮।	স্ক্যানার	১টি
৯।	প্রিন্টার	৮টি
১০।	ফ্যাক্স মেসিন	১টি
১১।	ফটোকপিয়ার	২টি
১২।	মাল্টিমিডিয়া	১টি
১৩।	শ্রেডার মেশিন	২টি
১৪।	প্ল্যানিমিটার	২টি
১৫।	রোটোমিটার	২টি
১৬।	আইপিএস	২টি
১৭।	রেফ্রিজারেটর	১টি
১৮।	হ্যান্ড হেল্ড জিপিএস	১টি
১৯।	মাইক্রোওভেন	১টি
২০।	ক্যামেরা	১টি

যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কার্যাবলী

১. আন্তঃসীমান্ত নদীর পানি বণ্টন, যৌথ ব্যবস্থাপনা, বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত বিনিময়, ভারতীয় এলাকায় প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং সীমান্তবর্তী এলাকার বাঁধ ও নদীতীর সংরক্ষণমূলক কাজসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনার লক্ষ্যে ভারতের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

২. ১৯৯৬ সালের গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির আওতায় প্রতি বছর ১লা জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত সময়কালে ভারতের ফারাক্কায় গঙ্গা নদীর প্রবাহ যৌথভাবে পর্যবেক্ষণ ও পানি বণ্টন এবং বাংলাদেশের হার্ডিঞ্জ সেতুর নিকট প্রবাহ যৌথভাবে পর্যবেক্ষণ সংশ্লিষ্ট সকল কার্যক্রম তত্ত্বাবধান;

৩. আন্তঃসীমান্ত নদী অববাহিকায় যৌথভাবে বন্যার ক্ষয়ক্ষতি প্রশমন, পানি সম্পদের আহরণ ও উন্নয়ন, নেপালে প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং গবেষণা ও কারিগরী সংক্রান্ত বিষয়ে নেপালের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

৪. পানি সম্পদ ক্ষেত্রে সহযোগিতা, আন্তঃসীমান্ত নদী অববাহিকায় চীন কর্তৃক প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম, ব্রহ্মপুত্র অববাহিকায় বন্যা পূর্বাভাসের তথ্য-উপাত্ত বিনিময় ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ে আলোচনার জন্য চীনের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং

৫. যৌথ নদী কমিশন, বাংলাদেশ নিম্নলিখিত আন্তর্জাতিক সংস্থাসমূহের বাংলাদেশের সচিবালয়/ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করেঃ

- আন্তর্জাতিক সেচ ও নিষ্কাশন কমিশন (ICID) এর বাংলাদেশ সচিবালয়;

- ইন্টার-ইসলামিক নেটওয়ার্ক ফর ওয়াটার রিসোর্সেস ডেভেলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (INWRDAM) এর জাতীয় ফোকাল পয়েন্ট ও
- পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত ইসলামি দেশসমূহের সংস্থা ওআইসি (OIC) এর জাতীয় ফোকাল পয়েন্ট।

যৌথ নদী কমিশন, বাংলাদেশ কর্তৃক ২০২১-২২ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ

গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তি

ভারত সত্তর দশকের প্রথম দিকে কোলকাতা বন্দরের নাব্যতা রক্ষাকল্পে গঙ্গার পানি প্রত্যাহারের লক্ষ্যে ফারাক্কা নামক স্থানে একটি ব্যারেজ নির্মাণ করে। এ প্রেক্ষিতে ফিডার ক্যানেল চালুর জন্য ১৯৭৫ সালের ২১ এপ্রিল থেকে ৩১ মে (৪১ দিন) সময়কালে বিভিন্ন ১০ দিনে ফারাক্কা পয়েন্ট থেকে ১১০০০ হতে ১৬০০০ কিউসেক পানি ভাগিরথী-হুগলী নদী দিয়ে প্রত্যাহারের নিমিত্ত ভারত ও বাংলাদেশের মধ্যে ১৯৭৫ সালের ১৮ এপ্রিল একটি সমঝোতা হয়। পরবর্তীকালে দু'দেশের মধ্যে কোন সমঝোতা না হওয়ায় ১৯৭৬ সালের শুকনো মৌসুম থেকে ভারত একতরফাভাবে ফারাক্কায় পানি প্রত্যাহার শুরু করে। ফলে ভারতের সাথে গঙ্গা নদীর পানি বণ্টনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

এরই প্রেক্ষিতে বিস্তারিত আলোচনার পর ৫ নভেম্বর, ১৯৭৭ সালে ভারতের সাথে শুকনো মৌসুমে (০১ জানুয়ারি-৩১ মে) ফারাক্কায় গঙ্গা নদীর পানি বণ্টন বিষয়ে পাঁচ বছরের স্বল্প মেয়াদি একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির মেয়াদান্তে ১৯৮২ ও ১৯৮৫ সালে গঙ্গার পানি বণ্টন বিষয়ে দু'টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ১৯৮৯ হতে ১৯৯৬ সালে শুকনো মৌসুম পর্যন্ত গঙ্গার পানি বণ্টন বিষয়ে কোন চুক্তি বা সমঝোতা স্মারক ছিল না।

১৯৯৬ সালের ১২ ডিসেম্বর বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টা ও ফলপ্রসূ আলোচনার পরিপ্রেক্ষিতে ক্ষমতায় অধিষ্ঠিত হবার মাত্র ৬ মাসের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং প্রজাতন্ত্রী ভারত সরকারের মধ্যে ফারাক্কায় গঙ্গা নদীর শুকনো মৌসুমের (০১ জানুয়ারি-৩১ মে) প্রবাহ বণ্টনের লক্ষ্যে ত্রিশ বছর মেয়াদি একটি ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ১৯৯৭ হতে প্রতিবছর শুকনো মৌসুমে ০১ জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত সময়কালে ফারাক্কায় লব্ধ গঙ্গার পানি দু'দেশ বণ্টন করছে।

গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ২০২১ সালের শুকনো মৌসুমে পানি বণ্টন কার্যক্রম বাস্তবায়িত হয়েছে এবং এ লক্ষ্যে গঠিত বাংলাদেশ-ভারত যৌথ কমিটি কর্তৃক ২০২১ সালের বার্ষিক প্রতিবেদনটি নভেম্বর , ২০২১ মাসে ঢাকায় অনুষ্ঠিত ৭৬তম সভায় চূড়ান্ত করা হয়েছে। এ বার্ষিক প্রতিবেদন ইতোমধ্যে সরকারের নিকট দাখিল করা হয়েছে।

২০২২ সালের শুকনো মৌসুমেও (০১ জানুয়ারি থেকে ৩১ মে) চুক্তি অনুযায়ী ফারাক্কায় গঙ্গা নদীর পানি বণ্টন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।



২৫ নভেম্বর, ২০২১ তারিখ ঢাকায় অনুষ্ঠিত গঙ্গা নদীর পানি বন্টন সংশ্লিষ্ট বাংলাদেশ-ভারত যৌথ কমিটির ৭৬ তম বৈঠক।



১৪ এপ্রিল, ২০২২ তারিখ ভারতের কোলকাতায় অনুষ্ঠিত গঙ্গা নদীর পানি বন্টন সংশ্লিষ্ট বাংলাদেশ-ভারত যৌথ কমিটির ৭৭তম বৈঠক।



১৯ মে, ২০২২ তারিখ ঢাকায় অনুষ্ঠিত গঙ্গা নদীর পানি বন্টন সংশ্লিষ্ট বাংলাদেশ-ভারত যৌথ কমিটির ৭৮তম বৈঠক।

তিস্তা নদীর পানি বণ্টন

গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির অনুচ্ছেদ ৯ এর আলোকে তিস্তা নদীর পানি বণ্টনকে অগ্রাধিকার প্রদান করে তিস্তা, ধরলা, দুধকুমার, মনু, মুহুরী, খোয়াই ও গোমতী নদীর পানি দু'দেশের মধ্যে বণ্টনের জন্য স্থায়ী/দীর্ঘমেয়াদি চুক্তি প্রণয়নের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ১৯৯৭ সালের জুলাই মাসে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৩২তম সভায় দু'দেশের পানি সম্পদ সচিবদ্বয়ের নেতৃত্বে যৌথ বিশেষজ্ঞ কমিটি গঠিত হয়।

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর তিস্তাকে অগ্রাধিকার প্রদানপূর্বক অন্যান্য অভিন্ন নদীর পানি বণ্টন চুক্তি সম্পাদনে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করে। ফলশ্রুতিতে, ইতোমধ্যেই তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তির ফ্রেমওয়ার্ক চূড়ান্ত করা হয়েছে।

গত সেপ্টেম্বর, ২০১১ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে প্রকাশিত যৌথ বিবৃতিতে দু'দেশের মাননীয় প্রধানমন্ত্রী ন্যায়ানুগতা ও সমতার ভিত্তিতে তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি সম্পাদনে নীতি ও পদ্ধতি প্রণয়নের অগ্রগতিকে স্বাগত জানিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় দু'দেশের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অতিশীঘ্র চুক্তিটি সম্পাদনে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

গত জুন, ২০১৫ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে প্রকাশিত যৌথ ঘোষণায় উল্লেখ রয়েছে যে, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী ভারতের মাননীয় প্রধানমন্ত্রীকে ২০১১ সালে দু'দেশের মধ্যে সম্মত রূপরেখা অনুযায়ী অনতিবিলম্বে তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি সম্পাদনের অনুরোধ জানান। ভারতের মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে অবহিত করেন যে, যথাশীঘ্র তিস্তা ও ফেণী নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সবার সঙ্গে আলোচনা চলছে।

এপ্রিল, ২০১৭ ও অক্টোবর, ২০১৯ সময়কালে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে প্রকাশিত যৌথ বিবৃতিতে উল্লেখ রয়েছে যে, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী ভারতের মাননীয় প্রধানমন্ত্রীকে ২০১১ সালে দু'দেশের মধ্যে সম্মত রূপরেখা অনুযায়ী

তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি সম্পাদনের অনুরোধ জানান। ভারতের মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে অবহিত করেন যে, যথাশীঘ্র তিস্তার অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি সম্পাদনের লক্ষ্যে ভারত সরকার সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করছে।

ডিসেম্বর, ২০২০ এ অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত প্রধানমন্ত্রী পর্যায়ের ভার্চুয়াল সামিট এবং মার্চ ২০২১ এ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী ভারতের মাননীয় প্রধানমন্ত্রীকে ২০১১ সালে দু'দেশের মধ্যে সম্মত রূপরেখা অনুযায়ী তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি দ্রুত সম্পাদনের অনুরোধ জানান। এ বিষয়ে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে তাঁদের চলমান প্রচেষ্ঠা ও অঙ্গীকার পুনর্ব্যক্ত করে।

বর্তমানে দু'দেশের মধ্যে তিস্তা নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি স্বাক্ষরের অপেক্ষায় রয়েছে।

মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা, দুধকুমার ও ফেণী নদীর পানি বণ্টন

বাংলাদেশ ও ভারতের পানি সম্পদ সচিব পর্যায়ে ১৯৯৭ সালে গঠিত যৌথ বিশেষজ্ঞ কমিটির বৈঠকসহ বিভিন্ন বৈঠকে উপরোক্ত নদীসমূহের পানি বণ্টন বিষয়ে আলোচনা হয়।

গত ১০ জানুয়ারি, ২০১১ তারিখে ঢাকায় অনুষ্ঠিত দু'দেশের পানি সম্পদ সচিব পর্যায়ের বৈঠকে শুকনো মৌসুমে ফেণী নদীর অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তি সম্পাদনের লক্ষ্যে চুক্তির একটি Framework চূড়ান্ত করা হয়েছে।

জানুয়ারি, ২০১০ মাসে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরের পর প্রকাশিত যৌথ ইশতেহারে দু'দেশের পানি সম্পদ মন্ত্রীকে যৌথ নদী কমিশনের মন্ত্রী পর্যায়ের বৈঠকে মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা ও দুধকুমার নদীর পানি বণ্টনের বিষয়ে আলোচনা করার নির্দেশ প্রদান করা হয়।

গত সেপ্টেম্বর, ২০১১ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে প্রকাশিত যৌথ বিবৃতিতে উল্লেখ রয়েছে যে, মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা ও দুধকুমার নদীর পানি বণ্টনের বিভিন্ন বিষয়ে যৌথ নদী কমিশন, সচিব পর্যায় ও কারিগরী পর্যায়ে আলোচনা অব্যাহত রয়েছে বলে দু'দেশের মাননীয় প্রধানমন্ত্রী অবহিত হয়েছেন।

গত জুন, ২০১৫ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে প্রকাশিত যৌথ ঘোষণায় অন্যান্যের মধ্যে উল্লেখ রয়েছে যে, মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা ও দুধকুমার নদীর পানি বণ্টনের লক্ষে বিভিন্ন বিষয় নিয়ে যৌথ নদী কমিশনের কারিগরি পর্যায়ের বৈঠকে আলোচনা অব্যাহত আছে মর্মে দুই প্রধানমন্ত্রী অবগত হয়ে দ্রুত এ সকল নদীর পানি বণ্টন চুক্তি সম্পাদনে কার্যক্রম পরিচালনার জন্য দু'দেশের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেছেন।

গত ০৮ এপ্রিল, ২০১৭ তারিখে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে প্রকাশিত যৌথ বিবৃতিতে উল্লেখ রয়েছে যে, দু'দেশের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের ফেণী, মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা এবং দুধকুমার নদীর পানি বণ্টনের লক্ষ্যে আলোচনা অনুষ্ঠানের নির্দেশ প্রদান করেছেন।

উপরোক্ত নির্দেশনাসমূহের প্রেক্ষিতে মে, ২০১১ হতে জুন, ২০১৯ পর্যন্ত সময়কালে যৌথ নদী কমিশনের কারিগরি পর্যায়ের বিভিন্ন বৈঠকে মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা ও দুধকুমার নদীর অন্তবর্তীকালীন পানি বণ্টন চুক্তির Framework প্রস্তুতের জন্য কিছু তথ্য-উপাত্ত বিনিময় করা হয়েছে।

আগস্ট, ২০১৯ এ বাংলাদেশ ও ভারতের পানি সম্পদ সচিব পর্যায়ের বৈঠকের নির্দেশনার প্রেক্ষিতে মনু, মুহুরী, খোয়াই, গোমতী, ধরলা ও দুধকুমার নদীর অন্তবর্তীকালীন পানি বন্টন চুক্তির খসড়া প্রস্তুতের জন্য পানির প্রকৃত লভ্যতা নিরুপনের নিমিত্ত হালনাগাদ তথ্য-উপাত্ত ফেব্রুয়ারি, ২০২০ মাসে ভারতের সাথে বিনিময় করা হয়।

জানুয়ারি, ২০২১ মাসে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত যৌথ নদী কমিশনের কারিগরি পর্যায়ের বৈঠকে উপরোক্ত ছয়টি নদীর পানি বন্টন

চুক্তির খসড়া ফ্রেমওয়ার্ক প্রণয়ন ও ইতোপূর্বে উভয় দেশ কর্তৃক বিনিময়কৃত তথ্য-উপাত্ত সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে আরো তথ্য-উপাত্ত বিনিময়ের বিষয়ে উভয় পক্ষ সম্মত হয়।

আন্তঃসীমান্ত নদীর তীর সংরক্ষণমূলক কাজ

২০০৩-০৪ অর্থ বছর হতে ২০০৮-০৯ অর্থবছর পর্যন্ত পারস্পরিক সমঝোতার অভাবে বাংলাদেশ ও ভারতের আন্তঃসীমান্ত নদীর সীমান্ত এলাকায় নদীতীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

জানুয়ারি, ২০১০ মাসে ঢাকায় অনুষ্ঠিত পানি সম্পদ সচিব পর্যায়ের বৈঠকে দীর্ঘদিন যাবত বন্ধ থাকা আন্তঃসীমান্ত নদীর সীমান্ত এলাকায় নদীতীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের বিষয়ে দু'পক্ষ একমত হয়।

বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে ১২ জানুয়ারি ২০১০ তারিখে নতুন দিল্লীতে প্রকাশিত যৌথ ইশতেহারের (Joint Communique) ২৮.বি. অনুচ্ছেদে উভয় দেশের মহানন্দা, করতোয়া, নাগর, কুলিক, আত্রাই, ধরলা এবং ফেণী নদীর তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ প্রেক্ষিতে বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রবাহিত বিভিন্ন আন্তঃসীমান্ত নদীর সীমান্ত এলাকায় মূল্যবান ভূ-খন্ড, স্থাপনা ও বিওপি রক্ষাকল্পে নদীতীর সংরক্ষণমূলক কাজ দু'দেশ কর্তৃক যৌথ নদী কমিশনের কারিগরি পর্যায়ের বিভিন্ন বৈঠকে বিনিময়কৃত তালিকা অনুযায়ী ২০০৯-১০ অর্থ বছর থেকে শুরু হয়ে অদ্যাবধি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক পর্যায়ক্রমে বাস্তবায়ন চলমান আছে।

সেপ্টেম্বর, ২০১১ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে প্রকাশিত যৌথ বিবৃতিতে উল্লেখ রয়েছে যে, মহানন্দা, করতোয়া, নাগর, কুলিক, আত্রাই, ধরলা, পুনর্ভবা, ফেণী, খোয়াই, সুরমা ইত্যাদি নদীর তীর সংরক্ষণমূলক কাজ পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে তা অবহিত হয়ে দু'দেশের মাননীয় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন।

জানুয়ারি, ২০২১ মাসে অনুষ্ঠিত ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের কারিগরি পর্যায়ের বৈঠকে পূর্ববর্তী বৈঠকসমূহে বিনিময়কৃত আন্তঃসীমান্ত নদীর সীমান্ত এলাকায় ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরের জন্য দু'দেশের বাস্তবায়নাধীন/পরিকল্পনাধীন তীর সংরক্ষণমূলক কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বৈঠকে বাংলাদেশ পক্ষ ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের জন্য পরিকল্পনাধীন আন্তঃসীমান্ত নদীর সীমান্ত এলাকায় নদীতীর সংক্ষণমূলক কাজের তালিকা বিনিময় করে। বৈঠকে দু'দেশের স্থানীয় পর্যায়ের সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীকে নিয়মিত যোগাযোগের মাধ্যমে নিজ নিজ দেশের তীর সংরক্ষণমূলক কাজ সঠিকভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ বিষয়ে বাংলাদেশ ও ভারতের মধ্যে সহযোগিতা

ভারত থেকে আন্তঃসীমান্ত নদীর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ সংক্রান্ত বিভিন্ন তথ্য উপাত্ত প্রেরণের বিষয়ে ১৯৭২ সাল থেকে ভারত ও বাংলাদেশের মধ্যে একটি ব্যবস্থা বিদ্যমান আছে। উক্ত ব্যবস্থার আওতায় বর্ষা মৌসুমে ভারত ১৫ মে হতে ১৫ অক্টোবর সময়কালে গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা অববাহিকার ৮টি নদীর ১৪টি স্টেশনের বন্যা সংক্রান্ত তথ্য উপাত্ত বাংলাদেশকে সরবরাহ করে। এছাড়া ভারত কয়েকটি খরস্রোতা নদীর উপাত্ত ১ এপ্রিল থেকে সরবরাহ করে। ভারত থেকে প্রাপ্ত বিভিন্ন স্টেশনের বন্যা সংক্রান্ত তথ্য উপাত্তের ভিত্তিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বাংলাদেশের কেন্দ্রীয় অঞ্চলে সর্বোচ্চ ১২০ ঘণ্টার বন্যা পূর্বাভাস প্রদান করছে। বাংলাদেশ বর্তমানে ভারত থেকে বিভিন্ন নদীর বন্যা সংক্রান্ত তথ্য উপাত্ত বিরতিহীনভাবে পাচ্ছে যা বাংলাদেশে ফলপ্রসূ বন্যা পূর্বাভাস প্রদানে সহায়তা করছে। এর ফলে জানমালের ক্ষয়ক্ষতি হ্রাস করা সম্ভব হচ্ছে। জানমালের ক্ষয়ক্ষতি আরো হ্রাসের নিমিত্ত বন্যা পূর্বাভাসের সময় বৃদ্ধিকল্পে ভারতে অবস্থিত বিভিন্ন নদীর আরো উজানের স্টেশনের তথ্য-উপাত্তের জন্য আলোচনা অব্যাহত আছে।

আগস্ট, ২০১৯ এ বাংলাদেশ ও ভারতের পানি সম্পদ সচিব পর্যায়ের বৈঠকের আলোচনার প্রেক্ষিতে গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা অববাহিকার আরো উজানের বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত বাংলাদেশকে সরবরাহের জন্য "*Proposal for Enhanced Cooperation in Hydro-Meteorological & Morphological Data Sharing from India within the Ganges-Brahmaputra-Meghna (GBM) Basins for better Flood Forecasting and Management in Bangladesh*" শীর্ষক একটি কনসেপ্ট নোট অক্টোবর, ২০১৯ মাসে ভারতের সাথে বিনিময় করা হয়েছে।

ভারত কর্তৃক পরিকল্পিত টিপাইমুখ ড্যাম প্রকল্প

বাংলাদেশে প্রবাহিত সুরমা ও কুশিয়ারা নদীর উজানের স্রোতধারা ভারতে বরাক নদী হিসেবে পরিচিত। ভারত-বাংলাদেশ সীমান্তের অমলশীদ নামক স্থান হতে প্রায় ২০০ কিলোমিটার উজানে ভারত বরাক নদীতে টিপাইমুখ নামক স্থানে ড্যাম নির্মাণ করে বন্যার প্রকোপ প্রশমন ও জলবিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করেছে মর্মে জানা যায়।

উল্লেখ্য, ভারত ২০০৯ সালের মে মাসে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে জানায় যে, টিপাইমুখ ড্যাম প্রকল্পে কোন সেচ কম্পোনেন্ট নেই এবং বরাক নদী হতে কোন পানি প্রত্যাহার করা হবে না। এছাড়া অদ্যাবধি উক্ত প্রকল্পের কাজ শুরু হয়নি বলেও ভারত সরকার জানিয়েছে।

জাতীয় সংসদের পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতির নেতৃত্বে একটি বাংলাদেশ সংসদীয় প্রতিনিধিদল গত ২৯ জুলাই হতে ০৪ আগস্ট, ২০০৯ সময় পর্যন্ত ভারতের প্রস্তাবিত টিপাইমুখ বহুমুখী জলবিদ্যুৎ প্রকল্প এলাকা পরিদর্শন করে। পরিদর্শনকালে ভারতের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও বিদ্যুৎ মন্ত্রীর সাথে প্রতিনিধিদল পৃথকভাবে আলোচনায় মিলিত হন। আলোচনাকালে ভারতের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও বিদ্যুৎ মন্ত্রী পুনঃনিশ্চয়তা প্রদান করেন যে, উক্ত প্রকল্পের আওতায় কোন সেচ কম্পোনেন্ট নেই এবং ড্যামের ভাটিতে ফুলেরতল বা অন্য কোন স্থানে ব্যারাজ বা অন্য কোন পানি প্রত্যাহারমূলক অবকাঠামো নির্মাণ করা হবে না। পরিদর্শন শেষে প্রতিনিধিদল মাননীয় প্রধানমন্ত্রীর নিকট এবং জাতীয় সংসদে এতদ্‌সংক্রান্ত একটি প্রতিবেদন উপস্থাপন করে।

জানুয়ারি, ২০১০ মাসে মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী পুনরায় আশ্বাস প্রদান করেছেন যে, ভারত কর্তৃক টিপাইমুখ প্রকল্পে এমন কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না যাতে বাংলাদেশের উপর বিরূপ প্রভাব পড়ে।

মার্চ, ২০১০ মাসে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৩৭তম বৈঠকে ভারতীয় পক্ষ পুনরায় উল্লেখ করে যে, প্রস্তাবিত টিপাইমুখ ড্যাম জলবিদ্যুৎ তৈরি ও বন্যা নিয়ন্ত্রণের জন্য পানি প্রত্যাহারের জন্য নয়। বরং শুকনো মৌসুমে এর মাধ্যমে বরাক/মেঘনা নদীর প্রবাহ বৃদ্ধি পাবে। এ ছাড়া ভারত পুনরায় আশ্বাস প্রদান করে যে, ভারত কর্তৃক টিপাইমুখ প্রকল্পে এমন কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না যাতে বাংলাদেশের উপর বিরূপ প্রভাব পড়ে।

সেপ্টেম্বর, ২০১১ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ সফরকালে পুনরায় আশ্বাস প্রদান করেছেন যে, ভারত কর্তৃক টিপাইমুখ প্রকল্পে এমন কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না যাতে বাংলাদেশের উপর বিরূপ প্রভাব পড়বে।

সরকারের বিভিন্ন পর্যায়ে সফল আলোচনার ফলশ্রুতিতে, ভারতের পরিকল্পিত টিপাইমুখ জলবিদ্যুৎ প্রকল্প বিষয়ে গঠিত ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের অধীনস্থ সাব গ্রুপের আওতায় যৌথ সমীক্ষা পরিচালিত হচ্ছে। ভারত কর্তৃক সরবরাহকৃত সীমিত তথ্যের উপর ভিত্তি করে অদ্যাবধি Mathematical Modelling ও বিভিন্ন ক্ষেত্রে Impact Assessment এর বিষয়ে ২য় Interim Report প্রস্তুত করা হয়েছে। এছাড়া Mathematical Modelling এর Draft Final Report প্রস্তুত করা হয়েছে এবং ভারত হতে প্রয়োজনীয় আরো অতিরিক্ত তথ্য উপাত্ত প্রাপ্ত হলে তা ব্যবহার করে Mathematical Model এর নির্ভরযোগ্য ফলাফল পাওয়া যাবে। উল্লেখ্য, ভারত সাব গ্রুপের ৩য় বৈঠকে (জানুয়ারি, ২০১৫) টিপাইমুখ প্রকল্পের আঙ্গিক পরিবর্তন হবে মর্মে অবহিত করেছে এবং পরিবর্তিত তথ্য উপাত্ত বাংলাদেশকে সরবরাহ করবে মর্মেও জানিয়েছে।

গত জুন, ২০১৫ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ সফরকালে উল্লেখ করেন যে, সংবিধিবদ্ধ প্রয়োজনে টিপাইমুখ প্রকল্পের কাজ বর্তমান আঙ্গিকে এখন এগিয়ে নেয়া সম্ভব হচ্ছে না এবং এ বিষয়ে ভারত এককভাবে এমন কোনো সিদ্ধান্ত গ্রহণ করবে না যাতে বাংলাদেশে বিরূপ প্রভাব পরে মর্মে অবহিত করেছেন।

যৌথ সমীক্ষা সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য উপাত্ত বা পরিবর্তিত তথ্য উপাত্ত সরবরাহ করতে ভারতীয় পক্ষকে অনুরোধ জানানো হয়েছে।

ভারত কর্তৃক পরিকল্পিত আন্তঃনদী সংযোগ প্রকল্প

ভারত ৩৭টি নদীর ৩০টি সংযোগের মাধ্যমে আন্তঃবেসিন পানি স্থানান্তরের একটি পরিকল্পনা গ্রহণ করেছে বলে জানা যায়। এ ৩০ টি সংযোগের মধ্যে ১৪ টি হিমালয়ান নদী ও ১৬ টি পেনিনসুলার নদীর সংযোগ অন্তর্ভূক্ত আছে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে বিভিন্ন পর্যায়ের বৈঠক ও আলোচনায় ভারত কর্তৃক পরিকল্পিত আন্তঃনদী সংযোগ প্রকল্পের আওতায় হিমালয় নির্ভর নদী হতে পানি স্থানান্তর করা হলে বাংলাদেশের বিরূপ প্রভাব পড়বে মর্মে উদ্বেগ প্রকাশ করা হয় এবং ভারত যেন হিমালয় নির্ভর নদী হতে পানি স্থানান্তর না করে সেজন্য বাংলাদেশের পক্ষ হতে ভারতকে অনুরোধ জানানো হয়।

গত মার্চ, ২০১০ মাসে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৩৭তম বৈঠকে ভারতীয় পক্ষ পূর্বের ন্যায় অভিমত ব্যক্ত করে যে, ভারত একক সিদ্ধান্তের ভিত্তিতে আন্তঃনদী সংযোগ প্রকল্পের আওতায় হিমালয় নির্ভর নদীর পানি প্রত্যাহার করবে না যা বাংলাদেশের জন্য ক্ষতির কারণ হয়।

গত জুন, ২০১৫ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ সফরকালে পুনঃব্যক্ত করেন যে, তারা আন্তঃনদী সংযোগ প্রকল্পের আওতায় হিমালয় হতে উৎসরিত নদীর পানি স্থানান্তরের বিষয়ে কোন একক সিদ্ধান্ত গ্রহণ করবে না যা বাংলাদেশকে ক্ষতিগ্রস্থ করবে।

বাংলাদেশ ও নেপালের মধ্যে বন্যার প্রকোপ প্রশমন ও পানি সম্পদের বহুমুখী ব্যবহার বিষয়ে সহযোগিতা

১৯৮৭ ও ১৯৮৮ সালের দুটি প্রলয়ংকরী বন্যার পর দু'দেশের শীর্ষ পর্যায়ের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ-নেপাল যৌথ স্টাডি টিম বন্যার প্রকোপ প্রশমন ও পানি সম্পদের বহুমুখী ব্যবহার সংক্রান্ত একটি রিপোর্ট প্রণয়নপূর্বক নিজ নিজ সরকারের নিকট পেশ করে যা দু'দেশের সরকার কর্তৃক গৃহীত হয়েছে। উক্ত রিপোর্টের সুপারিশের ভিত্তিতে নেপাল-বাংলাদেশ যৌথ বিশেষজ্ঞ কমিটি গঠিত হয়। বিগত ডিসেম্বর, ২০০১ সনে অনুষ্ঠিত নেপাল-বাংলাদেশ যৌথ বিশেষজ্ঞ কমিটির দ্বিতীয় বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় যে, নেপালী পক্ষ নেপালে অবস্থিত নদীসমূহের বন্যা সংক্রান্ত উপাত্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে প্রেরণ করবে। এখানে উল্লেখ্য যে, নেপাল ২০০২ সালের বর্ষা মৌসুম হতে তাদের কোসি ও নারায়ণি নদীর পানির লেভেল ও বৃষ্টিপাত সংক্রান্ত উপাত্ত বাংলাদেশকে সরবরাহ করে আসছে।

উল্লেখ্য, দু'দেশের মধ্যে পানি সম্পদের আহরণ এবং বন্যা ও বন্যার ক্ষয়ক্ষতির প্রকোপ প্রশমনে যৌথ অনুসন্ধান, গবেষণা ও সমীক্ষা পরিচালনার লক্ষ্যে উভয় দেশ কর্তৃক বিভিন্ন বিভাগসমূহ থেকে সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী প্রতিনিধি সমন্বয়ে একটি নেপাল-বাংলাদেশ যৌথ কারিগরি সমীক্ষা দল (JTST) গঠিত হয়েছে। উপরোক্ত সমীক্ষা পরিচালনার নিমিত্ত নেপালের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।

বাংলাদেশ ও চীনের মধ্যে পানি সম্পদের ব্যবস্থাপনা ও উন্নয়নের বিষয়ে সহযোগিতা

বাংলাদেশ ও চীনের মধ্যে পানি সম্পদ ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে একটি সমঝোতা বিদ্যমান আছে। সমঝোতা অনুযায়ী উভয় পক্ষ পানি সম্পদের ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত নীতিমালা এবং প্রবিধান, গবেষণা এবং উন্নয়ন, ব্যবসা-বাণিজ্য, প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে সহায়তা করতে সম্মত হয় যার উল্লেখযোগ্য ক্ষেত্রসমূহ নিম্নরূপঃ

- আন্তর্জাতিক পানি ফোরামে পারস্পরিক সহযোগিতা এবং সমন্বয় সাধন;
- বন্যা নিয়ন্ত্রণ, পানি ঘটিত দুর্যোগ হ্রাস, নদী শাসন, পানি সম্পদের ব্যবহার এবং উন্নয়ন ক্ষেত্রে সহযোগিতা;
- ইয়ালুং জাংবো/ব্রহ্মপুত্র নদের বন্যা সম্পর্কিত তথ্য-উপাত্ত বিনিময়ের মাধ্যমে বন্যা পূর্বাভাস ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি;
- সমতা এবং ন্যায়ানুগতার ভিত্তিতে অত্র অঞ্চলের সীমান্ত নদীসমূহের পানি সম্পদের ব্যবহার এবং সংরক্ষণ করা।

উল্লিখিত সমঝোতার আলোকে বাংলাদেশের ব্রহ্মপুত্র নদের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে চীন তার ভূ-খন্ডে অবস্থিত ইয়ালুং জাংবো/ব্রহ্মপুত্র নদের তিনটি স্টেশন যথা Nuxia, Nugesha ও Yangcun এর বন্যা সংক্রান্ত তথ্য উপাত্ত ২০০৬ সাল থেকে বাংলাদেশকে সরবরাহ করছে।

অববাহিকাভিত্তিক সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা

বাংলাদেশ ও ভারত হিমালয় হতে উৎপন্ন তিনটি আন্তর্জাতিক বৃহৎ নদী যথা-গঙ্গা, ব্রহ্মপুত্র ও বরাক/মেঘনার একই অববাহিকাভূক্ত দেশ। নদী তিনটির অন্যান্য অববাহিকাভূক্ত দেশ হচ্ছে- নেপাল, ভূটান ও চীন। এ অঞ্চলের কোটি কোটি মানুষের জীবন ও জীবিকা আবর্তিত হচ্ছে পানিকে ঘিরে। বর্ষা মৌসুমে পানির অতি আধিক্য ও শুকনো মৌসুমে পানির নিদারুণ দুস্প্রাপ্যতা এতদাঞ্চলের পানি সম্পদ ক্ষেত্রের একটি রূঢ় বাস্তবতা। এতদাঞ্চলের পানি সম্পদ ক্ষেত্রে পরিকল্পনার সফল বাস্তবায়ন নির্ভর করে অববাহিকাভিত্তিক সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার উপর। বিষয়টি যথার্থতা উপলব্ধি করে গত সেপ্টেম্বর, ২০১১ সময়ে ভারতের মাননীয়

প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে বাংলাদেশ ও ভারত সরকার একটি যুগান্তকারী Framework Agreement on Cooperation for Development স্বাক্ষর করেছে।

উক্ত Framework Agreement এর ২নং অনুচ্ছেদে বিধৃত আছে যে, অভিন্ন নদীর পানি বণ্টনের মাধ্যমে পারস্পরিক সুফল অর্জনের লক্ষ্যে উভয় দেশ অববাহিকাভিত্তিক পানি সম্পদ ব্যবস্থাপনার সম্ভাবনা ক্ষতিয়ে দেখবে।

গত জুন, ২০১৫ মাসে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে প্রকাশিত যৌথ ঘোষণায় উভয় প্রধানমন্ত্রী Framework Agreement এর ২নং অনুচ্ছেদের আলোকে যৌথ অববাহিকা ব্যবস্থাপনার মাধ্যমে অভিন্ন নদীর পানি বণ্টনসহ সার্বিক পানি সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক ইস্যুসমূহ নিয়ে আলোচনা করার অঙ্গীকার পুনঃব্যক্ত করেন। এ প্রেক্ষিতে অববাহিকাভিত্তিক সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে।

মার্চ ২০২১ মাসে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত পানি সম্পদ সচিব পর্যায়ের সভায় বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন নদীর অববাহিকা ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, জানুযারি, ২০২১ মাসে অনুষ্ঠিত যৌথ নদী কমিশনের কারিগরি পর্যায়ের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন নদীর অববাহিকা ব্যবস্থাপনার ক্ষেত্রে যৌথ কারিগরি ওয়ার্কিং গ্রুপ গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। যৌথ কারিগরি ওয়ার্কিং গ্রুপের বাংলাদেশ পক্ষ ইতোমধ্যে গঠিত হয়েছে, বাংলাদেশ পক্ষের এ গঠনকে ভারত অভিনন্দন জানায় এবং ভারত দ্রুত তাঁদের কারিগরি ওয়ার্কিং গ্রুপ গঠন করবে মর্মে মার্চ ২০২১ মাসে অনুষ্ঠিত পানি সম্পদ সচিব পর্যায়ের সভায় উল্লেখ করে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন

পানি সম্পদ মন্ত্রণালয় ও যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর মধ্যে ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখ্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যে অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন এর অধীনস্থ বিভিন্ন কমিটির ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals)

যৌথ নদী কমিশন, বাংলাদেশ সংশ্লিষ্ট টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা Sustainable Development Goals (SDG) বাস্তবায়নে আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভিত্তিক সমন্বিত পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম অব্যাহত রয়েছে।

প্রশিক্ষণ

বৈদেশিক প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার ইত্যাদি

ক্রমিক সংখ্যা	সময়কাল	কর্মসূচীর সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
-	২০২১-২২	-	-

এছাড়া, কমিশনের কর্মকর্তাগণ গত ২০২১-২০২২ অর্থবছরে বিভিন্ন স্থানীয় প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার ইত্যাদিতে অংশগ্রহণ করেছেন।

স্থানীয় প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার ইত্যাদি

ক্রমিক সংখ্যা	সময়কাল	কর্মসূচীর সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২০২১-২২	১২	১০

২০২১-২০২২ অর্থবছরের বাজেট বরাদ্দ ও ব্যয়

বাজেটের প্রকৃতি	২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দ (সংশোধিত)	জুন, ২০২২ পর্যন্ত ব্যয়	মন্তব্য
পরিচালন বাজেট	৫৮১.৭০ লক্ষ টাকা	৪৮৮.৮৮ লক্ষ টাকা	সংশোধিত বাজেটের তথ্য প্রযুক্তি খাতে বরাদ্দকৃত ৪.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয় নি। অব্যয়িত ৮৮.৮২ লক্ষ টাকা সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়েছে।

যৌথ নদী কমিশন, বাংলাদেশ দপ্তরের উত্তম চর্চাসমূহের তথ্যাদি

- ই-ফাইলিং এর মাধ্যমে অধিকাংশ নথি নিষ্পন্ন করা হচ্ছে।
- দ্রুত সেবা প্রদানের লক্ষ্য বিদ্যমান ফাইল প্রদানের পদ্ধতির কয়েকটি ধাপ কমিয়ে সহজীকরণ করা হয়েছে।
- ১৯৯৬ সালে ভারত ও বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তি অনুযায়ী প্রতিবছর ভারতের ফারাক্কায় এবং বাংলাদেশের পাবনা জেলার হার্ডিঞ্জ সেতুর নিকট প্রাপ্ত ১০ দিনের গড় প্রবাহ (১ জানুয়ারি হতে ৩১ মে সময়কালের) সম্বলিত প্রেস বিজ্ঞপ্তি প্রতি ১০ দিন অন্তর যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়।
- যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর লাইব্রেরীকে Interactive Library Information System with Local Area Networking এর মাধ্যমে ডিজিটাল লাইব্রেরীতে রুপান্তর করা হয়েছে। এর ফলে মূল্যবান, অতিপুরনো ডকুমেন্ট/রিপোর্টসমূহ স্ক্যান কপি করার মাধ্যমে স্থায়ীভাবে সংরক্ষণের পাশাপাশি লাইব্রেরীতে রাখা বিভিন্ন বই, রিপোর্ট, জার্নাল ইত্যাদির দ্রুত অনুসন্ধান করাও সম্ভব হচ্ছে।
- দপ্তরে Electronic Attendance System ব্যবহার করা হচ্ছে।
- দপ্তরের ওয়েবসাইট ও ফেসবুক পেইজ সবসময় হালনাগাদ রাখা হচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

www.dbhwd.gov.bd



ষষ্ঠ অধ্যায়: বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

ভূমিকা

বাংলাদেশ, একটি নদীমাতৃক দেশ। এ দেশে জালের মত ছড়িয়ে রয়েছে নদী-নালা, খাল-বিল, হাওর, বাঁওড়সহ অসংখ্য জলাভূমি। তাই, কৃষিভিত্তিক এ দেশের অর্থনীতি, জীবনজীবিকা ও সংস্কৃতির অনেকটাই জলাভূমি নির্ভর। প্রকৃতিগত কারণে প্রায়শঃই এ দেশে বন্যা, পাহাড়ী ঢল ও সামুদ্রিক জলোচ্ছ্বাসের মত পানিসৃষ্ট প্রাকৃতিক দুর্যোগের আবির্ভাব হয় এবং এ সকল মোকাবেলা করেই এ অঞ্চলের মানুষকে টিকে থাকতে হয়। দেশের উত্তর-পূর্বাংশে সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ব্রাহ্মনবাড়িয়া, কিশোরগঞ্জ ও নেত্রকোণা জেলায় প্রাকৃতিকভাবে সৃষ্ট কড়াই আকৃতির নিম্নভূমি নিয়ে হাওরাঞ্চল গঠিত, যা প্রকৃতি সৃষ্ট এক সম্ভাবনাময় জলসম্পদ। এ অঞ্চলের মানুষের জীবন সংগ্রাম দেশের অন্যান্য অঞ্চল থেকে অনেক কঠিন ও ভিন্নতর। অনুন্নত যোগাযোগ, প্রাকৃতিক দূর্যোগ, কর্মসংস্থানের অপর্যাপ্ত সুযোগের কারণে বিপুল সম্ভাবনা থাকা সত্ত্বেও হাওর এলাকা এখনও অনুন্নত। অথচ দেশের উন্নয়নের জন্য হাওর অঞ্চলসহ দেশের সকল অঞ্চলের সুষম উন্নয়নের কোন বিকল্প নেই। জলসম্পদে সমৃদ্ধ হাওর অঞ্চলের বিপুল সম্ভাবনাকে কাজে লাগিয়ে ঐ এলাকার জন মানুষের দারিদ্র্য বিমোচন ও জীবন মানের উন্নয়নের লক্ষ্যে ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ''হাওর উন্নয়ন বোর্ড'' গঠনের নির্দেশনা প্রদান করেন। ১৯৭৭ সালে অর্ডিন্যান্সের মাধ্যমে হাওর উন্নয়ন বোর্ড গঠন করা হলেও ১৯৮২ সালে তার বিলুপ্তি ঘটানো হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর হিসেবে ১১ সেপ্টেম্বর ২০০০ সালে ''বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড'' প্রতিষ্ঠা লাভ করে এবং পরবর্তীতে ২৪ জুলাই, ২০১৬ তারিখে তা ''বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর'' হিসেবে প্রতিষ্ঠিত করা হয়। প্রতিষ্ঠার পর হতে এ অধিদপ্তর দেশের হাওর ও জলাভূমির প্রাকৃতিক ভারসাম্যপূর্ণ ব্যবস্থাপনার মাধ্যমে সমন্বিত উন্নয়নের লক্ষ্যে সমীক্ষা কার্যক্রম পরিচালনা ও হাওর অঞ্চলে গৃহিত সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সমন্বয়কের ভূমিকা পালন করে আসছে।

অধিদপ্তরের জনবল কাঠামো

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের জন্য ৭৩টি এবং আঞ্চলিক কার্যালয়ের জন্য ৪৫টিসহ সর্বমোট ১১৮টি পদ সম্বলিত অনুমোদিত জনবল কাঠামো রয়েছে। অনুমোদিত নিয়োগ বিধিমালা না থাকায় পূর্বতন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড হতে আগত ২৯ জন এবং প্রেষণে নিয়োগকৃত ৭ জন কর্মকর্তা/কর্মচারী দিয়ে অধিদপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর অনুমোদিত জনবল, পূরণকৃত ও শূন্য পদের বিবরণ:

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	পদের সংখ্যা	পূরণকৃত পদ	শূন্য পদ
১.	মহাপরিচালক	-	০১	০১ (প্রেষণে নিয়োজিত)	-
২.	পরিচালক (প্রশাসন ও অর্থ)	৪	০১		০১
	পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)	৫	০১	০১ (প্রেষণে নিয়োজিত)	-
	পরিচালক (পরিকল্পনা ও আইসিটি)	৫	০১	০১ (প্রেষণে নিয়োজিত)	-
৩.	নির্বাহী প্রকৌশলী (প্রকৌশল বিভাগ)	৫	০১	-	০১
৪.	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)	৬	০১	০১ (প্রেষণে নিয়োজিত)	-
	উপ-পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)	৬	০১	০১ (প্রেষণে নিয়োজিত)	-
	উপ-পরিচালক (পরিকল্পনা ও আইসিটি)	৬	০১	০১ (প্রেষণে নিয়োজিত)	-
	উপ-পরিচালক (সুনামগঞ্জ, আঞ্চলিক কার্যালয়)	৬	০১	-	০১
	উপ-পরিচালক (কিশোরগঞ্জ, আঞ্চলিক কার্যালয়)	৬	০১	-	০১
	উপ-পরিচালক (নেত্রকোনা, আঞ্চলিক কার্যালয়)	৬	০১	-	০১
৫.	উপ-বিভাগীয় প্রকৌশলী	৬	০১	-	০১
৬.	প্রোগ্রামার	৯	০১	-	০১
৭.	সহকারী প্রোগ্রামার	৯	০১	-	০১

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	পদের সংখ্যা	পূরণকৃত পদ	শূন্য পদ
৮.	সহকারী পরিচালক	৯	০৭	০১ (প্রেষণে নিয়োজিত)	০৬
৯.	সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার	৯	০১	-	০১
১০.	সহকারী প্রকৌশলী	৯	০২	-	০২
১১.	সহকারী গ্রন্থাগারিক	১০	০১	-	০১
১২.	হিসাবরক্ষণ কর্মকর্তা	৯	০১	-	০১
১৩.	হাইড্রো মরফোলজিস্ট	৯	০১	-	০১
১৪.	হাইড্রোলজিস্ট	৯	০১	-	০১
১৫.	উপ-সহকারী পরিচালক (কৃষি/মৎস্য)	১০	০২	-	০২
১৬.	উপ-সহকারী প্রকৌশলী	১০	০৩	-	০৩
১৭.	মাঠ কর্মকর্তা	১০	০৪	-	০৪
১৮.	ডাটা কালেক্টর	১৪	০২	-	০২
১৯.	সার্ভেয়ার	১৬	০৪	-	০৪
২০.	হিসাবরক্ষক	১৪	০১	-	০১
২১.	ড্রাফটসম্যন	১৩	০১	-	০১
২২.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬	০৯	০৩টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	০৬
২৩.	ডাটা এন্ট্রি অপারেটর	১৬	০৩	০৩টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	-
২৪.	ব্যক্তিগত সহকারী	১৬	০৪	০৩টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	০১
২৫.	হিসাব সহকারী	১৬	০৩	০২টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	০১
২৬.	স্টোর কিপার	১৬	০১	-	০১
২৭.	গাড়ী চালক	১৯	০৬	০৪টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	০২
২৮.	স্পীড বোট চালক	২০	০৩	-	০৩
২৯.	ইঞ্জিন বোট চালক	২০	০৩	-	০৩
৩০.	ইলেকট্রিশিয়ান	২০	০১	-	০১
৩১.	মেকানিক	১১	০১	-	০১
৩২.	বার্তাবাহক	২০	০৪	০৩টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	০১
৩৩.	অফিস সহায়ক	২০	২৫	০৯টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	১৬
৩৪.	নিরাপত্তা প্রহরী	২০	০৫	০২টি পদ (পূর্বতন বোর্ড হতে আগত)	০৩
৩৫.	পরিচ্ছন্নকর্মী	২০	০৫	-	০৫
মোট			১১৮	৩৬	৮২

২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয়

অর্থবছর	বাজেট বরাদ্দ (লক্ষ টাকা)		অর্থ বছরের জুন পর্যন্ত ব্যয় (লক্ষ টাকা)	
	অনুন্নয়ন	উন্নয়ন	অনুন্নয়ন	উন্নয়ন
২০২১-২০২২	৩১১.৭১	-	২৬৫.১২	-

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত উন্নয়ন প্রকল্প

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠার পর হতে বিভিন্ন অর্থবছরে নিম্নবর্ণিত ৫টি সমীক্ষা প্রকল্প বাস্তবায়ন করেছে:

১। "Classification of Wetlands of Bangladesh" শীর্ষক সমীক্ষা প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে দেশের ৬৪ জেলায় অবস্থিত সকল জলাভূমির শ্রেণীবিন্যাস, জলাভূমির মাটির প্রকৃতি সনাক্তকরণ, জলজ Fauna ও Flora চিহ্নিত করে তালিকাভুক্ত করা হয়েছে। জুলাই ২০১৫-ডিসেম্বর ২০১৬ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

২। "Model Validation on Hydro-Morphological Process of the River System in the Subsiding Sylhet Haor Basin" শীর্ষক সমীক্ষা প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে সিলেট অঞ্চলের নদীর গতি প্রকৃতির একটি Conceptual মডেল যাচাই করা হয়েছে। প্রকল্পটির মেয়াদ ছিল জুলাই ২০১৫- জুন ২০১৭ পর্যন্ত।

৩। "Impact Assessment of Structural Intervention in Haor Ecosystem and Innovation for Solution" শীর্ষক সমীক্ষা প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে দেশের হাওর অঞ্চলে বিভিন্ন সংস্থা কর্তৃক যে সব অবকাঠামো তৈরি করা হয়েছে, পরিবেশের ওপর এর প্রভাব নিরূপণ এবং সম্ভাব্য সমাধানের সুপারিশ করা হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নকাল ছিল জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০১৭ পর্যন্ত।

৪। "Study for Investigation of Groundwater and Surface Water Irrigation in Habiganj, Maulvibazar, Sylhet, Sunamganj, Netrokona and Kishorganj District" শীর্ষক সমীক্ষা প্রকল্প। প্রকল্পের মাধ্যমে হাওর এলাকার উল্লিখিত ৬টি জেলার ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির বর্তমান অবস্থা নিরূপণ এবং গাণিতিক মডেল প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের ফলাফলের ভিত্তিতে সুপারিশকৃত এলাকায় প্রাকৃতিক পানির যুক্তিযুক্ত ব্যবহার সম্ভব হবে। এ সমীক্ষা প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ডিসেম্বর ২০১৫-জুন ২০১৯ পর্যন্ত।

৫। "Study of Interaction Between Haor and River Ecosystem Including Development of Wetland Inventory and Wetland Management Framework" শীর্ষক সমীক্ষা প্রকল্প। প্রকল্পের মাধ্যমে ২৫ শতক আয়তন পর্যন্ত পুকুরসহ দেশের সকল জলাভূমির একটি পূর্ণাঙ্গ তালিকা ও মানচিত্র প্রস্তুত, টাঙ্গুয়ার হাওর সংলগ্ন ১২০ বর্গ কিলোমিটার এলাকায় লাইডার সার্ভে করা এবং জীববৈচিত্র্য, মৎস্য, কৃষি, বন ও জীবন-যাত্রার মান উন্নয়ন বিবেচনায় জলাভূমির ব্যবস্থাপনার রূপরেখা তৈরি করা হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নকাল ছিল জুলাই ২০১৫-জুন ২০২০ পর্যন্ত।

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের চলমান উন্নয়ন প্রকল্প

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের অধীনে দেশের হাওর ও জলাভূমি অঞ্চলে নিম্নবর্ণিত একটি সমীক্ষা প্রকল্প বাস্তবায়িত হচ্ছে :

১। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় চলমান "৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন (১ম পর্যায়) (২য় সংশোধিত)" শীর্ষক বিনিয়োগ প্রকল্পের অধীনে "Comprehensive feasibility study for sustainable Restoration and Protection of Wetlands (Haor, baor, beel and connected rivers etc.) in Different Hydrological Regions of Bangladesh" শীর্ষক সমীক্ষা কাজটি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ডেলিগেটেড ওয়ার্ক হিসেবে বাস্তবায়িত হচ্ছে। জুলাই ২০১৯-ডিসেম্বর ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন এ সমীক্ষার আওতায় দেশের যে সকল নদীর উৎপত্তি কোন জলাভূমি থেকে এমন নদীর অববাহিকার ৭৬টি জলাভূমি পূর্ণাঙ্গভাবে চিহ্নিত করা ও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে। এসব জলাভূমি খনন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সেচকাজ সম্প্রসারণ ও মৎস্য উৎপাদন বৃদ্ধি ও জীববৈচিত্র্য রক্ষা সংক্রান্ত প্রকল্প গ্রহণ করে এসব এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করা সম্ভব হবে।

ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

১। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব ভবন নির্মাণ। ইতোমধ্যে স্থাপত্য অধিদপ্তর ডিজিটাল সার্ভে সম্পন্ন করে ভবনের আর্কিটেকচারাল ডিজাইন (নক্সা) প্রণয়নের কাজ প্রায় চূড়ান্ত করেছে।

২। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের নেত্রকোণা আঞ্চলিক কার্যালয়ের ভবন নির্মাণ। ভবন নির্মাণের ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে।

৩। চলনবিল ও আরিয়াল বিলের প্রাকৃতিক সম্পদের সমন্বিত ব্যবহারের বিষয়ে সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা। এ জন্য দুটি সমীক্ষা প্রকল্প প্রস্তাব সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে এবং অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে।

৪। হাওর মহাপরিকল্পনা হালনাগাদকরণ। এ জন্য একটি সমীক্ষা প্রকল্প প্রস্তাব সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে এবং অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে।

৫। জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে আইনের খসড়া প্রণীত হয়েছে।

হাওর মহাপরিকল্পনা বাস্তবায়ন

দেশের উত্তর পূর্বাঞ্চলের হাওর এলাকার জনগণের জীবনমান উন্নয়ন, পরিবেশ, প্রতিবেশ সংরক্ষণসহ সার্বিক উন্নয়নে লক্ষ্যে ২০১২ থেকে ২০৩২ সাল পর্যন্ত ২০ বছর মেয়াদী হাওর মহাপরিকল্পনা করা হয়েছে, যার আনুমানিক ব্যয় ধরা হয়েছিল ২৮,০৪,৩০৫ লক্ষ টাকা। সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ ও নেত্রকোনা এ ৭টি জেলার প্রায় ২.০০ কোটি মানুষের জীবনমান উন্নয়নের জন্য প্রণীত এ হাওর মহাপরিকল্পনায় ১৭টি উন্নয়ন ক্ষেত্রে (যথা: পানি সম্পদ, কৃষি, মৎস্য, মুক্তাচাষ, প্রাণিসম্পদ, জীববৈচিত্র্য ও জলাভূমি, পরিবহন, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন, গৃহায়ন ও বসতি স্থাপন, শিক্ষা, স্বাস্থ্য, পর্যটন, সামাজিক সেবা, শিল্প, বিদ্যুৎ ও শক্তি এবং খনিজ সম্পদ) ১৫৪টি উন্নয়ন প্রকল্প চিহ্নিত করা হয়েছে। হাওর এলাকায় বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের ৪০টি সরকারি দপ্তর/সংস্থা স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ১৭১টি প্রকল্প গ্রহণ করে। বর্তমানে হাওর এলাকায় ৬৭টি উন্নয়ন প্রকল্প বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে এবং ১০৪টি প্রকল্প ইতোমধ্যেই সমাপ্ত হয়েছে।

উন্নয়ন ক্ষেত্র ভিত্তিক হাওর মহাপরিকল্পনার (২০১২-২০৩২) চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি

উন্নয়ন ক্ষেত্র: পানি সম্পদ

প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড		
প্রকল্পের নাম: হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প, (JICA অর্থায়নে, বাপাউবো অংশ)। **প্রাক্কলিত ব্যয়:** ৯৭৮৬৫.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৪- জুন ২০২২।	কিশোরগঞ্জ, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার ২৯টি হাওরে (১৫টি পুনর্বাসন হাওর ও ১৪টি নুতন হাওর) বন্যা ব্যবস্থাপনা ও কৃষিসহ বিভিন্নভাবে আয় বর্ধক কার্যক্রমের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৯% এবং আর্থিক অগ্রগতি ৮৬%।
প্রকল্পের নাম: ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (২য় সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ২২০০০০০ লক্ষ টাকা। **বাস্তবায়নকাল:** ২০১৮-২০২৩	দেশের ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাভূমি পুনঃখননের মাধ্যমে ও দেশের জলাধার পুনঃখননের মাধ্যমে দেশের জলাধার সংরক্ষণ এবং ও পরিবেশের বিরূপ প্রভাব নিরসন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮০% এবং আর্থিক অগ্রগতি ৬২.৫২%।
প্রকল্পের নাম: পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য সেবা ও আগাম সতর্কীকরণ ব্যবস্থা শক্তিশালীকরণ। **প্রাক্কলিত ব্যয়:** ৩৪০৬৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১৬-২০২৩।	ক) হাইড্রোলজিক্যাল মনিটরিং নেটওয়ার্ক আধুনিকায়ন ও শক্তিশালীকরণ খ) বিভিন্ন আধুনিক হাইড্রোলজিক্যাল যন্ত্রপাতি ক্রয় গ) সমগ্র দেশের বন্যা পূর্বাভাস ব্যবস্থার উন্নয়নসহ নদীবাহিত বন্যা, আকস্মিক বন্যা, বৃষ্টিপাত জনিত বন্যা এবং সাইক্লোন ও জলোচ্ছ্বাস এর বিষয়ে আগাম সতর্কতা প্রদান ব্যবস্থার উন্নয়ন ঘ) পানি সম্পর্কিত অন্যান্য দুর্যোগের পূর্বাভাস/আগাম সতর্কতা প্রদান ব্যবস্থার উন্নয়ন এবং ঘ) হাইড্রোলজিক্যাল যন্ত্রপাতির ব্যবহার, মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭০% এবং আর্থিক অগ্রগতি ৪০%। প্রকল্প এলাকায় ৪৬টি Ground water ৪৪টি Surface water এবং ৩৮টি rain water station আছে।

প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
প্রকল্পের নাম: কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন নির্মিতব্য মিঠামইন সেনা স্থাপনার ভূমি সমতল উঁচুকরণ, ওয়েভ প্রোটেকশন ও তীর প্রতিরক্ষা কাজ প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৩০৪৯৫.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** অক্টোবর ২০১৮-জুন ২০২৩।	নির্মিতব্য সেনা স্থাপনার ভূমি সমতল উঁচুকরণ; হাওরের ঢেউয়ের আঘাত হতে নির্মিতব্য সেনা স্থাপনা রক্ষা; নদী ভাঙ্গন হতে সামরিক ও বেসামরিক অবকাঠামো রক্ষা ও নদী ড্রেজিং করে নদীর নাব্যতা ও নিষ্কাশন ক্ষমতা বৃদ্ধি।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭০% এবং আর্থিক অগ্রগতি ২৫%। সংযোগ সড়ক প্রয়োজনে উড়াল করার বিষয় বিবেচনার অনুরোধ করা হয়েছে।
প্রকল্পের নাম: সিলেট জেলার সিলেট সদর ও বিশ্বনাথ উপজেলায় দশগ্রাম, মাহতাব-পুর ও রাজাপুর পরগনা বাজার এলাকা সুরমা নদীর উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ১২০৮১.৬৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৯- জুন ২০২৩	সুরমা নদীর উভয় তীর প্রতিরক্ষা কাজের মাধ্যমে সুরমা নদী ভাঙ্গন হতে রক্ষা; নদীর চর খননের মাধ্যমে নৌ-যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৫২% এবং আর্থিক অগ্রগতি ৪৫%।
প্রকল্পের নাম: সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার ও ছাতক উপজেলার আওতাধীন সুরমা নদীর ডানতীরে অবস্থিত দোয়ারাবাজার উপজেলা পরিষদ কমপ্লেক্স, লক্ষীবাউর ও বেতুরা এলাকায় নদী তীর সংরক্ষণ প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ১৯১৬৭.২০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানুয়ারি ২০২০-জুন ২০২৩	সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার উপজেলা পরিষদ কমপ্লেক্স ও বাজার এবং লক্ষীবাউর, বেতুরা, ছাতক দোয়ারাবাজারের সহিত সুনামগঞ্জ জেলা সদরের একমাত্র যোগাযোগ পাকা রাস্তা সুরমা নদীর ভাঙ্গন হতে রক্ষা ও চর ড্রেজিং এর মাধ্যমে নদীর নাব্যতা বৃদ্ধি করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৯% এবং আর্থিক অগ্রগতি ৩৬%।
প্রকল্পের নাম: হবিগঞ্জ জেলার বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রসমূহের সম্মুখে কুশিয়ারা নদীর উভয় তীরের ভাঙ্গন রোধ প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৫৭৩৪৭.৮০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানুয়ারি ২০২০- জুন ২০২৩	বিবিয়ানা পাওয়ার প্লান্ট সংলগ্ন কুশিয়ারা নদীর উভয় তীরে স্থায়ী প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের মাধ্যমে ৩টি পাওয়ার প্লান্ট, বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, কৃষিজমি ও সরকারি/বেসরকারি গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা; নদী পুনঃখনন/ড্রেজিং কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী সমূহের মধ্যে সংযোগ স্থাপন, পানি নিষ্কাশন তরান্বিতকরণ এবং নৌ-যোগাযোগ স্থাপন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৪২% এবং আর্থিক অগ্রগতি ১৫%।
প্রকল্পের নাম: মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৯৯৬২৮.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুন ২০২০-জুন ২০২৩	৮৫.৯১০ কি.মি. বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনর্বসনের মাধ্যমে প্রায় ১,০০,০০০ হে. ফসলী জমি, সরকারি/বেসরকারি অবকাঠামো ইত্যাদি বন্যার কবল হতে রক্ষা; চর অপসারণের মাধ্যমে নাব্যতা বৃদ্ধি; বাঁধ পুনর্বাসন ও ভূমি উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ২৭% এবং আর্থিক অগ্রগতি ৬%।

প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা		
প্রকল্পের নাম: Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, 2018. **প্রাক্কলিত ব্যয়:** ১৫৩৩.৭৬ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানুয়ারী ২০২০ - জুন ২০২৩	উচ্চ বরেন্দ্র অঞ্চলে IWRM এর মাধ্যমে বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর পাইলট প্রকল্প পরিচালনা করা।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৩% এবং আর্থিক অগ্রগতি ৪৮%।
জাতীয় নদী রক্ষা কমিশন		
প্রকল্পের নাম: Detailed Study on 48 Rivers for building Database and Conservation of Rivers from Population Illegal Occupation and other abused of rivers (1st Phase) Project. **প্রাক্কলিত ব্যয়:** ৩০২৮ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১৭-২০২২	৪৮ টি নদীর তথ্য সংগ্রহ ও ডাটাবেজ তৈরী, অবৈধ দখল থেকে নদী রক্ষা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯০% এবং আর্থিক অগ্রগতি ৮২%।

উন্নয়ন ক্ষেত্র: পর্যটন

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
বাংলাদেশ পর্যটন কর্পোরেশন		
প্রকল্পের নাম: নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলার আদর্শ নগরে পর্যটন কেন্দ্র নির্মাণ। **প্রাক্কলিত ব্যয়:** ৯৮৬.৪০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৯ - জুন ২০২২।	ক) নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলায় আগত পর্যটকদের জন্য মানসম্মত আবাসিক, ক্যাটারিং ও বিনোদনমূলক সুবিধাদি সৃষ্টি করা; খ) স্থানীয় জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; গ) পর্যটন আকর্ষণীয় স্থান বিবেচনায় হাওর অধ্যুষিত এলাকার প্রচার; ঘ) স্থানীয় সংস্কৃতি ও পণ্যের প্রসার ও প্রচার; ঙ) হস্তশিল্প বিক্রয়সহ স্থানীয় মহিলাদের জন্য কর্মক্ষেত্র তৈরীর মাধ্যমে নারীদের ক্ষমতায়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৫% এবং আর্থিক অগ্রগতি ৭২%।

উন্নয়ন ক্ষেত্র: গৃহায়ন ও বসতি

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়		
প্রকল্পের নাম: উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ (১ম সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ১২২৬৫৪ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১২-২০২৩	উপজেলা পর্যায়ে মুক্তিযুদ্ধ স্মৃতিচিহ্ন সংরক্ষণ, মুক্তি যোদ্ধা ও তাদের অসহায় পরিবারের সদস্যদের যথাযথ সম্মান প্রদানের ব্যবস্থা গ্রহণ।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৫% এবং আর্থিক অগ্রগতি ৬৬%।

উন্নয়ন ক্ষেত্র: শিক্ষা

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর		
প্রকল্পের নাম: "কিশোরগঞ্জ জেলার হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৩৯৩৪১.০৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৬-ডিসেম্বর ২০২২।	* আবাসিক ও একাডেমিক অবকাঠামোগত সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে হাওর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে অধিক সংখ্যক শিক্ষার্থীর শিক্ষার সুযোগ সৃষ্টি করা। * ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করা। * শিক্ষার গুনগত মান বৃদ্ধি করা। * শিক্ষা বিস্তারের মাধ্যমে মানব সম্পদ খাতে অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করা। * ভৌগোলিক বিবেচনায় শিক্ষার হার বৃদ্ধি করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১৩% এবং আর্থিক অগ্রগতি ৭%।
প্রকল্পের নাম: হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৯৪৪৮০.১৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানুয়ারি ২০২০ - ডিসেম্বর ২০২২।	সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে হাওর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে অধিক সংখ্যক শিক্ষার্থীর শিক্ষার সুযোগ সৃষ্টি করা। * ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করা। * শিক্ষার গুনগতমান বৃদ্ধি করা। * শিক্ষা বিস্তারের মাধ্যমে মানব সম্পদ খাতে অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করা । * ভৌগলিক বিবেচনায় শিক্ষার হার বৃদ্ধি করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮% এবং আর্থিক অগ্রগতি ২.৫০%।
প্রকল্পের নাম: সুনামগঞ্জ জেলার তিনটি বেসরকারী কলেজের অবকাঠামো উন্নয়ন। **প্রাক্কলিত ব্যয়:** ১৮৪৭ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১৬ - জুন ২০২২।	শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অবকাঠামো উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯০% এবং আর্থিক অগ্রগতি ৯০%।
ইসলামিক ফাউন্ডেশন		
প্রকল্পের নাম: প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৮৭২২০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** এপ্রিল ২০১৭-ডিসেম্বর ২০২২	* জেলা ও উপজেলা পর্যায়ে মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ; * মুসল্লীদের জন্য নামাজ, ধর্মীদের শিক্ষা, প্রশিক্ষণ ও দ্বীনি দাওয়াতি কার্যক্রম পরিচালনার সুবিধাদি সৃষ্টিকরণ; * সন্ত্রাস ও নারীর প্রতি সহিংসতা রোধ এবং সরকারের উন্নয়ন প্রক্রিয়ার নীতি নির্ধারণী বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম প্রাতিষ্ঠানীকীকরণ এবং * সর্বোপরি ইসলামিক জ্ঞান ও সংস্কৃতি সম্প্রসারণের মাধ্যমে ইসলামী মূল্যবোধের পরিচর্যা ও প্রসার।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৩১% এবং আর্থিক অগ্রগতি ১০%। হাওর অঞ্চলে কয়েকটি জায়গায় জমি নির্বাচনে সমস্যা রয়েছে।
প্রকল্পের নাম: মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ৭ম পর্যায়। **প্রাক্কলিত ব্যয়:** ৩১২৮৪৬ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ০১/০১/২০২০-৩১/১২/২০২৪	ক) প্রাক-প্রাথমিক শিক্ষাকোর্স সম্পন্নকারী শিক্ষার্থীদের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার বৃদ্ধি করা; খ) স্কুলগামী এবং ঝরে যাওয়া শিক্ষার্থীদের সহীহ্-শুদ্ধভাবে পবিত্র কুরআন শরীফ পঠন-পাঠনে সক্ষম করে গড়ে তোলা এবং ধর্মীয়, নৈতিকতা ও আর্থ-সামাজিক বিভিন্ন বিষয়ে সচেতনতা শিক্ষা প্রদান; গ) বয়স্ক (জেলখানার কয়েদিসহ) স্বাক্ষরতা এবং ধর্মীয়, নৈতিকতা ও আর্থ-সামাজিক বিভিন্ন বিষয়ে সচেতনতা শিক্ষা প্রদান করা; ঘ) দেশের আলেম-ওলামা ও বেকার নারী-পুরুষের কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন, ইসলামের সঠিক প্রচার-প্রসার ও মানবিক গুনাবলীর বিকাশ সাধন।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ২১% এবং আর্থিক অগ্রগতি ১৬%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
প্রকল্পের নাম: হাওর এলাকার জনগণের জীবনমান উন্নয়ন ও জীববৈচিত্র্য সংরক্ষণে ইমামদের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কার্যক্রম। **প্রাক্কলিত ব্যয়:** ৩৪৮৭ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৯ - জুন ২০২২	ক. হাওর অঞ্চলের জনগণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে হাওর এলাকার মসজিদের ইমাম তথা আলেম-ওলামাদের প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, জীব বৈচিত্র্য সংরক্ষণ ও বন্যা পরবর্তী দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা; খ. হাওর এলাকার জনগণকে সচেতন করার লক্ষ্যে পোস্টার, খুতবা মুদ্রণ ও বিতরণ; গ. হাওর অঞ্চলের ইমাম ও জনসাধারণকে সচেতনতামূলক কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে ওয়াজ মাহফিল, সভা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন করা; ঙ. প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম ও আলেম-ওলামার মাধ্যমে হাওর অঞ্চলের জনগণকে জলজ উদ্ভিদ ও প্রাণিজ সম্পদের উন্নয়নের মাধ্যমে স্ব-কর্মসংস্থানে উদ্বুদ্ধ করা।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৬২.৫০% এবং আর্থিক অগ্রগতি ৬২%।
বস্ত্র অধিদপ্তর		
প্রকল্পের নাম: সুনামগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন (২য় সংশোধিত প্রকল্প)। **প্রাক্কলিত ব্যয়:** ১২৬২৪.১৩ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানু ২০১৭- জনু ২০২২	(ক) বস্ত্র ও পাট শিল্প খাতের মধ্যম পর্যায়ের বস্ত্র প্রকৌশলী তৈরি করা; (খ) আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দেশে বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; (গ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচনে ভূমিকা রাখা; (ঘ) দক্ষ জনবল তৈরীর মাধ্যমে গুনগতমান সম্পন্ন এবং যথাযথ মুল্যের বস্ত্র শিল্প পণ্য তৈরী করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৫৫% এবং আর্থিক অগ্রগতি ৪০%।
প্রকল্পের নাম: আজিজুননেসা টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, ডুংরিয়া, দক্ষিণ সুনামগঞ্জ স্থাপন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ২৭১১.৯৬ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত।	১) দ্রুত বর্ধনশীল বস্ত্রখাতে ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে তৃণমূল পর্যায়ে দক্ষ জনবল তৈরি করা; ২) দেশে-বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচনে ভূমিকা রাখা; ৩) সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১ এবং ভিশন ২০৪১ অর্জন করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১৩% এবং আর্থিক অগ্রগতি ১২%।
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো		
প্রকল্পের নাম: চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪): সাব-কম্পোনেন্ট ২.৫: "আউট অব স্কুল চিলড্রেন" কর্মসূচি **প্রাক্কলিত ব্যয়:** ৩১৭৭২৮ লক্ষ টাকা। তন্মধ্যে হাওর অঞ্চলের ৩ জেলার জন্য **প্রাক্কলিত ব্যয়:** ২২২৯৪ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জুন ২০১৮-জুলাই ২০২৩	৮-১৪ বছর বয়সী নিরক্ষর ও ঝরে পড়া শিশুদের সাক্ষরতা প্রদান এবং শিক্ষার মূলধারায় ফিরিয়ে আনা।	প্রকল্পের ভৌত অগ্রগতি ১০% এবং আর্থিক অগ্রগতি ৩%।
প্রকল্পের নাম: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)। **প্রাক্কলিত ব্যয়:** ৪৫৮৭৭.৫৮ লক্ষ। **প্রাক্কলিত ব্যয়:** ফেব্রুয়ারী ২০১৪ থেকে ৩০ শে জুন ২০২১ তারিখ পর্যন্ত।	(ক) দেশের ১৫ থেকে ৪৫ বছর বয়সী মোট ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে জীবনদক্ষতা (Life Skills) ও মৌলিক সাক্ষরতা প্রদান করা। এর মধ্যে থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী "মুজিব বর্ষ" (মার্চ ২০২০ হতে মার্চ ২০২১)	প্রকল্পের ভৌত অগ্রগতি ৫৫% এবং আর্থিক অগ্রগতি ৬২%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
	উদযাপন উপলক্ষ্যে ২১ লক্ষ নিরক্ষর নারী-পুরুষকে মৌলিক সাক্ষরতা প্রদান করা; (খ) জাতীয় (সপ্তম পঞ্চ-বার্ষিকী কর্মপরিকল্পনা) ও আন্তর্জাতিক (SDG4) পর্যায়ের অঙ্গীকার পূরণ এবং দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে অবদান রাখা; (গ) জাতীয় উপানুষ্ঠানিক শিক্ষা নীতি ২০০৬ আলোকে এবং (SDG4) ও সপ্তম পঞ্চ-বার্ষিকী কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রা অর্জন করা;	
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর		
প্রকল্পের নাম: দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি (১ম সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ১০২৫৪৯ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১০-২০২২।	হাওর অঞ্চলের চরম দারিদ্র অধিবাসীদের শিক্ষার সুযোগ নিশ্চিত করা, বিদ্যালয় থেকে ঝরে পড়া বন্ধকরা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% এবং আর্থিক অগ্রগতি ৯০%। হাওর এলাকায় ৪টি উপজেলায় কাজ হয়েছে।
প্রকল্পের নাম: চাহিদা ভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (১ম পর্যায়)। **প্রাক্কলিত ব্যয়:** ৯১২৩৮৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১৬- ডিসেম্বর ২০২২	হাওর অঞ্চলের জনগনের জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৬% এবং আর্থিক অগ্রগতি ৮১%। হাওর এলাকায় ৪টি উপজেলায় কাজ চলমান আছে।
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)		
প্রকল্পের নাম: এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআর-সিই) ব্যানবেইস, (২য় পর্যায়)। **বাস্তবায়ন কাল:** ২০১৮-২০২২ **প্রাক্কলিত ব্যয়:** ৮৪৫৪৩ লক্ষ টাকা	দক্ষজনশক্তি গড়ে তোলা, শিক্ষার গুনগত মান নিশ্চিত করা, তৃণমূল পর্যায়ে আইসিটি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা।	প্রকল্পের ভৌত অগ্রগতি ০% এবং আর্থিক অগ্রগতি ২২%।
প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়		
প্রকল্পের নাম: ৪০টি উপজেলায় ৪০টি কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন। **প্রাক্কলিত ব্যয়:** ১৩৩১৩০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ২০১৬-২০২১।	দক্ষ জনশক্তি গড়ে তোলা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭১% এবং আর্থিক অগ্রগতি ৪৫%। হাওর এলাকায় সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও কিশোরগঞ্জ জেলায় কাজ চলছে।
টেলিযোগাযোগ অধিদপ্তর		
প্রকল্পের নাম: সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটাল করণ প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৮৩২৫.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** আগষ্ট ২০২০ - জুলাই ২০২২।	বাংলাদেশের সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের ৬৫০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং রাঙ্গামাটি, খাগড়াছড়ি বান্দরবন এর ২৮টি পাড়া কেন্দ্রের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৪৫% এবং আর্থিক অগ্রগতি ১৩%। হাওর এলাকার ১৭৮টি স্কুলে শিক্ষা ব্যবস্থা ডিজিটাল করার কাজ চলছে।

উন্নয়ন ক্ষেত্রঃ বিদ্যুৎ ও শক্তি

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
পল্লী বিদ্যুৎ সমিতি		
বড়লেখা পৌরসভা, মৌলভীবাজার।		
প্রকল্পের নাম: জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য মৌলভীবাজার জেলার অন্তর্গত জুরী ও বড়লেখা উপজেলায় কার্বন নির্গমন হ্রাস ও পরিবেশ উন্নয়ন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৫০০.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** অক্টোবর ২০২০ হতে জুন ২০২২ পর্যন্ত।	সৌর বিদ্যুৎ ব্যবহারের ফলে বিদ্যুৎ ব্যবহারের উপর নির্ভশীলতা হ্রাস পাবে, বিকল্প নবায়নযোগ্য বিদ্যুৎ শক্তি ব্যবহার করা।	প্রকল্পটি মহাপরিকল্পনা বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৫% এবং আর্থিক অগ্রগতি ৭৫%।
গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট।		প্রকল্পটি মহাপরিকল্পনা
প্রকল্পের নাম: জলবায়ু পরিবর্তন প্রভাব মোকাবেলার জন্য গোলাপগঞ্জ পৌর এলাকার কার্বন হ্রাস ও পরিবেশ উন্নয়ন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৩০০.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** অক্টোবর-২০১৯ হতে ডিসেম্বর-২৩ পর্যন্ত	সৌর বিদ্যুৎ ব্যবহারের ফলে বিদ্যুৎ ব্যবহারের উপর নির্ভশীলতা হ্রাস পাবে, বিকল্প নবায়নযোগ্য বিদ্যুৎ শক্তি ব্যবহার করা।	বহির্ভুত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯০% এবং আর্থিক অগ্রগতি ২৫%।

উন্নয়ন ক্ষেত্রঃ কৃষি

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর		
প্রকল্পের নাম: বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন শীর্ষক প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ২৯৩২৩.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৫- জুন ২০২৩।	১) দেশের তিনটি পাহাড়ী জেলাসহ উপকূলীয় ও অন্যান্য অঞ্চলের অব্যবহৃত জমি ও বসতবাড়ীর পাশের জমিকে আধুনিক চাষাবাদের আওতায় এনে উদ্যান ফসলের উৎপাদন বৃদ্ধিসহ সমতল ভূমিতে অন্যান্য মাঠ ফসলের উৎপাদনের সুযোগ অক্ষুন্ন রাখা। ২) দেশীয় ও রপ্তানীযোগ্য ফসলে ক্লাস্টার/ক্লাবভিত্তিক উৎপাদন, বিদ্যমান হর্টিকালচার সেন্টারসমূহের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন এবং নতুন হর্টিকালচার স্থাপনের মাধ্যমে মানসম্পন্ন চারা কলম উৎপাদন বৃদ্ধি। ৩) উদ্যান ফসলের প্রযুক্তি সম্প্রসারণ ৪) নারীর ক্ষমতায়ন, আয় বৃদ্ধি এবং উদ্যান বিষয়ে কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৪% এবং আর্থিক অগ্রগতি ৭১%। প্রকল্পটিতে ৫২ জেলার মধ্যে হাওর এলাকার সিলেট, নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলা অন্তর্ভুক্ত রয়েছে।
প্রকল্পের নাম: ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প (সম্প্রসারণ অধিদপ্তরের অংশ)। **প্রাক্কলিত ব্যয়:** ২৬৬৫ লক্ষ টাকা, হাওরাঞ্চলের জন্য বরাদ্ধ : ৬.৫০ কোটি টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৭- জুন ২০২২	কৃষক প্রশিক্ষণ ৪৬০ ব্যাচ, উপকারভোগী কৃষক প্রশিক্ষণ ৪৬০ ব্যাচ, এসএএও ২০ ব্যাচ, কর্মকর্তা ১০ ব্যাচ, জাতীয় কর্মশালা ৫টি, মশলা ফসলের প্রদর্শনী ৩৪৫০টি, লতা জাতীয় সবজির প্রদর্শনী ৩৪৫০টি, লতা বিহীন সবজির প্রদর্শনী ৪৬০০টি, মাঠ দিবস ৪৬০টি, কৃষক উদ্বুদ্ধকরণ সফর ৯২ ব্যাচ, বীজের পাত্র ২৩০০০টি, পানির ঝাঝরী ১১৫০০টি, ফেরোমোন ফাঁদ ১১৫০০টি, কালেক্টিং বাস্কেট ১১৫০০টি, নেট (Net) ৬৯০ হাজার মিটার।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৫% এবং আর্থিক অগ্রগতি ৮২%। হাওর এলাকায়ও ভাসমান বেডে কার্যক্রম চলমান।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
প্রকল্পের নাম: আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নত মানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (২য় পর্যায়) **বাস্তবায়ন কাল:** ফেব্রুয়ারি ২০১৯- জুন ২০২৩ **প্রাক্কলিত ব্যয়:** ২৬৯৫৬.০০ লক্ষ টাকা, **হাওরাঞ্চলের জন্য বরাদ্দ:** ৫.০০ কোটি টাকা।	ফসল উৎপাদন বৃদ্ধি কল্পে স্থানীয় পর্যায়ে উন্নত মানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ বিষয়ে প্রশিক্ষণ ও প্রদর্শনী খামার স্থাপন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭০% এবং আর্থিক অগ্রগতি ৬৫%।
প্রকল্পের নাম: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ (কম্পোনেন্ট সি), **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৬-জুন ২০২৩, **প্রাক্কলিত ব্যয়:** ১১৯১৮.০০ লক্ষ টাকা, হাওরাঞ্চলের জন্য বরাদ্দ: ০.২৫ কোটি টাকা।	একটি কমপ্রিহেন্সিভ ওয়েব সাইট তৈরি করা, ৪৮৭ উপজেলার তথ্য উপাত্ত ডিজিটাইজ করা, ৪৮৭ উপজেলার জলবায়ু ঝুঁকিম্যাপ তৈরি করা, ৬৪ জেলা এগ্রোমেট সার্ভিস রুম স্থাপন, কৃষি আবহাওয়া সেচ সংক্রান্ত কৃষকের চাহিদা নিরূপণ, ৫০৫১টি ইউনিয়নে স্বয়ংক্রিয় রেইন গেজ ও এগ্রো-মেট্রোলজিকেল ডিসপ্লে বোর্ড স্থাপন, ৪৮৭ টি উপজেলায় এগ্রো-মেট্রোলজিকেল কিয়স্ক স্থাপন, ১৪৪১ ব্যাচ প্রশিক্ষণ (চাষী, কর্মকর্তা ও কর্মচারী) জাতীয় কর্মশালা ৫টি, আঞ্চলিক কর্মশালা ৭০টি, বৈদেশিক প্রশিক্ষণ ও এক্সপোজার ভিজিট ১১০জন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৫৮% এবং আর্থিক অগ্রগতি ৪১%।
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বি.এ.আর.আই)		
প্রকল্পের নাম: ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা সম্প্রসারন ও জনপ্রিয়করণ প্রকল্প (বারি অংগ)। **প্রাক্কলিত ব্যয়:** ৩৬৫১.৬৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৭-জুন ২০২২।	১. ভাসমান কৃষি স্থান-ভিত্তিক আধুনিক ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং কৃষকদের মাঝে জনপ্রিয় করা। ২. ভাসমান বেডে বিভিন্ন শাক সবজি ও মসলা ফসলসমূহের উপযোগীতা পরীক্ষা করা। ৩. আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ভাসমান বেডে চাষকৃত ফসলের (শাক সবজি ও মসলা) ফলন ও আয় বৃদ্ধি করা। ৪. ভাসমান বেডে বিভিন্ন ফসলের (শাক সবজি, মসলা প্রভৃতি) মান সম্পন্ন চারা উৎপাদন কৌশল ও ব্যবস্থাপনা পদ্ধতি উদ্ভাবন করা। ৫. ভাসমান বেড তৈরিতে কচুরিপানা ও অন্যান্য জলজ উদ্ভিদের সহজলভ্যতা বিবেচনা করে সীমিত কচুরিপানা/জলজ উদ্ভিদ ভিত্তিক ভাসমান কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা। ৬. স্টেকহোল্ডারদের সক্ষমতা বাড়ানোর জন্য ভাসমান কৃষি ভিত্তিক আধুনিক লাগসই প্রযুক্তির উপর প্রশিক্ষণ প্রদান করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭২% এবং আর্থিক অগ্রগতি ৭০%। হাওর এলাকার কিশোরগঞ্জ ও হবিগঞ্জ জেলায় প্রদর্শনী চলমান রয়েছে।
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)		
প্রকল্পের নাম: ডাবল লিফটিং এর মাধ্যমে ভূ-পরিস্থ পানির সাহায্যে সেচ সম্প্রসারণ প্রকল্প -৩য় পর্যায় (২য় সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ১৬৮৭৭.৫৯ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৫ - জুন ২০২২।	১. প্রবাহমান নদী/প্রাকৃতিক জলধার থেকে ডাবল লিফটিং সেচ প্রযুক্তি ব্যবহার করে ৬৫.২৭৫ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করে অতিরিক্ত ২,২৫,৫০০ মে.টন খাদ্য শস্য উৎপাদন করা (হেক্টর প্রতি ৩.৪৫ মে.টন)।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৮% এবং আর্থিক অগ্রগতি ৮৩%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
	২. শুস্ক মৌসুমে সঠিক সময়ে, সঠিক স্থানে প্রয়োজনীয় পরিমাণ পানি কৃষকের নিকট পৌঁছানো নিশ্চিত করণের লক্ষ্য ফসলের জমিতে পানি সরবরাহ ও পানি সংরক্ষণ পদ্ধতির উন্নয়ন এবং অন ফার্ম ওয়াটার ম্যানেজমেন্ট টেকনোলজি ব্যবহারের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি করা। ৩. প্রকল্প এলাকার জনগণকে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। ৪. আধুনিক কারিগরি জ্ঞান উন্নয়নের মাধ্যমে সরকারী প্রতিষ্ঠানের কর্মচারী, পানি ব্যবহারকারী সমিতি/সংগঠন এবং প্রকল্প এলাকার কৃষকের কর্মদক্ষতার উন্নয়ন করা।	
প্রকল্পের নাম: ময়মনসিংহ বিভাগ এবং ঢাকা বিভাগের টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ১৫৪৫৮ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানুয়ারি ২০১৮- জুন ২০২২।	১. খাল পুন:খনন ও অন্যান্য প্রয়োজনীয় সেচ অবকাঠামো উন্নয়ন ও আধুনিক সেচ প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ১৭৭৪০ হেক্টর জমিতে ভূ-পরিস্থ পানি নির্ভর সেচ সুবিধা সম্প্রসারণ করে বছরে প্রায় ৮৮৭০০ মেট্রিক টন খাদ্য শস্য উৎপাদন; ২. প্রকল্প এলাকার ইতোপূর্বে বাস্তবায়িত "বৃহত্তর ময়মনসিংহ-টাঙ্গাইল সমন্বিত কৃষি উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষাকরণ; ৩. প্রকল্প এলাকার কৃষকদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি এবং আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫% এবং আর্থিক অগ্রগতি ৯০%।

উন্নয়ন ক্ষেত্র: মৎস্য

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
মৎস্য অধিদপ্তর		
প্রকল্পের নাম: ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ৩৭৮৩৮.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** মার্চ ২০১৫ - জুন ২০২২।	ক) নির্বাচিত ইউনিয়নসমূহের স্থানীয় মৎস্য চাষিদের অংশগ্রহণ নিশ্চিত করে উন্নত মৎসচাষ প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা; খ) মৎস্যচাষ ও বিভিন্ন মৎস্য সংশ্লিষ্ট কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; গ) মৎস্যচাষ সংক্রান্ত পর্যাপ্ত প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রাতিষ্ঠানিক জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিকরণ; ঘ) স্থানীয় জলজ সম্পদের সুষম ব্যবহারের জন্য ইউনিয়ন পরিষদকে কার্যকর প্রতিষ্ঠান হিসেবে মৎস্য বিষয়ক সকল উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্তিকরণ; ঙ) মৎস্য অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, লিফ এবং স্থানীয় মৎস্যচাষীদের সমন্বয়ে মাঠ পর্যায়ে স্থায়িত্বশীল সম্প্রসারণ কার্যক্রম পরিচালনার জন্য ইউনিয়ন ভিত্তিক মৎস্যচাষ সম্প্রসারণ পদ্ধতি প্রতিষ্ঠা করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০ % এবং আর্থিক অগ্রগতি ৮৯ %। হাওর এলাকার মৌলভীবাজার, নেত্রকোণা ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলায় প্রকল্পের কাজ চলমান আছে।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
প্রকল্পের নাম: বৃহত্তর কুমিল্লা জেলা মৎস্য উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ২১১৩১.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৫ - জুন ২০২২ পর্যন্ত।	ক) স্থানীয় মৎস্য সম্পদ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি; খ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; গ) মৎস্যচাষ ও মৎস্য ব্যবস্থাপনার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক অবস্থার উন্নয়ন; ঘ) প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৪% এবং আর্থিক অগ্রগতি ৯১%। ব্রাহ্মণবাড়িয়া জেলার হাওর এলাকায় পেনে মাছচাষ ও অভয়াশ্রম প্রতিষ্ঠাসহ প্রকল্পের কার্যক্রম চলমান আছে।
প্রকল্পের নাম: ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ২য় পর্যায় (এনএটি-পি-২য় পর্যায়)। **প্রাক্কলিত ব্যয়:** ৩৮৮২৮.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** অক্টোবর ২০১৫-জানুয়ারি ২০২৩।	১. প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি ২. উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধি ৩. ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্য চাষিদের বাজারে প্রবেশাধিকার বৃদ্ধি করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৫% এবং আর্থিক অগ্রগতি ৭৩%।
প্রকল্পের নাম: জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৪০৯০০.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** অক্টোবর ২০১৫ - জুন ২০২২।	ক) টেকসই মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠির খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সরকারের দারিদ্র বিমোচন প্রচেষ্টাকে ত্বরান্বিত করা; খ) পতিত জলাশয় সংস্কারের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করে পুষ্টির চাহিদা পুরণ; গ) মাছ চাষের উন্নত প্রশিক্ষণ, সম্প্রসারণ সেবা এবং মৎস্য চাষের প্রয়োজনীয় উপকরণ সরবরাহের মাধ্যমে গ্রামীণ দরিদ্র মৎস্যচাষী, মৎস্যজীবি, বেকার যুবক ও দুস্থ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি করা ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন করা; ঘ) সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থার সূচনা করা এবং উন্নয়নকৃত জলাশয়ে সুফলভোগীদের অধিকার প্রতিষ্ঠা করা এবং ঙ) পতিত জলাশয় সংস্কারের মাধ্যমে আবাসস্থল পুনুরুদ্ধার করে পরিবেশ বান্ধব মাছ চাষ এবং জীববৈচিত্র সংরক্ষণ নিশ্চিত করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯১% এবং আর্থিক অগ্রগতি ৯০%। হাওর এলাকায় খাস জলাশয়ে পুনঃখননের কাজ করা হচ্ছে এবং এ এলাকার ১৮০০০ চাষীদের সাথে কাজ করা হচ্ছে।
প্রকল্পের নাম: Community-based Climate Resilient Fisheries & Aquaculture Development in Bangladesh. **প্রাক্কলিত ব্যয়:** ৪৭৯৬.৬৩ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জানুয়ারি ২০২০-ডিসেম্বর ২০২৩।	১। মৎস্য ও মৎস্যচাষ সেক্টরে জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাবের ফলে সৃষ্ট বাধাসমূহ হ্রাসকরণ এবং মৎস্য নীতি, কৌশল সংশোধন দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নির্বাচিত এলাকায় ঝুঁকি সহনশীল করা; ২। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের ফলে মৎস্য ও জলজ চাষের দুর্বলতা হ্রাসকরণ; ৩। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের ফলে মৎস্য ও জেলে সম্প্রদায় এবং মৎস্যজীবিদের দ্রুত সাড়া দানের সক্ষমতা ও অভিযোজন ক্ষমতা বৃদ্ধিকরণ এবং ৪। কমিউনিটি পর্যায়ে জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন প্রযুক্তি হস্তান্তর ও গ্রহণ কার্যক্রম ত্বরান্বিতকরণ।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৩০% এবং আর্থিক অগ্রগতি ২৮%। প্রকল্পটি জলবায়ু পরিবর্তন মোকাবেলায় হাওর এলাকার সুনামগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া জেলায় অভিযোজন প্রদর্শনী স্থাপনের কাজ করে যাচ্ছে।
বাংলাদেশ মৎস উন্নয়ন করোপোরেশন		
প্রকল্পের নাম: সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলায় মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন প্রকল্প। **প্রাকল্পিত ব্যয়:** ২৯২৪.০০ লক্ষ টাকা **বাস্তবায়নকাল:** জুলাই ২০২১ - জুন ২০২৪	(ক) সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলায় আধুনিক ও স্বাস্থ্যসম্মত মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন করা; (খ) HACCP (Hazard Analysis Critical Control Point) মান অনুযায়ী দেশের মৎস্য বিপণন নেটওয়ার্কের উন্নয়ন; (গ) প্রকল্প এলাকায় আহরণকৃত মাছের ৪০% Post Harvest Loss কমিয়ে আনা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১০% এবং আর্থিক অগ্রগতি ০%।

উন্নয়ন ক্ষেত্রঃ পরিবহন

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
সড়ক ও জনপথ অধিদপ্তর (আরএন্ডএইচডি)		
প্রকল্পের নামঃ নেত্রকোনা- বিশিউড়া-ঈশ্বরগঞ্জ সড়ক (জেড-৩৭১০) উন্নয়ন। **বাস্তবায়ন কালঃ** লক্ষ টাকা ২০১৭-ডিসেম্বর ২০২২। **প্রাক্কলিত ব্যয়ঃ** ২৬১১৮.৬৯ লক্ষ টাকা।	নেত্রকোনা জেলা সদরের সাথে আন্তঃউপজেলা সংযোগ সড়ক নির্মাণ।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯১% এবং আর্থিক অগ্রগতি ৮৭%। প্রকল্পের পক্ষ হতে জানানো হয় কিছু এলাকায় এখনো জমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি।
প্রকল্পের নামঃ নেত্রকোণা (ঠাকুরাকোণা) - কলমাকান্দা জেলা মহাসড়ক উন্নয়ন। **বাস্তবায়ন কালঃ** ২০১৮ - ২০২২। **প্রাক্কলিত ব্যয়ঃ** ৩১০০৫.৬৪ লক্ষ টাকা।	নেত্রকোনা (ঠাকুরাকোণা-কলমাকান্দা) জেলার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।	প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৭% এবং আর্থিক অগ্রগতি ৮৭%।
প্রকল্পের নামঃ Construction of Sullah-Jalshuka portion of Sunamgonj and Madanpur- derai - Sullah- Jalshuka- Ajmirigonj-Habigonj road (Habigonj part) **বাস্তবায়নকালঃ** জুন ২০২২ (প্রস্তাবিত জুন ২০২৪) **প্রাক্কলিত ব্যয়ঃ** ৭৬৯৩৩.০০ লক্ষ টাকা। **হবিগঞ্জ অংশঃ** ৪২৫.৩৬ (৬ কিমি)	হাওর এলাকার সড়ক যোগাযোগ উন্নয়ন	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ২০% এবং আর্থিক অগ্রগতি ১৮%।
প্রকল্পের নামঃ সুনামগঞ্জ- মদনপুর-দিরাই-জলসুকা-আজমিরীগঞ্জ-হবিগঞ্জ মহাসড়কের শাল্লা-জলসুকা সড়কাংশ নির্মাণ (সুনামগঞ্জ অংশ)। **বাস্তবায়ন কালঃ** জুন ২০২২ (প্রস্তাবিত জুন ২০২৪) **প্রাক্কলিত ব্যয়ঃ** ৭৬৯০০.০০ লক্ষ টাকা। **সুনামগঞ্জ অংশঃ** ৩৪৩.৯৭ লক্ষ টাকা	হাওর এলাকার সড়ক যোগাযোগ উন্নয়ন	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১৮% এবং আর্থিক অগ্রগতি ১৫%। ভূমি অধিগ্রহণে দীর্ঘসূত্রিতা রয়েছে।
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর		
প্রকল্পের নাম : Haor Infrastructure & Livelihood Improvement Project (HILIP) **বাস্তবায়ন কালঃ** ২০১২-২০২২। **প্রাক্কলিত ব্যয়ঃ** ১০১৬৯.৬৮ লক্ষ টাকা।	১) বাজার অভিগম্যতা (Access to market) জীবিকার সুযোগ এবং সামাজিক সেবা বৃদ্ধি; ২) গ্রামীণ অর্থনৈতিক কর্মতৎপরতা বৃদ্ধি, ফসল উৎপাদনে ঝুঁকি হ্রাস এবং প্রাকৃতিক দুর্যোগের প্রকোপ থেকে রক্ষাকরণ; ৩) মৎস্য সম্পদে বর্ধিত প্রবেশাধিকার, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং কমিউনিটি ভিত্তিক সম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের সুফল অনুসরণ; ৪) বর্ধিত উৎপাদন, উৎপাদনের বৈচিত্র আনয়ন এবং ফসল ও প্রাণিসম্পদজাত পণ্যের বিপণনে সুযোগ সৃষ্টি; এবং ৫) সম্পদের দক্ষ, কার্যকর এবং যথাযথ ব্যবহারের মধ্যে দিয়ে হাওর এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন, অসহায়ত্ব হ্রাস এবং সর্বোপরি দারিদ্র বিমোচন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫% এবং আর্থিক অগ্রগতি ৯৩%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
প্রকল্পের নাম: Haor Flood Management and Livelihood Improvement Project, (JICA Funded. LGED Part). **বাস্তবায়নকাল:** ২০১৪- ২০২২। **প্রাক্কলিত ব্যয়:** ৮৫৮.২৫৩৫ কোটি টাকা।	বন্যা হতে ফসলের ক্ষতি হ্রাস, যাতায়াতের সুবিধা বৃদ্ধি এবং ১২০ কি:মি. উপজেলা সড়ক, ৯৮ কি:মি. ইউনিয়ন সড়ক, ১৯৮ কি:মি. গ্রামীণ সড়ক, ৮৮৭ মি. ব্রীজ, ৮৯০ মি. কালভার্ট নির্মাণ, ২০০ কি:মি. অবকাঠামো রক্ষণাবেক্ষণ, ২০০ কি:মি. নির্মাণকালীন গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ, ২২টি হাট নির্মাণ, ও ২৪টি ল্যান্ডিং ঘাট নির্মাণ করা হবে। এছাড়াও মৎস্য সম্পদ উন্নয়ন এর আওতায় ১৫০টি বিলের উন্নয়ন কাজ (অভয়াশ্রম ও জলজ উদ্ভিদ রক্ষা) এবং ২১০ কি:মি. বিল সংযোগ খাল খনন করা হবে।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৯% এবং আর্থিক অগ্রগতি ৮৭%।
প্রকল্পের নাম: সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ৩৭১২৫.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জুলাই/২০১৫ - জুন/২০২৩।	ক) জাতীয় সড়ক নেটওয়ার্ক এবং গ্রামীণ হাট, স্বাস্থ্যকেন্দ্র, বিদ্যালয় ইত্যাদির সাথে গ্রামগুলোর এ্যাকসেস সড়ক উন্নয়ন। খ) গ্রোথ সেন্টার/গ্রামীণ বাজারের উন্নয়নসহ বাজার ব্যবস্থাপনা কমিটি শক্তিশালীকরণ। গ) গ্রামীণ কৃষকদের সংগঠিত করাসহ কৃষিপন্য বাজারজাত করণের সামর্থ বৃদ্ধির ব্যবস্থা করা। ঘ) পূর্তকাজে খন্ডকালীন কর্মসূচীর মাধ্যমে দারিদ্র বিমোচন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭০% এবং আর্থিক অগ্রগতি ৪৮%।
প্রকল্পের নাম: দক্ষিণ সুনামগঞ্জ ও জগন্নাথপুর উপজেলায় গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, সুনামগঞ্জ জেলা (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৪৬৭২.০৩ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** নভেম্বর ২০১৮ - জুন ২০২২	(ক) প্রকল্প এলাকার গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন। (খ) গ্রামীণ জনগণের জন্য গ্রাম, বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা-প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে জীবনযাত্রার মানোন্নয়ন। (গ) স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থান সৃষ্টি।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% এবং আর্থিক অগ্রগতি ৭৩%।
প্রকল্পের নাম: সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ১৪৫৪০০.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৭ - জুন ২০২৩	(১) প্রকল্প এলাকার গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন। (২) গ্রামীণ জনগণের জন্য গ্রাম, বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা-প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে জীবনযাত্রার মনোন্নয়ন। (৩) স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থান সৃষ্টি।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৩২% এবং আর্থিক অগ্রগতি ৩১%।
প্রকল্পের নাম: দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রথম সংশোধিত) **প্রাক্কলিত ব্যয়:** ১৭৩০০০.০০ লক্ষ টাকা, সংশোধিত: ১৬৯১০০.০০ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** ০১ জুলাই ২০১৭ - ৩০ জুন ২০২২ পর্যন্ত।	(ক) গ্রামীণ বাজার উন্নয়নের মাধ্যমে কৃষি ও অকৃষি পণ্য বাজারজাতের সুবিধা প্রদান; (খ) গ্রাম পর্যায়ে ব্যবসার পরিবেশ সৃষ্টি; এবং (গ) স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	প্রকল্পের ভৌত অগ্রগতি ২৭% এবং আর্থিক অগ্রগতি ১৭%।
প্রকল্পের নাম: নেত্রকোনা জেলার মোহনগঞ্জ পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)। **প্রাক্কলিত ব্যয়:** ৭২৮২.০০ লক্ষ টাকা	১। অপরিহার্য অবকাঠামো (সড়ক, ড্রেন, পার্ক, ট্রাক টার্মিনাল ইত্যাদি) উন্নয়নের মাধ্যমে পৌরসভার পরিবেশ উন্নয়ন;	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৬% এবং আর্থিক অগ্রগতি ৮৭%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
বাস্তবায়ন কাল: জানুয়ারী/২০১৮ হতে জুন/২০২২ পর্যন্ত	২। কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ।	
মৌলভীবাজার পৌরসভা। মৌলভীবাজার		
প্রকল্পের নাম: জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য মৌলভীবাজার পৌর এলাকায় পরিবেশ বান্ধব অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৪০০.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** অক্টোবর ২০১৯ - জুন ২০২২ পর্যন্ত	পৌর এলাকার ড্রেন নির্মাণের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন, পৌরবাসীর চলাচলের সুব্যবস্থা করা, সকল প্রকার পানি বাহিত রোগ প্রতিরোধ করা, পরিবেশের ভারসাম্য রক্ষা করা।	প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫% এবং আর্থিক অগ্রগতি ৭৫%।
বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ		
প্রকল্পের নাম: অভ্যন্তরীন নৌ-পথের ৫৩ টি রুটে ক্যাপিটাল ড্রেজিং (১ম পর্যায় : ২৪টি নৌপথ)। **বাস্তবায়নকাল:** জুলাই ২০১২- জুন ২০২২ **প্রাক্কলিত ব্যয়:** ১৯২৩০০ লক্ষ টাকা	নদী খনন এবং নৌচলাচল নির্বিঘ্ন করা।	প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫% এবং আর্থিক অগ্রগতি ৭৫%।
বাংলাদেশ টেলিকমিইনিকেশন কোম্পানী লিমিটেড		
প্রকল্পের নাম: হাওর, বাঁওড় ও প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য টেলিযোগাযোগ সুবিধা (ব্রডব্যান্ড ওয়াই-ফাই) সম্প্রসারণ প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৪৫৯৮৫.০১ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** এপ্রিল ২০২০ হতে জুন-২০২৩ পর্যন্ত	১) ভৌগোলিকভাবে প্রতিকূল অবস্থানের কারণে সাশ্রয়ী মূল্যে দ্রুত গতির ইন্টারনেট সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের হাওর, বাঁওড়, দ্বীপ এবং প্রত্যন্ত অঞ্চলসমূহকে উচ্চ গতির ইন্টারনেট সুবিধার আওতায় আনা। ২) হাওর-বাঁওড়সহ দ্বীপ এবং প্রত্যন্ত অঞ্চলসমূহে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার, গ্রোথসেন্টার, ইউনিয়ন পরিষদ কার্যালয় ইত্যাদি স্থানে বিটিসিএল কর্তৃক আধুনিক টেলিযোগাযোগ প্রযুক্তি নেটওয়ার্ক বিস্তৃতকরণের মাধ্যমে সেসকল স্থানের জনগণের জন্য সাশ্রয়ী মূল্যে উচ্চ গতির ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা দেয়া। ৩) কৃষি গবেষণায় উদ্ভাবিত নতুন জ্ঞান ও প্রযুক্তি ইন্টারনেট সুবিধা বঞ্চিত হাওর, বাঁওড় ও দ্বীপসমূহের জনগণের কাছে পৌঁছানোর মাধ্যমে সেসব অঞ্চলের কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখা; ৪) ইন্টারনেট সুবিধার আওতায় আনার মাধ্যমে হাওর, বাঁওড়, দ্বীপ ও প্রত্যন্ত অঞ্চলসমূহের অনলাইন স্কুল ব্যবস্থা প্রতিষ্ঠা করা; ৫) হাওর, বাঁওড়, দ্বীপ ও প্রত্যন্ত অঞ্চলসমূহের মানবসম্পদ উন্নয়ন, প্রযুক্তি বৈষম্য হ্রাসকরণ, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, তরুণ উদ্যোক্তা তৈরি, নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা রাখা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১% এবং আর্থিক অগ্রগতি ৪%।

উন্নয়ন ক্ষেত্রঃ প্রাণিসম্পদ

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
প্রাণিসম্পদ অধিদপ্তর		
প্রকল্পের নামঃ হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়ঃ** ১১৮১৩ লক্ষ টাকা **বাস্তবায়ন কালঃ** মার্চ ২০২০- জুন ২০২৩।	১। সমন্বিত পদ্ধতিতে পাণিসম্পদ উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে হাওর অঞ্চলীয় দরিদ্র জনগোষ্ঠীর মাথাপিছু প্রাণিজ আমিষ গ্রহণ বৃদ্ধিকরণ এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা উন্নয়ন। ২। প্রাণিসম্পদ খাতে উন্নত ও টেকসই প্রযুক্তি সম্প্রসারণ। ৩। নারীর আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও তাদের জীবনমান উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৫৬% এবং আর্থিক অগ্রগতি ৪৬%।
প্রকল্পের নামঃ কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি (৩য় পর্যায়)। **প্রাক্কলিত ব্যয়ঃ** ৪৭১৮৩ লক্ষ টাকা। **বাস্তবায়ন কালঃ** জানুয়ারি ২০১৬- ডিসেম্বর ২০২২	কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে দেশের স্থানীয় গবাদি পশুর জাতের উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৬৩% এবং আর্থিক অগ্রগতি ৫৫%।

উন্নয়ন ক্ষেত্রঃ সামাজিক সেবা

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
যুব উন্নয়ন অধিদপ্তর		
প্রকল্পের নামঃ ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়ঃ** ৬১০০.০০ লক্ষ টাকা **বাস্তবায়ন কালঃ** জুলাই ২০১৬ থেকে জুন ২০২১	কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি	প্রকল্পের ভৌত অগ্রগতি ৪৪১৩৩ জনকে প্রশিক্ষণ প্রদান এবং আর্থিক অগ্রগতি ৬১%।
বাংলাদেশ পুলিশ		
প্রকল্পের নামঃ বরিশাল ও সিলেট আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন) এবং রেঞ্জ রিজার্ভ ফোর্স (আর.আর.এফ) পুলিশ লাইন্স নির্মাণ **বাস্তবায়নকালঃ** জানুয়ারী ২০১৭ - মার্চ ২০২০ পর্যন্ত। **প্রাক্কলিত ব্যয়ঃ** ২৩১৬৫.৪৩ লক্ষ টাকা।	বরিশাল ও সিলেট এপিবিএন ও আর.আর.এফ এর জন্য- ১. প্রয়োজনীয় অবকাঠামো সুবিধা নিশ্চিত করা। ২. প্রয়োজনীয় অফিস ভবন নির্মাণ ৩. অফিসার এবং ফোর্সদের জন্য পর্যাপ্ত আবাসন সুবিধা নিশ্চিত করা। ৪. প্যারেড এবং ভৌত প্রশিক্ষণ সুবিধা নিশ্চিত করা।	

উন্নয়ন ক্ষেত্রঃ জীববৈচিত্র্য ও জলাভূমি

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
পরিবেশ অধিদপ্তর		
প্রকল্পের নামঃ ইকোসিস্টেম বেজড অ্যাপ্রোচস টু দ্যা অ্যাডাপটেশন (ইবিএ) ইন দ্যা ড্রাইটপ্রণ বারিন্দ ট্র্যাক্ট এন্ড হাওর ওয়েটল্যান্ড এরিয়া। **প্রাক্কলিত ব্যয়ঃ** ৪২৭২.২৯ লক্ষ টাকা। **বাস্তবায়ন কালঃ** জুলাই ২০১৯ - জুন ২০২২	To increase the capacity of government and local communities living in the Barind Tract and the Haor area; To reduce the negative effects of climate change using Ecosystem-based Adaption (EbA).	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ২৫% এবং আর্থিক অগ্রগতি ১৩%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন ও অগ্রগতি
প্রকল্পের নাম: স্ট্রেংদেনিং অ্যান্ড কনস-লিডেশন অভ কমিউনিটি বেইসড অ্যাডাপটেশন ইন দ্যা ইকোলোজিক্যাল ক্রিটিক্যাল এরিয়াস থ্রু বায়োডাইভারসিটি কনজারভেশন অ্যান্ড সোশাল প্রটেকশন প্রজেক্ট। **প্রাক্কলিত ব্যয়:** ৬৪৬ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৬-ডিসেম্বর ২০২১। (মেয়াদ বৃদ্ধি প্রস্তাবিত)	(1) To install and management of solar irrigation plants; construction of a Village Conservation Center (VCC) (2) To strengthen VCG capacity in habitat restoration and protection, biodiversity conservation, climate change adaptation and mitigation activities established under CBA-ECA Project (3) To strengthen VCG capacity to diversify livelihood options through proper utilization and better management of MCG and direct input support provided by CBA-ECA Project (4) Towards promulgation and dissemination of ECA Rules (5) To evaluate ECA management in Bangladesh and developway forward.	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯০% এবং আর্থিক অগ্রগতি ৮৩%।

উন্নয়ন ক্ষেত্র: বন সম্পদ

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
বন অধিদপ্তর		
প্রকল্পের নাম: জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিরসনে সিলেট বিভাগে পুনঃবনায়ন ও অবকাঠামো উন্নয়ন। **প্রাক্কলিত ব্যয়:** ৭০০৪.১৫ লক্ষ টাকা। **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৯ - জুন ২০২৪।	১) দেশীয় প্রজাতির বৃক্ষের চারা দ্বারা বাগান সৃজনের মাধ্যমে বনভূমির জীববৈচিত্র্য সমৃদ্ধকরণ; ২) বাঁশ, মুর্তা ও বেত বাগান সৃজনের মাধ্যমে ক্ষুদ্র ও কুঠির শিল্পের কাঁচামাল সরবরাহ নিশ্চিতকরণ; ৩) আগর বাগান সৃজনের মাধ্যমে বিপদাপন্ন এ বৃক্ষ প্রজাতিকে অবলুপ্তির হাত থেকে রক্ষা করা এবং এর সংরক্ষণ ও প্রসারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা; ৪) প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, মসজিদ, মাদ্রাসা, মন্দির ও গীর্জা) বনায়ন করা এবং ৫) স্থানীয় জনগোষ্ঠীকে উপকারভোগী হিসেবে বনায়নে সম্পৃক্ত করে তাদের সক্ষমতা বৃদ্ধি ও আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা; ৬) সিলেট বন বিভাগের অবকাঠামো উন্নয়নের মাধ্যমে যথাযথভাবে বন ব্যবস্থাপনা করা।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৪৭% এবং আর্থিক অগ্রগতি ২৯%। সিলেট ও সুনামগঞ্জ জেলায় হিজল, করচ গাছের বনায়ন করার কার্যক্রম রয়েছে।

উন্নয়ন ক্ষেত্র: পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য	বাস্তবায়ন অগ্রগতি
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর		
প্রকল্পের নাম: সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৪৯৪৯.২৭ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জুন ২০১৯-জুন ২০২২।	পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯২% এবং আর্থিক অগ্রগতি ৮৪%।

প্রকল্পের নাম, মেয়াদ ও বরাদ্দ	প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
প্রকল্পের নাম: সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প। **প্রাক্কলিত ব্যয়:** ৪৯১৬.৪৭ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জুলাই ২০১৯-জুন ২০২২।	পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন এবং জীবন যাত্রার মান উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৯% এবং আর্থিক অগ্রগতি ৭৮%।
প্রকল্পের নাম: সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ। **প্রাক্কলিত ব্যয়:** ৮৮৫০৭৩.৮৭ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জানুয়ারি ২০-জুন ২০২৫	নিরাপদ পানির সরবরাহ বৃদ্ধি।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ১৮% এবং আর্থিক অগ্রগতি ১৭%।
প্রকল্পের নাম: Project for sustainable water supply, sanitation and hygiene system in haor areas. **প্রাক্কলিত ব্যয়:** ৫৭৬১.৭১ লক্ষ টাকা **বাস্তবায়ন কাল:** জুলাই ২০২০-জুন ২০২৩	হাওর অঞ্চলে নিরাপদ পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে স্থানীয় জনগনের স্বাস্থ্য ও জীবনযাত্রারমান উন্নয়ন।	প্রকল্পটি মহাপরিকল্পনাভুক্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ২২% এবং আর্থিক অগ্রগতি ১৩%।

হাওর মহাপরিকল্পনার আওতায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন, মৎস্য সম্পদ, জীববৈচিত্র্য ও জলাভূমি, পর্যটন, শিল্প, খনিজসম্পদ এবং গৃহায়ন ও বসতি স্থাপনসহ বনজসম্পদ উন্নয়ন ক্ষেত্র অধিকতর গুরুতপূর্ণ হওয়ায় উল্লিখিত ক্ষেত্রসমূহে অধিক সংখ্যক প্রকল্প গ্রহণের সুযোগ রয়েছে। হাওর অঞ্চল দারিদ্র্যপীড়িত ও সুবিধাবঞ্চিত হওয়ায় সকল প্রকল্পের সুবিধা সমভাবে সকল এলাকায় পৌঁছানো প্রয়োজন। এক্ষেত্রে মৌলিক চাহিদার প্রকল্প ক্ষেত্রসমুহকে অগ্রাধিকার দিয়ে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন কৌশল নির্ধারণ করার প্রয়োজনীয়তা রয়েছে। উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি, ডেল্টাপ্লান ২১০০ এর আলোকে হাওর মহাপরিকল্পনা হালনাগাদ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

হাওর ও জলাভূমি এলাকার উন্নয়ন কার্যক্রম মনিটরিং ও সমন্বয়

হাওর ও জলাভূমি এলাকায় বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন হাওর মহাপরিকল্পনাভুক্ত ও বহির্ভূত উন্নয়ন প্রকল্পের কার্যক্রম এ অধিদপ্তরের মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ পরিদর্শন করেন। ২০২১-২২ অর্থ বছরে হাওর এলাকার সুনামগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোণা জেলার ১৪টি উপজেলায় ২২৯টি বন্যা নিয়ন্ত্রণ ও ফসল রক্ষা বাঁধের নির্মাণ ও মেরামত কার্যক্রমসহ অন্যান্য দপ্তর/সংস্থার উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করা হয়। হাওর ও জলাভূমি এলাকায় বাস্তবায়িতব্য বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) দপ্তর/সংস্থার বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণে মতামত প্রদান করা হয়। এ ছাড়াও হাওর মহাপরিকল্পনার আওতায় হাওর এলাকায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যক্রম মনিটরিং ও সমন্বয়ের নিমিত্ত বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের নিয়ে জুম প্লাটফর্মে ৩টি সমন্বয় সভা করা হয়।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও অধিদপ্তরের মহাপরিচালকের মধ্যে ২৭ জুন ২০২২ খ্রি. তারিখে স্বাক্ষরিত হয়। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অধিদপ্তরের অর্জন ৯৭.৯৮%।

ই-সেবা কার্যক্রম

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dbhwd.gov.bd) অধিদপ্তরের কার্যাবলি, সিটিজেন চার্টার, হাওর মহাপরিকল্পনা, বিভিন্ন সমীক্ষা প্রকল্পের প্রতিবেদন ইত্যাদি সর্বসাধারণের জন্য উন্মুক্ত রয়েছে।

বিশ্ব জলাভূমি দিবস ২০২২ উদ্‌যাপন

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে ২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে **বিশ্ব জলাভূমি দিবস ২০২২** উদযাপন উপলক্ষে "জলাভূমি: জীববৈচিত্র্য, জীবন ও জীবিকা" বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে দিবসটি উদ্‌যাপন করা হয়।

উপসংহার

দেশের জলাভূমির বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য রক্ষা এবং সংশ্লিষ্ট জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর সীমিত সংখ্যক জনবল নিয়ে হাওর ও জলাভূমি এলাকার উন্নয়ন কার্যক্রম সমন্বয় ও মনিটরিং করে আসছে। এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমীক্ষা প্রকল্পের তথ্য ও সুপারিশ বিভিন্ন দপ্তর/সংস্থার উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করছে। এ ছাড়াও জলজ প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সমন্বিত টেকসই ব্যবস্থাপনা নিশ্চিতকরণ ও জলাভূমি কেন্দ্রিক মানুষের জীবনমান উন্নয়নের জন্য সমীক্ষা প্রকল্পের পাশাপাশি বিনিয়োগ প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। নবসৃষ্ট এ অধিদপ্তরের জনবল নিয়োগ বিধিমালা অনুমোদন প্রক্রিয়াধীন থাকায় অধিদপ্তরে জনবল নিয়োগ এখনো সম্ভব হয়নি। অধিদপ্তরে পূর্ণাঙ্গ জনবল নিয়োগ করা সম্ভব হলে দপ্তরের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জলজ বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য রক্ষা ও জীবনযাত্রার মান উন্নয়নে অধিকতর অবদান রাখা সম্ভব হবে।

ছবিতে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম ২০২১-২০২২



চিত্র-১: ১৫ আগস্ট ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে আলোচনা ও দোয়া মাহফিল।



চিত্র-২: ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে ধানমন্ডির ৩২ নং -এ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন।



চিত্র-৩: ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে ধানমন্ডির ৩২ নং -এ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন।



চিত্র- ৪: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি এর উপস্থিতিতে সিনিয়র সচিব জনাব কবির বিন আনোয়ার এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ মাশুক মিয়া এর মধ্যে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর।



চিত্র-৫: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী একেএম এনামুল হক শামীম, এমপি কর্তৃক বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় পরিদর্শন।



চিত্র-৬: পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কবির বিন আনোয়ার কর্তৃক বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় পরিদর্শন।



চিত্র-৭: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার হাওর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃনির্মাণ কার্যক্রম পরিদর্শন।



চিত্র-৮: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক হাকালুকি হাওরে উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ এবং চেয়ারম্যান, ঘিলাছড়া ইউনিয়ন এর উপস্থিতিতে পরিচালিত গণশুনানীর ফটোসেশন।



চিত্র-৯: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলার হাওর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃনির্মাণ কার্যক্রম পরিদর্শন।



চিত্র-১০: ২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিশ্ব জলাভূমি দিবস ২০২২ উদযাপন উপলক্ষে জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর-এর সভাপতিত্বে সেমিনার।



চিত্র-১১: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর সভাপতিত্বে ৪র্থ শিল্প বিপ্লবের অভিঘাত বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা।



চিত্র-১২: জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া এনডিসি, পরিচালক (যুগ্মসচিব) কর্তৃক কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলার হাওর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃনির্মান কার্যক্রম পরিদর্শন।



চিত্র-১৩: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "সুনামগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন" প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।



চিত্র-১৪: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "আজিজুননেসা টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, ডুংরিয়া, দক্ষিণ সুনামগঞ্জ" স্থাপন প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।



চিত্র-১৫: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক EbA to Adaptation in the Drought Prone Barind Tract and Haor Wetlands Area শীর্ষক প্রকল্পের সাইট পরিদর্শন।



চিত্র-১৬: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আকস্মিক বন্যায় শাল্লা উপজেলার ঝুঁকিপূর্ণ ডুবন্ত ফসল রক্ষা বাঁধ পরিদর্শন।



চিত্র-১৭: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মনু নদীর ভাঙ্গন ভাঙ্গন হতে মৌলভীবাজার সদর রাজনগর কার্যক্রম পরিদর্শন।



চিত্র-১৮: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর সভাপতিত্বে হাওর মহাপরিকল্পনার আওতায় বিভিন্ন দপ্তর/সংস্থার প্রকল্প পরিচালক/প্রতিনিধির উপস্থিতিতে সমন্বয় সভা।



চিত্র-১৯: জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া এনডিসি, পরিচালক (যুগ্মসচিব) এর সভাপতিত্বে জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন প্রণয়ন কমিটির সভা।



চিত্র-২০: জনাব মোঃ মাশুক মিয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর সভাপতিত্বে মাসিক সমন্বয় সভা।



চিত্র-২১: ড. আলী মুহম্মদ ওমর ফরুক, পরিচালক (উপসচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নেত্রকোণা জেলার মদন উপজেলার হাওর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃনির্মাণ কার্যক্রম পরিদর্শন।



চিত্র-২২: ড. আলী মুহম্মদ ওমর ফরুক, পরিচালক (উপসচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক রাজাপুর বাজার, ধর্মপাশা, সুনামগঞ্জ এ অংশিজনের সাথে হাওর ও জীবন-যাত্রার মান উন্নয়ন বিষয়ে আলোচনা।



চিত্র-২৩: জনাবা নূর জাহান খানম, উপপরিচালক (সি. সহকারী সচিব) ও গাজী মিজানুর রহমান, সহকারী পরিচালক (সহযোগী অধ্যাপক), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সুনামগঞ্জ জেলার সদর উপজেলার হাওর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃনির্মান কার্যক্রম পরিদর্শন।



চিত্র-২৪: জনাব মোঃ খায়রুল আলম সুমন, উপপরিচালক (সি. সহকারী সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নেত্রকোণা জেলার খালিয়াজুড়ি উপজেলার হাওর এলাকায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃনির্মাণ কার্যক্রম পরিদর্শন।

পানি সম্পদ মন্ত্রণালয়ের
আওতাধীন ট্রাস্টসমূহ



Water Environment & Climate

ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং

www.iwmbd.org



সপ্তম অধ্যায়: ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (IWM)

ভূমিকা

সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে পানিতাত্ত্বিক মডেলিং, কম্পিউটেশনাল হাইড্রলিক্স এবং এতদসংশ্লিষ্ট বিজ্ঞানভিত্তিক বিশ্বমানের সেবা প্রদান করে আসছে আইডব্লিউএম। সামগ্রিক পরিকল্পনার মাধ্যমে বিভিন্ন পানি বিষয়ক সমস্যার সমাধান সম্ভব। ১৯৮৬ সালে একটি UNDP কারিগরি সহায়তা প্রকল্প হিসেবে IWM-এর যাত্রা শুরু হয়। তখন এর নাম ছিলো Surface Water Simulation Modelling Programme (SWSMP)। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে মন্ত্রিসভার সিদ্ধান্তের মাধ্যমে Surface Water Modelling Centre (SWMC) কে একটি ট্রাস্ট হিসেবে প্রতিষ্ঠা করেন। ২০০২ সালের ১ আগস্ট থেকে এই প্রতিষ্ঠানের নতুন নামকরণ হয় Institute of Water Modelling (IWM)। আইডব্লিউএম গাণিতিক মডেলিং প্রযুক্তিতে উৎকর্ষের প্রতীক হিসেবে কাজ করছে এবং পানি সম্পদ সংশ্লিষ্ট সকল বিষয়কে সামগ্রিক বিবেচনায় এনে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে গুণগতমান উন্নয়নে পরামর্শ সেবা প্রদান নিশ্চিত করছে।

ট্রাস্ট হিসেবে কার্যক্রম পরিচালনা

সমন্বিত পানি ব্যবস্থাপনার আলোকে গাণিতিক মডেলের সার্বজনীন ব্যবহার ও উৎকর্ষ সাধনের জন্য ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (IWM) এর প্রতিষ্ঠা পানি সম্পদ খাতে সরকারের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়েছে। প্রতিষ্ঠানটি ১৮৮২ সালের ট্রাস্ট এক্ট এর আওতায় ট্রাস্ট হিসেবে প্রতিষ্ঠিত ও নিবন্ধিত হয়।

প্রতিষ্ঠানটি পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব-এর সভাপতিত্বে ১৫ সদস্য বিশিষ্ট বোর্ড অব ট্রাস্টিজ দ্বারা পরিচালিত। অন্যান্য ট্রাস্টিগণের মধ্যে রয়েছেন মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড; প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর; প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর; মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা; প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; যুগ্ম সচিব (বাস্তবায়ন-২) অর্থ মন্ত্রণালয়; অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়; প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়; মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ পরিবহন কর্তৃপক্ষ; প্রধান নির্বাহী কর্মকর্তা, ড্যানিশ হাইড্রলিক্স ইনস্টিটিউট, ডেনমার্ক; প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি); বিভাগীয় প্রধান, পানি সম্পদ প্রকৌশল বিভাগ, বুয়েট (ট্রেজারার), মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন আইডব্লিউএম এর নির্বাহী পরিচালক।

অধিক্ষেত্র

ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং বাংলাদেশের একমাত্র স্বীকৃত গাণিতিক মডেলিং সেবাদানকারী বিশ্বমানের প্রতিষ্ঠান। সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন মডেলিং, জলাভূমি ব্যবস্থাপনা, কৃষি ও সেচ ব্যবস্থাপনা, ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা, নগর পানি সরবরাহ ব্যবস্থাপনা, পানির গুণগত মান ও পরিবেশগত ব্যবস্থাপনা, ফ্লুভিয়াল হাইড্রলিক্স, নদী প্রকৌশল, বন্যা ব্যবস্থাপনা, সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা, উপকূলীয় হাইড্রলিক্স এবং মরফোলোজি, বন্দর এবং অবকাঠামো ব্যবস্থাপনা, মোহনা এবং মেরিন সিস্টেম ব্যবস্থাপনা, পানি সম্পদ পরিকল্পনা, সফটওয়্যার ব্যবস্থাপনা এবং তথ্য প্রযুক্তিগত সমাধান, জিআইএস এবং রিমোট সেন্সিং, হাইড্রজিওলজিক্যাল অনুসন্ধান, টপোগ্রাফিক এবং হাইড্রগ্রাফিক জরিপ ইত্যাদি ক্ষেত্রে আইডব্লিউএম এর কর্মকান্ড বিস্তৃত। আইডব্লিউএম সমীক্ষা শুধু বাংলাদেশেই সীমাবদ্ধ নয়, মালয়েশিয়া, ভারত, নেপাল, তাজিকিস্তান, শ্রীলংকা, ফিলিপাইন, তুরস্ক, কম্বোডিয়া ইত্যাদি দেশেও আইডব্লিউএম সাফল্যের সাথে সমীক্ষা পরিচালনা করছে।

ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং এর অরগানোগ্রাম



ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং এর জনবল

আইডব্লিউএম-এর বর্তমান জনবল প্রায় ৩৯৮ জন যার মধ্যে ৭০% ই দেশ ও বিদেশ থেকে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চশিক্ষা ও প্রশিক্ষণপ্রাপ্ত উঁচুমানের বিশেষজ্ঞ।

ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং এর জনবল সংখ্যা

শ্রেণী	বর্তমানে কর্মরত
বিশেষজ্ঞ কর্মকর্তা	২৯৫
কর্মচারী ও সাপোর্ট স্টাফ	৫৪
সার্ভেয়ার/ ডিইও	৫২
মোট	৩৯৮

মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ

উত্তরোত্তর মানব সম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনার আয়োজনের মাধ্যমে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির প্রয়াসে আইডব্লিউএম সর্বতভাবে নিবেদিত। মানব সম্পদ উন্নয়নে যে সমস্ত কর্মসূচী এই সংস্থা হতে আয়োজন করা হয় তা সংক্ষেপে বর্ণিত হলো।

- পানি ও পরিবেশ সংক্রান্ত জ্ঞান ও প্রযুক্তি বিকাশের নিমিত্তে কর্মশালা ও সেমিনার।
- সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান সমূহের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন পরিশেষে প্রকল্প সমূহ সম্পর্কে অবহিত করণ ও তথ্য প্রদানের জন্য সেমিনার আয়োজন করা।
- আইডব্লিউএম এর নিজস্ব স্টাফদের উন্নয়নে মডেলিং ও পরিকল্পনা প্রণয়নে দেশীয় প্রশিক্ষণ।
- সহযোগী সংস্থা সমূহের বিভিন্ন গোষ্ঠীগত উদ্যোগে জ্ঞান ও প্রযুক্তি বিকাশে প্রশিক্ষণে অংশ গ্রহণ।
- বিশ্ববিদ্যালয় ও কারিগরী কলেজ সমূহের শেষ বর্ষের ছাত্র-ছাত্রীদের Industrial training প্রদান।

- আইডব্লিউএম এর নিজস্ব স্টাফদের বিদেশে উচ্চতর প্রশিক্ষণ, ডিগ্রী ও গবেষণা সাপোর্ট প্রদান।
- বিদেশী ছাত্র ছাত্রীদের মাস্টার্স, পি এইচ ডি পর্যায়ের ডিগ্রী লাভে গবেষণা সাপোর্ট প্রদান।
- NAHRIM, Malaysia কে প্রশিক্ষণ দেয়া
- Client based Technology Transfer Training

প্রশিক্ষণ কর্মসূচী

আইডব্লিউএম তার বিশেষজ্ঞ প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাদেরকে নিয়মিত প্রশিক্ষণদানের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি ও হালনাগাদ করার জন্য সবসময় সচেষ্ট থাকে। প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন নিয়মিত কাজের একটি অংশ। ২০২১-২২ অর্থবছরে আইডব্লিউএম এর নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে প্রায় ২৩ টি প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করে এবং তাতে দুই শতাধিক প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তা এই প্রশিক্ষণ গ্রহণ করেন।



কর্মদক্ষতা উন্নয়নের লক্ষে IWM এর নিজস্ব প্রশিক্ষণ কক্ষে প্রশিক্ষণরত IWM এর প্রশিক্ষণার্থীবৃন্দ

সিএসআর প্রোগ্রামে আইডব্লিউএম

কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) কার্যক্রম সামাজিক উন্নয়নে সার্বিক অবদান রক্ষাকল্পে আইডব্লিউএম তিনটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র চিহ্নিত করেছে ঃ

১. পরিবেশের সামিগ্রিক উন্নয়ন
২. দায়িত্বশীল ব্যবসায়িক অনুশীলন
৩. প্রযুক্তিগত জ্ঞান সকলের মধ্যে ভাগাভগি করা

আইডব্লিউএম এর কর্মকান্ড প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জনস্বার্থে ও সমাজ উন্নয়নে ভূমিকা রাখে। বন্যা নিয়ন্ত্রণ, পানি সম্পদ উন্নয়ন প্রকল্পগুলোর জন্য টেকসই পরিকল্পনা প্রণয়নে, পানি ও মৃত্তিকা সম্পদ উন্নয়নে ইকোসিস্টেম ও পরিবেশগত গুনমান ও ব-দ্বীপ উন্নয়নে আইডব্লিউএম এর কর্মকান্ড বিস্তৃত রয়েছে। এসব কর্মকান্ড বাস্তবায়িত হচ্ছে সভা, কর্মশালা এবং ব্যবহারকারী সম্মেলনের মাধ্যমে জ্ঞান বিকাশ এবং স্থানান্তরের উপর ভিত্তি করে। আইডব্লিউএম অতীতে যৌথ গবেষণার জন্য বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর পানি সম্পদ প্রকৌশল অনুষদকে তহবিল সরবরাহ করেছিল। আইডব্লিউএম শুধুমাত্র প্রকৌশল অনুষদের শিক্ষার্থীদেরই নয়, বাণিজ্য ও বিজ্ঞান স্নাতকদেরও ইন্টার্নশিপের জন্য উৎসাহিত করে। আইডব্লিউএম ব্যবস্থাপনার সিদ্ধান্তগুলি স্বাস্থ্য, নিরাপত্তা এবং কর্মীদের সম্পদের কল্যাণ দ্বারা পরিচালিত হয়। সম্প্রতি সংস্থাটি তার নিয়মিত কর্মীদের সহায়তা করার জন্য কল্যাণ তহবিল পরিচালনার জন্য বোর্ড অব ট্রাস্টি (BoT) থেকে অনুমোদন পেয়েছে। আইডব্লিউএম একটি বন্যাকবলিত স্কুল ভবন নির্মাণেও সহায়তা প্রদান করেছে। মহামারী চলাকালীন, আইডব্লিউএম তার কর্মীদের প্রয়োজনে চিকিৎসা সেবা প্রদান করেছে। আইডব্লিউএম টেকসই উন্নয়নের বিষয়েও সচেতন এবং এর জন্য আইডব্লিউএম ভবনকে একটি "গ্রিন বিল্ডিং" হিসেবে নির্মাণ করা হয়েছে, যা প্রকৃতি সংরক্ষণে আইডব্লিউএম -কাজ করছে। আইডব্লিউএম পানি সম্পদ মন্ত্রণালয়ের অধিনে অলাভজনক গবেষণাধর্মী একটি ট্রাষ্টি প্রতিষ্ঠান। এবং আইডব্লিউএম, পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একটি ট্রাষ্ট বোর্ড দ্বারা পরিচালিত।

জরিপ কাজে IWM এর প্রযুক্তিগত সক্ষমতা

নদীমাতৃক বাংলাদেশে পানি সম্পদ ব্যবস্থাপনায় বিজ্ঞান ভিত্তিক ও টেকসই প্রযুক্তির ব্যবহার আমাদের জাতীয় অর্থনীতিকে করছে উত্তরোত্তর সমৃদ্ধশালী। এরই ধারাবাহিকতায় পানি সম্পদকে সর্বোচ্চ অর্থনৈতিক উন্নয়নে ব্যবহারের জন্য, সঠিক ও উন্নত প্রযুক্তির টেকসই অবকাঠামো নির্মাণ একটি অপরিহার্য অংশ। উন্নত প্রযুক্তির টেকসই এবং দীর্ঘস্থায়ী অবকাঠামো নির্মাণ একটি ব্যয়বহুল কাজ। এসব অবকাঠামো নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ে প্রয়োজন হয় দীর্ঘমেয়াদি তথ্য উপাত্ত ও সঠিক পরিকল্পনা। সঠিক পরিকল্পনা প্রণয়নে প্রয়োজন বিজ্ঞান ভিত্তিক ও অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে সার্ভে কাজ সম্পাদন করা। এই সার্ভে তথ্য ও উপাত্ত সংগ্রহে প্রয়োজন আধুনিক প্রযুক্তি এবং দক্ষ জনবল। গত ২৫ বছর ধরে আইডব্লিউএম দক্ষ জনবল দিয়ে পানি সম্পদ অবকাঠামো নির্মাণের পরিকল্পনা প্রণয়নে সঠিক তথ্য উপাত্ত সংগ্রহের কাজ করে আসছে। বর্তমানে আইডব্লিউএম- এর রয়েছে সর্বাধুনিক মাল্টিবিম

ইকোসাউন্ডার (Multibeam Echosounder System), 3D টেরেস্ট্রেরিয়াল লেজার স্ক্যানার (3D Terrestrial Laser Scanner), আরটিকে -জিপিএস (RTK-GPS Receiver), ইউএভি (Unmanned Aerial Vehicle (UAV) এবং (Acoustic Doppler Current Profiler (ADCP) অ্যাকোস্টিক ডপলার প্রোফাইলারের মতো অত্যন্ত বিশেষায়িত যন্ত্রপাতি। এসব বিশেষায়িত যন্ত্রপাতি, এসবের সঠিক ব্যবহার পদ্ধতি এবং দক্ষ জনবল এ প্রতিষ্ঠানের জরিপ সক্ষমতাকে বিশ্বমানে পৌঁছে দিয়েছে।

Acoustic Doppler Current Profiler (ADCP)



ডিপ্লমেন্ট অফ ADCP হাইড্রোগ্রাফিক ডাটা: নদীর স্রোতের ডাটা সংগ্রহের জন্য ADCP ডিপ্লয়মেন্ট করা হয় কুতুবদিয়া চ্যানেলে

নদী ও সমুদ্রতীরের ঢেউ ও স্রোতের প্রবাহ পরিমাপের জন্য IWM ADCP ব্যবহার করে থাকে। প্রথম ADCP ২০০৪ সালে RD Instrument থেকে সংগ্রহ করা হয়। পরবর্তীতে ডাটা সংগ্রহের প্রয়োজন বৃদ্ধি পাওয়ায় আরও কিছু ADCP কেনা হয়। IWM এর সংগ্রহে দুই ধরণের ADCP আছে। অভ্যন্তরীণ নদীতে সার্ভে নৌকাতে ADCP স্থাপন করে, উপাত্ত সংগ্রহ এবং প্রবাহ পরিমাপ করা হয়। ADCP তাৎক্ষনিক গভীরতা, shiptracking গতিবেগ এবং Discharge পরিমাপ করে। এই Bathmetric/ Oceanographic জরিপ IWM Workhorse Rio Grande 600kHz এবং River Ray 600Hz মডেল ব্যবহার করে। সমুদ্রতীরের একটি নির্দিষ্ট স্থানে Continuous time series data সংগ্রহ প্রয়োজন হয়, সেখানে স্থির স্থাপনায় ADCP বসানো প্রয়োজন। উপরোক্ত উপাত্ত পরিমাপের জন্য IWM এর সংগ্রহে ৩টি Sentinel V ADCP আছে। ADCP স্বল্পকালীন সময়ের জন্য নৌকায় স্থাপন যোগ্য যেখানে শুধুমাত্র পানির প্রবাহ পরিমাপ করা প্রয়োজন। দীর্ঘকালীন উপাত্ত সংগ্রহের জন্য ADCP সাগরের তলদেশে স্থাপনা নির্মাণ করে তার উপরে বসানো হয়। এই কাজে ডুবুরির সহায়তা আবশ্যক। এই ADCP যন্ত্রে ব্যাটারী সংযুক্ত থাকে এবং উপাত্ত সরাসরি ADCP তে সংরক্ষিত হয়, এতে Tilt Sensor and Pressure Sensor আছে যা যন্ত্রের সার্বিক অবস্থান ও পানির গভীরতা নির্দেশ করে। এটি সার্বক্ষনিক ভাবে পানির প্রবাহ ও ঢেউয়ের উচ্চতা রেকর্ড করে। Wi-Fi এর সাহায্যে ADCP থেকে উপাত্ত সংগ্রহ করা হয়ে থাকে এবং প্রয়োজনে পুনরায় স্থাপন করা যায়।



রিয়েল টাইম ডিসচার্জ মেজারমেন্ট ADCPর মাধ্যমে পরিমাপ করা হয়



ADCP দ্বারা সমুদ্রের মধ্যে বর্তমান গতি এবং দিক পর্যবেক্ষন করা হয়।

Multibeam Echosounder System

সার্ভে কভারেজ এরিয়া বিশাল হলে এই যন্ত্রে Bathymetric Survey তে ব্যবহার করা হয়। IWM এর সংগ্রহে করেছে ২টি Multibeam Echosounder System। যার একটি Teledyne Reson (Model T20R) and Teledyne Odom (Model MB2)। Model T2OR, সমুদ্রতলদেশ পরিমাপে 512 beams ও 165 -degree swath width পর্যন্ত কভার করে। T20R এর উপাত্ত উচ্চ রেজোলিশন সমৃদ্ধ এবং প্রায় শব্দহীনভাবে কাজ করে। Model MB2 টিও একটি



রিয়েল টাইম মাল্টিবিম ইকোসাউন্ডারের মাধ্যমে হাইড্রোলজি ডাটা সংগ্রহ

উচ্চ মানের যন্ত্র যা 512 beam and 140 degree Swath Width ব্যবহার করে নদী ও সমুদ্রের তলদেশ জরিপ করতে পারে। এই যন্ত্র বন্দর, ড্রেজিং পর্যবেক্ষন, নদী শাসন জরিপ, ব্রীজের piers এর চারপাশের Scour Hole জরিপ করতে ব্যবহার করা যায়।



MB2 দ্বারা কুতুবদিয়া চ্যানেলে ট্রায়াল ড্রেজিং পিট মনিটরিং করা হয়



Reason T20R সিস্টেম দ্বারা সিরাজগঞ্জের ক্রসবার ৩ এ যমুনায় ব্যাথিম্যাট্রিক জরিপ

Optical Backscatter Sensor

মেট ওসেন সার্ভেতে পানির অসচ্ছতা (Turbidity) পরিমাপে এটি ব্যবহার করা হয়। সমুদ্রতলদেশে স্থাপিত এই যন্ত্র একটানা উপাত্ত সংগ্রহ করতে সক্ষম। এই যন্ত্রটি তাপমাএা, কন্ডাক্টিভিটি, অস্বচ্ছতা এবং চাপ পরিমাপ (Pressure Sensor) করতে সক্ষম। অস্বচ্ছতা (Turbidity) NTU এককে পরিমাপ করা হয়। সাধারনত পানির নমুনায় সাসপেন্ডেড সেডিমেন্টের ঘণত্বের সাথে অস্বচ্ছতা উপাত্তের সম্পর্ক থাকে। IWM, Campblell Scientific Instrument Aquatroll In Situ Instruments থেকে OBS 3 সংগ্রহ করেছে।





Figure: Calibration OBS Data (NTU) with Water Sample Data (SSC mg/l)

Bathymetric Survey (Single Beam)

IWM বিগত ২৪ বছর ধরে আধুনিক প্রযুক্তির জিপিএস এবং ডিজিটাল হাইড্রোগ্রাফিক সার্ভে করে আসছে। Bathymetric Survey করার জন্য IWM এর তিনটি সার্ভে বোট আছে। এছাড়াও প্রয়োজনে স্থানীয়ভাবে ভাড়া করা ইঞ্জিন চালিত নৌকা দিয়ে জরিপ কাজ পরিচালনা করা হয়। ইকো সাউন্ডার শব্দ তরঙ্গ প্রেরণ করে এবং তার প্রতিধ্বনি নদীর তলদেশ থেকে ফেরত আসার সময়ের ভিত্তিতে পানির গভীরতা নিরুপন করে। IWM-এর সবগুলো ইকো সাউন্ডার উচ্চ মানের এবং হাইড্রোগ্রাফিক জরিপের সময় কম্পিউটারে ডিজিটাল সঙ্কেত প্রেরণে সক্ষম। GPS ইকো সাউন্ডারের সঠিক নেভিগেশন ও রেকর্ডিং অবস্থান নিরুপন করে। এই যন্ত্রের সাথে Trimble Hydro Pro, Hypack or PDS Software সম্বোলিত একটি ল্যাপটপ সংযুক্ত থাকে। এই Software নৌকাটির সার্বক্ষনিক অবস্থান প্রদর্শন করে এবং সকল ডাটা কম্পিউটারে রেকর্ড করে। Raw data অফিসে পর্যবেক্ষণ ও পরিশোধন করা হয় এবং পরিশোধিত ডাটা পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী অন্যান্য সফটওয়্যারে পুনরায় পরিশোধন (Process) করা হয়। IWM এর ২টি Dual Frequency এবং ৬টি Single Frequency Echosounder আছে।



পুরাতন ব্রহ্মপুত্র ড্রেজিং কাজে নিয়োজিত ব্যাথিম্যাট্রিক সার্ভে বোট (IWM সার্ভে ভেসেল ১)



IWM এর তরুণ প্রকৌশলীদের জামালপুরে জরিপ কাজে অংশগ্রহণ

3D টেরেস্ট্রিয়াল লেজার স্ক্যানার

টেরেস্ট্রিয়াল লেজার স্ক্যানার একটি অত্যাধুনিক প্রযুক্তি যা লেজার স্কানিং প্রযুক্তি ব্যবহার করে 3D পয়েন্ট ক্লাউড পরিমাপ করা। IWM-এর রয়েছে Teledzne Optech (Model: Polaris LR) যেটি একটি অত্যাধুনকি লেজার স্ক্যানার। লক্ষ্যের ধরণ অনুযায়ী যন্ত্রটি ১৫০০ মিটার দূরত্ব পর্যন্ত স্ক্যান করতে সক্ষম। সময় ক্ষেপণ, ফাইলের আকার এবং অপ্রয়োজনীয় ডেটা দূর করার জন্য প্রয়োজন অনুযায়ী স্ক্যান এরিয়া কাস্টমাইজ করা যায়। এটি সরাসরি ভূ-রেফারেন্সযুক্ত ডাটা সংগ্রহ করতে পারে এবং এতে রয়েছে জিপিএস সেন্সর ও ক্যামেরা যার মাধ্যমে বস্তুর অবস্থান এবং ছবি সংগ্রহ করতে পারে। এই যন্ত্রটি উন্মুক্ত কয়লা খনি, স্থাপত্য ভবন, দুর্গম বস্তু (যেমন বিদ্যুতের টাওয়ার), সড়ক/রেল পথ, টানেল সহ বিভিন্ন জরীপ কাজে ব্যবহৃত হয়। সার্ভে-গ্রেড ডেটা সাব-সেন্টিমিটার নির্ভুলতা এবং উচ্চ রেজোলিউশনের সাথে সর্বনিম্ন ডেটা সংগ্রহ এবং স্বল্প সময়ে প্রক্রিয়াকরণ এই যন্ত্রটিকে ডেটা সংগ্রহের জন্য অনন্য করে তোলে।



টেরেস্ট্রিয়াল লেজার স্ক্যানার সেটআপ



চাঁপাই নবাবগঞ্জে সংগৃহীত টেরেস্ট্রিয়াল লেজার ডেটা

মানবহীন নভোযান (UAV)

IWM, UAV (ড্রোন) দ্বারা একটি টপোগ্রাফিক জরিপ পরিচালনা করছে যেখানে 3D DSM বা DTM প্রয়োজন। IWM এর রয়েছে DJI phantom 4 pro, version- 2 ড্রোন। DJI সফটওয়্যার দ্বারা পূর্বপরিকল্পিত আকাশপথে UAV (ড্রোন) পরিচালিত। চূড়ান্ত আউটপুটের জন্য Pix D এবং অন্যান্য সফটওয়্যারে ডেটা প্রসেস করা হয়।



DJI phantom 4 pro, version- 2 (বাম) এবং সাইটের 3D ভিউ (ডান)

RTK-GPS রিসিভার

রিয়েল টাইম কাইনেমেটিক জিপিএস (RTK GPS) জরিপ রেফারেন্স রিসিভার এবং রোভিং রিসিভারের মধ্যে রেডিও / জিপিআর ডেটা লিঙ্ক দিয়ে সঞ্চালিত হয়। IWM টিবিএম / গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট এস্টাবলিশমেন্ট, স্যাটেলাইট ইমেজ জিওরফারেন্সিং এবং অন্যান্য প্রচলিত ইঞ্জিনিয়ারিং / হাইড্রোগ্রাফিক্যাল সার্ভে পরিচালনার জন্য এই প্রযুক্তি ব্যবহার করছে যেখানে অনুভূমিক এবং উচ্চ নির্ভুলতা গুরুত্বপূর্ণ। বর্তমানে IWM এর Trimble, Hemisphere, EMLID এবং Polaris GNSS থেকে ৩০ টির বেশি RTK-GPS রিসিভার আছে।

আইডব্লিউএম কর্তৃক সম্পাদিত ২০২১-২০২২ অর্থবছরের গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের তালিকা

Project List	
1.	Supervision and Monitoring the Performance Dredging, Morphological and Environmental Impacts, Detailed design and Assessment of Effectiveness of Dredging for Restoration of Dry Season Flow, Improvement of Navigability and Flood Management of Four River Routes including Hydrographic and Bathymetric Survey Services, **BIWTA**
2.	Implementation support service to BWDB Taskforce during 2021-22, **BWDB**
3.	Long Term Monitoring, Research and Analysis of Bangladesh Coastal Zone, **BWDB**
4.	Emergency Multi-Sector Rohingya Crisis Response Project (EMCRP), **DPHE**
5.	Master plan on Meghna river pollution control, navigability increase and ensuring river bank stability, **DWASA**
6.	Preparation of Master Plan, Architectural Design, Detail Design, Drawings, BoQ, Tender Documentation & Construction Supervision of Bangabandhu Sheikh Mujibur Rahman Maritime University (BSMRMU) Permanent Campus at Chattogram, **BSMRMU**
7.	Construction supervision of road & drains for zone 01 to 05 under GCC 2nd phase, **Gazipur City Corporation (GCC)**
8.	Feasibility Study for Construction of Bridges over The River Meghna on Shariatpur-Chandpur Road & Gazaria-Munshiganj Road and Preparation of Master Plan for Bangladesh Bridge Authority, **BBA**
9.	Monitoring and Hydro-morphological Modelling of the Jamuna River at the Bangabandhu Sheikh Mujib Railway Bridge Construction Project, **Banladesh Railway**
10.	Management Support to the Mathematical Modelling Centre (MMC) for Water Resources Research & Development under Water Resources Department, **Government of Bihar**
11.	Consultancy Services on Surface Water Hydrology study for "Probable Site Selection for Construction of Nuclear Power Plant in the Southern Part of Bangladesh", **BAEC**
12.	Implementation Support Services in Connection with different ongoing projects of Bangladesh Water Development Board, **BWDB**
13.	Mathematical Modelling study for sustainable management of Gorai river basin including offtake, **BWDB**
14.	Feasibility Study and Detail Design for Construction of Large Bridges on Upazila, Union & Village Road Project (LBSP-2), **LGED**
15.	Site Specific Plan (SSP) and ODK Development" (Package no. SD -63A) under Sustainable Forests and Livelihoods (SUFAL) Project, **DOF**
16.	Understanding the Sea Level Rise Dynamics--Bangladesh Coast, **UK Met**
17.	Hydrological Monitoring and Implementation Support Service in Connection with Dredging/Re-Excavation of Bangali-Karotoa-Fuljor-Hurasagor River System with Bank Protection Project of 24 Engineer Construction Brigade, **Bangladesh Army**
18.	Study on Hydrological Investigation & Modelling of the State of Surface and Groundwater Resources in the High Barind Region, **WARPO**

Project List	
19.	Comprehensive Feasibility Study for Sustainable Restoration and Protection of Wetlands (Haor, baor, beel and connected rivers etc.) in Different Hydrological Regions of Bangladesh", **DBHWD**
20.	Consultancy Services for Development of Ferry Ghats at Sariakandi, Bogura and at Madarganj, Jamalpur for introducing ferry service between those places, **BIWTA**
21.	Joint Cooperation Programme Bangladesh - Netherlands, **Netherlands Embassy**
22.	Development of Water Distribution and Supply Facilities at Purbachal New Town Project through Public Private Partnership Project, **RAJUK**
23.	Consultancy Services for Bathymetric Survey and Monitoring for Supporting Implementation of Gorai River Dredging and Bank Protection Project during 2020-21 and 2021-22, **BWDB**

আইডব্লিউএম কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে গুরুত্বপূর্ণ চলমান প্রকল্পসমূহের তালিকা

Sl No.	Project List
1.	Long Term Monitoring, Research and Analysis of Bangladesh Coastal Zone; **BWDB**
2.	Supervision and Monitoring the Performance of Dredging, Morphological and Environmental Impacts, Detailed Design and Assessment of Effectiveness of Dredging; **BIWTA**
3.	Joint Cooperation Programme for Bangladesh; **GON**
4.	Pathway of scaling agriculture innovations for sustainable intensification in polders of Coastal Bangladesh; **BIWTA**
5.	Hydro-morphological Model Study and Strategic Planning for Char Development in the Meghna Estuary under CDSP Project phase IV-B(AF); **BWDB**
6.	Determination of Standard High-Water Level (SHWL) and Standard Low Water Level (SLWL) and Reclassification of Inland Waterways of Bangladesh; **BIWTA**
7.	Re-location of Existing Private Dockyards from the Bank of Buriganaga and Development of a Plan for Standard Dockyards Zone; **BIWTA**
8.	The selection of best suitable alignment for installation of submarine cable to connect Monpura Island with national power grid"; **WZPLC**
9.	Mathematical Model Study for Integrated Development and Sustainable Management Plan of Shahbazpur Channel of Lower Meghna River; **BWDB**
10.	Preparation of Draft DPP including Feasibility Study for "Upgradation of CDDL by constructing second Dry Dock including associated Shipbuilding Infrastructure project; **CDDL**
11.	Feasibility Study for Restoration and Development of Water Resource Management System of Kutubdia and Matarbari Island; **BWDB**
12.	Feasibility Study for Sandwip Island Erosion Protection and Development of Internal Water Management; **BWDB**
13.	Assessment of Effectiveness of Proposed Cross Dam for Land Reclamation Adjacent to Bhola Island near Tazumuddin Upazilla; **BWDB**
14.	Management Support to the Mathematical Modelling Centre (MMC) for Water Resources Research & Development under Water Resources Department, **Government of Bihar, India**
15.	Feasibility Study for Developing Eco-Friendly Reservoirs for Conservation and Utilization of Excess Rainwater of Hilly Streams of Sitakund; **BWDB**
16.	Expansion flood forecasting model & Improve inundation model in coastal and hotspot areas; **BWDB**

Sl No.	Project List
17.	Feasibility Study for Flood and Drainage Management of Haor Areas in Sunamganj District of Bangladesh; **BWDB**
18.	Selection of Consulting Firm for Consultancy Services for Procurement of Mouza Map Digitization and Geodatabase Creation, Dhaka Division; **Land Ministry**
19.	Selection of Consulting Firm for Consultancy Services for Procurement of Mouza Map Digitization and Geodatabase Creation, Barishal Division; **Ministry of Land**
20.	Selection of Consulting Firm for Consultancy Services for Procurement of Web Mapping: Development of Web Application for GIS Database Management and its Visualization; **Land Ministry**
21.	Development of Upazila Land Suitability Assessment and Crop Zoning System of Bangladesh-Phase II; **BARC**
22.	Consulting Services for Development of a Participatory Project Management Information System (PPMIS); **BWDB**
23.	Comprehensive Feasibility Study for Sustainable Restoration and Protection of Wetlands (Haor, baor, beel, and connected rivers etc.) in different Hydrological Regions of Bangladesh; **DBHWD**
24.	Hydrological Investigation & Modelling of the State of Surface and Groundwater Resources in the High Barind Region; **BWDB**
25.	Participatory Rural Appraisal (PRA) and Baseline Study of the State of Water Resources in the High Barind Region; **WARPO**
26.	Updating Feasibility Study for Kurigram Irrigation Project (North and South Unit); **BWDB**
27.	ESIA and ESMP Compliance and Effect Monitoring of the Sustainable Coastal and Marine Fisheries Project (SCMFP); **DoF**
28.	Rehabilitation of Barisal Irrigation; **BWDB**
29.	Detail Feasibility Study PRA & FS and "Detail Design (DD)" under Small Scale Water Resources Development Project (Phase-2) (SSSWRDP-2); **LGED**
30.	Feasibility Study for Augmentation, Conservation and Wise Use of Surface Water Resources through Dredging of the Upstream of Teesta Barrage and Bank Protection Work of the Teesta River in Kurigram District; **BWDB**
31.	Feasibility Study for Sylhet Division Agricultural production enhancement through Surface Water Management and Utilization; **BWDB**
32.	Monitoring of the Jamuna River for the Safety of RTWs of Bangabandhu Bridge during 2018 to 2022; **BBA**
33.	Hydro-Morphological Study of proposed 2nd Monu Bridge at road N-207, RHD, Moulvibazar; **RHD**
34.	Hydro-Morphological Study of Proposed Bridge over the Kushiyara River at (Z-2017) Road, RHD, Moulvibazar; **RHD**
35.	Hydro Morphological Surveys and Investigation of the Padma/Ganges River in connection with Land Reclamation in the Padma River adjacent to Rajshahi City Corporation Area; **RCC**
36.	Feasibility Study and Detail Design for Construction of Large Bridges on upazilla, Union & Village Road Project (FSB)-LBSP-2; **LGED**
37.	Hydro-morphological Study of Jamuna River at Manikganj; **BWDB**
38.	Hydro-Morphological Study of the Meghna River for technical feasibility of the bridges at Gazaria-Munshiganj and at Shariatpur-Chandpur Road; **BBA**

Sl No.	Project List
39.	Hydro-Morphological Study of 180-meter-long Bridge along with approach road at Cumilla Economic Zone connecting road under Road Division Narayangonj during the year 2020-2021; **RHD**
40.	Hydro-Morphological Study of 120-meter-long Bridge at Meghna Economic Zone connecting road under Road Division Narayangonj during the year 2020-2021; **RHD**
41.	Mathematical modeling study for sustainable management of the Gorai River basin including offtake; **BWDB**
42.	Mathematical Modelling Study for Selection of Two Intake Point locations on Padma Riverbanks near Hardinge Bridge; **BWDB**
43.	Chandpur Town Protection Works; **BWDB**
44.	Hydrological and Morphological Study for Riverbank Protection work of Tista River in order reinstate the washed-out Pavement at 11th km of Ulipur-Bozra-Chilmari (Z-5623); **RHD**
45.	Detailed Feasibility Study for Identifying Erosion Vulnerability and Protection of Proposed Economic Zone Construction at Bhuapur Upazilla in Tangail District; **BWDB**
46.	Feasibility Study for Protection of Majhir Ghat Area from Bank Erosion of Padma River in Upazila Zajira, District Shariatpur; **BWDB**
47.	Updating of the Morphological Study of the Sugandha River for BPW to Protect the Dowarika Bridge at Babugonj Upazila in Barisal; **RHD**
48.	Hydro-Morphological Study of The Padma River and Impact Assessment of the ongoing Intervention at Upstream and Downstream of The Padma Bridge; **Bangladesh Army**
49.	Mathematical modelling study for selection of an Intake Point location in the left branch of Meghna & Dhonagoda River; **DPHE**
50.	Sewerage master plan and detail design of priority works in Sylhet; **SCC**
51.	Emergency Multi-sector Rohingya Crisis Response Project (EMCRP); **DPHE**
52.	ESIA and RAP of Japanese EZ in Araihazar; **BEZA**
53.	Master Plan on Meghna River Pollution Control, Navigability Increase and Ensuring Riverbank Stability; **DWASA**
54.	Design Review and Construction Supervision of Mirersharai WTP; **BEZA**
55.	Detailed Design & Construction Supervision of Water Supply Network under Tetulzhora-Bhakurta Well Field Project Area; **DWASA**
56.	Supervision works for Test /Production Tubewell & Aquifer Test, Topographic survey and Data collections in Purbachol area; **BATB**
57.	Khulna Sewrage System Development Project, **KWASA**
58.	Study for AC Pipes Replacement in MODS Zone 1, 2, 3 & 6 under **DWASA**
59.	Restoration of Waterbodies for Sustainable Water Management in Dhaka Watershed; **DWASA**
60.	Modelling & DD for Water Supply Network of Aftabnagar; **DWASA**
61.	Dredging/Re-Excavation of Bangali-Karotoa-Fuljor-Hurasagor River System with Bank Protection Project; **Bangladesh Army**
62.	JDN Payra Port soil Sample Analysis; **Jan De Nul, NV, Belgium**
63.	Support to IHI for dredging and revetment works; **IHI**
64.	Survey, data collection and processing for Installation and maintenance of water gauges for surface water volume estimation (2nd Contract); **BWDB**
65.	Implementation support service to BWDB Taskforce during 2022-23; **BWDB**
66.	Multibeam Bathymetric Survey of the Padma River RTW at Jajira & Naria; **BWDB**

রাজধানী ঢাকার সদরঘাটের বিপরীতে বুড়িগঙ্গা নদীর ডান তীরে অপরিকল্পিতভাবে গড়ে উঠা বেসরকারী ডকইয়ার্ডগুলিকে সরিয়ে একটি সুবিধাজনক স্থানে পুনঃস্থাপন করার জন্য সমন্বিত, টেকসই, পরিবেশ বান্ধব পারিকল্পনা প্রণয়ন

রাজধানী ঢাকার সদরঘাটের বিপারীতে বুড়িগঙ্গা নদীর ডান তীরে অপরিকল্পিতভাবে গড়ে উঠা বেসরকারী ডকইয়ার্ডগুলিকে সরিয়ে একটি আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন অঞ্চলে পুনঃস্থাপন করার জন্য সমন্বিত, টেকসই পরিকল্পনা প্রণয়নের জন্য ৫ জুন, ২০২১ তারিখে ইন্‌স্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এবং বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহণ কতৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।





বাংলাদেশের সবচেয়ে ব্যস্ততম নদী-বন্দর সদরঘাটের বিপরীতে বুড়িগঙ্গা নদীর ডান তীরে অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে অনেক বেসরকারী ডকইয়ার্ড। গত এক দশকে নৌপথের যাত্রী সংখ্যা বৃদ্ধির সাথে সাথে বেড়েছে নৌযানের সংখ্যা, বড় হচ্ছে নৌযানের আকৃতি, তৈরী হচ্ছে বিভিন্ন আকৃতির নিত্য নুতন সুবিধা সম্পন্ন নৌযান। ফলে বাড়ছে ডকইয়ার্ডের ব্যস্ততা। ক্রমবর্ধমান নৌযান মেরামতের জন্য ক্ষুদ্র এলাকায় প্রচুর নৌযান একত্রিত হয়ে নেভিগেশনে ট্রাফিক বৃদ্ধি পাচ্ছে। যা নৌ-দুর্ঘটনার অন্যতম কারণ। তদুপরি প্রতিটি ডকইয়ার্ডের নিজস্ব Barthing Facility না থাকার কারণে লঞ্চগুলোকে নদীর চলাচলের পথে নোঙ্গর করে রাখার ফলে নদীপথ অস্বাভাবিক রকমের সরু হয়ে গেছে। নদীর দূরবর্তী এলাকা নগরায়ণ ক্রমবর্ধমান বিধায় নদী পথে নৌযন নির্বিঘ্নে চলাচলের জন্য একে (নদীপথকে) উন্মুক্ত রাখা জরুরী।

ডকইয়ার্ডটি সুবিধাজক স্থানে পুনঃস্থাপন করার স্থান নির্ধারণের নির্ণায়ক হিসাবে তথ্য উপাত্ত বিশ্লেষণ বর্তমান হাইড্রো-মর্ফোলজিক্যাল অবস্থা, পরিবেশ ও সামজিক জীবনের উপর এর প্রভাব বিশ্লেষণ, অংশীজনদের মতামতকে প্রধান্য দেয়া হয়েছে। তিনটি স্থান প্রাথমিক বিবেচনায় উঠে এসেছে। জমির প্রাপ্যতা এক্ষেত্রে অন্যতম প্রধান নির্ধারক হিসাবে বিবেচিত।

পুনঃস্থাপনের স্থান নির্ধারন কল্পে স্থান নির্ধারণে সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ কল্পে পরিবেশ বান্ধব, পরিবেশের উপর বিরুপ প্রভাব না পড়ার সব রকম সম্ভবনা বিশেষ বিবেচনায় নেয়া হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের সময় উল্লেখিত সব বিষয়াদি পুরোপুরি বিবেচনায় রাখা জরুরি।

মনপুরা দ্বীপকে জাতীয় পাওয়ার গ্রীডের সাথে যুক্ত করতে পশ্চিম শাহবাজপুর চ্যানেলে সাবমেরিন পাওয়ার ক্যাবল স্থাপনের পরিকল্পনা ও নকশা প্রণয়ন

মনপুরা একটি ১১৫ বর্গ কিলোমিটার আয়তনের দ্বীপ। এটি ভোলা জেলা সদর থেকে ৮০ কিলোমিটার দক্ষিন-পূর্বে অবস্থিত যেখানে প্রায় ১২৫,০০০ লোকের বসবাস। এ বিশাল জন গোষ্ঠীর জন্য বর্তমানে বিভিন্ন সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠান অতি উচ্চ ইউনিট মূল্যে মাত্র কয়েক ঘন্টার জন্য জেনারেটর ও সৌরবিদ্যুতের মাধ্যমে বিদ্যুত সরবরাহ করে থাকে। স্থানীয়দের কাছে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎতের চাহিদা রয়েছে। এসব বিবেচনায় রেখে WZPDCL পশ্চিম শাহবাজপুর চ্যানেলে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে মনপুরা দ্বীপকে জাতীয় পাওয়ার গ্রীডের সাথে একীভূত করার একটি প্রকল্প হাতে নিয়েছে। ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) সাবমেরিন পাওয়ার ক্যাবলের পরিকল্পনা এবং ডিজাইনের জন্য উপদেষ্টা প্রতিষ্ঠান নিযুক্ত হয়।



পশ্চিম শাহবাজপুর চ্যানেলের মরফলোজি অত্যন্ত সক্রিয় বিধায় সেখানে সাবমেরিন ক্যাবল স্থাপনের জন্য নির্ভরযোগ্য স্থান পাওয়া বেশ কঠিন কাজ। নদীর তীরের অবস্থান, তীর ভাঙ্গা-গড়ার প্রবণতা এবং ধরণ, নদীর তলদেশের বর্তমান এবং অতীত পরিবর্তনের বৈশিষ্ট, সাবমেরিন ক্যাবলের দৈর্ঘ্য, স্থান ও সহজলভ্যতা, জাতীয় পাওয়ার গ্রীড ও নিকটস্থ নদী তীর যেখান থেকে সাবমেরিন ক্যাবল মূল চ্যানেল অতিক্রম করতে শুরু করবে এর দূরত্ব, স্থানীয় অংশীজনদের বিভিন্ন রকম সুবিধা-অসুবিধা সবগুলো অতি গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনায় নেয়া হয়েছে।

উল্লিখিত বিষয়গুলো বিবেচনার পাশাপাশি, হাইড্রোলজিকাল এবং মরফোলজিক্যাল বৈশিষ্টগুলি বিশেষ বিবেচনায় নিয়ে সাবমোরিন ক্যাবল লাইন স্থাপনের সম্ভাব্য তিনটি স্থানকে সনাক্ত করা হয়েছে। এ তিনটি সম্ভাব্য স্থানের মধ্যে তিন নাম্বার স্থানটি সবেচেয়ে উপযুক্ত বলে মনে হয়েছে।

বাংলাদেশের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ সেবার সক্ষমতা উন্নয়ন

প্রতি বছর বর্ষায় প্রচুর বৃষ্টিপাত এবং শহরাঞ্চলের দুর্বল নিষ্কাশন ব্যবস্থা, জলাব্ধতা, স্বাস্থ্য সমস্যাসহ গুরুতর অর্থনৈতিক ক্ষতির সৃষ্টি করে। পূর্বে কাঠামোগত ব্যবস্থার উপর সম্পূর্ন গুরুত্ব দেওয়া হলেও বর্তমানে বন্যা পূর্বাভাস ও সতর্কতা ব্যবস্থার বিকাশ এবং সঠিক ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। ১৯৯৫-১৯৯৯ এবং ২০০০-২০০৫ সালের মধ্যে, DANIDA এর সহায়তায়, IWM ও DHI একত্রে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র (FFWC)-কে একটি দেশব্যাপী বন্যা পূর্বাভাস মডেলের উন্নয়ন এবং কার্যকরীকরণে সহায়তা করেছিল যা প্লাবনভুমির বন্যা পূর্বাভাসে সক্ষম হলেও এতে শহরাঞ্চলের বন্যা বিবেচিত হয়নি। ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৮, ২০০৪ এবং ২০০৭ সালের বন্যায় শহরাঞ্চলে ব্যাপক ক্ষতি হয়েছিল। তাই শহরের বন্যা পূর্বাভাসের ক্ষেত্রে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) এর সক্ষমতা বিকাশের উদ্দেশ্যে এই প্রকল্পটি গ্রহণ করা হয়েছে যেখানে ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (IWM) এবং ডেনিশ হাইড্রোলিক ইনস্টিটিউট (DHI) প্রযুক্তিগত অংশীদার হিসাবে কাজ করছে।

এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য হল ঢাকা শহরের জন্য একটি বন্যা পূর্বাভাস মডেল (আরবান ফ্লাড ফোরকাস্টিং মডেল) তৈরি করা এবং আন্তঃসীমান্ত প্রবাহ পূর্বাভাসের জন্য বিদ্যমান GBM বেসিন মডেল হালনাগাদ করা। বর্জ্য পানি এবং বৃষ্টির পানি সংগ্রহ ব্যবস্থা, শহরের উন্মুক্ত খাল এবং ডিজিটাল এলিভিসন মডেলের সমন্বয়ে ঢাকা শহরের আরবান ফ্লাড মডেল (২৬১.৬৭ বর্গ কিমি এবং ২০টি নিষ্কাশন অঞ্চল অন্তর্ভুক্ত) তৈরি করা হবে। পরবর্তীতে একটি 1D-2D যুগল মডেল তৈরি করা হবে যার তিনটি মডিউল থাকবে: রেইনফল-রানঅফ (RR), 1D হাইড্রোডাইনামিক এবং 2D ওভারল্যান্ড ফ্লো। ঢাকা শহরের ২০টি ড্রেনেজ জোনের 1D মডেল তৈরি করতে MIKE+ ব্যবহার করা হবে। গঙ্গা, ব্রহ্মপুত্র এবং মেঘনা নদীর একটি বেসিন মডেল IWM কর্তৃক পরিচালিত হচ্ছে। ইনফ্লো পূর্বাভাসের জন্য হিমালয়ের পর্বত এলাকার হাইড্রোলজিক্যাল মডেল ব্যবহার করা হবে।

মাইক হাইড্রো বেসিন মডেল ব্যবহার করে ব্রহ্মপুত্র অববাহিকা (ডিব্রুগড় থেকে বাহাদুরাবাদ), গঙ্গা অববাহিকা (বক্সার থেকে হার্ডিঞ্জ ব্রিজ) এবং মেঘনা অববাহিকায় বরাক নদীর মূল নদীপথে 1D-হাইড্রোডাইনামিক মডেল গঠন করা হবে। সক্ষমতা বিকাশের জন্য, আইডব্লিউএম বা বিডব্লিউডিবি-তে হাতে-কলমে প্রশিক্ষণ এবং ডেনমার্কে বিদেশী প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এই সমীক্ষার অধীনে, বন্যার বিরূপ প্রভাব উপশম করার জন্য বন্যার সম্ভাব্য তারিখ এবং আগাম পাঁচ দিনের জন্য ঢাকা শহরের মধ্যে প্রধান আন্তঃসীমান্ত অবস্থানে ৫ দিনের পূর্বাভাসিত প্রবাহের হাইড্রোগ্রাফ, বুলেটিন এবং নগর বন্যার প্লাবন মানচিত্র তৈরি করা হবে।



সিটি সার্ভে



পাইপলাইন এবং চ্যানেল প্রবাহের জন্য নেটওয়াক



ক্রস সেকশন সার্ভে



তিনটি প্রধান নদীর ক্রস-বর্ডার বন্যা প্রবাহের পূর্বাভাস মডেলের নকশা



2D ওভারল্যান্ড ফ্লো মডেলের জন্য মেশ জেনারেশন

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (BARC) জন্য ফসলের উপযুক্ততা মূল্যায়নের অ্যাপ্লিকেশন

কৃষি বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, আবাদি জমি কমে যাওয়া, ফলনের ব্যবধান হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের মতো অনেক প্রতিবন্ধকতার মুখোমুখি হচ্ছে। এই প্রতিবন্ধকতা মোকাবেলা করার জন্য, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC) ফসলের উপযোগীতা মূল্যায়নের মাধ্যমে ফসলি জমির দক্ষ ব্যবহারের উদ্যোগ নিয়েছে। এই সম্পর্কে, বিএআরসি এবং আইডব্লিউএম-এর বিজ্ঞানীরা যৌথভাবে উপজেলা ভূমি উপযোগীতা মূল্যায়ন এবং ক্রপ জোনিং সিস্টেমের অধীনে একটি ওয়েব জিআইএস ভিত্তিক ফসল উপযোগীতা সফটওয়্যার অ্যাপ্লিকেশন তৈরি করেছে।



মোবাইল অ্যাপ-খামারী



ওয়েব GIS ভিত্তিক ফসলের উপযুক্ততা মূল্যায়ন অ্যাপ্লিকেশন

ওয়েব জিআইএস ভিত্তিক শস্য উপযোগীতা অ্যাপ্লিকেশন এবং মোবাইল অ্যাপ প্রযুক্তি ব্যবহার করে অবস্থান ভিত্তিক জমির ধরণ, মৃত্তিকা বিষয়ক, কৃষি-জলবায়ু, আর্থ-সামাজিক ইত্যাদি তথ্য ব্যবহার করা হয়। সিস্টেমটিতে একটি কৃষি-পরামর্শক ওয়েব পোর্টাল রয়েছে যা কৃষিতে চাহিদা মোতাবেক প্রযুক্তি তথ্য এবং কৃষি-পরামর্শমূলক পরিসেবাগুলির জন্য একটি অনলাইন প্ল্যাটফর্মের সুবিধা দেয়া হয়েছে। এই ওয়েব পোর্টালটি কৃষি এবং কৃষি সংশ্লিষ্ট জ্ঞান-ভিত্তিক তথ্যের প্রবেশদ্বার হিসাবে কাজ করে। 'খামারি' নামের মোবাইল অ্যাপটি গুগল প্লে স্টোরে সংরক্ষিত আছে এবং এন্ড্রয়েড মোবাইল ফোনে ডাউনলোড করে ব্যবহার করা যায়।

ফসলের উপযোগিতা মূল্যায়ন অ্যাপ্লিকেশনটি বিভিন্ন ভৌত, জলবায়ু, বন্যা, এবং জমির ধরণ হালনাগাদ করার জন্য অর্থনৈতিক কারণগুলি ব্যবহার করে বহুমাত্রিক বিশ্লেষণের উপর ভিত্তি করে যেমন মৃত্তিকা বিষয়ক, কৃষি-জলবায়ু, জৈব-ভৌতিক অবস্থা, পানি বিজ্ঞান বিষয়ক ধারণা, এবং ফসলের ধরণগুলির অর্থনৈতিক উপযোগিতা তৈরি করা হয়েছে। সিস্টেমটিতে (ক) জমির ধরণ হালনাগাদকরণ (খ) মৃত্তিকা বিষয়ক উপযোগিতা (গ) কৃষি-জলবায়ু উপযোগিতা, (ঘ) জৈব-ভৌতিক উপযোগিতা এবং (ঙ) প্রতিটি ফসলের জন্য লাভজনক-খরচ অনুপাত (BCR) এর তথ্য পাওয়া যায়।

সিলেট বিভাগে ভূ-উপরিস্থ পানির ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) পাঁচ দশকেরও বেশি সময় ধরে দেশব্যাপী ক্ষুদ্র সেচের ব্যবহার, সম্প্রসারণ ও উন্নয়নে অগ্রনী ভূমিকা পালন করেছে। প্রতিষ্ঠানটি সেচ কার্যক্রমের অভিজ্ঞতা অর্জন কারেছ এবং সমৃদ্ধ পূর্ণ ডেটাবেজ/তথ্য সঞ্চয়স্থান তৈরী করেছে। ভূ-পৃষ্ঠের পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য বিএডিসি বেশ কিছু প্রকল্প হাতে নিয়েছে। প্রকল্পগুলি ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার করে সেচ যোগ্য এলাকা এবং ফসল উৎপাদন বাড়ানোর জন্য বিদ্যমান পানি ব্যবস্থাপনার অবস্থা এবং কমান্ড এরিয়া ডেভেলাপমেন্ট (CAD) মূল্যায়নের সুযোগ অন্বেষণ করেছে যা পুণঃখনন করা খালে পাওয়া যাবে এবং এলএলপি এর মাধ্যমে পানি উত্তোলন করা হবে। এই পরিস্থিতিতে, আইডব্লিউএম সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় একটি সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প পরিচালনার জন্য বিএডিসি কতৃক উপদেষ্টা প্রতিষ্ঠান নিযুক্ত ছিল।



সিলেটের ওসমানীনগরে ফোকাস গ্রুপ ডিসকাসশন (এফজিডি)

প্রকল্পের উদ্যেশ্য হল সামগ্রিক প্রকল্পের সম্ভাব্যতা মূল্যায়ন করা। এই প্রকল্পের মাধ্যমে সংশ্লিষ্ট ক্ষুদ্র সেচ সরঞ্জামের সাথে আবাদযোগ্য এলাকা সম্প্রসারণের সম্ভাব্যতা, ভূ-পৃষ্ঠের পানির টেকসই ব্যবহার এবং অবকাঠামোর পরিবেশবান্ধব উন্নয়ন এবং সামগ্রিক ব্যয়ের অর্থনৈতিক কার্যকারিতার উপরও আলোকপাত করবে।



চারাবাড়ি খাল, ফুলতলা, খুলনায় বেইজলাইন ডাটা সংগ্রহ

সংশ্লিষ্ট এলাকার জন্য বিবেচনা করে প্রকল্পটি সম্পন্ন করা হবে; (১) প্রযুক্তিগত সম্ভাব্যতা, (২) পরিবেশ বান্ধব, (৩) অংশীজনদের গ্রহণযোগ্যতা, (৪) অর্থনৈতিক কার্যকারিতা। অবশেষে, সম্ভাব্যতা যাচাই এর অধীনে নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করা হবে:

- প্রকল্প সংক্রান্ত বিষয়াবলি, সমস্যাসমূহ এবং সম্ভাব্য সুযোগ সনাক্তকরণ
- কৃষি, সেচ এবং পানি সম্পর্কিত নীতি এবং কৌশলগত নথি বিশ্লেষণ
- জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য, আউটপুট এবং ফলাফলের সাথে প্রকল্পের লক্ষ্য সংযুক্ত করা
- প্রকল্পের SWOT (শক্তি, দুর্বলতা, সুযোগ এবং ঝুঁকি) বিশ্লেষণ
- বিকল্প সাইট এবং বিশদ বিশ্লেষণ করা যদি/যখন প্রকল্পের মূল্যায়ন এবং বাস্তবায়নের প্রয়োজন হয়
- প্রযুক্তিগত সম্ভাব্যতা, পরিবেশগত স্থায়িত্ব এবং আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ সহ বিস্তারিত সম্ভাব্যতা মূল্যায়ণ পরিচালনা করা। বিনিয়োগ বিবেচনা করে প্রকল্পের সুবিধা বিশ্লেষণ (কৃষি/খাদ্য নিরাপত্তা, অর্থনৈতিক ও পরিবেশগত ক্ষেত্রে);

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বাসেক) এর প্রস্তাবিত যমুনা নদীর উপর চিলমারী-রৌমারী ব্রীজ, মেঘনার ভাটি অঞ্চলে বরিশাল-ভোলা ব্রীজ এবং শাখা মেঘনার মায়া ফেরী ঘাট ব্রীজ এই তিনটি ব্রীজ সংলগ্ন এলাকায় হাইড্রো-মর্ফোলজীক্যাল সমীক্ষা

বাংলাদেশের সর্বত্র অর্থনীতি শক্তিশালী করার লক্ষ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বাসেক) পরিবহন সংযোগের একটি রোডম্যাপ ও কর্ম পরিকল্পনা (মহাপরিকল্পনা) বাস্তবায়ন করতে যাচ্ছে। বাংলাদেশের বড় বড় শহরের সাথে সহজ ও দ্রুত যোগাযোগের বহু দিনের আকাংখা স্বরূপ বাসেক কর্তৃক প্রস্তুতকৃত মহাপরিকল্পনাতে কয়েকটি সেতু নির্মাণ অন্তর্ভুক্ত আছে। বর্তমানে বাসেক বাংলাদেশের বিভিন্ন অংশে ৬টি সেতু নির্মাণের পদক্ষেপ নিয়েছে। নৌপরিবহন সুবিধা ও নদীর প্রশস্ততা বিবেচনায় বেশীর ভাগ সেতুর দৈর্ঘ ১.৫ কি:মি: এর অধিক হবে। এই সমীক্ষাতে উক্ত ৬টি সেতুর ৩টি সেতু অন্তর্ভুক্ত করা হয়েছে। ৩টি সেতুর সম্ভাব্য স্থান হচ্ছে ১) মেঘনা-ধনাগোদা নদীর উপরে উত্তর মতলব উপজেলা সড়ক, ২) কালাবদর-তেতুলিয়া নদীর উপর বরিশাল ভোলা সড়ক, ৩) কুড়িগ্রাম জেলার ব্রহ্মপুত্র-যমুনা নদীর উপর চিলমারী-রৌমারী সড়ক। নদী কাঠামো এবং নদী শাসন ব্যবস্থার জন্য বিশেষায়িত এবং অভিজ্ঞ সংস্থা ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং পরামর্শক কর্তৃক সংশ্লিষ্ট নদী ব্যবস্থার (হাইড্রোলজী ও কাঠামোগত) গানিতিক মডেল সম্পাদন করার জন্য নিয়োগ করা হয়েছে। মুলত: সংশ্লিষ্ট নদী সমুহের উপর বর্তমান ও সম্ভাব্য অবকাঠামো অবস্থার অনুসন্ধান এই কাজের অন্তর্ভুক্ত যাতে এই সেতু গুলির জন্য নিরাপদ পানি প্রবাহ সঠিক রেখে নকশা প্রণয়ন করা যায়।



Proposed Bridge Layout Option for Maya Bridge



Surveyors collecting data



proposed location for bhola bridge



PROPOSED LOCATION FOR CHILMARI BRIDGE

নারাণয়ণগঞ্জ সড়ক বিভাগ এর অধীন কুমিল্লা ইকোনিমিক জোন কানেক্টিং রোডের অ্যাপ্রোচ রোড সহ ১৮০ মিটার দীর্ঘ সেতুর হাইড্রো-মরফোলজিক্যাল সমীক্ষা

কুমিল্লা অর্থনৈতিক অঞ্চল দেশের অর্থনৈতিক উন্নয়নকে শক্তিশালী করার জন্য প্রতিষ্ঠিত ১২ তম বেসরকারী অর্থনৈতিক অঞ্চল। প্রকল্প এলাকাটি দুই লেনের মেঘনা-হোমনা উপজেলা সড়ক দ্বারা সংযুক্ত। সম্পূর্ণরুপে চালু হওয়া কুমিল্লা অর্থনৈতিক অঞ্চলের ট্রাফিকের সমস্যা এবং যানবাহনের আধিক্যের কথা বিবেচনা করে, বিদ্যমান দুই-লেনের রাস্তাটি চার লেনের সড়কে প্রসারিত করা হবে। কুমিল্লা ও মুন্সিগঞ্জ জেলার মেঘনা ও গজারিয়া উপজেলার সীমান্তে কুমিল্লা অর্থনৈতিক অঞ্চল এলাকার কাছে মেঘনা নদীর শাখাটির ওপর চার লেনের এই সেতু নির্মাণের পরিকল্পনা করেছে সড়ক ও জনপথ বিভাগ। আইডব্লিউএম সড়ক ও জনপথ বিভাগের

পক্ষ থেকে মেঘনা নদী সিস্টেমের হাইড্রো-মর্ফোলজিক্যাল সমীক্ষা পরিচালনা করবে এবং ৩ নভেম্বর ২০২১ ইং তারিখে এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

এই গবেষণার মূল পদ্ধতি হল, ভাটেরচর-লুটেরচরে প্রস্তাবিত সেতুটি সহ মেঘনা নদী ৪০ কিলোমিটার পথের দ্বিমাত্রিক (২ডি) হাইড্রো-মর্ফোলজিক্যাল মডেল (মাইক-২১ এফএম) প্রয়োগ করা। মেঘনা নদীর তলদেশে বর্তমান ভূ-প্রকৃতি এবং হাইড্রোমেট্রিক ডেটা ব্যবহার করে এই হাইড্রো-মর্ফোলজিক্যাল মডেল প্রস্তুত করা হয়েছে। তারপরে বিভিন্ন হাইড্রোলজিক্যাল ইভেন্টগুলির জন্য মডেলের সিমুলেশন এবং প্রাপ্ত ফলাফল বিশ্লেষণের মাধ্যমে প্রস্তাবিত সেতুর অবস্থানের উপযুক্ততা মূল্যায়ণ করা এবং সেইসাথে সেতু সাইটগুলির কাছাকাছি ক্ষয়প্রবন এলাকার দুর্বলতা পরীক্ষা করার পাশাপশি উপযুক্ত প্রতিরক্ষামূলক ব্যবস্থাগুলির জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।



Model Generated depth average velocity distribution for design (100y RT) flood event



সেতুটির জন্য একটি উপযুক্ত স্থান নির্বাচন করার জন্য আইডব্লিউএম গাণিতিক মডেলের মাধ্যমে ৩টি ভিন্ন স্থানের তুলনামূলক বিশদ বিশ্লেষণ করেছে এবং সমস্থ হাইড্রোলিক ডিজাইন সংক্রান্ত প্যারামিটার, বিআইডব্লিউটিএ থেকে স্ট্যান্ডার্ড হাই ওয়াটার লেভেল (SHWL) ক্লিয়ারেন্স এবং পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA) সংক্রান্ত প্রতিবেদন প্রদান করেছে।

মর্ফোলজিক্যাল প্রক্রিয়ার বিস্তারিত বিশ্লেষণ ও গানিতিক মডেলিংয়ের মাধ্যমে বঙ্গবন্ধু (যমুনা) সেতুর ভাটিতে মানিকগঞ্জ জেলার অংশে যমুনা নদীর বাম তীরের ভাঙ্গন নিয়ন্ত্রণ, এর পরিবেশগত ও সামাজিক প্রভাব সমীক্ষা

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বিডব্লিউডিবি) বঙ্গবন্ধু সেতুর ভাটি থেকে আরিচা মোহনা পর্যন্ত যমুনা নদীর বাম তীরের নৌপথে যাতায়াত ও তীর সুরক্ষার জন্য যমুনা নদীর মর্ফোলজিক্যাল প্রক্রিয়ার বিস্তারিত সমীক্ষা করবে। ব্রহ্মপুত্র-যমুনা নদী চীন (তিব্বত) থেকে উৎপন্ন হয় এবং ভারত, ভুটানের মধ্যে দিয়ে বাংলাদেশে নুনখাওয়া, কুড়িগ্রামে প্রবেশ করে এবং শেষ পর্যন্ত ভাটি মেঘনায় যুক্ত হয়ে বঙ্গোপসাগরে (যমুনা-পদ্মা-মেঘনার সম্মিলিত প্রবাহ হয়ে) পতিত হয়। নদীটির মোট অববাহিকার আয়তন ৫,৬০,০০০ বর্গ কিলোমিটার। বাংলাদেশে নদীটির দৈর্ঘ প্রায় ২৪০ কিলোমিটার যার অববাহিকার আয়তন ৪২,৬০০ বর্গ কিলোমিটার। বাংলাদেশের মধ্যে নদীটির প্রস্থ ১০-১৫ কিলোমিটার পর্যন্ত হয়। বঙ্গবন্ধু সেতু থেকে আরিচা মোহনা পর্যন্ত যমুনা নদীর তলদেশের ভূ-প্রকৃতির আচরণ, পলির গঠন সহ সবকিছু গণিতিক মডেলের বিভিন্ন টুলস দিয়ে বিশদভাবে বিশ্লেষণ করা হবে। মাঠ পর্যায়ে প্রাপ্ত তথ্য উপাত্ত যাচাই বাছাই এবং মডেল থেকে প্রাপ্ত ফলাফলের মূল্যায়নের মাধ্যমে নেভিগেশন এবং তীর সুরক্ষা, ড্রেজিং এর মাধ্যমে নদীর নাব্যতা উন্নতকরণ কাজের কার্যকরী পদক্ষেপ চূড়ান্ত করা হবে।

সমীক্ষার মূল উদ্দেশ্য হলো নদীর নাব্যতা উন্নত করার জন্য যথাযথ ব্যবস্থা সহ ড্রেজিং সম্পাদনের সম্ভাব্যতা মূল্যায়ন করা এবং গুরুত্বপূর্ণ বিদ্যমান ও প্রস্তাবিত ইনস্টলেশনসহ বাম তীরকে রক্ষা করা। এ সমীক্ষা প্রকল্পটি সম্পাদনের জন্য আইডব্লিউএমকে উপদেষ্টা প্রতিষ্ঠান নিযুক্ত করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতুর ড্রেজিং কাজে সহায়তা

বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পে (প্যাকেজ WD1 এবং WD2) আইডব্লিউএম যৌথভাবে IHI এবং OTJ কে সহায়তা করছে। পরিসেবাটির মধ্যে রয়েছে একক রশ্মি (Single beam) এবং মাল্টিবিম (Multibeam) ব্যাথিমেট্রিক সার্ভে অ্যাক্রেস চ্যানেলের জন্য প্রয়োজনীয় ড্রেজিং, ডেটা প্রসেসিং, প্রয়োজনীয় নকশা প্রনয়ণ এবং পলি অপসারণের পরিমাণ সহ নদী প্রশিক্ষণের কাজ।



চিত্র: একক রশ্মি (Single beam) সার্ভে



চিত্র: মকআপ ড্রেজিংয়ের কনটর ম্যাপ



চিত্র: মাল্টি বিম সার্ভের মাধ্যমে মকআপ এরিয়ার ড্রেজিংয়ের ত্রিমাতৃক চিত্র

DMA Concept বিবেচনা করে জহুরুল ইসলাম সিটির (আফতাবনগর) জন্য পানি সরবরাহ নেটওয়ার্কের নকশা প্রনয়ন

৭৮৭ একর জায়গা নিয়ে জহুরুল ইসলাম সিটি (আফতাবনগর) ঢাকা শহরের বাড্ডায় অবস্থিত একটি দ্রুত বর্ধনশীল জন বসতিপূর্ণ এলাকা। এই এলাকায় ৬৬.২ কিলোমিটারের সুপরিকল্পিত সড়ক নেটওয়ার্ক রয়েছে। জহুরুল ইসলাম সিটির (JIC) পশ্চিম অংশের পানি সরবরাহ ব্যবস্থায় ৩টি গভীর নলকূপ সহ পানি সরবরাহ নেটওয়ার্ক রয়েছে। সাম্প্রতিক বছরগুলিতে ইসলাম সিটি পূর্ব ও উত্তর দিকে উল্লেখযোগ্যভাবে সম্প্রসারিত হয়েছে এবং সম্প্রসারিত এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা করার অতি প্রয়োজনীয়তা দেখা দেয়। JIC কর্তৃপক্ষ DMA concept বিবেচনা করে আফতাবনগর এলাকার সম্প্রসারিত অংশে পানি সরবরাহ নেটওয়ার্ক ডিজাইনের জন্য ইনস্টিটিটিউ অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) উপদেষ্টা প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ করেছে।

আইডব্লিউএম ২০২২ সালের জুন মাসে পানি সরবরাহ নেটওয়ার্কের জন্য ডিজাইনের কাজ শুরু করে। JIC এলাকার মোট আনুমানিক জনসংখ্যা প্রায় ০.৪০ মিলিয়ন এবং সম্পূর্ণরূপে জনবসতি গড়ে উঠলে এলাকার জন্য অনুমিত পানির চাহিদা প্রায় ৬০ মিলিয়ন লিটার প্রতিদিন (এমএলডি)। চরগন্ধরবপুর সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট (SWTP) থেকে ভূ-উপরিস্থ পানি না পাওয়া যাওয়া পর্যন্ত ভূ-গর্ভস্থ পানিকে একমাত্র উৎস হিসাবে বিবেচনা রাখা হয়েছে। JIC এলাকায় ডিস্ট্রিবিউশন নেটওয়ার্কের মোট দৈর্ঘ্য প্রায় ৮৫ কিঃমিঃ যার সাইজ DN100 মিমি থেকে DN400 মিমি ব্যাস পর্যন্ত। নেটওয়ার্কটি পানির দৈনিক পিক ডিমান্ড পূরণ করার জন্য ডিজাইন করা হয়েছে। ডিজাইনের দৃঢ়তা বাড়ানোর জন্য বিভিন্ন ধরণের এনালাইসিস যেমন ক্রিটিকালিটি এনালাইসিস, ফ্লাশিং এনালাইসিস এবং ওয়াটার হ্যামার এনালাইসিস করা হয়েছে। পানি সরবরাহ নেটওয়ার্কের ডিজাইন এবং এনালাইসিস অত্যাধুনিক হাইড্রোলিক মডেলিং টোল ব্যবহারের মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। পানি সরবরাহ নেটওয়ার্কের ডিজাইন এবং নকশা ঢাকা ওয়াসার অনুমোদনের পর প্রকল্প এলাকায় পাইপলাইন ও অন্যান্য আনুষঙ্গিক অবকাঠামোগত সুবিধাসমূহ নির্মাণের কাজ শুরু হবে।



জহুরুল ইসলাম সিটির (আফতাবনগর) জন্য পানি সরবরাহ নেটওয়ার্কের নকশা প্রণয়ন

আইডব্লিউএম কর্তৃক গবেষণা ও উন্নয়ন

কতিপয় চলমান প্রকল্প

১. বাংলাদেশের নির্বাচিত উপকূলীয় পোল্ডার খুলনার ডুমুরিয়ায় P-29 এবং বরগুনার পাথরঘাটায় P-40/1 এ টেকসই পানীয় জল উৎসের মূল্যায়ন

২. বাংলাদেশে খরা সূচকের মূল্যায়ন এবং খরা মূল্যায়নের জন্য তাদের প্রযোজ্যতা নিরুপন

বাংলাদেশের নির্বাচিত উপকূলীয় পোল্ডার খুলনার ডুমুরিয়ায় P-29 এবং বরগুনার পাথরঘাটায় P-40/1 এ টেকসই পানীয় জল উৎসের মূল্যায়ন

বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০-এ বিবেচিত ছয়টি হটস্পটের মধ্যে উপকূলীয় অঞ্চল একটি। প্রাকৃতিক এবং মানবসৃষ্ট দূর্যোগের সংমিশ্রণ উপকূলীয় অঞ্চলের জীবন ও জীবিকার উপর বিরুপ প্রভাব ফেলে এবং এই অঞ্চলে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের গতি কমিয়ে দেয়। গ্রহণযোগ্য মানের ও পর্যাপ্ত পরিমাণে সুপেয় পানীয় জল সরবরাহ করা একান্ত প্রয়োজনীয় এবং এই ধরনের পানীয় জলের টেকসই ও দীর্ঘমেয়াদী সরবরাহ নিশ্চিত করা জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য। বাংলাদেশের উপকূলীয় পোল্ডারগুলিতে পানীয় জলের প্রাপ্যতা ও গুণগত মানের বিষয়টি বিবেচনা করে, নির্বাচিত পোল্ডারগুলোর (P-29 এবং P-40/1) পানীয় জলের উৎসগুলির গুণগত এবং পরিমাণের পরিপ্রেক্ষিতে স্থায়িত্ব ধরে রাখার নিমিত্তে একটি গবেষণা প্রকল্প প্রায় সম্পন্ন হয়েছে। পোল্ডার ৪০/১ উপকূলরেখার কাছাকাছি অবস্থিত যেখানে পোল্ডার ২৯ উপকূলরেখা থেকে প্রায় ৭৫ কিমি দূরে অবস্থিত। অতীতের প্রাসঙ্গিক গবেষণা ও স্টাডি প্রতিবেদন পর্যালোচনা, সামাজিক জরিপ, ভূতাত্ত্বিক জরিপ, জল-ভূ-রাসায়নিক জরিপ, ভূ-গর্ভস্থ পানির লবণাক্ততা মডেলিং এই প্রকল্পের অধীনে প্রধান কার্যক্রম। বিদ্যমান পানীয় জলের উৎস, বিদ্যমান ও ভবিষ্যতের পানির চাহিদা, স্টাডি এলাকার পানির উৎস, উপযুক্ত ও সাশ্রয়ী পানি পরিশোধন পদ্ধতি ইত্যাদি এই গবেষণার মাধ্যমে উঠে এসেছে। মাঠ পরিদর্শন ও অনুসন্ধান জরিপে দেখা যায়, পোল্ডার ২৯ এর দক্ষিণাঞ্চলে বিশেষ করে সরপপুর ইউনিয়নের ৮টি মৌজা এবং সুরখালী ইউনিয়নের ৬টি মৌজায় উপযুক্ত ভূ-গর্ভস্থ পানির উৎস না থাকায় পানীয় জলের সংকট রয়েছে। সমীক্ষা থেকে পাওয়া গেছে যে পোল্ডার ২৯-এ পানীয় জলের উৎসগুলি হল- ভূ-গর্ভস্থ পানি (৯৫%), ভূ-পৃষ্ঠের পানি (৪%) এবং বৃষ্টির পানি (১%)। পোল্ডার ৪০/১ এর জন্য, পানীয় জলের উৎসগুলি হল ভূ-পৃষ্ঠের পানি (৫৬%), বৃষ্টির পানি (৪১%) এবং ভূ-গর্ভস্থ পানি (২%)। উভয় পোল্ডারে পানীয় জলের সামগ্রিক অবস্থা উপস্থাপন এবং তুলনা করার জন্য চারটি ভিন্ন সূচকের সমষ্টি থেকে একটি সাধারণ সূচককে পানীয় জলের অবস্থা সূচক (DWSI) নামে অভিহিত করা হয়েছে। সামগ্রিক পরিসংখ্যান দেখায় যে পোল্ডার ২৯ এ ৬২টি মৌজা রয়েছে যেখানে মানুষ বসবাস করে। ৩৩টি মৌজায় পানীয় জলের অবস্থা ভালো, ১০টি মৌজার জন্য মাঝারি এবং ১৯টি মৌজায় পানীয় জলের অবস্থা খারাপ। ৪০/১ পোল্ডারে ৭টি মৌজার মধ্যে 'কোরালিয়া' মৌজায় পানীয় জলের অবস্থা খারাপ। এটি উল্লেখ্য যে উভয় পোল্ডারে কোন খুব ভালো এবং খুব খারাপ অবস্থা নেই। ২০৫০ সালে পানীয় জলের ভবিষ্যত চাহিদা অনুমানকৃত জনসংখ্যার উপর ভিত্তি করে গণনা করা হয় যা পোল্ডার ২৯ এর জন্য বর্তমান বছরের (২০২১) থেকে ৯.২% বেশি এবং পোল্ডার ৪০/১ এ ১০.৯% বেশি। উভয় পোল্ডারের জন্য বিশেষত পোল্ডার ২৯-এর জন্য বিকল্প উৎস খুঁজতে হবে। পোল্ডার ২৯-এর সম্ভাব্য বিকল্প উৎস হবে আরও PSF নির্মাণের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানির উৎস, ম্যানেজড একুইফার রিচার্জ (MAR) প্রযুক্তির মাধ্যমে অগভীর পানির লবণাক্ততা কমিয়ে আনা এবং বৃষ্টির পানি সংগ্রহ করা। যেহেতু পোল্ডার ৪০/১-এর লোকেরা ভূ-পৃষ্ঠের পানির উৎসের PSF থেকে পানি পান করে তাই DPHE দ্বারা প্রস্তাবিত জেলা পরিষদের পুকুর সংস্করণ এবং সৌরচালিত PSF পানীয় জলের উৎসগুলোকে সমৃদ্ধ করবে। পোল্ডার ৪০/১-এর বিকল্প উৎস হবে খুব অগভীর MAR ব্যবস্থা, বৃষ্টির পানি সংগ্রহ করা এবং অতিরিক্ত খারাপ পরিস্থিতিতে রিভার্স অসমোসিস (RO) প্ল্যান্ট ব্যবস্থা ।



চিত্র ১: বিভিন্ন মৌজার জন্য DWSI জন্য সুচকের পবিপ্রেক্ষিতে বর্তমান পানীয় জলের অবস্থা



চিত্র ২: শুষ্ক মৌসুমে WQI সুচাকে স্থানিক অভিযোজন



চিত্র ৩: চিত্রে সমীক্ষা এলাকার অংশ বিশেষ দেখানো হলো

বাংলাদেশে খরা সূচকের মূল্যায়ন এবং খরা মূল্যায়নের জন্য তাদের প্রযোজ্যতা নিরুপন

জলবায়ু পরিবর্তনশীলতার বিরুপ প্রভাবই হলো খরা এবং প্রাকৃতিক দুর্যোগ। কোন নিয়ম কানুন ছাড়াই যে কোন অঞ্চলে যে কোন সময়ে এর প্রভাব পরিলক্ষিত হয়। এর ধরণ, ভয়াবহতা, পূনরাবৃত্তি এবং ব্যাপ্তি জলবায়ুর ধরণ ও ভূ-প্রকৃতি উপর অনেকাংশে নির্ভর করে। অন্য যে কোন প্রাকৃতিক দুর্যোগের চেয়ে এর ব্যাপকতা অনেক বেশী এবং এর দ্বারা ক্ষয় ক্ষতির পরিমাণও অপূরণীয়। সে কারণে নীতি নির্ধারক, ক্ষয় ক্ষতির পরিমাণ নির্ধারক সংস্থা, আইন প্রণয়ন সংস্থা, সংশ্লিষ্ট অর্থ সরবরাহকারী সংস্থা সকলেরই এ ব্যাপারে বিশদ ধারণা থাকা বাঞ্চনীয়।

খরা সূচক প্রয়োগের মাধ্যমেই খরার বহুমাত্রিক বৈশিষ্ট বিবেচনায় খরা পর্যবেক্ষণ ও প্রশমন করা হয়। বাংলাদেশে খরার ধরণ নির্ধারণে অনেকগুলো সূচক ব্যবহার করা হয়। সবগুলো সূচকই স্থানিক, অস্থায়ী ব্যাপ্তি, ব্যাপকতা, ঝুঁকি, দুর্বলতা এ বিষয়গুলো বিশেষ বিবেচনায় রেখে করা। জার্নাল, পেপার, রিপোর্ট, থিসিস পেপার, কনফারেন্স পেপার, প্রবন্ধ এবং এসবের সাথে সংশ্লিষ্ট আরোও অন্যান্য বিষয় বিবেচনায় নিয়ে খরা সূচকের সংক্ষিপ্ত আধুনিক একটি তালিকা প্রনয়ণ করা হয়েছে।

SPI এবং SPEI এ পদ্ধতি দুটি হল সর্বাধিক ব্যবহৃত সূচক। কারণ এ দুটি সূচক দ্বারা খরা সনাক্তকরণে সহজতর এবং ফলাফল তুলনামূলকভাবে উত্তম। ফলে বর্তমানে এ দুটি সূচক খরা পর্যবেক্ষণ, খরার পূর্বাভাস এবং খরা বিশ্লেষণে বহুল ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চল সবচেয়ে খরা প্রবণ এলাকা। তাই এ গবেষণাটিতে উল্লেখিত অঞ্চলের খরার ভবিষ্যৎ প্রবণতা, খরার তীব্রতা এবং ফ্রিকোয়েন্সী বিশেষভাবে মূল্যায়ন করা হয়েছে।





বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধির গতিপ্রকৃতি উপলব্ধিকরণ

আইডব্লিউএম এর Climate Change Cell (CCC) ARRCC (Asia Regional Resilience to a Changing Climate) প্রোগ্রামের অধীনে UK Met Office এর সাথে যৌথ ভাবে "বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধির গতিপ্রকৃতি উপলব্ধিকরণ" শীর্ষক দুই বছরের একটি প্রকল্প পরিচালনা করছে। প্রকল্পটি UK Foreign Commonwealth and Development Office (FCDO)-এর অর্থায়নে পরিচালিত হচ্ছে। উক্ত প্রকল্পটি ভবিষ্যৎ জলবায়ু পরিবর্তনের ফলে

বাংলাদেশের উপকূলীয় অঞ্চল-ভিত্তিক এবং ঋতুগত সমুদ্রতলের আপেক্ষিক বৃদ্ধির প্রভাব আলোকপাত করবে। সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধির উপর GBM (Gangess, The Brahmaputra, Meghna) বেসিন হতে আগত পানি প্রবাহের ফলাফল পরীক্ষা এর আরেকটি অন্যতম লক্ষ্য। উক্ত প্রকল্পের আওতায় আইডব্লিউএম জুন ২০২২ তারিখে একটি ট্রেনিং প্রোগ্রাম আয়োজন করে যেখানে বিভিন্ন গবেষণাধর্মী প্রতিষ্ঠান, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান, বাস্তবায়নকারী সংস্থাসহ পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), পরিবেশ অধিদপ্তর, BCAS ব্র্যাক, সিজিইআইএস, ICCCAD বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি হতে এক বা একাধিক অংশগ্রহনকারী উপস্থিত ছিলেন।

IWM এর Climate Change Cell এবং UK Met Office দ্বারা পরিচালিত বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধির গতিপ্রকৃতি উপলব্ধিকরণ প্রকল্পের আওতায় গত জুন ২০২২ তারিখে ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধির গতিপ্রকৃতি উপলব্ধিকরণ প্রকল্পের আওতায় IWM এর Climate Change Cell গত ডিসেম্বর ২০২১ তারিখে এ স্থানীয় লোকজন এবং BWDB-র কর্মকর্তাদের সংগে আলোচনা করেন।





ARRCC প্রোগ্রাম এর আওতায় মার্চ ২০২২ এ জলবায়ু পরিবর্তন এর উপর আয়োজিত ট্রেনিং এ CCC, IWM এর অংশগ্রহন।

উল্লেখযোগ্য কর্মসূচী

মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, জনাব একেএম এনামুল হক শামীম, এমপি আইডব্লিউএম ভবন পরিদর্শন করেছেন

মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রনালয় (MoWR), জনাব একেএম এনামুল হক শামীম, এমপি ১৩ই জুন ২০২২ ইং তারিখে উত্তরায় আইডব্লিউএম ভবন পরিদর্শন করেন। আইডব্লিউএম -এর নির্বাহী পরিচালক জনাব আবু সালেহ খান তাকে স্বাগত জানান।

নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, মাননীয় উপমন্ত্রীকে আইডব্লিউএম এর কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন এবং কিছু বিষয়ে মূল্যবান নির্দেশনা ও সিদ্ধান্ত চান। জনাব একেএম এনামুল হক শামীম সাম্প্রতিক বছরগুলোতে আইডব্লিউএম এর উন্নয়নের উপর বক্তব্য উপস্থাপন করেন এবং মূল্যবান মতামত প্রদান করেছেন। বৈঠকে পানি সম্পদ মন্ত্রণালয়ের (MoWR) সাথে আইডব্লিউএম এর ভবিষ্যৎ প্রবৃদ্ধি নিয়ে আলোচনা হয়। জনাব শামীম আইডব্লিউএম এর ব্যবস্থাপনার প্রশংসা করেন এবং আইডব্লিউএমকে আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত প্রতিষ্ঠানে পরিণত করার জন্য তার দৃষ্টিভঙ্গি শেয়ার করেন।



মাননীয় উপমন্ত্রী, জনাব একেএম এনামুল হক শামীম এবং আইডব্লিউএম ম্যানেজমেন্ট আইডব্লিউএম ভবনে বঙ্গবন্ধু কর্নার পরিদর্শন করছেন

বৈঠক শেষে জনাব একেএম এনামুল হক শামীম আইডব্লিউএম ভবনের বিভিন্ন ফ্লোর পরিদর্শন করেন। উপমন্ত্রীর সফরকালে জনাব মোঃ জহিরুল হক খান, উপ-নির্বাহী পরিচালক (অপারেশনস), জনাব এস এম মাহবুবুর রহমান, উপ-নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ণ) এবং পরিচালকবৃন্দ এবং আইডব্লিউএম এর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০: 'বাস্তবায়নের সমস্যা এবং চ্যালেঞ্জ' প্রসঙ্গে আইডব্লিউএম আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করে

২৬ এবং ২৭ মে, ২০২২ ইং তারিখে ঢাকায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের বল রুমে অনুষ্ঠিত বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক সম্মেলনে আইডব্লিউএম অংশগ্রহণ করেন। সম্মেলনের এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নের সমস্যা এবং চ্যালেঞ্জ"। এটি ছিল একটি উচ্চ-পর্যায়ের, আন্তর্জাতিক সম্মেলন, যেখানে ছিল একাধিক গুরুত্বপূর্ণ ইভেন্ট। সম্মেলনের লক্ষ্য ছিল ডেল্টা প্ল্যান ২১০০ কে অর্থবহ এবং বাস্তবিক ফলাফলের দিকে নিয়ে যাওয়া। বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ শীর্ষক প্রথম আন্তর্জাতিক সম্মেলনের আয়োজক ছিলেন, যৌথভাবে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের, সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) এবং কিংডম অব নেদারল্যান্ডস দূতাবাস।

শেখ হাসিনা, এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধান অতিথি হিসেবে 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক সম্মেলন: সমস্যা ও বাস্তবায়নের চ্যালেঞ্জ' শীর্ষক দুই দিনব্যাপী সম্মেলনের উদ্বোধন করেন।



বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০: 'বাস্তবায়নের সমস্যা এবং চ্যালেঞ্জ' দুই দিনব্যাপী সম্মেলনের উদ্বোধন করেন
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০: 'বাস্তবায়নের সমস্যা এবং চ্যালেঞ্জ' আন্তর্জাতিক সম্মেলনে আইডব্লিউএম এর
নির্বাহী পরিচালক, জনাব আবু সালেহ খান অংশগ্রহণ করেন

ব্রেকআউট সেশনের সারাংশ (কোস্টাল জোন সেশন)

২৬ এবং ২৭ মে, ২০২২ ইং তারিখে ঢাকায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের বল রুমে অনুষ্ঠিত বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক সম্মেলনে আইডব্লিউএম অংশগ্রহণ করেন। সম্মেলনের এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নের সমস্যা এবং চ্যালেঞ্জ"। জনাব মোঃ জহিরুল হক খান, আইডব্লিউএম এর উপ-নির্বাহী পরিচালক (অপারেশনস), ২৬ মে, ২০২২ ইং তারিখে ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক সম্মেলনের ব্রেকআউট সেশনে (কোস্টাল জোন সেশন) মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব খান "বাংলাদেশ: জলবায়ু পরিবর্তন জনিত কারণে ক্ষতিগ্রস্থ উপকূলীয় অঞ্চলকে স্বাভাবিক অবস্থায় রাখার প্রক্রিয়া ত্বরান্বিত করা" বিষয়ক মূল প্রবন্ধও উপস্থাপন করেন।

কর্মশালায় সভাপতিত্ব করেন পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফজলুর রশিদ, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বিডব্লিউডিবি) এবং প্রফেসর সালিমুল হক, ওবিই, পরিচালক, ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্ট (আইসিসিএডি)। জনাব মোঃ জহিরুল হক খান তাঁর বক্তৃতায় বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত কারণে ক্ষতিগ্রস্থ উপকূলীয় অঞ্চলকে স্বাভাবিক অবস্থায় রাখার প্রক্রিয়া ত্বরান্বিত করার উপর জোর দেন। বর্তমান পরিস্থিতিতে জলবায়ু পরিবর্তনের কারণে ৩৫% পোল্ডার প্রভাবিত হচ্ছে। অদূর ভবিষ্যতে তা বেড়ে ৫২% হবে। যেখানে বর্তমান অবস্থায় ৮.৪৭ মিলিয়ন মানুষ জলবায়ু পরিবর্তনের কারণে প্রভাবিত হচ্ছে এবং অদূর ভবিষ্যতে





জনাব মোঃ জহিরুল হক খান, আইডব্লিউএম এর উপ-নির্বাহী পরিচালক (অপারেশনস), ২৬ মে, ২০২২ ইং তারিখে ব্রেকআউট সেশনে (কোস্টাল জোন সেশন) মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব খান "বাংলাদেশ: জলবায়ু পরিবর্তন জনিত কারণে ক্ষতিগ্রস্থ উপকূলকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার প্রক্রিয়া ত্বরান্বিত করা" বিষয়ক মূল প্রবন্ধও উপস্থাপন করেন।

১২.৩২ মিলিয়ন মানুষ জলবায়ু পরিবর্তনের কারণে প্রভাবিত হবে। ঝড় ও জলোচ্ছাসের উচ্চতা থেকে জনপদকে রক্ষা করার জন্য ম্যানগ্রোভ বনায়ন একটি কার্যকরী পদক্ষেপ। ম্যানগ্রোভ বনায়নের ফলে দীর্ঘ মেয়াদে পরিবেশগত এবং পরিবেশবান্ধব সুবিধা পাওয়া যাবে। দ্রুত কার্যকরী পদ্ধতি (ইঞ্জিনিয়ারিং এবং প্রাকৃতিক), অংশীজনদের যথাসময়ে অংশগ্রহণ এবং অংশীজনদের দ্বারা যথাসময়ে যথাপোযুক্ত রক্ষণাবেক্ষণ পরিবেশগত এবং পরিবেশবান্ধব স্থায়িত্বকে অর্থবহ করার জন্য গুরুত্বপূর্ণ। তিনি ভূমি পুনরুদ্ধার এবং চরগুলোর স্থিতিশীলকরণ এবং উন্নয়ন ও বাস্তবায়ন কর্মসূচির গুরুত্ব তুলে ধরেন। উপকূলীয় অঞ্চলের বাঁধ ডিজাইন ম্যানুয়ালটিতে আধুনিকায়নের কথাও গুরুত্বের সাথে উল্লেখ করেন।

সম্মেলনের লক্ষ্য ছিল জলবায়ু পরিবর্তন জনিত কারণে পরিবেশগত পরিবর্তনের সাথে সাথে অংশীজনদের জীবন মান এবং সংশ্লিষ্ট উদ্ভুত পরিস্থিতির সাথে নিজেদের মানিয়ে নেয়ার কৌশল এবং তার ব্যবহার নিশ্চিত করা। সাতটি ক্রস-কাটিং সুপারিশ জলবায়ু পরিবর্তন জনিত কারণে ক্ষতিগ্রস্থ উপকূলীয় অঞ্চলকে স্বাভাবিক অবস্থায় রাখার প্রক্রিয়া তরান্বিত করার পাশাপাশি আগামী কয়েক দশক আমাদের উপকুল অঞ্চলের পরিবেশ ও আর্ত-সামাজিক অবস্থা সুরক্ষিত রাখবে। বিনিয়োগ থেকে সর্বাধিক সুবিধা আহরণের জন্য টেকসই অপারেশন এবং রক্ষণাবেক্ষণকে শক্তিশালী করা, অংশীজনদের জ্ঞানকে স্বীকৃতি দেওয়া, অত্যাধুনিক মডেলিং টুলস এবং সিস্টেমের প্রয়োগকে শক্তিশালী করা। অভিযোজিত ব-দ্বীপ ব্যবস্থাপনার জন্য নির্দেশক নীতি হিসাবে ঝুঁকি প্রয়োগ করণ; জলবায়ু পরিবর্তন জনিত কারণে ক্ষতিগ্রস্থ উপকূলীয় অঞ্চলকে স্বাভাবিক অবস্থায় রাখার প্রক্রিয়া ত্বরান্বিত করা এবং কার্যকারিতা বাড়ানোর জন্য প্রকৃতি-ভিত্তিক সমাধানগুলির সাথে অবকাঠামোগত হস্তক্ষেপের পরিপূরক; সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা অনুশীলনের উপর ভিত্তি করে উপযুক্ত কার্যক্রম পরিচালনার জন্য ঝুঁকি-সংবেদনশীল ভূমি-ব্যবহারের পরিকল্পনা অন্তর্ভুক্ত করা। জলবায়ু পরিবর্তন জনিত কারণে ক্ষতিগ্রস্থ উপকূলীয় অঞ্চলকে স্বাভাবিক অবস্থায় রাখার প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য টেকসই প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক সম্প্রদায়ের অংশগ্রহণ, স্থানীয় প্রতিষ্ঠান এবং জীবিকা অভিযোজন সমর্থন করে। হস্তক্ষেপের পারফরম্যান্সের মানদন্ডের একটি সমন্বিত কাঠামো স্থাপন করণ যা ঝুঁকি হ্রাস এবং অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি, সুস্থতা এবং টেকসই উন্নয়নকে স্থায়ীত্ব দেবে।

সহযোগিতা প্রধান, মিসেস লিজ আবিল্ডগার্ড সোরেনসেন, রয়্যাল ডেনিশ দূতাবাস এর আইডব্লিউএম পরিদর্শন

বাংলাদেশে রয়্যাল ডেনিশ দূতাবাসের সহযোগিতা প্রধান মিসেস লিজ আবিল্ডগার্ড সোরেনসেন ৬ই অক্টোবর ২০২১ ইং তারিখে আইডব্লিউএম পরিদর্শনে আসেন। সাথে ছিলেন জনাব মোঃ বদরুল আলম তালুকদার, প্রোগ্রাম উপদেষ্টা। আইডব্লিউএম এর নির্বাহী পরিচালক জনাব আবু সালেহ খান মিসেস লিজ অ্যাবিল্ডগার্ড সোরেনসেনকে ফুলের তোড়া দিয়ে আইডব্লিউএম এ স্বাগত জানান। পরিদর্শনকালে আইডব্লিউএম ও ডেনিস সরকারের মধ্যে পানি সংক্রান্ত গবেষণা ও সামগ্রীক সমীক্ষা কাজে বর্তমানে ও ভবিষ্যতে সহযোগিতার বিষয়ে আলোচনা হয়। ভবিষ্যতেও আইডব্লিউএমকে সার্বিক সহযোগিতার ব্যাপারে তিনি আন্তরিক আশাবাদ ব্যক্ত করেন।

DANIDA এর মাধ্যমে প্রাতিষ্ঠানিকরণ, সক্ষমতা বৃদ্ধিতে আইডব্লিউএমকে দীর্ঘ ৩০ বৎসর যাবত নিরবিচ্ছন্ন সহযোগিতা করার জন্য মিসেস লিজ আবিল্ডগার্ড সোরেনসেনকে আন্তরিক ধন্যবাদ জানান, জনাব খান। পরিশেষে মিসেস লিজ আবিল্ডগার্ড সোরেনসেন আইডব্লিউএম ভবন পরিদর্শন করেন। পরিদর্শনকালে মিসেস লিজ আবিল্ডগার্ড সোরেনসেন আইডব্লিউএম এর অত্যাধুনিক সুযোগ-সুবিধা ও কর্মপরিবেশের ভূয়সি প্রশংসা করেন।



জনাব আবু সালেহ খান, নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, মিসেস লিজ আবিল্ডগার্ড সোরেনসেনকে স্মারক ও ক্রেষ্ট উপহার দেন

আন্তর্জাতিক পানি ব্যবস্থাপনা ইন্সটিটিউট (IWMI) শ্রীলঙ্কা এর সদস্য বৃন্দের আইডব্লিউএম পরিদর্শন



জনাব মোঃ জহিরুল হক খান, উপ-নির্বাহী পরিচালক (অপারেশনস) ও আইডব্লিউএম এর উচ্চ পদস্থ কর্মকর্তাগণ IWMI এর প্রতিনিধি মিসেস দীপা জোসী, জেন্ডার, ইয়ুথ এন্ড ইনক্লুশন লিড স্পেশালিষ্ট ও উনার সহকর্মীকে আইডব্লিউএম এ অভ্যর্থনা জানান।

গুরুত্বপূর্ণ কর্মশালা ও সমঝোতা স্মারক স্বাক্ষর

শিল্প খাতের ঝুঁকি মোকাবেলায় বিশদ রুপরেখার উপর কর্মশালা ঃ কেইস স্টাডি কেইপিজেড, কালুরঘাট শিল্প এলাকা, চট্টগ্রাম

বাংলাদেশ পরিকল্পনা কমিশন এর কার্যক্রম বিভাগ ৭ অক্টোবর, ২০২১ ইং তারিখে দিন ব্যাপী চট্টগ্রামের হোটেল রেডিসনে শিল্প খাতের ঝুঁকি মোকাবেলায় বিশদ রুপরেখার উপর বিস্তারিত আলোচনা কর্মসূচির আয়োজন করে। শিল্প খাতে বন্যা, ঝড়-জলোচ্ছাস, জলাবদ্ধতা, লোনা পানির প্রভাব, ভূমিকম্প, অগ্নি দূর্ঘটনা এবং কোভিড-১৯ এর মতো আকর্ষিকতার প্রভাব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় প্রাপ্ত ফলাফল এবং বিশেষজ্ঞ মতামত সরকারি এবং বেসরকারি খাতে শিল্প বিনিয়োগের ঝুঁকি মোকাবেলার সিদ্ধান্ত গ্রহণে সহায়ক ভূমিকা রাখবে। উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মাহবুবুল আলম,



সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রী। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব খন্দকার আহসান হোসাইন, প্রধান (অতিরিক্ত সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন। জনাব আবু সালেহ খান, নির্বাহী পরিচালক, আইডব্লিউএম উক্ত কর্মশালার গুরুত্ব নিয়ে উনার মূল্যবান বক্তব্য রাখেন। ড. মোল্লা আওলাদ হোসেন, পরিচালক, আইসিটি-জিআইএস ডিভিশন, আইডব্লিউএম এবং অধ্যাপক ড. রাকিব আহসান, পুর কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট), মূল প্রবন্ধ উপস্থাপনা করেন। এ ধরণের বিশেষ গবেষণা ধর্মী কাজের ভূয়সী প্রশংসা করেন ড. নুরুন নাহার, প্রকল্প পরিচালক, ন্যাশনাল রোজিলেন্স প্রোগ্রাম (NRP) এবং যুগ্ম প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন। স্বল্প সময়ের মধ্যে এ ধরণের একটি বিশেষ কর্মশালা আয়োজনের জন্য তিনি আইডব্লিউএমকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন।

নিপ্পন কোয়েই, বাংলাদেশ এবং আইডব্লিউএম এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এর পক্ষে জনাব আবু সালেহ খান, নির্বাহী পরিচালক এবং নিপ্পন কোয়েই, বাংলাদেশ এর পক্ষে নাওকি কুদু, ব্যবস্থাপনা পরিচালক সমঝোতা চুক্তিটি স্বাক্ষর করেন। এ চুক্তির আওতায় গবেষণা ও সমীক্ষা ধর্মী প্রকল্প সহ এ ধরণের সব রকম কার্যক্রমে উভয় প্রতিষ্ঠান একে অপরকে সহযোগিতা করবে। যৌথ গবেষণায় প্রাপ্ত ফলাফল বিজ্ঞান ভিত্তিক গবেষণা ও সমীক্ষা প্রকল্পগুলোতে যৌথভাবে উভয় প্রতিষ্ঠানের প্রয়োজনে এবং স্বার্থ সংশ্লিষ্ট কাজে ব্যবহার করা হবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আইডব্লিউএম এবং নিপ্পন কোয়েই এর পক্ষে উচ্চ পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এবং ডেফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় (ডিআইইউ) এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

গত ২৬ ডিসেম্বর, ২০২১ ইং তারিখে ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) ও ডেফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের (ডিআইইউ) এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এ চুক্তির আওতায় গবেষণা ও সমীক্ষা ধর্মী প্রকল্প সহ এ ধরণের সব রকম সাধারণ সহযোগিতা পূর্ণ কাজে উভয় প্রতিষ্ঠান একে অপরকে সহযোগিতা করবে। ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এর পক্ষে নির্বাহী পরিচালক, জনাব আবু সালেহ খান এবং ডেফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের (ডিআইইউ) এর পক্ষে প্রো-ভাইস-চ্যান্সেলর ড. এস এম মাহবুব উল হক মজুমদার সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা



জনাব আবু সালেহ খান, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) কে স্মারক ক্রেস্ট প্রদান করেন ডেফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের (ডিআইইউ) প্রো-ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. এস এম মাহবুব উল হক মজুমদার।

স্মারকে স্বাক্ষরের সময় সেখানে ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এর পক্ষে উপস্থিত ছিলেন উপ-নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), জনাব এস এম মাহবুবুর রহমান, ডেফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের (ডিআইইউ) এর পক্ষে উপস্থিত ছিলেন ট্রেজারার, জনাব মোমিনুল হক মজুমদার, রেজিস্ট্রার, অধ্যাপক ড. প্রকৌশলী এ কে এম ফজলুল হক, পরীক্ষা নিয়ন্ত্রক, ড. মোঃ ইসমাইল জাবিউল্লাহ, ডীন. প্রকৌশল অনুষদ, অধ্যাপক ড. এম শামসুল আলম।



বাংলাদেশ উপকূলীয় অঞ্চলে দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ, গবেষণা এবং তথ্য উপাত্ত নিয়ে বিস্তারিত বিশ্লেষণের উপর ব্রাক সেন্টার ইন এ আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠিত হয়



উপকূলীয় বাঁধ উন্নয়ন প্রকল্প এর উপর কর্মশালা স্থান: আইডব্লিউএম



"ক্ষুদ্র সেচ প্রকল্পের জন্য ভূ-গর্ভস্থ পানি সম্পদের অনুসন্ধান, যথাযথ মূল্যায়ন ও টেকসই উন্নয়নে ভূ-গর্ভস্থ পানি সম্পদের ব্যবহার" বিষয়ক সমীক্ষা প্রকল্পের প্রাপ্ত ফলাফল শীর্ষক কর্মশালা। উক্ত কর্মশালার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ড. এ কে এম মনিরুল হক, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়। সমীক্ষা প্রকল্পের গবেষণা লব্ধ ফলাফলের উপর মূল্যবান উপস্থাপনা করেন জনাব গৌতম চন্দ্র মৃধা, পারিচালক, ইরিগেশন ম্যানেজম্যান্ট ডিভিশন, আইডব্লিউএম।



আইডব্লিউএম ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মধ্যে "বন্যা পূর্বাভাস ও সতিকীকরণ পরিসেবা (ফেজ-১) এর সক্ষমতা বৃদ্ধি" সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন জনাব মোঃ মাহবুর রহমান, প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও জনাব আবু সালেহ খান, নির্বাহী পরিচালক, আইডব্লিউএম। স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন জনাব ফজলুর রশিদ, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জনাব মোহাম্মদ আরিফুজ্জামান ভুঁইয়া, নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জনাব তরুন কান্তি মজুমদার, পরিচালক, ফ্লাড ম্যানেজম্যান্ট ডিভিশন, আইডব্লিউএম।

জাতীয় ও আন্তর্জাতিক দিবসে IWM এর অংশগ্রহণ, ২০২১-২০২২



আন্তর্জাতিক পানি দিবস উপলক্ষ্যে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা থেকে পানি ভবন, গ্রীণ রোড অভিমুখের র‍্যালীতে আইডব্লিউএম এর অংশগ্রহণ।



IWM এর নির্বাহী পরিচালক জনাব আবু সালেহ খান এর নেতৃত্বে IWM এর কর্মকর্তাবৃন্দ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ৩২ নং ধানমন্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে IWM এ আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। আলোচনা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও অন্যান্য শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। উক্ত অনুষ্ঠানে আইডব্লিউএম এর বিভিন্ন কর্মকর্তাগণ স্বাস্থ্য বিধি মেনে অংশগ্রহণ করেন।



মহান গৌরবের বিজয় দিবস উদযাপনে IWM এর অংশগ্রহণ, ১৬ ডিসেম্বর, ২০২১ ইং



স্বাধীনতা দিবসে জাতীয় স্মৃতিসৌধে IWM এর শ্রদ্ধা জ্ঞাপন, ২৬ মার্চ, ২০২২ ইং

জাতির পিতার ১০২তম জন্মবার্ষিকী উদযাপনে IWM

অন্যান্য বারের মতো অনারম্ভরভাবে গত ১৭ মার্চ, ২০২২ ইং তারিখে আইডব্লিইএম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী পালন করে। ১৯২০ ইং সালের এই দিনে সর্বকালের সর্ব শ্রেষ্ঠ বাঙ্গালী, আমাদের স্বাধীনতার স্থপতি টুঙ্গীপাড়া



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী উদযাপনে IWM এর র‍্যালী ও ৩২ নং ধানমন্ডিতে পুষ্প স্তবক অর্পন। ১৭ মার্চ, ২০২২ ইং।

উপজেলার, গোপালগঞ্জ গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। পিতা শেখ লুৎফর রহমান ও মাতা সায়েরা খাতুন এর সংসারে দুই ভাই ও পাঁচ বোনের মধ্যে বঙ্গবন্ধু তৃতীয়। দিবসটি উৎযাপন উপলক্ষ্যে আইডব্লিউএম এর নির্বাহী পরিচালক জনাব আবু সালেহ খান ও সিনিয়র কর্মকর্তাবৃন্দ র‍্যালী করে ৩২ নং ধানমন্ডিতে বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পন করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে নির্বাহী পরিচালক ও সিনিয়র কর্মকর্তাবৃন্দ পানি ভবনে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আয়োজিত বিশেষ আলোচনা অনুষ্ঠান ও দোয়া মাহফিলে অংশ নেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আইডব্লিউএম ভবনে আলোকসজ্জা ও জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

গুরুত্বপূর্ণ প্রকল্প চুক্তি স্বাক্ষর



মৌজা ম্যাপ ডিজিটাইজেশন, জিওডাটাবেস তৈরী, ওয়েব ম্যাপিং, স্যাটেলাইট ইমেজ ও ভূমির শ্রেণীবিভাগের জন্য ভূমি মন্ত্রণালয় ও আইডব্লিউএম এর মধ্যে চুক্তি স্বাক্ষর।



গাণিতিক মডেল সমীক্ষার মাধ্যমে মেঘনা নদীর শাহবাজপুর চ্যানেলের সমন্বিত উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও আইডব্লিউএম এর মধ্যে চুক্তি স্বাক্ষর

CEGIS

সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড
জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস

www.cegisbd.com



অষ্টম অধ্যায়: সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস

পটভূমি

১৯৮৭ এবং ১৯৮৮ সালের ভয়াবহ ও দীর্ঘস্থায়ী বন্যার পর পানি সম্পদ মন্ত্রণালয় ২৬টি বন্যা কর্মপরিকল্পনা (ফ্লাড অ্যাকশান প্ল্যান/ফ্যাপ) সমীক্ষা প্রণয়নের কার্যক্রম হাতে নেয়। এগুলোর মধ্যে ইউএসএআইডি-এর কারিগরি সহায়তায় ১৯৯১-১৯৯৫ সময়ব্যাপী পরিবেশগত সমীক্ষা (ফ্যাপ-১৬) এবং ভৌগলিক তথ্য পদ্ধতি (জিআইএস) সমীক্ষা (ফ্যাপ-১৯) সম্পন্ন হয়। পরবর্তীতে ফ্যাপ-১৬ ও ফ্যাপ-১৯ একত্রিত করে "দি এনভায়রনমেন্ট এন্ড জিআইএস সাপোর্ট ফর ওয়াটার সেক্টর প্ল্যানিং প্রজেক্ট (ইজিআইএস)" শীর্ষক একটি প্রকল্প হাতে নেয়া হয়। সমীক্ষা দুটোর লব্ধ ফলাফল এবং জ্ঞান সংরক্ষণ ও সদ্ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ সরকারের অনুরোধক্রমে নেদারল্যান্ডস সরকার ১৯৯৬ সাল হতে ইজিআইএস প্রকল্পে কারিগরি সহায়তা প্রদান করে। পরবর্তীতে দেশের প্রাকৃতিক সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা প্রদানের লক্ষ্যে ইজিআইএস প্রকল্পকে সরকার ২০০২ সালে সিইজিআইএস ট্রাস্ট এ রূপান্তর করে।

২০০২ সালের মে মাসে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ের পৌরোহিত্যে "দি ট্রাস্টস এ্যাক্ট ১৮৮২" -এর আওতায় সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) নামে পাবলিক ট্রাস্ট প্রতিষ্ঠা করা হয়। সিইজিআইএস পানি সম্পদ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এবং ১৫ সদস্য বিশিষ্ট একটি অছি পরিষদ (বোর্ড অব ট্রাস্টিজ) কর্তৃক পরিচালিত হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব অছি পরিষদের সভাপতি এবং এর ট্রাস্টিগণ হলেন- মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড; মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা; মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর; মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর; প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর; প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর; প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; চেয়ারম্যান, মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন সংস্থা; চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ; চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ; বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন পরিবেশ এবং পানি সম্পদ বিষয়ক অধ্যাপক; ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের একজন অধ্যাপক; আইইউসিএন-এর বাংলাদেশ কান্ট্রি রিপ্রেজেনটেটিভ এবং সরকার কর্তৃক মনোনীত একটি এনজিও-র প্রধান নির্বাহী। সিইজিআইএস-এর নির্বাহী পরিচালক পদাধিকারবলে অছি পরিষদের সদস্য-সচিব এর দায়িত্ব পালন করেন।

অধিক্ষেত্র

সিইজিআইএস ভৌগোলিক তথ্য পদ্ধতি (জিআইএস), দূর অনুধাবন (আরএস) উপাত্ত (স্যাটেলাইট চিত্র), তথ্য প্রযুক্তি (আইটি) এবং উপাত্তভান্ডার (ডাটাবেইস) ব্যবহার করে পানি, ভূমি, বায়ু, গ্যাস, খনিজ প্রভৃতি প্রাকৃতিক সম্পদ এবং কৃষি, মৎস্য, সড়ক ও নৌ-পরিবহন, প্রকৌশল, বন, পরিবেশ, সামাজিক ইত্যাদি খাতের সমন্বিত পরিবেশগত বিশ্লেষণের মাধ্যমে কৌশলগত পরিবেশ সমীক্ষা (এসইএ), প্রাথমিক পরিবেশগত যাচাই (আইইই), পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ), সামাজিক প্রভাব নিরূপণ (এসআইএ), ট্রাফিক চলাচলের প্রভাব সমীক্ষা (টিআইএ), পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি), পরিবেশগত ব্যবস্থাপনা কাঠামো (ইএমএফ), পরিবেশগত এবং সামাজিক পরিবীক্ষণ সমীক্ষা, ভূমি অধিগ্রহণ কর্মপরিকল্পনা, পূনর্বসতি (রিসেটেলমেন্ট) কর্মপরিকল্পনা ইত্যাদি সম্পাদন করে থাকে। এছাড়াও সিইজিআইএস সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য বিশ্লেষণমূলক ফ্রেমওয়ার্ক প্রণয়ন; জিআইএস এবং আরএস ব্যবহার করে বন্যা ও বন সম্পদের পরিবীক্ষণ; খরা নিরূপণ এবং পরিবীক্ষণ; নদীর প্ল্যানফর্ম পরিবর্তন, নদী ভাঙ্গন এবং ভূমি ক্ষয় নিরূপণ; বন্যার ক্ষয়ক্ষতি নিরূপণ; ভূমি ব্যবহার এবং নগর পরিকল্পনা প্রণয়নের জন্য ভূ-তলীয় তথ্য-বিশ্লেষণ ইত্যাদি সম্পাদন করে থাকে। পানি সম্পদ খাতের প্রকল্পসমূহের পরিকল্পনা, নকশা, বাস্তবায়ন এবং পরিবীক্ষণের জন্য এ সংস্থাটি বৃহৎ উপাত্তভান্ডার যেমনঃ মেটাডাটাবেসসহ জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি), সমন্বিত উপকূলীয় সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি), ওয়েবভিত্তিক ভূ-তলীয় উপাত্ত ভান্ডার, ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (এমআইএস) এবং সিদ্ধান্ত গ্রহণ সহায়ক পদ্ধতি (ডিএসএস) প্রস্তুত করে থাকে।

কাজের পরিধি ও বিশেষজ্ঞ জনবল

সিইজিআইএস-এর কারিগরি, বিশেষজ্ঞ বিষয়ক ও বুদ্ধিভিত্তিক কাজসমূহ

প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ	জিআইএস ও আরএস	ডাটাবেস ও আইটি
• মহাপরিকল্পনা প্রণয়ন • প্রাক-সম্ভাব্যতা ও সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন • পরিবেশগত ও সামাজিক প্রভাব নিরূপণ • প্রতিবেশগত পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রণয়ন • পরিবেশগত ও সামাজিক প্রভাব পরিবীক্ষণ • পূনর্বসতি কর্মপরিকল্পনা প্রণয়ন • সমন্বিত পানি ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন • আর্থ-সামাজিক ও প্রাতিষ্ঠানিক সমীক্ষা সম্পাদন • নদীর মরফোলজি, কৃষি, মৎস্য, বন, বিদ্যুৎ ও পানি সম্পদ ইত্যাদি ক্ষেত্রে বিশেষায়িত সেবা প্রদান • প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ বিষয়ক গবেষণা/সমীক্ষা সম্পাদন • জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব নিরূপণ ও অভিযোজন পরিকল্পনা প্রণয়ন • জলবায়ু টেকসই ও জলবায়ু সহিষ্ণু সমীক্ষা সম্পাদন • পরিবেশগত ও সামাজিক প্রভাব নিরূপণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান	• ম্যাপিং ও ইমেজ প্রক্রিয়াকরণ • ডিজিপিএস ও জিপিএস জরীপ • স্প্যাশাল মডেলিং • দুর্যোগ পরিবীক্ষণ ও ক্ষয়ক্ষতি নিরূপণ • প্রাকৃতিক সম্পদ নিরূপণ ও ভূমি ব্যবহার পরিবীক্ষণ • ভূমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণয়ন • জিআইএস ও আরএস বিষয়ক প্রশিক্ষণ প্রদান	• ডাটাবেস ও এমআইএস ডিজাইন ও উন্নয়ন • Web-enabled GIS-based MIS ও ডাটাবেস প্রস্তুতকরণ • ডাটা রিপোজিটরি প্রস্তুতকরণ • আইটি সমাধান; সফটওয়্যার ডিজাইন, তৈরি ও বাস্তবায়ন • WEB পোর্টাল উন্নয়ন • উপাত্তের মান প্রমিতকরণ ও নির্দেশমালা প্রস্তুতকরণ • ডাটাবেস ও আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান

এছাড়া সিইজিআইএস যৌথভাবে গবেষণা পরিচালনার জন্য দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত বিভিন্ন গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক সম্পাদন করেছে। সিইজিআইএস কর্তৃক পরিচালিত এমন গবেষণা কার্যক্রমের আওতায় ইতোমধ্যে একাধিক পিএইচডি ডিগ্রী অর্জিত হয়েছে।

দেশের অভ্যন্তরে সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানসহ উন্নয়ন সহযোগীদের জন্য কৃষি, মৎস্য, বন, বিদ্যুৎ ও পানি সম্পদ ইত্যাদি ক্ষেত্রে সিইজিআইএস-তাদের উদ্ভাবিত কৌশল প্রয়োগ করে উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়ন, মাস্টার প্ল্যান প্রণয়ন, রুট সার্ভে, টপোগ্রাফিক্যাল সার্ভে, পরিবেশগত প্রভাব মূল্যায়ন, আর্থ-সামাজিক প্রভাব মূল্যায়ন এবং আরএপি প্রণয়ন ও এ সকল কাজের প্রতিবেদন প্রণয়ন করে দেশ-বিদেশে যথেষ্ট সুনাম অর্জন করেছে।

সিইজিআইএস-য়ে পানিবিজ্ঞান, পানি সম্পদ পরিকল্পনা, পানি সম্পদ কৌশল, পুরকৌশল, তড়িৎকৌশল, প্রাণীবিজ্ঞান, উদ্ভিদ বিজ্ঞান, ভূগোল, জলবায়ু পরিবর্তন, পরিবেশ, প্রতিবেশ, নদী গঠন প্রকৃতি ও প্ল্যানফর্ম, ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি, অর্থনীতি, কৃষি, মৎস্য, সমাজবিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, পানির গুণগত মান, প্রতিষ্ঠান, পরিবেশ আইন, বিজনেস স্টাডিজ, গণিত, পরিসংখ্যান, জিআইএস, আরএস, ডাটাবেস, প্রোগ্রামিং ইত্যাদি প্রায় ৩৫টি বিভিন্ন পেশা ও বিষয়ভিত্তিক পেশাজীবী এবং প্রশিক্ষিত ও অভিজ্ঞ কারিগরি বিশেষজ্ঞ রয়েছে। অত্যাধুনিক কম্পিউটার এবং জিআইএস ও আরএস সফটওয়্যার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বিশেষজ্ঞগণ এ প্রতিষ্ঠানের নিয়মিত কার্যক্রম পরিচালনা করছেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবস্থা

সর্বাধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ উন্নত Computer Hardware ও Software সমৃদ্ধ একটি আধুনিক প্রতিষ্ঠান হিসেবে সিইজিআইএস এ উচ্চগতি সম্পন্ন Local Area Network (LAN) দ্বারা প্রায় ৪০০টি Desktop/Workstation/Laptop পরস্পর সংযুক্ত হয়ে সেবা দিয়ে যাচ্ছে। উন্নত মানসম্পন্ন উল্লেখযোগ্য সংখ্যক প্রিন্টার, প্লটার, স্ক্যানার, ডিজিটাইজার, ল্যাপটপ ও ডেস্কটপ মেশিন LAN এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত, সর্বাধুনিক Dell Server System দ্বারা আন্তর্জাতিক মানসম্পন্ন Output/Product তৈরীতে অবদান রাখছে। একাধিক



Server and Network Infrastructure

Backup Sever এর সাহায্যে নিয়মিত ভাবে সকল Output/Product এর Data Backup সংরক্ষণ করা হচ্ছে। একটি Linux Mail Server System এর মাধ্যমে সিইজিআইএস-এর অভ্যন্তরীণ ও বহিঃস্থ যোগাযোগ ব্যবস্থা পরিচালনা করা হচ্ছে। প্রতিষ্ঠানের নিজস্ব Domain হল: www.cegisbd.com -এটি High-speed Fiber Optics Broadband Internet connection দ্বারা যুক্ত। বিগত ২০ বছরে Oracle, MSSQL Server, MS Access, MySQL ও PostgreSQL এর সর্বশেষ Version ব্যবহার করে বেশ কিছু Geo-Spatial Database তৈরী করা হয়েছে এবং নিয়মিতভাবে তা হালনাগাদ করা হচ্ছে।

GIS ও RS Server System এর সাহায্যে বিপুল আকারের GIS-RS Data/Information কে সুষ্ঠুভাবে সংরক্ষণ করে বিভিন্ন সমীক্ষার কাজে ব্যবহার করা হচ্ছে। Windows 10/11 Professional, Desktop/Workstation এর Operating System হিসেবে এবং Windows Server 2016/2019/2022 Standard/Enterprise Edition, Server এর Operating System হিসেবে ব্যবহার করা হচ্ছে। লাইসেন্সকৃত ArcGIS, ArcView, ERDAS Imagine, ArcIMS ইত্যাদি সর্বাধুনিক Software এর সর্বশেষ Version বিভিন্ন সমীক্ষার প্রয়োজনে ব্যবহার করা হচ্ছে। DeskTop Publication (DTP) এবং মাল্টিমিডিয়া প্রোডাকশনারে জন্য রয়েছে আপ-টু-ডেট Adobe Creative Suit। এসকল Database, Servers এবং Software সমূহ যুগোপযোগী Firewall ও Antivirus Software দ্বারা সুরক্ষিত। সামগ্রিকভাবে সিইজিআইএস এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সুদক্ষ জনবলের মাধ্যমে পরিচালিত হচ্ছে। এছাড়া সিইজিআইএস-এ Archway Metal Detector Gate, Polycom Video Conferencing System, Biometric Access Control System, CCTV Camera System, Web based Library Management System, Web based Vehicle Requisition System, Web based Asset Management System, Digital Office Management System (OMS), ERP Software System বিগত কয়েক বছর যাবৎ যুগোপযুগী করে ব্যবহার করা হচ্ছে।

এনভায়রনমেন্টাল ল্যাবরেটরি ও মাঠপর্যায়ে ব্যবহৃত বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমূহ



UV-1800 Spectrophotometer

সিইজিআইএস তার গবেষণা কাজের তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্তে বিভিন্ন ধরনের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ব্যবহার করে আসছে। প্রতিষ্ঠানটির এনভায়রনমেন্টাল ল্যাবরেটরি নানা ধরনের অত্যাধুনিক যন্ত্রপাতির সমন্বয়ে গঠিত। এ সমস্ত বৈজ্ঞানিক যন্ত্রপাতি ল্যাবরেটরি এবং মাঠপর্যায়ে বিভিন্ন পরীক্ষাকার্যে ব্যবহার করা হয়। প্রধানত তিন ধরনের পরিবেশগত গুণাবলী তথাঃ ১) পানির গুণগত মান পর্যবেক্ষণ ২) বায়ুর গুণগত মান পর্যবেক্ষণ ও ৩) কোন স্থাপনার সমীক্ষা কাজে শব্দ এবং কম্পনের মাত্রা পর্যবেক্ষণ ও পরিমাপ কাজে এগুলো ব্যবহৃত হয়।



Soil Salinity Meter



Combo pH/EC/TDS/TempMeter

পানির গুণগত মান পর্যবেক্ষণের জন্য সিইজিআইএস এনভায়রনমেন্টাল ল্যাবরেটরিতে UV1800 Spectrophotometer, Multi parameter water quality tester(Edge pH, EC/TDS/Salinity/TEMP and DO) meter, EC/TDS/NaCl/TEMP Meter, Multi parameter Water Quality Checker (HORIBA), DO Meter, pH Meter, Salinity Meter, Soil Salinity Meter, Electrical Conductivity Meter, TDS Meter, Turbidity Meter, Combo (pH/ EC/ TDS/ TEMP) meter, Distill Water Making Machine, AirSENCE (CAAQMMS)_Elite, Dust Trak DRX Aerosol Monitor - 8533 EP (Air Quality Meter), Portable Weather Station, Light



EC/TDS/NaCl/Temp Meter



UV-1800 Spectrophotometer

Intensity Meter, Microscopoe, Vibration Meter, Sound Level Meter, Refractometer, Noise Meter, Vibration Meter ও Electromagnetic Flow Meter (EMF), Canopy Meter, Laser Range Finder, Binocular, Arsenic Test Kit Apparatus and Laboratory Glasswares, Micropipette, Glass Pipette-সহ বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি রয়েছে।



River Ray ADCP

এ সমস্ত যন্ত্রপাতির মাধ্যমে বর্তমানে পানির ১৫টি গুণগত মান নির্ণয় করা হয়। যেমনঃ Nitrate (NO_3-), Sulphate ($SO4_2$-), Iron (Fe), Phosphate (PO_4^{3-}), Ammonium (NH_4^+), Silica (SiO_2), Electrical Conductivity (EC), Total Dissolved Solid (TDS), Turbidity, Dissolved Oxygen (DO), Salinity, pH, Temperature, NaCl, Arsenic (As)।



Dust Trak Aerosol Monitor

এছাড়া Manganese (Mn), Copper (Cu), Chromium (Cr^{6+}), Cobalt (Co), Nickel (Ni), Fluoride (F^-) পানির এই ৬টি গুণগত মান নির্ণয়ের জন্যে Spectrophotometer -এ method development procedure set-up করা হয়েছে, এবং নির্ণয়ের কাজ আংশিকভাবে শুরু করা হয়েছে এছাড়া, Echo Sounder Machine, River Ray ADCP, Current Meter যন্ত্রপাতি ব্যবহার করে নদীর পানির গভীরতা, পানির গতিবেগ এবং প্রবাহের পরিমাপ করা হয়। Salinity Meter দ্বারা মাটির Electrical Conductivity (EC), লবণাক্ততা, আর্দ্রতা ও তাপমাত্রা পরিমাপ করা হয়। Microscope দ্বারা পানির অনুজীব চিহ্নিতকরণ ও পরিচিতির পরীক্ষা-নিরীক্ষা করা হয়। আবহাওয়ার বৈশিষ্ট্য, যেমন - বায়ুর বেগ, আর্দ্রতা, তাপমাত্রা, বৃষ্টিপাত নির্ণয়ের জন্য রয়েছে Portable Weather Station. এছাড়া Dust Trak DRX Aerosol Monitor - 8533 EP (Air Quality Meter) দ্বারা বিভিন্ন গবেষণা কাজের জন্য বায়ুর গুণগত মান যেমন-Particulate Matters (PM_1, $PM_{2.5}$, PM_{10}, Respirable and PM Total) and AirSENCE Continuous Ambient Air quality Micro Monitoring Station (CAAQMMS) সম্প্রতি সংগ্রহ করা হয়েছে। এর দ্বারা বিভিন্ন গবেষণা কাজের জন্য বায়ুর গুণগত মান যেমন- Gaseous pollutant (NO, NO_2, CO, O_3, SO_2, CO_2, VOC), Particulate matters (PM_{10}, $PM_{2.5}$, PM_1),Weather parameter (Temperature, Relative Humidity, Wind Speed & Direction, Rainfall, Noise), and additional information like (GPS-Longitude, Latitude), Pressure, Elevation) পর্যবেক্ষণ করা হয়। এছাড়াও combo pH/EC/TDS/Temp, DO, Salinity and pH In-situ type instrument সম্প্রতি সংগ্রহ করা হয়েছে।

সিইজিআইএস-এর এসব যন্ত্রপাতির মধ্যে কিছু কিছু মাঠপর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য Portable Equipment হিসেবে ব্যবহার করা হয়, যার মধ্যে রয়েছে Noise Meter, Vibration Meter ও Electromagnetic Flow Meter (EMF)। বন সম্প্রসারণ ও এর গুণাবলী পর্যবেক্ষণের জন্য Canopy Meter, Light Meter, Laser Range Finder ইত্যাদি যন্ত্রপাতিও ব্যবহার করা হয়। সিইজিআইএস তার বিভিন্ন গবেষণাকার্যে দূরবীক্ষণযন্ত্র, ক্যামেরাসহ বিভিন্ন ধরনের পরিবেশ বিষয়ক মান নির্ণায়ক যন্ত্রপাতি ব্যবহার করে থাকে। বিভিন্ন সমীক্ষার আওতায় নানাবিধ জরিপ কাজ সুচারুভাবে সম্পাদন করার জন্য সিইজিআইএস সর্বাধুনিক প্রযুক্তিনির্ভর যন্ত্রপাতি যেমন, টোটাল স্টেশন, জিপিএস, ডিজিপিএস, আরটিকে ও ড্রোন ব্যবহার করছে। সিইজিআইএস কর্তৃক এ সকল অত্যাধুনিক যন্ত্রপাতি ব্যবহারের ফলে স্বল্প সময়ে এবং সূক্ষ্মভাবে জরিপ কাজ সম্পন্ন করে সেবাগ্রহীতাদের চাহিদা অনুযায়ী নির্ভরযোগ্য প্রতিবেদন/ফলাফল দেয়া সম্ভব হচ্ছে।



Mavic 2 Pro Drone

আন্তর্জাতিক মান সংস্থা (ISO) কর্তৃক সনদ অর্জন



সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) Integrated Management System এর আওতায় 'গুণগতমান ব্যবস্থাপনা পদ্ধতি' (Quality Management System: ISO - 9001:2015), 'পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি' (Environmental Management System: ISO - 14001:2015) এবং 'পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থাপনা পদ্ধতি' (Occupational Health & Safety Management System: ISO - 45001:2018) এর আন্তর্জাতিক শিল্প-মান নিশ্চিত করে ISO Certificate অর্জন করেছে।

আন্তর্জাতিক মান নির্ধারণী সংস্থা (International Organization for Standardization/ISO) বিশ্বব্যাপী একটি ফেডারেশন। এটি আর্ন্তজাতিক শিল্প-মান নিশ্চিতকারী একটি বেসরকারী সংস্থা এবং ১৬৬ টি দেশ এর সদস্য। ISO Certificate অর্জনকারী সংস্থা সদস্য দেশের আন্তর্জাতিক মানসম্পন্ন সংস্থা হিসেবে বিবেচিত হয়।

সিইজিআইএস তার পরিবেশগত ব্যবস্থাপনায় দৈনন্দিন কাজকর্ম থেকে কার্বন নিঃসরণ হ্রাস, সম্পদের দক্ষ ব্যবহার এবং বর্জ্য হ্রাস করে দুষণ কমিয়ে পরিবেশগত কার্যকারিতা উন্নত করতে বদ্ধপরিকর। কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য এবং সুরক্ষা ব্যবস্থাপনা ও ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে

সিইজিআইএস সুস্থ পরিবেশ এবং স্বাস্থ্য ঝুঁকি নিয়ন্ত্রণে প্রতিশ্রুতিবদ্ধ।

ইন্টারন্যাশনাল সার্টিফিকেশন বডি Bureau Veritas Certification Holding, SAS-UK Branch এর লোকাল অফিস "ব্যুরো ভেরিটাস (বাংলাদেশ) প্রাইভেট লিমিটেড" কর্তৃক দুই পর্যায়ে পরিচালিত ব্যাপক নিরীক্ষণের পরে সিইজিআইএসকে- "ইন্টিগ্রেটেড ম্যানেজমেন্ট সিস্টেম" এর আওতায় আইএসও ৯০০১:২০১৫ তথা 'কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম' (গুণগতমান ব্যবস্থাপনা পদ্ধতি), আইএসও ১৪০০১:২০১৫ তথা 'এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম' (পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি) এবং আইএসও ৪৫০০১:২০১৮ তথা 'অকুপেশনাল হেলথ এন্ড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম' (পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থাপনা পদ্ধতি) সার্টিফাইড সংস্থা হিসেবে ২৫শে আগস্ট ২০২০ তারিখে ISO Certificate প্রদান করেছে। এগুলো সিজিআইএস-এর ব্যবস্থাপনা পদ্ধতি, পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি এবং পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থাপনা পদ্ধতিসমূহের আন্তর্জাতিক শিল্প-নির্দিষ্ট গুণগত মান নিশ্চিত করেছে।

সিইজিআইএস কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত এবং চলমান গুরুত্বপূর্ণ কয়েকটি সমীক্ষা/গবেষণার সংক্ষিপ্ত বিবরণঃ

জাতীয় অভিযোজন পরিকল্পনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনস্থ পরিবেশ অধিদপ্তর এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী বাংলাদেশ (UNDP Bangladesh) জাতীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন শুরু করেছে। এই প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে জাতীয় ও স্থানীয় পর্যায়ে জলবায়ু স্থিতিস্থাপকতা সহিষ্ণুতা অর্জন করা এবং জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি এবং দুর্বলতা হ্রাস করা। জাতীয় অভিযোজন পরিকল্পনা একটি ধারাবাহিক, পুনরাবৃত্তিমূলক এবং অগ্রমুখী দলিল। এটি দেশীয়, লিঙ্গ-সংবেদনশীল,



অংশ গ্রহণমূলক, বিজ্ঞান এবং স্থানীয় জ্ঞান ভিত্তিক এবং সম্পূর্ন স্বচ্ছতার ভিত্তিতে প্রনীত হয়েছে। সামগ্রিকভাবে জাতীয় অভিযোজন পরিকল্পনা জলবায়ু পরিবর্তনের প্রভাব অংশীজনদের পরামর্শের ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। এ পরিকল্পনায় প্রথমিকভাবে ৮টি খাত অন্তর্ভুক্ত করে হয়েছে, যথাঃ ১) পানি সম্পদ, ২) দুর্যোগ, সামাজিক নিরাপত্তা ও নিশ্চয়তা, ৪) কৃষি, ৫) মৎস্য, মৎস্য-পালন এবং প্রাণীসম্পদ, ৫) নগর, ৬) বাস্তুতন্ত্র, জলাভূমি এবং জীববৈচিত্র্য, ৭) নীতি এবং প্রতিষ্ঠান, এবং ৮) সক্ষমতা উন্নয়ন, গবেষণা এবং উদ্ভাবন। এ ৮টি খাতে জলবায়ু পরিবর্তনের প্রভাবের ঝুঁকি এবং দুর্বলতা হ্রাস করার লক্ষ্যে ৬টি লক্ষ্য, ২৩টি কৌশল এবং ২৮টি ফলাফল পূরণের মাধ্যমে জাতীয় অভিযোজন পরিকল্পনা কাজ করবে। জাতীয় অভিযোজন পরিকল্পনা অভিযোজনের উন্নত উপায় এবং খাতভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে ১১৩টি পদক্ষেপ তৈরি করার জন্য ১১টি Climate Stress ক্ষেত্র বিবেচনা করেছে, এই পদক্ষেপগুলি Susainable Development Goals (SDG) এবং BDP-2100 এর ৫২টি জলবায়ু অভিযোজন প্রকল্পের সাথে সংগতিপূর্ণ। জাতীয় অভিযোজন পরিকল্পনা প্রক্রিয়ায় লিঙ্গ, প্রতিবন্ধী ব্যক্তি, যুব, জাতিগত সম্প্রদায় এবং অন্যান্য সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠীর অন্তর্ভুক্তি নিশ্চিত করেছে।

বাংলাদেশের ১৩তম পঞ্চবার্ষিক পরিকল্পনা চক্র পর্যন্ত ২৭ বছরের (২০২৩-২০৫০) বাস্তবায়ন সময়ের জন্য ৯০টি উচ্চ অগ্রাধিকার এবং ২৩টি মধ্যপন্থী অগ্রাধিকার পদক্ষেপের মোট বিনিয়োগ ব্যয় প্রাক্কলন করা হয়েছে ২০,০৩৭ billion BDT। পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ পরামর্শক প্রতিষ্ঠান Center for Environmental and Geographic Information Srvices (CEGIS) নেতৃত্বে International Center for Climate Change and Development (ICCCAD), Bangladesh Center for Advaced studies (BCAS), Center for Climate Change and Environmental Research (C3ER), BRAC University এর যৌথ সহযোগিতায় জাতীয় অভিযোজন পরিকল্পনা প্রণীত হচ্ছে এবং এটি প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

পূর্ব গোপালগঞ্জে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের বিস্তারিত অধ্যয়ন



বন্যা থেকে পূর্ব গোপালগঞ্জ এলাকাকে রক্ষা করা, নিষ্কাশন সুবিধা এবং স্বাদুপানির ধারন ক্ষমতা বাড়ানো, সেচ সুবিধা বাড়ানোর মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা, লবণাক্ততার অনুপ্রবেশ প্রতিরোধ করা ও নদীর ভাঙ্গন হতে কৌশলগতভাবে নদীর তীরকে রক্ষা করা ও এর আশেপাশে নদী ও খালগুলির নাব্যতা উন্নত করা এই প্রকল্পের লক্ষ্য। প্রকল্পের মুখ্য উদ্দেশ্য হল প্রকল্প এলাকায় একটি সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার (IWRM) ব্যবহারিক কাঠামো তৈরি করা। প্রকল্পের প্রধান কার্যক্রমের মধ্যে রয়েছে বিদ্যমান তথ্যের প্রাপ্যতা পর্যালোচনা করে একটি জরিপ পরিচালনা করা এবং বিশদ পরিকল্পনার জন্য, বর্তমান ও ভবিষ্যতের খাতভিত্তিক পানির চাহিদা মূল্যায়ন, পানি সম্পদ মডেলিং। মরফোলজিক্যাল এবং বিদ্যমান কৃষিজ কাঠামোর মূল্যায়ন, সঠিক ইন্টারভেনশন সনাক্তকরণ, পরিবেশগত এবং সামাজিক প্রভাব মূল্যায়ন (ESIA), এবং একটি ইন্টিগ্রেটেড ওয়াটার ম্যানেজমেন্ট ফ্রেমওয়ার্ক বা প্ল্যানের উন্নয়ন।

জাতীয় অভিযোজন পরিকল্পনা বাস্তবায়নে সক্ষমতা তৈরি



জলবায়ু পরিবর্তনজনিত কারনে সৃষ্ট অবস্থার মোকাবেলায় অভিযোজন খাতে দীর্ঘমেয়াদী বিনিয়োগ ও পরিকল্পনা, বাজেট এবং আর্থিক ব্যবস্থাপনার সাথে অভিযোজন প্রক্রিয়াকে সমন্বয় করে জাতীয় সক্ষমতা বাড়ানোর লক্ষ্য নিয়ে 'জাতীয় অভিযোজন পরিকল্পনা' প্রনয়ন করা হচ্ছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের হয়ে এই জাতীয় দলিল প্রণয়ন কাজে সিইজিআইএস নেতৃত্ব দিচ্ছে এবং সহযোগিতা করছে সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড এনভায়রমেন্টাল রিসার্চ (C3ER), ব্রাক বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ সেন্টার ফর এডভান্স স্টাডিজ এবং ইন্টারন্যশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড ডেভলপমেন্ট।

জাতীয় অভিযোজন পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে, সামগ্রিকভাবে বাংলাদেশ এবং এর অঞ্চলভিত্তিক নাজুকতার প্রেক্ষাপটে, বিশেষত বাস্তুতন্ত্র ও আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় জাতীয় সক্ষমতা বৃদ্ধির উপর বিশেষ জোর দেয়া হয়েছে। এ প্রেক্ষাপটে, জাতীয় অভিযোজন পরিকল্পনার প্রস্তুতি সহায়ক প্রকল্প-এর ফলাফল অনুসারে, জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের মূলধারা এবং প্রকল্প উন্নয়ন দক্ষতার উপর প্রশিক্ষণের উদ্যোগ নেয়া হয়েছে। এর সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে - জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন বিষয়ক অগ্রাধিকার ক্ষেত্রগুলির উপর ভিত্তি করে প্রশিক্ষণ মডিউল তৈরি করা এবং সরকারী-বেসরকারী খাতের মূল স্টোকহোল্ডারদের জন্য প্রশিক্ষণ পরিচালনা করা। এ ধারায় জাতীয় ও স্থানীয় পর্যায়ে ধারাবাহিক ভাবে প্রশিক্ষণের পরিকল্পনা নেয়া হয়েছে। প্রশিক্ষণের কেন্দ্রীয় বিষয় হল 'প্রকল্প উন্নয়ন প্রক্রিয়ায় জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনের একীকরণ'। এ প্রকল্পের আওতায় প্রায় ২০০ সরকারী কর্মকর্তার প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

বাংলাদেশের রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলায় পাহাড়ী সড়কের জন্য ভূমিধস ঝুঁকি প্রোফাইল, মানচিত্র, কৌশল কাঠামো এবং কর্ম পরিকল্পনার উন্নয়ন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীন রাঙ্গামাটি সড়ক সার্কেল ক্ষতিগ্রস্ত সড়ক অবকাঠামো পুন:নির্মাণের জন্য এ প্রকল্প হাতে নিয়েছে। প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে সড়ক নেটওয়ার্কে ভূমিধসের ঝুঁকি বিশ্লেষণ ও শ্রেণীবদ্ধ করা। প্রকল্পের আওতাধীন ভূমিধসপ্রবণ এলাকায় উপযুক্ত মাপকাঠির ভিত্তিতে ভূমিধসের সম্ভাব্য ক্ষতি এবং ঝুঁকি (মানব, অর্থনৈতিক, আর্থিক) সনাক্ত, বিশ্লেষণ এবং মূল্যায়ন করা হবে। এছাড়াও তিন পার্বত্য জেলার জন্য বিভিন্ন পরিস্থিতিতে ভূমিধস সংবেদনশীলতা বিশ্লেষণসহ, দুর্যোগ ঝুঁকি মূল্যায়ন ও ব্যবস্থাপনায় স্টেকহোল্ডারদের সক্ষমতা তৈরি করা, প্রশমন এবং পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুত করা, পরিবেশগত এবং আর্থ-সামাজিক প্রভাব বিশ্লেষণ, প্রাথমিক প্রকৌশল-নকশা এবং বাজেট প্রস্তুত

ইত্যাদি বিষয় প্রকল্পটিতে অন্তর্ভূক্ত রয়েছে। পাহাড়ি এলাকায় সড়ক নেটওয়ার্কের পরিকল্পনা, নির্মাণ, এবং ব্যবস্থাপনায় ঝুঁকি ব্যবস্থাপনাকে একীভূত করার জন্য এবং সেজন্য সক্ষমতা তৈরীর জন্য এ প্রকল্পের সবিশেষ গুরুত্ব রয়েছে।

বাংলাদেশের ৯টি প্রধান শহরের জলবায়ু পরিবর্তনজনিত বিপদাপন্নতা মূল্যায়ন

জলবায়ু পরিবর্তন জনিত বিপদাপন্নতা ও ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় বাংলাদেশকে অন্যতম ঝুঁকিপূর্ণ দেশ হিসেবে বিবেচনা করা হয়। অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখতে ও দারিদ্রতা দূর করতে এ দেশকে প্রতিনিয়ত বন্যা, শুষ্ক মৌসুমে পানির অভাব, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়ের মতো আরও অনেক জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকির সাথে খাপ খাইয়ে চলতে হচ্ছে। বাংলাদেশের এ বিপদাপন্নতা বিবেচনায় একটি সমন্বিত উদ্যোগ দরকার, যা দেশের প্রত্যন্ত অঞ্চলের বিপদাপন্নতা বিস্তারিত ভাবে মূল্যায়ন করবে।

শহরগুলো হলো বাংলাদেশের অর্থনৈতিক প্রাণকেন্দ্র। কিন্তু দেশে জলবায়ু পরিবর্তনের ফলে শহরগুলো বেশ ক্ষতিগ্রস্থ হচ্ছে। দ্রুত শিল্পায়ন ও নগরায়নের ফলে শহরের জনসংখ্যা দ্রুত বাড়ছে এবং তা উন্নয়নকাজে নেতিবাচক প্রভাব রাখছে। জলবায়ু পরিবর্তনের ইস্যুটি শহুরে দরিদ্রদের আর্থ-সামাজিক অবস্থাকে নেতিবাচকভাবে প্রভাবিত করছে। এরই ধারাবাহিকতায় এসব জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে UNDP এর অন্তর্ভূক্ত LIUPC প্রকল্পের আওতায় বাংলাদেশের ৯টি প্রধান শহরের জলবায়ু পরিবর্তনজনিত বিপদাপন্নতা মূল্যায়নের কাজ চলছে। ৯টি শহরের মধ্যে ৫টি সিটি কর্পোরেশন ও ৪টি পৌরসভা। এ শহর গুলোতে দরিদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়নের জন্য জলবায়ু সহনশীল অবকাঠামো গড়ে তোলার উপর বিশেষ জোর দেয়া হয়েছে।

Bottom up পদ্ধতির অনুসরণ করে পৌরসভাভিত্তিক জলবায়ু পরিবর্তন ঝুঁকি মূল্যায়নের জন্য শহুরে জীবিকা এবং অবকাঠামোর উপর এর প্রভাব চিহ্নিত করা হচ্ছে। যেমনঃ দূর্বল ড্রেনেজ কাঠামো এবং বর্জ্যর জন্য ড্রেনেজ অবকাঠামোর অভাবে শহরগুলোতে বন্যা বৃদ্ধি পাচ্ছে। বন্যা ছাড়াও বাংলাদেশের দক্ষিণাঞ্চলের শহরগুলো অতিরিক্ত লবণাক্ততার কারনে মিঠা পানির সংকটে ভুগছে। আবার উত্তর-উত্তর পশ্চিমাঞ্চলে খরা, অতিরিক্ত তাপমাত্রা, বন্যা বেশি প্রকট। অন্যদিকে দক্ষিণাঞ্চলের মানুষকে ঘুর্ণিঝড়, জলোচ্ছ্বাসের মত বিপদকে মোকাবেলা করতে হচ্ছে।



বর্তমান পরিস্থিতি মূল্যায়ন করে এবং ঝুঁকিপূর্ণ উপাদানগুলোকে অগ্রাধিকার দিয়ে জলবায়ুর পরিবর্তন সহিষ্ণুতা বিবেচনায় রেখে মাস্টারপ্ল্যান এবং এর যথাযথ বাস্তবায়ন, কঠিন বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ নিশ্চিত করা, উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, পর্যাপ্ত জরুরী আশ্রয়কেন্দ্র নির্মাণ, বিকল্প জীবিকার ব্যবস্থা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা এ প্রকল্পের অন্যতম লক্ষ্য। জলবায়ু পরিবর্তনজনিত বিপদগুলো সনাক্তকরণ ছাড়াও এর মোকাবেলার জন্য পর্যাপ্ত অবকাঠামো ব্যবস্থার উন্নয়নের জন্য মাঠ পর্যায়ে করণীয় বিষয়েও এ প্রকল্পে গুরুত্বারোপ করা হয়েছে।



বাংলাদেশের মৎস্য ও জলজ চাষের জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকি ও দুর্বলতা মূল্যায়ন

ভৌগলিক অবস্থার কারনে বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। যার ফলে দেশের অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশসহ অন্যান্য খাতও ক্ষতির সম্মুখীন হতে পারে। ইতোমধ্যে জলবায়ু পরিবর্তনের প্রভাব দেশের প্রতিটি সেক্টরে অনুভূত হচ্ছে, যার মধ্যে মৎস্য ও জলজ চাষ অন্যতম। জলবায়ু পরিবর্তনজনিত কারনে এই খাতের উপর নির্ভরশীল সম্প্রদায় ইতোমধ্যেই ক্ষতির সম্মুখীন হচ্ছে। এসব বিষয়ের উপর গুরুত্ব দিয়ে দেশের মৎস্য সম্পদ, স্থানীয় মৎস্যজীবি এবং মৎস্য চাষীদের ঝুঁকি এবং দুর্বলতা বিবেচনায় নিয়ে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি এবং দুর্বলতা মূল্যায়ন- CRVA পরিচালনার জন্যে সিইজিআইএস-কে দায়িত্ব দিয়েছে।

সমীক্ষাটি BDP-2100 এর সাথে সমন্বয় করে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম ও উত্তর-পূর্ব অঞ্চলে ৯টি উপজেলায় পরিচালিত হবে। IPCC, AR5 এর সর্বশেষ জলবায়ু ঝুঁকির ধারনার উপর ভিত্তি করে CEGIS এই সমীক্ষার জন্য একটি কাঠামো তৈরি করেছে যা জলবায়ু এবং পরিবেশগত এবং আর্থ- সামাজিক কারনগুলোকে আরও ভালোভাবে বুঝার এবং অগ্রাধিকার দেয়ার জন্য ঝুঁকি দুর্বলতা এবং হুমকির উপাদানগুলোকে নির্দিষ্টভাবে শনাক্ত করার সুযোগ করে দিবে।

এছাড়াও মাছ ধরা, চাষ করা ও এর ইকোসিস্টেমের জন্য আলাদা একটি প্রভাবক-শৃংখলা (determinant chain) চেইন তৈরি করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের পরিস্থিতি SSP1-2.6 এবং SSP5-8.5 এর অধীনে BDP-2100 এর ৬টি হটস্পট বিবেচনা করে ২০৫০ এবং ২০৮৫ এর জন্য CRVA এর মানচিত্র গুলো তৈরি করা হবে। এর সাথে সাথে মৎস্য ইকোসিস্টেমের জন্য একটি জলবায়ু সহনশীল কর্ম পরিকল্পনা তৈরি করা হবে যেখানে মৎস্য ও জলাশয়ের জন্য প্রাথমিক সতর্কতা ব্যবস্থা EWS উন্নত করার জন্য একটি নির্দেশিকা অন্তর্ভূক্ত থাকবে।

এই সমীক্ষার আরও কিছু উল্লেখযোগ্য দিক হলো মৎস্য ও জলাশয় খাতের জন্য উপযুক্ত অভিযোজন এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থা তৈরি করা। লিঙ্গসমতার ভিত্তিতে স্থানীয় ও জাতীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে মৎসজীবী এবং মৎস্য চাষীদের প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান ও সচেতনতা বৃদ্ধি করা প্রভৃতি ।

ক্ষুদ্র সেচের টেকসই উন্নয়নের জন্য ওয়েব ভিত্তিক সেচ তথ্য ব্যবস্থা

বাংলাদেশে প্রায় ১৮ লক্ষ সেচযন্ত্রের মাধ্যমে প্রায় ৫৭ লক্ষ হেক্টর জমিতে শুষ্ক মৌসুমে সেচ প্রদান করা হয়। যা বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে সহায়ক হিসেবে কাজ করছে। জাতীরজনক বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে বর্তমান সরকারের আইসিটি প্রযুক্তির উন্নয়নে সাথে তাল মিলিয়ে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সারাদেশে ব্যবহৃত সেচযন্ত্রের একটি ডাটা বেইজ প্রণয়নের লক্ষ্যে সিইজিআইএস-কে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ করেছে।

ঐ সমীক্ষা প্রকল্পের আওতায় জরিপের মাধ্যমে সমগ্র দেশে ক্ষুদ্রসেচে ব্যবহৃত সেচযন্ত্রের অবস্থান, মালিকানা, সেচযন্ত্রের ক্ষমতা, সেচযন্ত্রের জ্বালানীর উৎস, বিদ্যুতচালিত হলে সরবরহকারি প্রতিষ্ঠান, সেচের পানির উৎস, সেচ নালার প্রকৃত অবস্থা, ফসল ও মৌসুম ভিত্তিক সেচকৃত জমির পরিমান, ফসল ও মৌসুম ভিত্তিক সেচ খরচ, প্রতি সেচ যন্ত্রের বিপরীতে উপকারভোগী কৃষক ও কৃষি শ্রমিকের সংখ্যা ইত্যাদি তথ্য সংবলিত ৫৬ টি কলামে তথ্য সংগ্রহ করা হয়।



RTK GPS এর মাধ্যমে গভীর নলকূপের সঠিক অবস্থান এবং সমুদ্রপৃষ্ঠ থেকে নলকূপগুলো কত উচ্চতায় আছে তা নিখুঁতভাবে নির্ণয় করা হয়। এছাড়া নলকূপগুলোর পারস্পারিক দূরত্ব, ভূগর্ভস্থ পানির গ্র্যাডিয়েন্ট নির্ণয়ের ব্যবস্থা রাখা হয়েছে। এসব তথ্য ভূগর্ভস্থ পানির যথাযথ ব্যবহারের পরিকল্পনায় সহায়তা করবে। জিপিএস এর মাধ্যমে যেসব জায়গার ভূগর্ভস্থ পানির লেভেল নিরাপদ জোন থেকে ঝুঁকিপূর্ণ জোনে যাচ্ছে এমন ১৫০ টি উপজেলার ৭৫,০০০ অগভীর নলকূপের অবস্থান নির্ণয় করা হয়েছে, যা ভূগর্ভস্থ পানির টেকসই ব্যবহার ও ব্যবস্থাপনার সঠিক পরিকল্পনায় সহযোগিতা করবে।

উল্লেখিত তথ্যগুলোকে ডিজিটালাইজ করে একটি ডাটাবেইজ এবং একটি ওয়েব ভিত্তিক সফটওয়্যার তৈরি করা হয়েছে। এর মাধ্যমে স্কিম-ওয়ারী তথ্য ডিজিটালি পাওয়া যাবে এবং সেচ সংক্রান্ত অবস্থান ভিত্তিক তথ্যাদি বিশ্লেষণ করা যাবে। এ সকল তথ্য ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে টেবিল, গ্রাফ এবং ম্যাপ আকারে উপস্থাপন করা যাবে। এছাড়া সেচযন্ত্রে ব্যবহৃত ডিজেল ও বিদ্যুতের পরিমাণ, সেচ দক্ষতা, ক্ষুদ্র সেচে ভূগর্ভস্থ ও ভূ-উপরস্থ উৎস থেকে কি পরিমান পানি উত্তোলন করা হয় তা জানা যাবে। প্রাপ্ত এ সকল যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ, পরিকল্পনাবিদ, গবেষক এবং নীতি নির্ধারকগণকে সেচ সংক্রান্ত নীতি নির্ধারনী, পরিকল্পনা কৌশল তৈরী এবং প্রকল্প ও কর্মসূচি প্রণয়নে সহায়ক ভূমিকা পালনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম প্ল্যাটফর্ম

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প দক্ষতার সাথে পরিচালনার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো CEGIS এর মাধ্যমে একটি মানচিত্র ভিত্তিক ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) প্রস্তুত করেছে। এর মাধ্যমে ২০২১ সালের জনশুমারি ও গৃহগণনা পরিচালনার জন্য একটি ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) তৈরি করা হয়েছে। আইসিএমএস এর প্রধান উদ্দেশ্য হল জনশুমারি ও গৃহগণনা ২০২১ কার্যকর ও দক্ষতার সাথে পরিচালনার জন্য মানচিত্র ভিত্তিক অত্যাধুনিক প্রযুক্তি প্রয়োগ, জরিপ পরিচালনা ও নিরীক্ষণ, গণনার ক্ষেত্র এবং ডেটা সংগ্রহের প্রক্রিয়া পরিচালনা, জনশুমারির তথ্য সংরক্ষণ এবং দেখার জন্য একটি ওয়েব ভিত্তিক ইন্টিগ্রেটেড সিস্টেম তৈরি করা। জনশুমারির মতো বৃহৎ কার্যক্রমে সার্বিক ব্যবস্থাপনা সমন্বয়ের লক্ষ্যে ICMS এর আওতায় বিবিএস সদর দপ্তরে স্থাপিত Network Operations Centre (NOC) থেকে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে শুমারিকালীন সকল গণনা এলাকা, গ্রাম, ইউনিয়ন, উপজেলা পর্যায়ের গণনা কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হয়েছে।



ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেমের (আইসিএমএস) লিংক: https://census2021icms.gov.bd

ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম প্ল্যাটফর্মের মডিউল এবং বৈশিষ্ট্যঃ

মানব সম্পদ ব্যবস্থাপনা

১. মানব সম্পদ (গননাকারী, সুপারভাইজার, জোনাল অফিসার, ইউসিসি, ডিসিসি ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি এবং তাদের প্রোফাইল ব্যবস্থাপনা;
২. শুমারির স্তরভিত্তিক গ্রুপ যোগাযোগ ব্যবস্থাপনা;
৩. গণনাকারী, সুপারভাইজার, জোনাল অফিসার, ইউসিসি, ডিসিসি ইত্যাদির তথ্য সংযোজন, প্রতিস্থাপন বা বাতিলকরণ; এবং
৪. সকল স্তরের জন্য পর্যবেক্ষণ ড্যাশবোর্ড।

শুমারি তথ্য ব্যবস্থাপনা

১. CAPI সিস্টেমের মাধ্যমে জনশুমারির তথ্য ব্যবস্থাপনা;
২. শুমারির তথ্য সম্পাদনা করা;
৩. শুমারি তথ্য প্রক্রিয়াকরণ এবং ডেটা টেবিল তৈরি করা;
৪. থিম্যাটিক ম্যাপ তৈরি করা;
৫. এসএমএস/অ্যাপের মাধ্যমে গণনার স্বয়ংক্রিয় ব্যবস্থাপনা; এবং
৬. সকল স্তরের জন্য পর্যবেক্ষণ ড্যাশবোর্ড।

গণনা এলাকা ব্যবস্থাপনা

১. জিআইএস মানচিত্রের মাধ্যমে গণনা ক্ষেত্রের এলাকা চিহ্নিতকরণ;
২. বিভিন্ন প্রশাসনিক স্তরের ডেটা সংগ্রহের লাইভ মনিটরিংয়ের ব্যবস্থা; এবং
৩. ওয়েব জিআইএস সিস্টেম প্রস্তুতকরণ।

জিওকোড ব্যবস্থাপনা

১. সকল স্তরের জন্য জিওকোড ব্যবস্থাপনা;
২. নতুন জিওকোড তৈরি এবং পরিবর্তন; এবং
৩. জিআইএস মানচিত্রের মাধ্যমে জিওকোড এলাকা ব্যবস্থাপনা।

নলেজ রিপোজিটরি



পানি সম্পদ মন্ত্রণালয় তার আওতাধীন দপ্তরসমূহের পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় নীতি, পরিকল্পনা, কর্মকৌশল, নির্দেশমালা এবং আইন, বিধি-বিধান, রেগুলেশন ইত্যাদি প্রণয়ন করে থাকে। এ মন্ত্রণালয় বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও নিষ্কাশন, নদীতীর ভাঙ্গন প্রতিরোধ, ব-দ্বীপ উন্নয়ন, ভূমি পুনরুদ্ধার ইত্যাদি বিষয়ে উন্নয়ন প্রকল্প প্রস্তুত ও বাস্তবায়নের মাধ্যমে ব্যারেজ, রেগুলেটর, স্লুইস, খাল, বেড়িবাঁধ, রাবার ড্যাম, বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, উপকূলীয় বাঁধ নির্মাণ ও খাল খনন-পুনঃখনন করে সেচ, জলাবদ্ধতা নিরসণ, বন্যা প্রতিরোধ, নদীর তীর ভাঙ্গন প্রতিরোধ, ভূমি পুনরুদ্ধার ইত্যাদি ক্ষেত্রে কাজ করে থাকে। পানি সম্পদের উন্নয়ন ও এর ব্যবস্থাপনা বিষয়ক কর্মকান্ডগুলি আরো সহজে এবং দক্ষতার সাথে পর্যবেক্ষন-পরিবীক্ষণের জন্য সংশ্লিষ্ট তথ্যগুলি সংগ্রহ করে একটি কেন্দ্রীয় তথ্য ভান্ডার তৈরির উদ্যোগ গ্রহণ করেছে। এই তথ্য ভান্ডারটিকে মূলত নলেজ রিপোজিটরি নাম দেয়া হয়েছে। এই নলেজ রিপোজিটরির ব্যবহারকারী হবেন প্রধানতঃ সরকারি উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ, পরিকল্পনাবিদ, সিদ্ধান্ত গ্রহণকারী, গবেষক প্রমুখ। এই নলেজ রিপোজিটরিতে ড্যাশবোর্ড, তথ্য-উপাত্ত ব্যবস্থাপনা, প্রকাশনা ও নথি ব্যবস্থাপনা, ডেটা আদান-প্রদান, বিশ্লেষণ ও প্রতিবেদন, ব্যবহারকারী ব্যবস্থাপনা ও ব্যবহার নিয়ন্ত্রণ বিষয়ক বিভিন্ন ধরণের মডিউল রয়েছে।

বঙ্গবন্ধু কম্পোজিট মিলিটারি ফার্ম প্রজেক্ট বাস্তবায়নের নিমিত্তে উক্ত প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সমীক্ষা, পরিবেশের উপর প্রভাব নিরূপণ, জমি অধিগ্রহণ ও পূনর্বাসন পরিকল্পনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে বাংলাদেশ সেনাবাহিনীর Remounts Veterinary and Farms Corps (RV&FC) শাখা দেশের দুগ্ধ ও মাংসজাত পণ্যের চাহিদা পূরণের জন্য "বঙ্গবন্ধু কম্পোজিট মিলিটারি ফার্ম প্রজেক্ট" এর আওতায় ব্যাপক ও দীর্ঘ মেয়াদী কর্মসূচি গ্রহণ করেছে। এর নিমিত্তে বাংলাদেশ সেনাবাহিনী শরিয়তপুর জেলার জাজিরা উপজেলায় "বঙ্গবন্ধু কম্পোজিট মিলিটারি ফার্ম প্রজেক্ট" বাস্তবায়ন করতে যাচ্ছে। এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনী খাঁটি তরল দুধ এবং দুগ্ধজাত পণ্য (পাউডার মিল্ক, ঘি, মাখন, দই, আইসক্রিম, পনির ইত্যাদি) উৎপাদন করবে এবং দেশের মানুষের পুষ্টির চাহিদা মেটাতে বাণিজ্যিক ভিত্তিতে তা সরবরাহ করবে।



প্রকল্পটির বাস্তবায়ন ও স্থায়ী কাঠামো নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী প্রকল্পের বিভিন্ন কাঠামোর নকশা তৈরি ও প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং একই সাথে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জমি

অধিগ্রহণ, এর কারণে পরিবেশের উপর প্রভাব যাচাই ও প্রয়োজনীয় পূনর্বাসনের পরিকল্পনা প্রনয়নের জন্যে সিইজিআইএস- কে নিযুক্ত করেছে।

এই সমীক্ষার আওতায় প্রাথমিক জরীপ ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যের উপর ভিত্তি করে তাপমাত্রার পরিবর্তন, সম্ভাব্য বন্যা, বৃষ্টিপাতের পরিবর্তন ইত্যাদির বিবেচনায় ক্লাইমেটিক হ্যাজার্ড নির্ণয় করা হবে। সেইসাথে প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক সম্ভাব্যতা এবং সামাজিক প্রেক্ষাপটে প্রকল্পের গ্রহণযোগ্যতাও যাচাই করা হবে।

প্রকল্পের আওতায় পরিবেশের উপর প্রভাব বিশ্লেষণের ক্ষেত্রে বিভিন্ন ধাপে মাঠ পর্যায়ের পরিবেশগত ও আর্থ-সামাজিক বিষয়াদির তথ্য সংগ্রহ করা হচ্ছে। পরিবেশের বিভিন্ন উপাদানের (পানি, বায়ু, শব্দ ও ভূমি) এর গুণগত মান পরিবীক্ষণ করা হচ্ছে। প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট পরিবেশগত প্রভাব নিরূপণ করে যথোপযুক্ত প্রশমন ব্যবস্থাপনা এবং পরিবেশগত ব্যবস্থাপনায় পরিকল্পনা ও মনিটরিং এর প্রস্তাব তৈরীর ক্ষেত্রে স্থানীয় জনসাধারনের সাথে আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় তথ্য ও মতামত সংগ্রহ করা হচ্ছে।

বাংলাদেশে এসডিজি সূচক ৬.৫.১ "সমন্বিত পানি সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়নের" উন্নতিকল্পে কর্মপরিকল্পনা প্রণয়ন

এসডিজি সূচক ৬.৫.১ বা সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের মাত্রা নির্ণয়ের জন্য ২০১৭ সালের IWRM Implementation বেইজলাইন এবং ২০২০ সালের অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতির সময় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ অন্যান্য সরকারী বেসরকারী প্রতিষ্ঠান সমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। এরই ধারাবাহিকতায় এ বছর সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের কর্মপরিকল্পনা (IWRM Action Plan) প্রস্তুতির উদ্যোগ নেয়া হয়েছে।

একটি দেশের এসডিজি সূচক ৬.৫.১ এর অগ্রগতি জাতিসংঘের পরিবেশ বিষয়ক সংস্থা (UNEP) দ্বারা পর্যবেক্ষণ করা হয়। সম্প্রতি বাংলাদেশ ওয়াটার পার্টনারশিপ (BWP), গ্লোবাল ওয়াটার পার্টনারশিপ (GWP) এর একটি অংশীদার সংস্থা "Action plan Development to Improve IWRM Implementation of SDG indicator 6.5.1 in Bangladesh" শীর্ষক প্রকল্পটি পরিচালনা করার জন্য সেন্টার ফর এনভারনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) কে নিযুক্ত করেছে।

বিভিন্ন গবেষণা প্রাপ্ত ফলাফল থেকে দেখা গেছে, সমন্বিত পানি ব্যবস্থাপনায় বাংলাদেশ তুলনামূলকভাবে বেশ ভাল অগ্রগতি করেছে। ২০২০ সালে সম্বনিত পানিসম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের মাত্রায় দক্ষিণ এশিয়ার অন্তর্ভুক্ত দেশের গড় নম্বর (Average score) ছিল ৪১ সেখানে বাংলাদেশে IWRM Implementation Status ৫৮। উল্লেখ্য যে ২০১৭ সালে বৈশ্বিক পর্যায়ে সম্বনিত পানিসম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের মাত্রা ছিল ৪৯ যা ২০২০ সালে ৫৮ এ উন্নীত হয়েছে। এসডিজি সূচক ৬.৫.১ এর প্রধান লক্ষ্য হল, সমন্বিত পানি ব্যবস্থাপনা বাস্তবায়নের ডিগ্রি বা মাত্রা শতভাগে (০-১০০) উন্নীতকরণ। এই লক্ষ্যে পৌছানোর জন্য বেশকিছু চ্যালেঞ্জ আছে যা সমাধানের জন্য কিছু কর্ম-পরিকল্পনার প্রয়োজন।

বাংলাদেশের নদীসমূহের তথ্য-উপাত্ত হালনাগাদ করা এবং এর আইটি-ভিত্তিক ব্যবস্থাপনার জন্য পরামর্শ সেবা প্রদান

এই সমীক্ষার সামগ্রিক উদ্দেশ্য হলো বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) এর কেন্দ্রীয় ভৌগলিক তথ্য সেবা (GIS) অধিদপ্তরকে শক্তিশালী করার পাশাপাশি বাংলাদেশের নদী ব্যবস্থাপনার তথ্য-উপাত্ত হালনাগাদ করা। এর উদ্দেশ্য হলো: প্রাইমারী ও সেকেন্ডারী উৎস থেকে বাংলাদেশের নদীর তথ্য হালনাগাদ করা; সম্ভাব্যক্ষেত্রে গত ৫০ বছরে নদী ব্যবস্থার রূপগত পরিবর্তন মূল্যায়ন করা এবং পানি খাতের উন্নয়ন প্রকল্পের বিভিন্ন সংস্থার তথ্য-উপাত্ত সংগ্রহ করা; হাইড্রোলজিকাল এবং আকারগত ডেটা বিশ্লেষণের জন্য বিভিন্ন সরঞ্জাম এবং কৌশলসহ GIS-ভিত্তিক একটি ব্যাপক তথ্য ভান্ডার প্রস্তুত করা; এবং ডেটা, সরঞ্জাম এবং প্রশিক্ষণ দিয়ে BWDB-এর সক্ষমতার উন্নয়ণ করা। উপরের উদ্দেশ্যগুলির সাথে সামঞ্জস্য রেখে, এই সমীক্ষা কাজকে তিনটি উপাদানে বিভক্ত করা যেতে পারে: নদীসমূহের তথ্য-উপাত্ত আপডেট করা; একটি ইন্টারেক্টিভ জিও-ইনফরমেশন সিস্টেম ডেভেলপ করা এবং স্থাপন করা এবং সক্ষমতা উন্নয়ন এবং জ্ঞান বিনিময় করা। এই সমীক্ষা থেকে প্রত্যাশিত ফলাফলগুলি হলো: বাংলাদেশের



নদী সম্পর্কে হালনাগাদ তথ্য; হাইড্রোলজিকাল ডেটা বিশ্লেষণের জন্যে সোর্স কোডসহ বিভিন্ন টুলস এবং কৌশল সম্বলিত একটি বিস্তৃত GIS-ভিত্তিক তথ্য সিস্টেম এবং সোর্স কোডসহ স্মার্ট ফোনের জন্য একটি ওয়েবসাইট (যেমন nod-nodi.bwdb.gov.bd) এবং একটি অ্যাপ (অ্যান্ড্রয়েড এবং iOS); ডেটা, সরঞ্জাম এবং প্রশিক্ষণসহ BWDB-এর সক্ষমতা বিকাশ; অধ্যয়ন আউটপুট হিসেবে মানচিত্র, জরিপ বিভাগ, ডেটা, নকশা, অঙ্কন, মেটাডেটা সহ হার্ড এবং সফট কপি তৈরীর সুযোগ করে দেয়া। উল্লেখ্য যে, CEGIS ২০১১ সালে BWDB এর জন্য নদ-নদীর ডাটাবেসটি তৈরি করেছিল। এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশের মোট নদ-নদীর সংখ্যা এবং তাদের পারস্পরিক গতি-প্রকৃতি ও নির্ভরতার ডিনামিক্স জানা যাবে।

ভাসানচর হয়ে চট্টগ্রাম-হাতিয়া রুটের নাব্যতার উন্নয়ন

"ভাসানচর হয়ে চট্টগ্রাম-হাতিয়া রুটের নাব্যতা উন্নয়ন" সমীক্ষার মূল উদ্দেশ্য হল ভাসানচর হয়ে চট্টগ্রাম-হাতিয়া রুটের নাব্যতার উন্নয়ন করা। এই সমীক্ষাটির নির্দিষ্ট উদ্দেশ্য - ভাসানচর হয়ে চট্টগ্রাম-হাতিয়া রুটের গতিশীল নাব্যতার মূল্যায়ন করা; নেভিগেশন রুটের ভবিষ্যদ্বাণী; নির্দিষ্ট নেভিগেশন রুটের নূন্যতম গভীরতা বজায় রাখার জন্য প্রয়োজনীয় ড্রেজিংয়ের পরিমাণ নির্ধারণ করা; ভাষান চরে স্টিলের ফ্রেমযুক্ত আরসিসি জেটির ডিজাইন করা; নোয়াখালীর চেয়ারম্যান ঘাটে যাত্রীদের জন্য একটি গুদামঘর ও ওয়েটিং রুমের বিষয়ভিত্তিক নকশা প্রস্তুত করা; হাইড্রোলজিক্যাল মডেলের সমর্থনে একটি গাণিতিক মডেল স্থাপন করা এবং পলির পূর্বাভাস করা; এবং পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA) পরিচালনা করা। এছাড়াও অন্যান্য কাজগুলো হলো- ভাষান চর এবং এর আশেপাশে বিরাজমান ট্রান্সফরমেটরী প্রক্রিয়াগুলির একটি বোঝাপড়া প্রতিষ্ঠা করা; নেভিগেশন রুটের কাছাকাছি প্রাপ্ত জোয়ারভাটা জলস্তরের ডেটা বিশ্লেষণ করা; ভাষানচরের অবস্থানগত স্থিতিশীলতা মূল্যায়নের জন্য টাইম-সিরিজ স্যাটেলাইট ইমেজ বিশ্লেষণ করা; বিআইডব্লিউটিএ ন্যাভিগেশন রুটের ঐতিহাসিক এবং সাম্প্রতিক হাইড্রোগ্রাফিক জরিপ বিশ্লেষণ করা; জরিপ চার্ট এবং গাণিতিক মডেলিং উভয় থেকে অবক্ষেপণের হার মূল্যায়ন করা; নেভিগেশন রুটের ভবিষ্যত উন্নয়নের পূর্বাভাস দেওয়া; EIA দ্বারা সম্ভাব্য ইতিবাচক প্রভাবগুলি অধ্যায়নের মাধ্যমে প্রকল্পের সমাপ্তির পরে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী সুবিধা বিষয়ে ভবিষ্যদ্বাণী করা; নেভিগেশন রুটের ন্যুনতম দূরত্ব বজায় রাখার জন্য অক্ষাংশ এবং দ্রাঘিমাংশ সনাক্তকরণের সাথে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ড্রেজিংয়ের পরিমাণ নির্ধারণ করা; প্রকল্পের সমাপ্তির পরে রক্ষণাবেক্ষণ খননের পরিমাণ নির্ধারণ করা; খননকৃত উপাদান ব্যবস্থাপনার জন্য একটি পরিকল্পনা করা; প্রস্তাবিত জেটির উপযুক্ত অবস্থান চিহ্নিত করা; জলবাহী পরামিতিগুলি (যেমন জলের গভীরতা, প্রবাহের বেগ, সমীক্ষা এলাকার আশেপাশে জলের স্তর) সনাক্ত করার জন্য একটি গাণিতিক মডেল স্থাপন করা, নাব্যতা উন্নত করার জন্য খননের বিভিন্ন বিকল্পগুলি বিশ্লেষণ করা এবং এর প্রভাব বিশ্লেষণ করা; জেটির একটি লেআউট প্ল্যান তৈরি করা; প্রাপ্ত ভূ-প্রযুক্তিগত তথ্যের উপর ভিত্তি করে জেটির জন্য উপযুক্ত অবস্থান চিহ্নিত করা; ভাষানচরে স্টিলের ফ্রেমযুক্ত আরসিসি জেটির নকশা করা; এবং চেয়ারম্যান ঘাটে একটি গুদাম ও ওয়েটিং রুমের বিষয়ভিত্তিক নকশা করা; একটি পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA) করা।



মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন ০৬ (ছয়) টি মৌজার জানুয়ারী ২০১৭ সাল বা তৎপূর্ববর্তী সময়ের Satellite Image বিশ্লেষণ করে ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাবিত RTWs Alignment ভুক্ত দাগসমূহের শ্রেণীসংক্রান্ত তথ্য যাচাই

বিগত ২০১৭ সালের জানুয়ারি মাসে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক (প্রত্যাশী সংস্থা) প্রকল্পের নদীশাসন কার্যক্রমের (RTWs) প্রয়োজনে মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন ০৬ (ছয়) টি মৌজার (মাদবরেরচর, দক্ষিণ চরজানাজাত, বড় কেশবপুর, বাঘিয়া, কাঁঠালবাড়ি ও ভাসালদি) ২২৬.২৭ একর ভূমি 'নদী' শ্রেণী হিসেবে নিরুপণ করে অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, মাদারীপুর এর কার্যালয়ে প্রস্তাব করে। এই প্রেক্ষিতে যৌথ তদন্তের সময় প্রস্তাবিত জমির শ্রেণী নিরুপণে জটিলতা সৃষ্টি

হওয়ায় যৌথ তদন্ত কার্যক্রম অসম্পন্ন থাকে। যৌথ তদন্তের মাধ্যমে সম্ভাবতা যাচাইকালে 'বাস্তব শ্রেণী' ধরে ভূমি অধিগ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। এক্ষেত্রে প্রস্তাবকালীন সময়ের (জানুয়ারি ২০১৭) বাস্তব শ্রেণী সংক্রান্ত তথ্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সঠিকতা যাচাইপূর্বক দাগসূচীসহ মৌজা ভিত্তিক দাগের শ্রেণী, নকশা ও স্কেচম্যাপ জেলা প্রশাসক, মাদারীপুর এর কার্যালয়ে প্রেরণের জন্য প্রত্যাশী সংস্থাকে অনুরোধ করা হয়। প্রত্যাশী সংস্থা জেলা প্রশাসন, মাদারীপুর এর চাহিদা মোতাবেক ০৬ (ছয়)টি মৌজার জিও-রেফারেন্সিং এর মাধ্যমে Digitial Map প্রস্তুত এবং জানুয়ারী ২০১৭ সালের Satellite Image বিশ্লেষণ করে Alignment ভূক্ত দাগসমূহের শ্রেনী সংক্রান্ত তথ্য যাচাই এর জন্য ২০২১ সালের এপ্রিল মাসে CEGIS-কে দায়িত্ব দেয়।



GCP পরিকল্পনা ও RTK GPS জরিপ

CEGIS বর্ণিত ০৬ টি মৌজার Geo-Referencing এর মাধ্যমে Digital GIS Map পস্তু'ত এবং জানুয়ারী ২০১৭ সাল বা তার পূর্ববর্তী সময়ের উপযুক্ত Satellite Image বিশ্লেষণ করে RTWs Alignment ভুক্ত দাগসমূহের শ্রেণী সংক্রান্ত সুস্পষ্ট তথ্য সম্বলিত প্রতিবেদন প্রস্তত করে। সংগৃহীত তথ্য মোতাবেক RTWs Alignment ভুক্ত প্রকল্প এলাকার জন্য Digital Globe, USA এর Archive-এ সংরক্ষিত মাল্টিস্পেক্ট্রাল প্যান-শার্পেন উচ্চ রেজোলিউশন এর World View-3 Satellite Image ব্যবহার করে মৌজাসমূহের জমির শ্রেণী চিহ্নিত করা হয়েছে। ইমেজগুলি রিমোট সেন্সিং (Reome Sensing) সফ্টওয়্যারের মাধ্যমে মাঠ পর্যায়ের জরিপ থেকে সংগৃহীত গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট (জিসিপি) ব্যবহার করে প্রক্রিয়াকরণ ও স্থানিক সংশোধন সম্পন্ন হয়েছে। অনস্ক্রিন ডিজিটাইজেশন কৌশলের মাধ্যমে ভূমির শ্রেণী চিহ্নিত করা হয়েছে এবং মাঠ পর্যায়ে জরিপের মাধ্যমে প্রাপ্ত জিসিপি (GCP) এর তথ্য ব্যবহার করে চিহ্নিত শ্রেণী যাচাই করা হয়েছে। প্রয়োজনীয় রিমোট সেন্সিং তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে উল্লিখিত ০৬ (ছয়)টি মৌজার ভূমির ব্যবহারসহ অন্যান্য তথ্য যাচাই-বাছাই করে ভূমির শ্রেণী চূড়ান্ত করা হয়।

প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রকল্পের নদীশাসন কার্যক্রমের প্রয়োজনে ২২৬.২৭ একর ভূমি 'নদী' শ্রেণী হিসেবে নিরুপণ করে অধিগ্রহণের জন্য প্রেরিত প্রস্তাব CEGIS বিশ্লেষণ করে। দেখা যায় যে, প্রকৃতপক্ষে ৩০.৮০ একর জমি 'নাল', ১৯৫.২২ একর জমি 'নদী', ০.২৫ একর জমি' ডোবা/কোল' শ্রেণীভুক্ত অবস্থায় বিদ্যমান ছিল। CEGIS এর বিশ্লেষণ সংশ্লিষ্ট মহলে প্রশংশিত হয়।

মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ

২০২১-২০২২ অর্থবছরে সিইজিআইএস কর্তৃক (বাংলাদেশে) আয়োজিত প্রশিক্ষণসমূহ

সিইজিআইএস এর ভিশন ও মিশন-এর বৈশিষ্টমতে একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দেশের মানবসম্পদ উন্নয়নে সহায়তা প্রদান করা। এ লক্ষ্যে সিইজিআইএস তার সমীক্ষা কাজ সংক্রান্ত বিষয়সহ বিভিন্ন বিষয়ে দেশের সরকারি ও বেসরকারি সংস্থা, এনজিও, উন্নয়ন সহযোগী এবং নিজস্ব পেশাজীবিদের নিয়মিত প্রশিক্ষণ দিয়ে আসছে। করোনা সংক্রমণ সত্ত্বেও সিইজিআইএস তাদের এ কার্যক্রম সম্পূর্ণ বা আংশিকভাবে on-line platform – এর মাধ্যমে সম্পন্ন করেছে। On-line platform – এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের এ পদ্ধতিটি অত্যন্ত কার্যকরী, ফলপ্রসূ, সময় সাশ্রয়ী ও স্বল্পব্যয়ী বলে প্রতীয়মান হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে সিইজিআইএস ও অন্যান্য সংস্থার পেশাজীবীগণ, সিইজিআইএস কর্তৃক আয়োজিত যে সকল প্রশিক্ষণসমূহে অংশ গ্রহণ করেছেন তা নিম্ন বর্ণিত ছকে দেয়া হলোঃ

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণ আয়োজনকারী সংস্থা	সময়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী সংস্থা ও অংশগ্রহণকারীর সংখ্যা
০১	Training on E-GP, E-Filling, GIS AutoCAD of BADC for Skill Development of BADC professionals	CEGIS and BADC	সেপ্টেম্বর ২০২১	BADC এর ২৪ জন
০২	Ground Water Resource Management, Monitoring and Modelling	CEGIS	অক্টোবর ২০২১	CEGIS- এর ১৫ জন
০৩	Concept and Practice of Integrated Water Resources Management	CEGIS	অক্টোবর ২০২১	২৫টি সংস্থার ২৫ জন
০৪	Training on E-GP, E-Filling, GIS AutoCAD of BADC for Skill Development of BADC professionals	CEGIS and BADC	নভেম্বর ২০২১	BADC এর ১৬ জন
০৫	Capacity Building of BIWTA officials on Concepts of Hydro-morphological Impacts and its Assessment on Inland Waterways of Bangladesh	CEGIS	নভেম্বর ২০২১	BIWTA – এর ১৫ জন
০৬	Training on E-GP, E-Filling, GIS AutoCAD of BADC for Skill Development of BADC professionals	CEGIS and BADC	নভেম্বর ২০২১	BADC এর ৩০ জন
০৭	"Training on GIS and AutoCAD for Skill Development of BWDB professionals" in Faridpur	CEGIS and BWDB	ফেব্রুয়ারী ২০২২	BWDB এর ৪৫ জন
০৮	"Training on E-GP, E-Filling, GIS AutoCAD of BADC for Skill Development of BADC professionals" in Faridpur	CEGIS and BADC	ফেব্রুয়ারী ২০২২	BADC এর ৪০ জন
০৯	Training for Field Level Officers on CERC EAP Evaluation for Department of Livestock Services	CEGIS	ফেব্রুয়ারী ২০২২	CEGIS- এর ১৬ জন

SDG- Goal 6 অনুযায়ী পানির নিরাপত্তা ও নিরাপদ পানির নিশ্চয়তা অর্জনের বিষয়টি, বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনা তথা আন্তদেশীয় ও আন্তঃসীমান্ত নদী ব্যবস্থাপনা ও দেশের অভ্যন্তরীন নদীসমূহের পানি ব্যবস্থাপনার উপর অনেকাংশে নির্ভরশীল। তাই, পানি সম্পদের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত ও সংশ্লিষ্ট পেশাজীবিদের সুসংহত ও সমন্বিত দক্ষতা বৃদ্ধি; বহুমুখী পরিবেশ, সামাজিক ও অর্থনৈতিক প্রভাব, পরিকল্পনা ও মনিটরিং ইত্যাদি বিষয়ে সমন্বিতভাবে Integrated Water Resources Management (IWRM) - এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে সিইজিআইএস কর্তৃক (বাংলাদেশের বাহিরে) আয়োজিত প্রশিক্ষণসমূহ

সিইজিআইএস, আন্তর্জাতিক ভাবে বিভিন্ন দেশের সমীক্ষা সম্পাদন কাজেও নিয়োজিত আছে। আন্তর্জাতিক সমীক্ষা এবং অংশীদারি সংস্থার পেশাজীবিদের সাথে সমীক্ষা লব্ধ জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা বিনিময় করা সিইজিআইএস-এর সমীক্ষা কার্যক্রমের একটি অংশ। উপরন্ত, আন্তর্জাতিক সহযোগী সংস্থার সাথে জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা বিনিময়ের ফলে আমাদের পেশাজীবিদের দক্ষতাও বৃদ্ধি পায়। করোনা সংক্রমণের কারণে, সিইজিআইএস তার এ সকল প্রশিক্ষণ কার্যক্রম এবং জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা বিনিময়ের কার্যক্রমসমূহ on-line platform – এর মাধ্যমে সম্পাদন করেছে।

২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত আন্তর্জাতিক প্রশিক্ষণসমূহ নিম্নে বর্ণিত ছকে প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণ আয়োজনকারী সংস্থা	সময়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী সংস্থা ও অংশগ্রহণকারীর সংখ্যা
